হুয়ালগণী।

সর্ব্ব উত্তম সাবেকি ছাপা, আসল,

মোক্তাল হোসেন ছহি বড় জঙ্গ নামা।

সায়ের—

মুন্সি মহাম্মদ ইয়াকুব সাহেব

প্রকাশক—মহাম্মদ আবদুল লতিফ ও
মহাম্মদ আবদুল হামিদ।
ঢাকা, চক্‌বাজার, কেতাবপট্টি।

প্রথম সংস্করণ।

প্রিণ্টার—কাজী মহাম্মদ ইব্রাহিম।
ইস্‌লামিয়া প্রেস, সাতরওজা, ঢাকা।

ইং সন ১৯২২। বাং সন ১৩২৯।

মূল্য ||০ আনা মাত্র।

ছয়ালগণী ;

সর্ব্ব উত্তম সাবেকি ছাপা, আসল,

মোক্তাল হোসেন ছহি বড় জঙ্গ নামা।

সায়ের—

মুন্সি মহাম্মদ ইয়াকুব সাহেব

প্রকাশক—মহাম্মদ আবদুল লতিফ ও
মহাম্মদ আবদুল হামিদ।
ঢাকা, চক্‌বাজার, কেতাবপট্টি।

প্রথম সংস্করণ।

প্রিণ্টার—কাজী মহাম্মদ ইব্রাহিম।
ইস্‌লামিয়া প্রেস, সাতরওজা, ঢাকা।

ইং সন ১৯২২। বাং সন ১৩২৯।

মূল্য ॥০ আনা মাত্র।

(এলাহি ভরসা)

মোক্তাল হোচ্ছেন

ছহি বড় জঙ্গনামা।

পয়ার * পহেলা বন্দিনু আল্লা আপে করতার ॥ দুতিয়া বন্দিনু যত ফেরেস্তা তাহার * জিবরাইল মেকাইল আর এছরাফিল ॥ ছালাম করিয়া যে বন্দিনু আজরাইল * আর যত ফেরেস্তারা আছেন আল্লার একেং সবাকারে ছালাম আমার * কেতাব আল্লার যত তৃতীয় বন্দিনু॥ একে একে রছুল বন্দিনু যত পাইনু * দশ কেতাব আইল যে আদম ছফিরে ॥ পঞ্চাশ কেতাব আইল শিশ পয়গম্বরে * তিরিশ কেতাব আইল ইদরিছের তরে ॥ জাহির হইল তাহা দুনিয়া ভিতরে * আরদশ পাইল জে এবরাহিম খলিল ॥ মুছাকে তওরাত দিল রব্বেল জলিল * ইছা পয়গাম্বরে আইল কেতাব ইঞ্জিল ॥ দাউদে জবুর কেতাব হইল হাসিল * মহাম্মদ মোস্তফা পাইল ফোরকান সরিফ ॥ দুনিয়ার বিচে যার বুজরগী তারিফ * একে একে ছালাম জতেক কেতাবেরে ॥ আল্লার মুখের বানি জাহির সংসারে * চাহারমে বন্দিনু জত রছুল সকল ॥ কেহ বা হইল নবি কেহবা রছুল * বন্দিনু আদম শিস ইদরিছ রছুল ॥ ছৈএদ নুর নবি আল্লার মকবুল * এবরাহিম এছমাইল এছহাক এয়াকুব॥ ইউছফ ইউনছ আদি এহিয়া আইউব * বন্দিনু হারুন নবি ছোলেমান মুছা ॥ দাউদ নবিজি আর পয়গাম্বর ইছা * মহাম্মদ মোস্তফা নবি আখেরি পয়গাম্বর ॥ তাহার কদমে জে ছালাম বহুতর * একেং এয়ছাই-যতেক নবিয়ান ॥ সকল নবির পায় বহুত ছালাম * পঞ্চমেতে বন্দিনু যে রোজ কেয়ামতে ॥ হিসাব করিবে যে উঠিলে গোর হইতে * বন্দিনু এমাম বার চৌদা মাছুমে ॥ একিদা মনেতে ছের রাখিয়া যে ভূমে * চৌদা খান্দান আর বন্দিনু চারি পির ॥ ছাতি পরে হাত দিয়া

নওাইয়া শির * সাহা সরফদ্দিন পীর বন্দি আলাটিতে ॥ হামেসা বান্ধেন জিন বাঘের পিঠেতে * ত্রিপনীর ঘাটেতে বন্দিনু দফর খান ॥ গঙ্গা জার অজুর পানি করিত জোগান * বন্দনায় বন্দিতে সবে কেচ্ছা হয় ভারি ॥ এখাতেরে বন্দনাতে লিখি খাট করী * আল্লা নবী নামে যার না মজিল চিত্ত ॥ আলবত্তা জানিবে তারে বিধি বিড়ম্বিত * আল্লার চরিতে জার না রইল সুখ ॥ নেহাত জানিবে তারে এলাহি বৈমুখ * পরকালে কি হইবে নাহি জানি সন্ধি ॥ হাওা হেরেছের ফান্দে হইয়াছে বন্দি * মায়ায় পড়িয়া সবে করে আপন আপন ॥ আখেরে কি হবে তাহা না করে ভাবন বিপত্ত সাগর ভাই হবে যদি পার ॥ খাইতে শুইতে নাম করহ তাহার * রছুলের পাও বটে অপরূপ হয় ॥ পার হবে থাকে যদি দীনের আসায় * তবে সেই কদমেতে মন করে সার ॥ সেই জনা বিনে নাহি ভবে হৈতে পার * খাওা পেওা বিনে আর মনে কিছু নাই ॥ জানরে আখেরে আপে কাজি হবে সাই * কামরসে মায়া জালে ভুলে কুতুহলে ॥ পিছে হায়২ করে দিন বয়ে গেলে * সময় বিপত্ত কত আগে পিছে আছে ॥ তাহার নিমিত্তে কহি সকলের কাছে * পুজি পাটা হাতে কিছু রাখিতে উচিত ॥ দৌলতে জানিবে তুমি শত্রু হয় মিত * এয়ছাই ফিকিরে লোক কাটে সর্ব্ব কাল ॥ গায়েতে বেড়িয়া সে থাকেন মায়াজাল * দুনিয়ার চিন্তা বিনে আর কিছু নাই ॥ না জানে আখেরে আপে কাজি হবে সাই * তজবিজ্ঞ করিবে আল্লা বান্দা সবাকার ॥ দিবেন উচিত ফল জেয়ছা কর্ম্ম যার * দুনিয়ার মায়ার ফান্দে আপনি আসিয়া ॥ খোদা মোহাম্মদ নাম রহিল ভুলিয়া * যে দিন আজরাইলে আল্লা ভেজিবে চোপদার ॥ পিঠ মোড়া করিয়া লাগিবে বান্ধিবার * ঠুকিবে লোহার সোটা মজবুত করিয়া ॥ বুকেতে মারিয়া দিবে জমিনে ডালিয়া * সে দিন কহিবে বান্দা জিউ মোর ফাটে ॥ কে করিবে রক্ষা এই দারুন সঙ্কটে * সালাম মোমিন ভাই বলি বারে২ ॥ রছুলের পাও ধর তরীবে আখেরে * হালাল হারাম যাহা চেনহ জতনে ॥ লোকের ভালাই যে করহ প্রাণপনে * কোরাণ ভিতরে আল্লা দিয়াছে খবর ॥ যে করিবে ভালা মেরা বান্দার উপর * নেহাত ভালাই সেই করিবে আমার ॥ এখাতিরে বলি ভাই শুন সমাচার * শিশু যেন মায়ের কোলে মুখ দেয় দুধে ॥ পিতে পিতে বিভোর পড়েন যেন নিদে * ধীরে২ জননী ছাড়ান যেন মাই ॥ নিন্দেতে বিভোর শিশু কিছু জানে নাই * এই

রূপে মউত হবে জত নেক লোকে ॥ বদ লোকে মউতে পড়িবে বিসম পাকে * এহা বুঝে কাজ করে সবে জেন কই ॥ আখেরে সবারবাবে নাই নবি বই * অধম এয়াকুব কহে মুঝে দিবে ক্ষেমা ॥ নবি নামকর ভাই নাই তার সিমা *

পয়ার * শুনহে তামাম লোক কহি সমাচার ॥ একিদায় শুনিলে এহা হয়ে জাবে পার * মহাম্মদ মোস্তফা নবি আখেরি পয়গম্বর ॥ জেইরূপে পয়দা হৈল দুনিয়ার উপর * যেইরূপে পয়দা হৈল দুনিয়া জামান ॥ আছমান জমিন আদি এ চৌদ্দ ভুবন * বিবি ফাতেমার বেহা হইল যেই মতে ॥ যেই মতে ওম্মত তরিবে কেয়ামতে * হাছেন হোছেন সহিদ হইবে যেই মতে ॥ যেইরূপে কাফের করিল আদাওতে * আবু ছুফিয়ানের বেটা হজরত মাবিয়া ॥ তার ঘরে যেরূপে এজিদ পয়দা হইয়া * ফারসি কেতাব ছিল মোক্তাল হোছেন ॥ তাহা দেখি কবি আমি করিনু রচণ * রচিতে কবিতা যদি খাতা মুঝে হয় ॥ মেহের করিয়া মাফ করিবে সবায় ॥ রচনের ঝুটা সাচ্চা আমি নাই ঠেকি ॥ কেতাবে যেমন আছে তাহা আমি লিখি * এক রোজ মহাম্মদ নবি পয়গম্বরে ॥ ইদের মছজিদে গেল নামাজ পড়িবারে * নামাজ পড়িয়া নবি উঠিয়া চলিল ॥ ফাতেমা যেখানে সেথা আসিয়া পৌছিল * ঘরেতে ফাতেমা বিবি কান্দেন বসিয়া ॥ রছুল বলেন মামা কান্দ কি লাগিয়া * ফাতেমা বলেন বাবা আজ হইল ইদ ॥ লাড়কার কাপড়া মেরা নাহিক সাবিদ * টুটা ফাটা কাপড় যে হইয়াছে ফানা ॥ এ খাতিরে দেলে দর্দ্দ আমার কান্দনা * হাছেন হোছেন মেরা ভাল কাপড় চায় ॥ দুনিয়ার কাঙ্গাল মোরে করেছে খোদায় * আমি এয়ছা গরিব নাহিক দুনিয়ার পরে ॥ ভাল জামা কোথা পাব এমাম খাতিরে * রছুল কহেন মামা শুনগো ফাতেমা ॥ ঘরের ভিতরে দেখ আছে দুই জামা * জিবরিল আনিয়া জামা দিয়াছে আমারে ॥ রেখেছি তোমার ঘরে সিন্দুক ভিতরে * শুনিয়া ফাতেমা বিবি ঘর বিচে যায় ॥ সিন্দুকের বিচে গিয়া দুই জামা পায় * এক জামা সে ঘড়ি দিলেন হাছেনেরে ॥ আর এক জামা দিল হোছেনের তরে * কবুল না করে দোন পাইয়া কাপড়া ॥ রঙ্গদার কাপড়া যে চাহে দুই জোড়া * এবাত কহিতে তথা জিবরিল পৌছিল ॥ রছুলের তরে বাত কহিতে লাগিল * শুন নবি মহাম্মদ করিয়া সেতাব ॥ কাপড়া উপরে থোড়া ফেলে দেহ আব * দুই জামা দুই রঙ্গ হইবে

এখন ॥ যার যে লইবে জামা বুঝিয়া দুজন * জিবরিলের বাত শুনে রছুল আপনি ॥ জামার উপরে থোড়া ছিটাইল পানি * এক জামা ছবুজ হইল আর জামা লাল ॥ ছবুজ জামা দেখে মর্দ্দ হাছেন খোসাল * লাল জামা দেখিয়া হোছেন খোসালিতে ॥ দুই জামা দুই ভাই লিলেক তুরিতে * হাছেন ছবুজ নিল হোছেন যে লাল ॥ দেখিয়া রছুল আপে বড়ই খোসাল * জিবরিল কহেন বাত শুন পয়গাম্বর ॥ মরিবে হাছেন মর্দ্দ খাইয়া জহর * এমাম হোছেন মারা জাবেক তলওারে ॥ আল্লার হুকুম এই শুন পয়গাম্বরে * জিবরিলের বাত শুনি নবি হৈল গম ॥ কে পারে করিতে রদ আল্লার কলম * অধম ফকির কহে এমামের পায় ॥ আল্লার মক্কর যাহা কে বুঝিবে তায় *

ত্রিপদী * জিবরিলের বাত শুনে, পেরেসান হৈল মনে, মহাম্মদ নবি পয়গাম্বর ॥ দুই ভাই এমাম তারা, এয়ছা ভাতে জাবে মারা, রছুলুল্লা হইল কাতর * এয়ছাই রছুল রহে, ভাল বুরা নাহি কহে, বার বরছের যবে হৈল ॥ এক রোজ নবি সাতে, গেল হোছেন ময়দানেতে, হেথা যত ফেরেস্তা আইল * ফেরেস্তার মোলাকাত, হইল নবির সাত, জিবরিল পৌছিল সেই ঘড়ি ॥ একজন ফেরেস্তার, মুখ পুরে গেছে তার, জ্বলিয়া গিয়াছে সব দাড়ি * রছুল জিবরিলে পোছে, মুখ পুড়ে কেন গেছে ফেরেস্তা করিল কোন গোনা ॥ কহেন জিবরিল তারে, শুন দিন পয়-গাম্বরে, আল্লার হুকুম কৈল মানা * শুন দীন মহাম্মদ, আল্লার হুকুম রদ, করিলেন ফেরেস্তা হইয়া ॥ না মানিল ফরমান, গোস্বা হৈল ছোব-হান, মুখ দাড়ি দিল জ্বালাইয়া * গোনা হৈল এয়ছা ভাতি, আপনি হোছেন যদি, হাত ফেরে মুখেতে এহার ॥ তবে গোনা মাফ হয়, ফেরেস্তা খোসাল রয়, গোনা হইতে তবে হয় পার * শুনিয়া রছুল কহে, হোছেনের পানে চাহে, হাত যে ফেরাও এর মুখে ॥ দোওা কর মেরা বাতে, আল্লা মাফ দিবে তাতে, গোনা হইতে তরাও এহাকে * নবির হুকুম পায়, হোছেন খোসাল তায়, ফেরেস্তার মুখে ফিরায় হাত ॥ মুখে হাত যেই দিল, গোনা খাতা মাফ হৈল, ফেরেস্তা হইল নেকজাত * এমামের পায়ে পড়ে, আকাশ উপরে উড়ে, আল্লার দরগায় উড়ে গেল ॥ এমামের বরকতে, গোনার নাজাত তাতে, আল্লা তাতে কবুল করিল * জিবরিল আমিন বলে, রছুলের পাও তলে, শুন নবি এলাহি কহিল ॥ ফেরেস্তার গোনা মাফ, করাইয়া দিলে আপ, এখাতিরে খোদা মাফ

দিল * এমাম হোছেন যবে, কারবালায় সহিদ হবে, এই সব ফেরেস্তা আসিয়া ॥ বহুত মাতম জারি, লইবে ময়দান ঘিরি, এমামের খবর পাইয়া * রছুল আফছোছ দেলে, জিবরিলের তরে বলে, আমি তখন থাকিব দুনিয়ায় ॥ যখন এমাম মেরা, কারবালায় জাবে মারা, তখন কেবা থাকিবে দুনিয়ায় * জিবরিল কহেন তবে, তুমি আগে চলে যাবে, আবুবক্কর উম্মর ওছমান ॥ আলি ও ফাতেমা সেহ, দুনিয়াতে না রবে কেহ, হেন কালে হইবে নিদান * বড় পেরেসান দেলে, অধীন ফকির বলে, এমামের শুনিয়া এ হাল ॥ যে কেহ আল্লার বান্দা, ঘুচাও দেলের ধান্দা, এহা দেখ আল্লার খেয়াল *

পয়ার * হোছেনের হাল শুনে নবি পেরেসান ॥ আল্লার কুদরত পরে হইল হয়রাণ * তার পরে হজরত আইলেন ঘরে ॥ দুই ভাই সেই খানে ধুলা খেলা করে * খেলিতে ফিরিতে হৈল দুপ্রহর বেলা ॥ নিন্দের আবেসে শুইয়া রহে গাছতলা * দুই ভাই নিন্দ যায় গাছের তলায় ॥ মুখেতে লাগিল ধুপ দুখেরি বেলায় * এমামের মুখে লাগে আফতাবের ধুপ ॥ আজগায়েব সেই খানে আইল দুই সাপ * ফনা যে ধরিল সাপ এমামের মুখে ॥ ধুপ নাই লাগে মুখে নিন্দ যায় সুখে * বড়ই আজদাহা সাপ দম নাহি ছাড়ে * এমামের গায়ে মাছি পড়ে তাহা তাড়ে * সেই ঘড়ি পয়গম্বর দেলেতে করিল ॥ দুপ্রহর বেলা হৈল এমাম না আইল * চলিল রছুল আপে করিতে তল্লাস ॥ এমাম খাতিরে যায় ছাড়িয়া হুতাস * দেখিল গাছের তলে শুয়ে নিন্দ যায় ॥ নিন্দের আসক আসে হোস নাহি তায় * দেখিলেক দুই সাপ ফনাধরিয়াছে ॥ মুখেতে ধরেছে ছাওা খাড়া হইয়া আছে * সাপ দেখে মহাম্মদ পেরেসান হইয়া ॥ সাপেরে মারিতে যায় হাতে আসা লিয়া * সে ঘড়ি জিবরিল আইল হুজুরে ॥ রছুলে করিল মানা সাপ মারিবারে * সাপ নহে ফেরেস্তা যে কৈল বড় গোনা ॥ সাপের ছুরত হইয়া ধরিলেক ফনা * খোদায় ভেজিল দোহে করিতে খেদমত ॥ এখাতেরে হইল সেই সাপের ছুরাত * এমামের দোওাতে যে গোনা হবে মাফ ॥ ফেরেস্তা হইয়া জাবে এই দুই সাপ * শুনিয়া রছুল আপে কহেন সাপেরে ॥ জাগাও মেরা দুই ভাই এমামের তরে * সাপ বলে রছুল আমার সাধ্য নাই ॥ কাচা নিন্দে দুই ভাই এমামে জাগাই * ঘড়ি এক রহ নবি নিন্দ হবে পুরা ॥ উঠিবেন দুই ভাই তোমার পিয়ারা * শুনিয়া

রছুল খাড়া এমামের আগে ॥ ঘড়ি এক পিছেতে এমাম দোন জাগে * জাগিয়া দেখিল সাপে বড় জোরদার ॥ সাপ মারিবারে মর্দ্দ খুলিল তলওার * রছুল করিল মানা শুনহে এমাম ॥ সাপ নহে ফেরেস্তা করিল বদ কাম * আল্লার দরগায় গোনা হয়েছে এহার ॥ এখাতেরে আসিয়াছে খেদমতে তোমার * দোওা কর এমাম ভাই খোসালিতে ॥ গোনা মাফ হইয়া যেন যায় সেথা হইতে * দোওা কৈল তাহাদিগে দেখিয়া যে সাপ ॥ এমামের দোওাতে যে গোনা হৈল মাফ * ফেরেস্তা চলিয়া গেল আপনা মোকাম ॥ রছুল আইল ডেরে লইয়া এমাম * অধীন ফকির কহে কেতাবের বাত ॥ বড়ে খান গাজি যারে দিল মোলাকাত *

ত্রিপদি * দিন দুনিয়ার পরে, রছুল বাদসাই করে, আরবের তক্তেতে বারাম ॥ আল্লার পেয়ারা নবি, যত পয়গম্বর সবি, হর ঘড়ি হাজের তামাম * এক রোজ দোন ভাই, লেখে দোন এক ঠাই, কাগজ উপরে এক পাতি ॥ দুই ভাই লেখা লিয়া, ওস্তাদের কাছে গিয়া, ছালাম করিল হাতপাতি * দেখহ ওস্তাদ মেরা, কার কত ভালা বুরা, আপনি যে দিবেন কহিয়া ॥ ওস্তাদ বলেন ভাই, আমার তাকত নাই, আর কারে পোছনা যাইয়া * শুনে ওস্তাদের বাত, সেই লেখা লিয়া হাত হাছেন হোছেন চলে যায় ॥ নবির ইয়ার সবে, লেখন দেখান তবে, ভাল বুরা কেহ নাহি কয় * কেহ না কহিল কিছু, রছুলের ঠাই পিছু, গেল তারা দুই ভাই এমাম ॥ ছাতি পরে দিয়া হাত, রছুলে কহেন বাত, নানা জিউ আলায়হেচ্ছালাম * আমা দোহাকার লেখা, তোমার ইয়ার দেখা, ভালা বুরা না কহে হরফ ॥ আপনা নজর ধর, হরফে নজর কর, ভাল বুরা কহ দেখি আপ * এমামের বাত সুনি, লেখেন হরফ চিনি, ভালা বুরা কহিতে দেওয়ান ॥ সে ঘড়ি জেবরিল আইল, রছুলেরে মানা কৈল, সুন নবি আল্লার ফরমান * এমামের এই লেখা, তোমার ইয়ার দেখা, ভালা বুরা না কহিল কেহ ॥ সুন বাত কহি আমি, এই লেখা দেখ তুমি, ভালা বুরা কহিতে না চাহি * ভালা বুরা কবে দেখি, কেহযদি হয় দুখি. তবে মন্দ হইবে আলবত্ত ॥ এক মতে পরক্ষিয়া, দেখে আপে খাড়া হইয়া, সুন কহি তাহার হেকমত * আনার তুড়িয়া দোন, একে একে বিচে গোনো, জার দিগে হইবে জেয়াদা ॥ তার খত হবে ভালা, কহিল খোদায় তালা, শুন নবি আল্লার ওয়াদা * রছুল সুনিয়া বাত, আনার লইয়া হাত, এমামেরে দিলেন রছুল ॥ জার জে খাতিরি হৈল,

দুজনে আনার লিল, দুইজনে করিল কবুল * শুনিয়া নানার বাত, আনার লইয়া হাত, দুই ভাই আনার তুড়িল ॥ দুই জনে আনার তুড়ে, দানা এক সাতে করে, কমি বেশি কেহ না জানিল * বড় খান গাজির পায়, অধীন ফকীর কয়, কেতাবেতে খবর পাইয়া ॥ সাহে বড় খান গাজি, নেক কামে রহে রাজি, মেহের নজরে তাকাইয়া *

পয়ার * হাছেন হোছেন তারা আনার তুড়িয়া ॥ দুই আনারের দানা দিল মেলাইয়া * আনার খাইয়া দোন হইল খোসাল ॥ জিব-রিল নবীর তরে কহে সব হাল * রছুলের তরে কহে জিবরিল এয়ছাই ॥ এক জনার বাদে মারা যাবে দোন ভাই * এয়ছা এক পয়দা হবে এমা-মের দুসমন ॥ দাগা দিয়া এমামেরে করিবেক খুন * আনার তুড়িয়ে দানা কৈল এক ঠাই ॥ একের হুনুরে মারা যাবে দুই ভাই * জিবরি-লের ঠাই নবী পাইয়া খবর ॥ জার২ হইয়া নবী কান্দিল বিসতর * রছুল কহেন শুন মেহতর জিবরিল ॥ কত দিন পরে এয়ছা হইবে মুস্কিল*জিব-রিল নবীর আগে রাখিল আদাব ॥ ছালাম করিয়া মর্দ্দ চলিল সেতাব * এক মুঠি খাক এনে রছুলেরে দিল ॥ যে কিছু ভেদের বাত কহিতে লাগিল*জিবরিল কহিল এই কারবালার খাক॥এই খাক ঘরে রাখ আপে নবী পাক * যেই দিন এই খাক লহু রঙ্গ হবে ॥ এমামের আখেরি সে দিন জানা যাবে * রছুল বলেন ভাই সোন দেল দিয়া ॥ কার ঠাই এই খাক রাখিব যে লিয়া * জিবরিল কহেন বিবি ছোলেমা তোমার ॥ তার ঠাই রাখ খাক হুকুম আল্লার * রছুল কহেন বাত ছোলেমা বিবিরে ॥ এই খাক আমি আজি সুপিনু তোমারে * যখন দেখিবে খাক লহু রঙ্গ হবে ॥ এমামের মউত হবে আলবত্তা জানিবে * মোদাম দেখিবে খাক নজর করিয়া ॥ কাহাকে না কবে এহা শুন দেল দিয়া * শুনে ছোলেমা বিবি রছুলের বানি ॥ এমামের মওত খাক রাখিল নিসানি * এয়ছাই কয়েক রোজ গোজারিয়া যায় ॥ অধীন ফকীর কহে যে করে খোদায় *

পয়ার * এক রোজ মহাম্মদ মোসতফা পাকজাত ॥ মজলিস করিয়া আছেন এয়ারের সাত * মাবিয়া বসিয়াছিলেন মজলিসেতে ॥ জিবরীল পৌছিল আসি নবীর সাক্ষাতে * তছলিম করিয়া কহে শুন পয়গাম্বর ॥ এলাহি ভেজিয়া দিল শুনহ খবর * মাবিয়া এয়ার তেরা বড় দর্দ্দ মন্দ ॥ এজিদ নামেতে তার হইবে ফরজন্দ * সেই গিধি নামাকুল হবে মালা-উন ॥ হাছেন হোছেন তরে করিবেক খুন * হাছেনেরে মারিবেক

জহর পেলাইয়া ॥ হোছেনেরে মারিবেক তলওয়ার খেচিয়া * জিব-রীল রছুলে যত বাত চিত হয় ॥ সাথের ইয়ার কেহ শুনিতে না পায় * হায়২ করে নবী সুনে এই বাত ॥ এয়ছা ভাবে মারা যাবে কুফরের হাত * হাছেন হোছেন মেরা জানের পিয়ারা ॥ কাফেরের হাতে দুই ভাই যাবে মারা * তামাম ইয়ার কহে রছুল হুজুরে ॥ কেবটে মারিবে দোন এমামের তরে * রছুল কহেন সুন ইয়ার তামাম ॥ আমার দোস্তের বেটা মারিবে এমাম * সুনিয়া ইয়ার সব রছুলের বাত ॥ খোদায় ভাবিয়া সবে কানে দিল হাত * আর না যাইব মোরা আওরত নজদিগে ॥ খাক তুলে দিব মোরা আওরতের মুখে * জরুর খেয়াল সব দুর করে দিয়া ॥ জেন্দেগানি কাটাইব খোদায় ভাবিয়া * তামাম ইয়ার ফের কহে পয়গাম্বরে ॥ কাহার ফরজন্দ এয়ছা হবে দুনিয়া পরে * এয়ছাই কাফের বেটা হইবে কাহার ॥ হাছেন হোছেন পরে ধরিবে তলওয়ার * কহ২ হজরত এহার খবর ॥ না করিলে সবে মোরা খাইব জহর * রছুল কহেন তবে সুন সব এয়ার ॥ কহিলে বেজার হবে খবর তাহার * ইয়ার লোকের বাত কাটাইতে নারে ॥ কহেন ভেদের বাত এয়ার সবারে * সুনহ ইয়ার সব সুন দেল দিয়া ॥ আমার এয়ার দেখ হজরত মাবিয়া * এজিদ তাহার বেটা হইবে জাহানে ॥ মারিবেক সেই বটে হাছেন হোছেনে * মাবিয়া বসিয়া ছিল রছুলের হুজুরে ॥ সুনিয়া ছওগন্দ মর্দ্দ করিল দরবারে * মাবিয়া কহিল আমি করিনু ছওগন্দ ॥ জরু না করিব আমি না হবে ফরজন্দ * না করিব নেকা বেহা দুনিয়া ভিতরে ॥ এয়ছাই গোঙাব দিন খোদায় যে করে * রছুল কহেন বাত সুনহ মাবিয়া ॥ তাহার কোদরত রদ করে তার ক্রিয়া * খোদার কলম যাহা লিখেছে কপালে ॥ রদ না করিতে পারে তাহা কোন কালে * তোমার লায়েক নহে এমন ছওগন্দ ॥ এয়ছা বাত কভু আমি না করি পছন্দ * রছুলের বাতে দর্দ্দ পাইয়া সবায় ॥ যার যেই ডেরে গেল ভাবিয়া খোদায় * এয়ছাই কয়েক রোজ হইল আখের ॥ মাবিয়ার তরে আল্লা ডেলে দিল ফের * কে জানিতে পারে ভাই আল্লার কুদরত ॥ এক রোজ মাবিয়ার পেসাবের হাজত * পেসাব করিয়া মর্দ্দ কুলুফ লইতে ॥ ঢিলা এক উঠাইল জমিন হইতে * আছিল বিচ্ছুর ছানা কুলুফের গায় ॥ মাবিয়া তাহার তরে দেখিতে না পায় * কুলুফ হইতে বিচ্ছু মারিল কামড় ॥ জলনে মাবিয়া মর্দ্দ করে ধড়ফড় *

হায়২ যায় যায় কি কৈল খোদায় ॥ মউত পৌছিল আসি এমন সময় বিসম জলন আল্লা সহিতে না পারি ॥ হায়২ করে মর্দ্দ করে বড়াজারি * কান্দেন মাবিয়া মর্দ্দ জমিনে পড়িয়া ॥ এগানা বেগানা সব আইল ধাইয়া যে কিছু দাওাই পানি জানিতে যে ছিল ॥ একে২ সব কেহ বহুত করিল * দারু পানি দিতে কেহু কমি নাহি করে ॥ ভালা নাহি হয় যে জলন বাড়ে তারে * শুনিয়া রছুল তাহা গেলেন সেতাবি ॥ বড়ই বেহাল তারে দেখিলেন নবী * নবীর পেয়ার বড় মাবিয়ার পর ॥ অধিন ফকির কহে কেতাবে খবর *

ত্রিপদী ছন্দ * জলনে কাতর হইয়া, পড়ে গড়াগড়ি দিয়া, হায়২ করিয়া কান্দনা ॥ কি ছিল নছিবে মেরা, জলন হইল বড়া, বুঝিতে না পারি কোন গোনা * মাবিয়া বড়ই দুখী, রছুল নজরে দেখি, দেলেতে হলেন পেরেসান ॥ দেখিয়া দরদ ভারি, হজরত তরায় করি, ফুক দিতে জলদী করে জান * ফুক দিতে নবি চলে, দরদ বুঝিয়া দেলে, সেই ঘড়ী আইল জিবরীল ॥ কহেন নবীর তরে, এলাহি ভেজিল মোরে, শুন নবি হয়ে এক দিল * ইয়ারের দরদ দেখি, দেলেতে হইলে দুখি, ফুক দিতে আছান খাতিরে ॥ শুন বাত কহি আমি, ফুক নাহি দিও তুমি, মানা কৈল এলাহী তোমারে * কহিল খোদায়তালা, তোমার ফুকেতে ভালা, কভু নাহি হইবে জহমত ॥ কহ তুমি মাবিয়ায়, যদি আপনাকে চায়, সেতাবি যে ভজেন আওরত * শুন সাহা আমি কই, আওরত ভজনা বই, চাঙ্গা নাহি হইবে দরদ ॥ এলাহীর ভাব জানি, জিবরিলের মুখে শুনি, মাবিয়ারে কহে মহাম্মদ * মাবিয়ারে কহে ভাই, দরদ চাঙ্গা হবে নাই, চাহ যদি বাচিতে আপনা ॥ আওরত আনিয়া একা, সেতাবি করনা নেকা, তারতরে করহ ভজনা * ভজনা করিলে উঠে, দরদ যাইবে ছুটে, এয়ছা ভাতি হুকুম আল্লার ॥ সোন ভাই মেরা বাত, নেকা কর জরু সাত, তবে জান খালাস তোমার * রছুলের বাত শুনে, মাবিয়া দহসত মনে, কহে মর্দ্দ রছুল হুজুরে ॥ জরু সাত কৈলে মেরা, ফরজন্দ হইবে বুরা, মারিবেক এমামের তরে * জলন সহিতে নারি, তবে এক কাম করি, ঘড়া এক আনহ আওরত ॥ ফরজন্দ না হয় যার, এয়ছা বুড়ি একবার, ভজি তবে যাইবে জহমত * মাবিয়ার বাত বুঝে, সহর বাজারে খুজে, রাজি কৈলা এক বুড়ী দেখা ॥ আনিয়া যে এক বুড়ী, নেকা কৈল সেই ঘড়ী, মোল্লা পড়াইয়া দিল নেকা * আল্লার কলম

যাহা কেবা রদ করে তাহা, যার যেয়ছা লিখেছে খোদায় * বড় খান পদতলে, অধিন ফকির বলে, কবি কয় কেতাবের সায় *

পয়ার * বুড়ী এক বান্দী পাইয়া কিনিল বাজারে ॥ খোসালে ভেজিল লয়ে মাবিয়ার তরে * মাবিয়া আজারে পড়ে যায় গড়াগড়ী ॥ চাঙ্গার খাতিরে নেকা করে এক বুড়ী * তাকিদ দিলেন বুড়ী মহল ভিতর ॥ আওল বিছওানা পরে বৈসে গিয়া তার * মাবিয়া আজারে বড় কাতর হইয়া ॥ ছহবত করিল বুড়ী আজাব লাগিয়া * সেই ঘড়ী বিন্দুমনী টলিয়া পড়িল ॥ মাবিয়া আজার হইতে আছান পাইল * বিন্দুমনী সঙ্গে পড়ে বিচ্ছুর জহর ॥ দাখেল হইল বুড়ীর সেকম ভিতর আল্লার তামাসা কিছু শুন দিয়া দেল ॥ সেই বিচ্ছু বুড়ীর পেটে রহিল হামেল * জহর সামেল বিন্দু পড়ে আবমনী ॥ বুড়ীর হামেল দেখ রহিল তখনি * হামেল রহিতে বুড়ী খুবছুরত হইল ॥ দেখিয়া মাবিয়ার দেলে মেহের বাড়িল * ত্রিশ বরসের জেন ছুরত আওরত ॥ এয়ছাই হইল বুড়ী আল্লার কোদরত* দেখিয়া ছুরাত মর্দ্দ মাতিল আসকে বড়ই মেহের কৈল মাবিয়া তাহাকে * পহরেক পিছে আইল রছুল হুজুর ॥ কহিল দরদ মেরা হইয়াছে দুর * দুর হৈয়া গেল মেরা তামাম জহমত ॥ সেই বুড়ী হৈল এবে নেহাত ছুরাত * ত্রিশ বরছের যেন হইল মেহেরা ॥ আল্লার তামাসা কিছু বুঝিতে না পারি * রছুল কহেন ভাই শুন মেরা বাত ॥ যে কিছু তামাসা সব এলাহির হাত * বুড়ীকে জওান আল্লা করিবারে পারে ॥ বদছুরাতের বিচে খুব সুরাত দিতে পারে * রছুলের বাত সুনে মাবিয়া ইয়ার ॥ রাখিল মেহের ঘরে করিয়া পিয়ার * মেহেরির তরে নাহি বলে ভালা বুরা ॥ দশ মাস বিচেতে হামেল হৈল পুরা * জিনিল মেহেরা এক হইল ফরজন্দ ॥ বড়ই সুরত তার জেন পুর্ণচান্দ * এমন সুরাত আল্লা পয়দা কৈল তারে ॥ রহিল বচ্ছর এক অন্দর ভিতরে * এক রোজ মাবিয়া খবর তার পায় ॥ দেখিতে ফরজন্দ মর্দ্দ ডেরা বিচে যায় * দেখিল সুরাত বেটা পয়দা হইল ঘরে ॥ বড়ই মেহের দেল ফরজন্দ উপরে * বেটা বেটি আর কিছু নাহি ছিল তার ॥ ফরজন্দ দেখিয়া তারে করিল পিয়ার * পিয়ার করিয়া নাম রাখিল এজিদ ॥ কোলে কান্দে করে ফেরে লইয়া সাবিদ * এক রোজ মাবিয়া এজিদে কোলে লিয়া ॥ এদিক ওদিক ফেরে তামাসা দেখিয়া * রছুল বসিয়াছিল ইয়ারের সাত ॥ দেখিয়া ইয়ার লোক কহে এই বাত * রসুল কহেন শুন তামাম ইয়ার ॥ বেহেস্ত উপরে দেখ দোজখের বার *

রসুলের বাত সব ইয়ার শুনিয়া ॥ একজন মাবিয়াকে কহে ছাপাইয়া * শুনহ মাবিয়া মর্দ্দ রাস্ত কহি বাত ॥ কোলে করে লিয়া ফের ছাওালের জাত * কোলেকরি লিয়াছিলে এজিদেরতরে॥ দেখিয়া রসুল তাহা আপনা নজরে * কহিল বেহেস্তের পরে দোজখের বার ॥ দেখহ ইয়ার লোক কোদরত আল্লার * শুনিয়া মাবিয়া বড় দহসত খাতিরে ॥ সেই ঘড়ী উঠিয়া যে চলিল দরবারে * রসুলের আগে গেল হইয়া পেরেসান ॥ তছ-লিম করিয়া মর্দ্দ ভয়ে কম্পবান * মাবিয়া কহেন বাত ছাতিপরে হাত বুঝিনু কুপুত্র মেরা এজিদ কমজাত *এমামের তরে বুঝি দিবেক আজার হুকুম পাইলে মারি খেচিয়া তলওার * মেরে ডালি এজিদেরে তলওার মারিয়া ॥ শুনিয়া রসুল কহে গোস্বা দেল হৈয়া * শুনহে মাবিয়া বাত তোমাকে সমজাই ॥ মনাছেব নহে এয়ছা করিতে খোদাই * এলাহির গাওা তুমি রাখ আপনারে ॥ খোদার বেগর এয়ছা কাম কেবা করে * হায়াত মউত দেখ কোদরত আল্লার ॥ নাহক একবাত কৈয়া হও গোনা গার * তোমার ফরজন্দ দেখ কোন জিউ ধরে ॥ এমাম উপরে কিছু বর জুরী করে * মাবিয়া কহেন বাত শুনে রসুলের ॥ দেলেতে দহসত বড়া হইল আমার * রসুল কহেন তাকে হেকমত করিয়া ॥ বান্দি বাচ্চা লিয়ে ফের কান্ধেতে করিয়া * এ খাতির এয়ছা বাত কহিয়াছি আমি ॥ পেরে সানি দেলে কিছু না হইবে তুমি * শুনিয়া মাবিয়া মর্দ্দ ডেরে চলে যায় অধম ফকির বলে ভাবিয়া খোদায় *

পয়ার * এজিদ এমামে দোন ঝগড়ার বাত ॥ পহেলার বাত কহি হইল জেয়ছা ভাত * চার পুরুষ আগে ছিল আবদুল মন্নাফ ॥ জমক ভাই বেটা তার দেখিলেন আপ * হইল সে দুই বেটা পিঠে২ জোড়া বহুত খেচিল পিঠ না হইল ছাড়া * আবদুল মন্নাফ মর্দ্দ বুঝিয়া আখেরে ॥ মারিল সমসের তার পিঠের উপরে * দুইজন জুদা হৈল হুকুম আল্লার ॥ হাসেন একের নাম শুনহ খবর * উম্মিয়া দোছরার নাম বড়ই দাখিল ॥ হেকমতে ওস্তাদ হৈল বড়া খোস দিল * হাসেন উম্মিয়া দোন জোরওার হইল ॥ দুই জনে ঝগড়া এয়ছা কাটাকাটি ছিল * হাসেনের বেটা ছিল আবদুল মতলিব ॥ বড়া নেক মর্দ্দ ছিল আল্লার হবিব * উম্মিয়ার বেটা ছিল নামেতে হরব ॥ বড়া জঙ্গিবাজ ছিল আপনা মতলব * মতলব হরবে জঙ্গ রাত দিন ছিল ॥ মতলবের বেটা আবুতালেব হইল * হরবের বেটা হৈল সুফিয়ান নাম ॥ আবু তালেবের সাতে ঝগড়া মোদাম * আবু তালেবের বেটা আলি জোর

ওার ॥ ছুফিয়ানের বেটা হৈল মাবিয়া ইয়ার * আলী আর মাবিয়া ইয়ার দুই জনে ॥ দোহেতে ঝগড়া ছিল পুসিদা বাতুনে * রছুলের দাবে কেহ জাহের করিয়া ॥ না করিত ঝগড়া যে ছিল চুপ হৈয়া * আলির ফরজন্দ হৈল হাছেন হোছেন ॥ মাবিয়ার বেটা হৈল এজিদ কমিন * ছেলছেলা আইল এয়ছা ঝগড়া হইয়া ॥ এমাম এজিদ জঙ্গ ইয়ার লাগিয়া * এমামের এজিদে জঙ্গ হইবে আলবত ॥ গরিব কহেন বুঝি আল্লার কোদরত *

পয়ার * এক রোজ আলি সাহা পুসিদা করিয়া ॥ রসুলের আগে কহে সোন দেল দিয়া * মারিবে এমামে মেরা এজিদ কমজাত আমার দেলেতে দর্দ্দ সুনে এই বাত * এই ওক্তে এজিদারে ডালি যে মারিয়া ॥ বেটার দুসমন যায় পয়মাল হইয়া * তবেত আমার জীউ হয় যে কারার ॥ নহে পেরেসান আছি সোন পয়গম্বর * সুনিয়া নবীর দেল হৈল পেরেসান ॥ কহেন আলির তরে সোন বাবাজান * তোমাকে লায়েক বাবা নহে এই কাম ॥ এজিদার কোদরত কিবা মারিবে এমাম ॥ একেত ইয়ার তুমি আরত দামাদ ॥ এলাহির বাত তুমি না কর এয়াদ * জীউ দেয় জীউ লেয় সেইত এলাই ॥ তাহা বিনে জীউ লেয় এয়ছা কেহ নাই * দুর কর বদি মর্দ্দ খামস থাকিয়া ॥ আখেরে হইবে গোনা একাম করিয়া * এলাহি যাহাকে করে মেহের নজর ॥ বহুত বালাই ডেলে দেয় তারপর * সরমেন্দা হইয়া আলি নবির হুজুরে ॥ পেরেসানে আলি সাহা চলি গেল ডেরে * এয়ছাই কয়েক রোজ গোজারিয়া যায় ॥ আল্লা নবি সবে বল দিন বয়ে যায় *

হজরতের ওফাতের বয়ান ॥

ত্রিপদী * নুরনবী মহাম্মদ, কুফরে করিয়া জব্দ, রহে নবি খোসালিত হৈয়া ॥ আল্লার তামাসা যাহা, কে বুঝিতে পারে তাহা, ছফরচাদ পৌছিল আসিয়া * ছফরের চাঁদ আইল, রসুলের তলব হৈল, আজার হইল রসুলের ॥ তাপ যে হইল গায়, বিবিকে ডাকিয়া কয়, দেখ বিবি তাপ হৈল মোরে * আপে নবি পয়গম্বর, আয়েসার জানু পর, শুইলেন ছের লাগাইয়া ॥ বড়ই তাপের জোর, দুই আখি হইল ঘোর, কহেননবি বিবীকে ডাকিয়া * সোন বিবি কহি আমি, সেতাবি করিয়া তুমি, বোলাইয়া আনহ ঈয়ার ॥ জীউ শুখাইয়া যায়, আরাম নাহিক হয়, মউত পৌছিল এইবার * বারেক ইয়ার সাত, করি আমি মোলাকাত, তাগিদ

বোলাও সবাকারে ॥ সেই দিন জুম্মারবার, ইয়ার তামাম তার, গেছে সবে নামাজ খাতিরে * মছজিদের বিচে গিয়া, দেখে রাহা তাকাইয়া, রছুল আসিবে কতক্ষনে ॥ নামাজের বেলা হৈল, রছুল নাহিক আইল. নবীর গাফিলি হইল কেনে * সবে দেলে করে ভয়, বেলালের তরে কয়, শুন মর্দ্দ বেলাল খবর ॥ সেতাব খবর আন, নবী না আইল কেন, নামাজের ওক্ত বরাবর * আর অন্য দিন পর, আপে আইসে পয়গাম্বর, নামাজেতে কভু না গাফিল ॥ সেতাব চলিয়া যাহ, তাকিদ খবর লেহ, না জানি কি হইল মুস্কিল * বেলাল হুকুম পায়া, সেতাবি চলিল ধায়া, যেখানেতে নূর মহাম্মদ ॥ দেখিল বেলাল গিয়া, আজারে রহিল শুইয়া, তাপ জোর বড়ই দরদ * ছাতি পরে হাত জোড়া, কহেন বেলাল খাড়া, শুন নবী আলায়হেচ্ছালাম ॥ আজ হৈল জুম্মাবার, নামাজ খাতির পর, জমা হইল ইয়ার তামাম * খবর জানিতে মুঝে, তোমার ইয়ার ভেজে, দেখি তুমি তাপের আজারে ॥ নবী বলেন বেলাল, দেখ মেরা এই হাল, কহ তুমি সবার হুজুরে * এবার আজার জোর, জলন হইয়াছে মোর, দুই আখি হইল মেরা ঘোর ॥ ছটফট করে জিউ, দরদ হইল জিউ, কি জানি গতিক হয় মোর * রছুলের আজার দেখি,. বেলাল হইয়া দুঃখী, খবর কহিতে চলে যায় ॥ গাজি হুকুমের পায়া, দেলেতে একিদা হইয়া, অধীন ফকির কবি গায় *

পয়ার * বেলাল চলিল দেখে রছুলের আজার ॥ তামাম ইয়ার গিয়া দিল সমাচার * শুন ভাই রছুলের ইয়ার তামাম ॥ রছুলের আজার বড়া নাহিক আরাম * আমাকে ভেজিল নবী কহিতে খবর ॥ নেহাত আজারে আছে নবী পয়গাম্বর * এয়ছাই শুনিয়া সবে বেলালের মুখে ॥ হায় হায় করে সবে হাত মারে বুকে * তাকিদ চলিয়া গেল তামাম ইয়ার ॥ দেখিল যাইয়া নবী বড়ই আজার * তামাম ইয়ার পোছে কহ হকিকত ॥ আপনার হাল কহ কেমন হজরত * রছুল কহেন ভাই নাহি যায় কহা ॥ আজার বড়ই মুঝে এলাহির চাহা * তাপের জ্বালাতে মোর সব অঙ্গ জ্বলে ॥ এমন আজার নাহি হয় কোন কালে * তোমা সবাকার সাতে করি মোলাকাত ॥ মওত পৌছিল বুঝি নাহিক হায়াত * তামাম ইয়ার মেরা শুন দেল দিয়া ॥ পড়ক নামাজ সবে মসজেদে যাইয়া * রছুলে দেখিয়া সবে দেল পেরেসান ॥ হায়২ করে সবে হইয়া হয়রান * নামাজের ওক্ত গেল হইয়া আখের ॥ নাচারে চলিল নবী নামাজ খাতের * ইয়ারের কান্দ পরে হাত লাগা-

ইয়া ॥ নামাজ খাতেরে যান মসজেদে চলিয়া * বহুত কোসেসে নবী গেলেন মসজেদ ॥ খাড়া হইতে নবী নাই পারেন সাবুদ * আবুবক্কর ছিদ্দিকেরে করিয়া এমাম ॥ নামাজ পড়িয়া তবে নবী ডেরে যান * মসজেদ হইতে নবী চলে গেল ঘরে ॥ ইয়ারে কান্ধে হাত দিয়া ধীরে ধীরে * বহুত কোসেসে ডেরে আইল মহাম্মদ ॥ রোজ২ বাড়ে তাপ হইল প্রমাদ * এক রোজ মহাম্মদ কহে বেলালেরে ॥ মউত হইবে মেরা আলবত্তা এবারে * এক বাত কহি আমি শুন দেল দিয়া ॥ সহর বাজারে যাও সেতাবি করিয়া * হাকিয়া কহিবে ভাই এই হকিকত ॥ রছুল আল্লার মর্দ্দ বড়ই জহমত * দাবিদার কেহ যদি থাকে তারপর ॥ আগে হয়ে লেহ ভাই শুনহ খবর * বেলাল শুনিয়া চলে নবীর ফরমান ॥ সহরে হাকিয়া বলে আজার দেওান * কার দাবি থাকে যদি রছুলের ঠাই ॥ যাইয়া বুঝিয়া লেহ শুন সবে ভাই * বেলাল সহর বিচে বহুত হাকিল ॥ ভালা বুরা বাত কেহ কিছু না করিল * ঘরী পিছে এক মর্দ্দ নামেতে আক্কাছ ॥ কহে মেরা দাবি আছে রছুলের পাছ * বেলাল কহেন চল রছুলের আগে ॥ আক্কাছ চলিয়া আইল নবীর নজ-দিগে * বেলাল খবর দিল রছুলের পাছ ॥ দাবিগারি আইল এক নামেতে আক্কাছ * রছুল কহেন ভাই শুনহ আক্কাছ ॥ কোন দাবি রাখ তুমি লেহ মেরা পাছ * আক্কাছ বলেন ভাই শুন পয়গাম্বর ॥ যখন তুড়িতে যাহ আহাদ কুফর * তোমার ঘোড়ার কাছে আমি ছিনু খাড়া ॥ ঘোড়াকে মারিতে মেরা গায় লাগে কোড়া * কি জানি সেতাব মেরা আছিল এয়াদ ॥ খবর পাইয়া তার লিতে আইনু দাদ * শুনিয়া রসুল কহে বেলালের তরে ॥ রাখা গেছে সেই কোড়া ফাতেমার ঘরে * তাকিদ বেলাল গিয়া আনহ চাবুক ॥ আমাকে মারিয়া দাদ আক্কাছ লউক * সুনিয়া বেলাল গেল যেখানে ফাতেমা ॥ তছলিম করিয়া বাত কহে সুন মামা, * কোড়া নাকি আছে মামা তোমার দহলিজে ॥ রসুল লইতে তাহা ভেজিলে মুঝে * এই কোড়া দাওয়া রাখে নামেতে আক্কাছ ॥ লইতে কোড়ার দাওা রসুলের পাছ * সুনিয়া ফাতেমা বিবি হৈল পেরেসান ॥ কোড়া লিয়া বেলাল নবীর আগে জান * হজরত ফাতেমা বিবী কান্দিয়া চলিল ॥ বেলাল রসুল আগে যাইয়া পৌছিল তামাম ইয়ার শুনে আইল সেই ঘড়ী ॥ ছিদ্দিক আক্কাছ আগে কহে হাত জুড়ি * দশ কোড়া মার তুমি উপর আমার ॥ মাফ করে যাহ তুমি রসুলে খোদার * নজরে দেখহ নবী কেমন বেহাল ॥ আমাকে মারিয়া

ছাড় দাদের খেয়াল * আব্বাছ কহেন মিয়া কহি তেরা আগে ॥ এক জনার দাদ কোথা আর জনে লাগে * নাহক কহিলে বাত আমার হুজুর ॥ রছুল উপরে দাদ লইতে মঞ্জুর * ওম্মর খেতাবে কহে আব্বাছ হুজুরে ॥ বিশ কোড়া মার তুমি আমার উপরে * এক কোড়ার দাদ লেহ বিশ কোড়া মেরে ॥ রছুলে করিয়া মাফ ঘরে যাহ ফিরে * আব্বাছ কহেন ভাই হজরৎ ওম্মর ॥ মেরা দাওা নহে ভাই তোমার উপর * কহেন ওছমান ফের শুন দেল দিয়া ॥ মারহ তিরিশ কোড়া আমাকে খেচিয়া * আব্বাছ কহেন ফের নাহিক মারিব ॥ জাহার উপরে দাওা তার ঠাই লিব * তার পরে আলি কহে আব্বাছের সাত ॥ চল্লিশ চাবুক মুঝে মার খুব ভাত* মারহ চল্লিশ কোড়া একের বদলে ॥ মাফ করে জাহ তুমি হজরতের হালে * হাছেন হোছেন কহে সুনহে আব্বাছ ॥ আমা দোন পরে মার চাবুক পঞ্চাশ * দেখ নানা জিউ মেরা তাপের আজারে ॥ কেমনে মারিবে কোড়া দর্দ্দ নাহি তোরে * আব্বাছ কহেন তবে নাহি লিব দাদ ॥ আল্লার হুজুরে লিব শুনহ সম্বাদ * বুঝিয়া রছুল কহেন আব্বাছের তরে ॥ দাদ লেহ মেরে কোড়া আম্মার উপরে * শুনিয়া আব্বাছ কহে রছুল হুজুরী ॥ গায় জামা কিরূপে চাবুক তায় মারি * যখন আপনি কোড়া মারিলে আমায় ॥ খালি অঙ্গ ছিল জামা নাহি ছিল গায় * এয়ছাই শুনিয়া নবী জামা খুলে দিল ॥ আব্বাছ যাইয়া কাছে পিঠ তাকাইল * পিঠের উপরে ছিল আল্লার মোহর ॥ দেখিয়া আব্বাছ তাহা করিয়া নজর * আল্লার নিশান যে মোহর নবুওত ॥ সেতাবি চুমিয়া মর্দ্দ লিলেক শুরত * তছলিম করিয়া মর্দ্দ কদম উপরে হাতে ছিল কোড়া জে ফেলিয়া দিল দূরে * রছুলের পায় মর্দ্দ গিরিল আসিয়া ॥ মাফ কর২ কহেন কান্দিয়া * তোমার পিঠেতে ছিল আল্লার নিসান ॥ খোওাবে দেখিনু আমি সোনহ দেওান * বাহানা করিনু আমি দেখিতে মোহর ॥ মাফ কর গোনা মেরা আপে পয়গাম্বর * সাত পোস্তানের মেরা গোনা হৈল মাফ ॥ বড় গোনাগার আমি দোওা কর আপ * রছুল কহেন ভাই তুমি নেকবক্ত ॥ করিলে দুনিয়া বিচে বড়া কাম শক্ত * মোহর নবুওত আছে আমার পিঠেতে ॥ দেখিলে দুনিয়া বিচে আক্কেল হইতে * তোমা হৈতে হইল মেরা ওম্মতের কাম ॥ মোহর নবুওতে ধেয়ান করিবে মোদাম * মোহর নবুওত যেই দেখিল নজরে ॥ গোনা মাফ হৈয়া যাবে বেহেস্ত ভিতরে * আব্বাছ বিদায় হয় ছালাম করিয়া ॥ অধিন ফকির কহে গাজি ধেয়াইয়া * বাপ নাম সাহা

দুন্দি আল্লার ফকির ॥ ভাটিয়া ছোলতান গাজি বরখান পীর *

ত্রিপদী * আব্বাছ বিদায় হৈয়া, ঘরেতে পৌছিল গিয়া, নুরনবী বড়ই আজার ॥ সেই রাতে স্বপনেতে, দেখে খাব সকলেতে, ছিল জত নবীর ইয়ার * খাব দেখে সবাকায়, আসিয়া রছুলে কয়, নবী তার শুনিয়া খবর * তামাম ইয়ার সাত, কহিল সকল বাত, বয়ান করিয়া বরাবর * সবে পেরেসান দেলে, রছুলের তরে বলে, কি খাতেরে রহিবে দুনিয়ায় ॥ অনাথ করিয়া যাবে, আর নাহি দেখা হবে, কান্দে সবে বলে হায় হায় * জিয়ের আরাম তুমি, ছেড়ে জাবে এই জমি, আর নাই দেলেতে আরাম ॥ কহে সবে এই বাত, ছের পরে মারে হাত যারে যার হইল এমাম * আল্লার মক্কর যত, বুঝিতে পারিব কত, বুঝি আল্লা বড়া বেদরদ ॥ এয়ছা নিয়ামত দিয়া, ফের লেয় ছেনাইয়া, ছেড়ে জাবে দিন মহাম্মদ * আর কি আরামে রব, ফকির হইয়া যাব, উদাসিনী হইয়া দিগে দিগ ॥ ঘরে আর কাম নাই, মুখে লাগাইয়া ছাই, দেশে২ মেঙ্গে খাব ভিক * তামাম ইয়ার কান্দে, বুক তার নাহি বান্দে, দেখে নবী কহে সবাকায় ॥ তামাম ইয়ার সোন, আমার খাতিরে কেন, কান্দ সবে করে হায়২ * শুনিয়া মউত মেরা, জারে যার আপনারা, কেন সবে হইয়াছ উতালা ॥ একে২ আগে পিছে, সবাই দুনিয়া বিচে, পিয়ে আইল মউত পিয়ালা * হাজারে হাজার নামী, মরে গেছে এই জমি, পয়দা হইয়া দুনিয়া ভিতরে ॥ আর নাই কান্দ কেহ, এলাহির নাম লেহ, মরন ছাড়ান নাহি কারে * বড়খান ভাবিয়া দেলে, অধীন ফকির বলে, সাহা দুন্দির পহেলা ফরজন্দ ॥ কহেন বড় খান গাজী, লায়েকেরে হয়ে রাজি, তবে যার যেমন নিবন্ধ *

পয়ার * তামাম ইয়ারে কহে নবী পয়গম্বর ॥ পড়িবে কোরাণ দেলে রাখিয়া খবর * নামাজ পড়িবে আর রাখিবেক রোজা ॥ এইতিন চিজ দেখে এলাহির ভেজা * দোজখ উপরে সাকো রাহা বড় দূর ॥ এয়ছাই সাকোর ধার যেন তেজ খুর * বড়ই আন্ধার সেই সাকোর নজাদিগ ॥ অমাবস্যা রাত হৈতে জানিবে অধিক * সেই সাকো পার হইতে হইলে সবার ॥ নামাজের উজালা বিনে গতি নাহি আর * নামাজের উজালাতে পার হইয়া যাবে ॥ নামাজ বড়ই ধন আলবত্তা জানিবে * মা বাপের তরে সবে করিবে খেদমত ॥ তাহার দোওায় ভেস্ত পাইবে আলবত * আলেম ওস্তাদ লোকে করিবে তাজিম ॥ খোসালে খেলাবে খানা দেখিয়া এতিম * এতিমেরে খোসালেতে মাফ হবে

গোনা॥ নছিহত করে সবে আওরত আপনা * নেক রাহা আওরতে সেখাবে ভালা বুরা॥ আওরতের গোনাতে খছম যাবে মারা * এই রূপে রছুল করেন নছিহত॥ তামাম ইয়ারগণে শুনে এই বাত * তার পরে পোছে বাত রছুলের ঠাই॥ তোমার পিছেতে কেবা করিবে বাদসাই * রছুল বলেন যদি পুছিলে আমারে॥ আবুবক্যার বাদসা হইবে মেরা পরে * তার পর ওম্মর যে করিবে বাদসাই॥ ওছমান তাহার পিছে শুন সব কই * এই তিন বাদে যে দুয়ারে খাড়া আছে॥ হবেন বাদসা তার শুন মেরা কাছে * দুয়ার উপরে খাড়া আলি মর্দ্দ ছিল॥ আলিরে দেখিয়া নবী এবাত কহিল * আলির পিছেতে খাড়া আছিল মাবিয়া॥ হইল ঝগড়া কাম বাদসার লাগিয়া * পিছেতে কহিব বাত হকিকত তার॥ দিন মহাম্মদ হইল বড়ই আজার * খেচিয়া কহেন বাত রছুল দেওান॥ বেঠেকানা শুনে বাত সবে পেরেসান * সেই ঘড়ী জিবরীল যে আইল হুজুরে॥ দেখিয়া হজরত নবী কহে ধীরে২ * সুন ভাই মেহেতের জিবরীল তুঝে কই॥ দুনিয়ায় আসিবে কতবার আমি বই * শুনিয়া জিবরীল কহে হজরত রছুলে॥ আসিবে যে দশ বার তুমি চলে গেলে * দশ বার দশ চিজ ওঠাব দেওান॥ এয়ছাই আমার পরে আল্লার ফরমান * পহেলা আসিয়া যে বরকত ওঠাইব॥ দোছরা যে আওরতের সরম লিয়া যাব * তেছরাতে ওঠাইব ছাখাওত কাম॥ চাহারমে এনছাফ কাম উঠাব তামাম * পঞ্চমেতে তাজিম আমি লিব ওঠাইয়া॥ সষ্টমে তওবার ঘর যাবে বন্ধ হৈয়া * তওবা করিলে এবে পাপ দূরে যায়॥ সাতবারে উঠাইয়া লিব যে তাহায় * অষ্টম বারেতে লিব লোকের ইমান॥ নয়বারে নিয়ামত উঠাব নিদান * খোসবুই নিয়ামত উঠাইয়া লিব॥ মেহের মহব্বত হেথা কিছু না রাখিব * দশ বারে উঠাইব আল্লার কোরাণ॥ তবে জান নজদিগেতে কেয়ামত নিদান * শুনিয়া রছুল বাত জিবরীলের মুখে॥ খবর কহেন নবী ইয়ার সবাকে * আইল ফাতেমা বিবি রছুল হুজুরে॥ বাপের আজার দেখে কান্দে জারে২ * কান্দেন ফাতেমা বিবি বলে হায়২॥ বড়া নেয়ামত মেরা বাপ মরে যায় * আর মেহেরবান নাই বাপের সমান॥ আর কে খবর মেরা লিবেক মোদাম * আহা কে পুছিবে বাত মেহের করিয়া॥ বাচিবে আমার জান কাহাকে দেখিয়া * হায়২ আল্লাতালা লিখেছে নিদান॥ এয়ছা দরদমন্দ মেরা বাপ চলে যান *

দেলের দরদ আর কব কার ঠাই ॥ বাপ বিনে আমার যাবার জায়গা নাই * ঘড়ী এক থাকিব বাপের মুখ চাহিয়া ॥ আখেরে মরিব আমি জহর খাইয়া * বাপকে ধরিয়া বিবি ফাতেমা রহিল ॥ মেহের করিয়া নবী কহিতে লাগিল * শুনগো ফাতেমা মাতা না কান্দিও আর ॥ ছয় মাহিনায় পাবে দেখা যে আমার * আমি গোজারিলে তুমি ছয় মাহিনা পিছে ॥ আলবত্তা যাইয়া যে পৌছিবে মেরা কাছে * শুনিয়া ফাতেমা বিবি ছাড়িল কান্দনা ॥ অধিন ফকির কহে গাজির ভাবনা *

পয়ার * সেই ঘড়ি বাহিরেতে আওাজ হইল ॥ আওাজ কানেতে নবী আপনি শুনিল * হজরত কহেন বাত ফাতেমার ঠাই ॥ বাহিরে খবর লেহ কার হাক পাই * শুনিয়া ফাতেমা যে বাহিরে তাকাইল ॥ বড়ই বিকট এক ছুরত দেখিল * দেখিয়া ফাতেমা বিবি গেল ডরাইয়া ॥ বেহুস হইয়া পড়ে জমিন ধরিয়া * থর২ বিবি আপে লাগিল কাপিতে ॥ রছুল হুজুরে বাত লাগিল কহিতে * বাবাজীউ পয়গাম্বর শুন মেরা বাত ॥ বাহিরে দেখিনু এক মুস্কিল ছুরাত * আছমান জমিন বরাবর এক জন ॥ এমন বিকট ছবি না দেখি কখন * দেখিয়া তাহাকে মেরা গায়ে আইল জ্বর ॥ না জানি কে বটে মর্দ্দ দুনিয়া ভিতর * রছুল বলেন বেটি ডর নাহি তারে ॥ আজরাইল বটে এই বোলাও ওহারে * আজ-রাইল আইল বুঝি রছুলের আগে ॥ দূরে খাড়া রহে মর্দ্দ নজদিগে না লাগে * রছুল বলেন আজরাইল মেরা ভাই ॥ দূরেতে রহিলে কেন কাছে আইস নাই * আজরাইল বলে জেয়ছা হুকুম আল্লার ॥ তেয়ছা ভাতি খাড়া আছি হুকুমে তোমার * তোমার হুকুম যদি হয় মেরা পরে ॥ তবে পাক জীউ লিব বেহেস্ত ভিতরে * এয়ছাই হুকুম লিয়া আসিয়াছি আমি ॥ এখন হুকুম কেয়ছা আপে কর তুমি * রছুল কহেন ভাই বৈস মেরা পাস ॥ যাহা পাও কর মেরা জানের তল্লাস * আজ-রাইল শুনিয়া হাত ছাতি পরে দিল ॥ আহা২ বলে নবী হাকয়া উঠিল * আসমান চাপিল যেন ছাতির উপর ॥ এমন পৌছিল তার কহে পয়-গাম্বর * রছুল কহেন বাত আজরাইলের তরে ॥ এমনি কহর হাত ডাল মেরা পরে ॥ যে হউক সে হউক ভাই কহি যে তোমারে * যে কিছু কহর থাকে করে লেহ মোরে * আমার ওম্মত লোগ বড়ই লাচার ॥ সহিতে না পারিবেক আজার তোমার * আজরাইল কহে নবী শুন দেল দিয়া ॥ আল্লার হুকুম যেই চলে বজাইয়া * হুকুম মানিয়া তেরা যেই করে কাম ॥ তার জীউ লিয়া যাব করিয়া আরাম * হামেসা

আয়তল কুরছি পড়ে যে এনছান ॥ নেকালিব জান তার করিয়া আছান * আল্লার হুকুম রদ তোমাকে না মানে ॥ বহুত আজার পাবে মউত নিদানে * শুনিয়া রছুল কহে শুন আজরাইল ॥ আপনার কাম তুমি করনা হাসিল * আজরাইল রছুলের হুকুম পাইয়া ॥ পাক জীউ সেই ঘড়ি লিল নেকালিয়া * পাক জীউ চলে গেল ধড় পড়ে রয় ॥ দেখিল ফাতেমা বিবি দম নাহি বয় * হায়২ বলে বিবি জমিনে গিরিল ॥ তামাম ইয়ার তবে রছুলে দেখিল * যাইয়া দেখিল জীউ ঘরে নাহি তার ॥ বেহুস পড়িয়া আছে বিছানা উপর * হইল বহুত সোর কান্দনার জারি ॥ হেন বুঝি কেয়ামত হইল আখেরি * আলম তামাম কান্দে আরব্ব সহর ॥ আর না হইবে এয়ছা দিন পয়গাম্বর * আসমান জমিন কান্দে দরিয়া পাহাড় ॥ দুনিয়ার পশু কান্দে খাইয়া কাছাড় * গোজারিল মহাম্মদ আল্লার রফিক ॥ অধিন ফকির কহে কেতাব মাফিক *

বিবি ফাতেমার ওফাতের বয়ান ॥

পয়ার * ঘড়ি চার এইরূপে গেল গোজারিয়া ॥ সকলে ছাড়িল জারি এলাহি ভাবিয়া * গোছল কাফন দিয়া ইয়ার তামাম ॥ বারই চাঁদের দিন মঞ্জিল মোকাম * জানাজা পড়িয়া যে রসুলে দিল মাটী ॥ রবিওল আউয়াল চাঁদ সোমবার খাটি * ফাতেমা দরুদ যত খানা পিনা কৈল ॥ তামাম ইয়ার বিচে মছলত করিল * মছলত করেন সবে বসে এক ঠাই ॥ সবে বলে আবুবক্কর করহ বাদসাই * রছুলের হুকুম আগে তক্তে দেহ বার ॥ মুল্লুক আবাদ কর সহর বাজার * আবুবক্কর তক্ত পরে বসিল ফরমানে ॥ নেকির বাতাস বহে তামাম জাহানে * খোসাল আরব্ব লোক সহর বাজার ॥ খুব ভাতি মুল্লুকেতে চলে কারবার * এয়ছাই কয়েক রোজ গোজারিয়া যায় ॥ ফাতেমার মউত যে ভেজিল খোদায় * নবী গোজারিল যদি ছয় মাস হৈল ॥ হজরত ফাতেমা বিবি কহিতে লাগিল * আলিকে কহিল বিবি শুন দেল দিয়া ॥ আমার মউত এবে পৌছিল আসিয়া * মরিয়া যাইব আমি নাহিক এড়ান ॥ হাছেন হোছেন দেখে বিদরে পরান * শুনহ হজরত তুমি শুন মেরা বাত ॥ প্রাণের সমান শুপে দিনু তেরা হাত * হাছেন হোছেন যেন না পায় আজার ॥ মেহের করিবে দোহে ফরজন্দ তোমার * আর গোনা করিয়াছি তোমার হুজুরে ॥ রহম নজর করে মাফ কর মোরে * আল্লার কলম এই কপালের লেখা ॥ দুনিয়ার বিচে আর না হইবে দেখা * শুনিয়া হজরত আলি হৈল জার২ ॥ কলেজায় তির যেন হইয়া গেল

পার * আলি বলে বিবি জীউ বড় দর্দ্দ লাগে ॥ মাফ কর যত গোনা হৈল তোমা আগে * দুই জন এয়ছা ভাতি গোনা মাফ হৈল ॥ আখেরে ফাতেমা বিবি দুনিয়া তেজিল * হাছেন হোছেন কান্দে মায়ের খাতির ॥ এগানা বেগানা শুনে নাহি হয় স্থির * হায় হায় বিবি জীউ হজরত ফাতেমা ॥ দুনিয়ার বিচে নাই তুমি এয়ছা মামা * হজরত ফাতেমা যদি গোজারিয়া গেল ॥ গোছল কাফন দিয়া জানাজা পড়িল * গোরে সোওাইয়া মাটি দিয়া ফাতেমায় ॥ আপন২ ডেরে গেলেন সবায় * পেরেসান হয়ে আলি রহে আপনারে ॥ আবুবক্কর বাদসাই করেন তক্ত পরে * কত দিন আবুবক্কর বাদসাই করিয়া ॥ আল্লার তামাসা সেহ গেল গোজারিয়া * তার পরে ওম্মর বাদসাই করিল ॥ আল্লার কলম সেহ গোজারিয়া গেল * তার পরে ওছমান তক্তে দিল বার ॥ খুব ভাতে আরবেতে চলে কারবার * এক রোজ ওছমান মক্কায় যাইয়া ॥ নবীর জায়গায় বৈসে মসজিদেতে গিয়া * আরবের লোক যত মছলত করিয়া ॥ ওছমানে মারিয়া ডালে তলওার মারিয়া * শুনিয়া হজরত আলী সেখানে গেল ॥ আরব লোকের তরে পুছিতে লাগিল * এয়ছা কাম কৈলে কেন বেগর তকছির ॥ ওছমানে মারিলে সবে কিসের খাতির * আরবের লোক কহে আলি বরাবর ॥ কহিল হজরত নবি এয়ছাই খবর * আমি যেথা বসি সেথা বৈসে যদি কেহ ॥ সেই ঘড়ি তার তরে ছের কেটে লেহ * আলি বলে রছুলের বাত না বুঝিয়া ॥ নাহিক করিল খুন ওছমান লাগিয়া * রছুল কহিয়াছিল আওরত আমার ॥ কেহ যদি বৈসে তারে মারহ তলওার * নবির এসারা বাত এই কিছু ছিল ॥ ওছমানের খুন দায় সবাকে হইল * কি করে হজরত আলী সবে মোছলমান ॥ সবুরা করিয়া থাকে হৈয়া পেরেসান * হজরত ওছমান যদি গেল গোজারিয়া ॥ আলি আপে তক্ত পরে বসিল যাইয়া * আলির বাদসাই হৈল চলে কারবার ॥ খুব আদালত হৈল সহর বাজার * এক রোজ আলি সাহা মছজেদে যাইয়া ॥ আল্লার নামাজ পড়ে একিদা করিয়া * সেই ঘড়ি আয়সা বিবি মছজেদে জান ॥ আল্লার নজদিগে কহে হৈয়া পেরেসান * ওছমান দামাদে মেরা মারে কোন জন ॥ কোলভুমে বিধবা কৈল কিসের কারণ * কি খাতেরে মারা গেল আমার দামাদ ॥ ভাল চাহ আলি সাহা লেহ এই দাদ * আলি কহে বিবিজীউ তুমি মেরা সাস ॥ দেল দিয়া শুন আমি বাত কহি রাস * আরবের লোক যত এক সাতে হৈয়া ॥ হাদিছ না বুঝে মারে ওছমানে যাইয়া *

লাজেম হইল খুন আরবের লোকে ॥ এক দুই তিন নহে মারি আমি কাকে * ওছমানে মারিল যত সব মোছলমান ॥ মমিন উপরে তেগ হারাম চালান * আয়সা বিবী বলে যদি দাদ নাহি দিলে ॥ তোমার বাদসাই নহে তক্তে কেন গেলে * মওত সময় নবি কহিলেন এয়ছাই ॥ দুয়ারেতে খাড়া যেই তাহার বাদসাই * মহাম্মদ নবি যবে কহিল এবাত ॥ খাড়া ছিল মাবিয়া দুয়ারে দিয়া হাত * আলি বলে আগে আমি খাড়া দুয়ারেতে ॥ মাবিয়া আছিল খাড়া আমার পিছেতে * আয়সা বিবী বলে আমি মাবিয়ার তরে ॥ দিলাম বাদসাই তাজ কেবারদ করে * আলি বলে রছুলের পিয়ার বিবী তুমি ॥ যে কিছু করিলে তুমি রাজি আছি আমি * ওছমান দামাদে বিবী আজ তুমি পাবে ॥ এ খাতিরে মাবিয়াকে বাদসাই সুপিবে * বাদসাই খাতিরে নাই করিব লড়াই ॥ কোন ছার কাম এই দুনিয়ার বাদসাই * সবুরি করিয়া আলি আপনি রহিল ॥ বিবীকে আরব লোক কহিতে লাগিল * তক্ত হইতে উতারিবে আলির খাতির ॥ ভাল নহে বিবীজাউ মরজী এলাহির * আবুবক্যর, ওম্মর, ওছমান ছিল কাছে ॥ আলি ছিল দুয়ারে মাবিয়া ছিল পিছে * রছুল কহিল বাত আলিকে ডাকিয়া ॥ কিরূপে বাদসাই পাবে হজরত মাবিয়া * বিবী বলে নুরনবি কহিল এয়ছাই তিন জনার পিছেতে যে তাহার বাদসাই * তিন জনার পিছে ছিল মাবিয়া আপনি ॥ আমার হুকুম রদ না হবে কখনি * তবে আরবের লোক কহিল বিবীরে ॥ দামেস্ক সহর দেহ মাবিয়ার তরে * মক্কা মদিনা লিয়া আলির বাদসাই ॥ এই কাম কর বিবী কহি তেরা ঠাই * আখেরে এবাত বিবী করিল করার ॥ দামেস্ক সহরে তক্ত হৈল মাবিয়ার * মদিনা সহর লিয়া আলির বাদসাই ॥ আমার তামাম লোগ বেএনছাফ নাই * মখিন ফকির কহে নবীর কদমে ॥ জীউ জান কোরবান করি তেরা পায়ে *

হজরত আলির ওফাতের বয়ান ॥

পয়ার * এক রোজ আলি সাহা মছজেদ ভি[illegible]র ॥ নামাজ পড়িতে বৈসে ভাবে এলাহিরে * আবদুল্লা দিনার ছি[illegible]ালক আলির ॥ আসক আছিল এক পরে বিবীর * সেই বি[illegible] বাপকে মারিয়াছিল আলি ॥ সেই হৈতে বিবীর দেলেতে ছিল [illegible] * আছিল বিবীর ঘর কুফার সহরে ॥ দিনার পয়গাম যদি [illegible] তার তরে * বিবী বলে আলিকে মারিয়া ভাল তুমি ॥ তোম[illegible]দেমত যে কবুল করি আমি * রদ কৈল তিন বার বিবীর [illegible]না আখেরে হইল রাজী আবদুল্লা দেওানা * আবদুল্লা দিনার ছিল [illegible] অভাগিয়া ॥ মনিবে মারিতে চলে বিবি

লাগিয়া * মছজিদের বিচে আলি ছেজদা করিতে॥ ছের নওাইয়া ছিল আল্লার নামেতে * আবদুল্লা দেখিল কেহ কাছে নাহি আর॥ চুপ হৈয়া আলিকে মারিল তলওার * তলওার মারিতে আলী আওাজ করিল॥ শুনিয়া তামাম লোক দেখিতে ধাইল * দিনার ভাগ্নীতে ছিল পড়িলেক ধরা॥ আলিরে দেখিয়া সবে জীতা হইল মরা * হায়২ করে সবে দেখিয়া আলীরে॥ ঘায়ের জলনে মর্দ্দ ছটফট করে * তল-ওার সনেতে সবে ধরিল কোফরানে॥ দাখিল করিল এনে হজরত যেখানে * সকলে বলেন আলী তোমার পালক॥ পাললে পুসলে তার আজি হৈল হক * হুকুম করহ আলী শুন দেল দিয়া॥ তোমার ছামনে মারি তলওার মারিয়া * হিম্মত করিয়া আলী লাগিল কহি-বারে॥ কি খাতেরে মারিবে সবে আবদুল্লার তরে * এলাহী যে করে ভাই তাহে নাহি চারা॥ তার হুকুমেতে যত বান্দা যায় মারা * বেটা হয়ে বাপ মারে কোথা শুনিয়াছ॥ আল্লার কোদরত সবে মোরে যাদ পোছ * আলী বলে সবাকারে কহি এই বাত॥ হাছেন হোছেন সুপি তোমাদের হাত * দেখিবে যে জানের সামিল দোন ভাই॥ বাচিবারে নাই আস আমি চলে যাই * শুনিয়া এমাম দোন কহিতে লাগিল॥ এত দিনে আমাদের বাপ চলে গেল * আলি বলে এক বাত কহি শুন সবে॥ কাফন করিলে এক ছওারি আসিবে * আমাকে কাফন দিয়া সিন্দুকে ভরিয়া॥ সেই ছওয়ারির পরে দিবে উঠাইয়া * হজরত কহিয়া এয়ছা সহীদ হইল॥ গোছল কাফন দিয়া জানাজা পড়িল * হেনকালে আচানক আইল এক উট॥ আলীর লাসের কাছে করে লোট পোট * দেখীয়া তামাম লোগ মালুম করিয়া॥ সিন্দুকে ভরিয়া লাস দিল ওঠা-ইয়া * উট লিয়া চলে গেল হজরত আলীকে॥ খানা পীনা সকলে করিল একে২ * হজরত ছাহেব আলী গেল গোজরিয়া॥ এমাম হইল বাদসা তক্তে বার দিয়া * হাছেন হইল বাদসা হোছেন ছেপাই॥ মদি-নার বীচে এয়ছা রহে দুই ভাই * মক্কা মদীনার বীচে যতেক লস্কর॥ এমামের সাথে রহে বান্ধিয়া কোমর॥ এয়ছাই কয়েক রোজ গোজা-রিয়া যায়॥ হজরত মাবীয়া তার সমাচার পায় * হজরত মোরতজা আলী গোজারীয়া গেছে॥ এমাম হোছেন মর্দ্দ বাদসা হইয়াছে * দামেস্ক সহরে বাদসা হজরত মাবীয়া॥ লস্কর সোমার নাই সহর ভরিয়া * এমামের আগে মর্দ্দ ছালামী ভেজিল॥ হাজার তাজীম দিয়া লেখন লিখিল * ভেট ঘাট নেয়ামত ভেজিল তামাম॥ খুসীতে খোসাল

হবে দুই ভাই এগাম * এক রোজ মাবিয়া এজীদে মাঙ্গাইয়া ॥ পুছিতে লাগিল তাহে পেয়ার করিয়া * কি খাতেরে ফের তুমি বাউলা ছুরত ॥ কহনা হুজুরে মেরা দেলে যেই বাত * তুমি বটে বেটা মোর এক জাহানেতে ॥ তুমি বিনে বেটা বেটি নাহিক দুনিয়াতে * যে কিছু মনের কথা কহনা আমারে ॥ হাছেল করিয়া দিব আল্লা যদি করে * শুনিয়া এজীদ তবে লাগিল কহিতে ॥ আলম্পানা ছালামত কহি জোনাবেতে * মনেতে যে আছে বাত কহিতে ডরাই ॥ তবে কহি যদি আগে জিউ আজ্ঞা পাই * জাব্বারের কবিলা জয়নব তার নাম ॥ অতিশয় রূপবতী শুণে অনুপম * এক রোজ তাহাকে যে দেখিয়া নজরে ॥ ছটফট করে জীউ নাহি রহে ধড়ে * শুইতে আরাম নাই খিদা নাই পেটে ॥ না দেখিয়া বিবীকে যে জীউ মেরা ফাটে * তাহাকে করিতে নেকা আছে মেরা সাদ ॥ তোমার হুকুম হইলে নহে পরমাদ * মাবিয়া শুনিয়া বাত খোসাল দেলেতে ॥ এজীদের তরে কহে হাসিতে২ * জয়নবে আনিয়া আমি দিব যে তোমারে ॥ এই বাত ক্ষমা তুমি কর যে আমারে * আবদুল্লা জব্বার যদি জিতা না হইত ॥ আলবত্তা জয়নব তবে তোমাকে মিলিত * জীতা আছে আবদুল্লা কেমনে হবে কাম ॥ বেজার হইয়া গেল শুনিয়া গোলাম * এজীদা গোলাম শুনে বেজার হইয়া ॥ দানা পানী তেয়াগিয়া রহে গোস্বা হৈয়া * যেই ঘরে এজীদা যে শুয়ে আপে থাকে॥ সেই ঘরে তার মাতা গেল যে নজদিগে * এজীদে পুছিল কেন খানা নাই খাও ॥ বেদেল পড়িয়া কেন নজরে তাকাও * এজীদা বলেন মাতা বলি তোমা আগে ॥ কোন কথা মেরা দেলে ভাল নাই লাগে * জয়নব বিবীকে যদি পাই দেখিবারে ॥ রাখিব আপনা জিউ দুনিয়া ভিতরে * নহেত খোওাব জীউ বিবীর লাগিয়া ॥ খানাপানি না খাইব শুন দেল দিয়া * এজীদের মুখে এয়ছা শুনে তার মায় ॥ মাবিয়া নজদিগে বিবী পেরেসান জায় * পেরেসান হাল কহে বাদসার হুজুরে ॥ এজীদা বেহুস আছে ঘরের ভিতরে * খানা পিনা এজীদা তামাম ছেড়ে দিয়া ॥ মরিবার হাল বটে আছেত পড়িয়া * সাত পাঁচ নাহি বেটা একেলা এজীদ ॥ না কর মেহের তুমি বুঝিয়া সাবিদ * শুনিয়া মেহের দেল হইল বাদসার ॥ এজীদারে মাঙ্গাইয়া হুজুরে আপনার * আপনার হাতে বাদসা আবদুল্লা জব্বারে ॥ লিখিতে লাগিল লেখা এজীদা হুজুরে * শুনহ তোমাকে লিখি অবদুল্লা জব্বার ॥ হুজুরে আসিবে তুমি শুনহ খবর * আসিলে কহিব তুঝে সব হকিকত ॥ খাড়া২

মেরা আগে আসিবে আলবত * এয়ছাই লিখিয়া দিল কাছেদের তরে ॥ কাছেদ লইয়া লেখা দিলেক জব্বারে * তখনি পড়িয়া লেখা আইল জব্বার ॥ আগু বাড়াইয়া আনে এজীদা গাঙার * বহুত তাজীম করে আবদুল্লার সাত ॥ আনিল বাপের কাছে পাকড়িয়া হাত * মাবিয়া তাজীম কৈল আবদুল্লা জব্বারে ॥ হাতে ধরে বসাইল বিছওানা উপরে * বলিল তোমাকে আমি ডাকি এখাতেরে ॥ মোর এক বেটি আছে সুপিব তোমারে * দেহেজ করিব তুঝে মেছের সহর ॥ এক লাখ দিব তুঝে সোণার মোহর * জব্বার কহেন বাদসা সোন মেরা বাত ॥ তুমি যে আলম্পানা আমি কমজাত * মাবিয়া কহেন ফের আবদুল্লা জব্বারে ॥ বেটা বলে তোমাকে কহিত পয়গম্বরে * এ খাতেরে তোমাকে যে করিতো যতন ॥ ছাহেব দৌলত নাহি চাহি কদাচন * আবদুল্লা কহিল মোর নাহিক সামানা ॥ কেমনে হইবে কাম কহ আলম্পানা * এজীদ সুনিয়া এয়ছা মহলে যাইয়া ॥ দশ হাজার মোহর তারে দিলেক আনিয়া আবদুল্লা জব্বার তবে পাইয়া সামান ॥ বেহার লগন করে ঘরে চলে জান * দেহেজে মেছের সাম মুল্লুক পাইব ॥ খুসিতে বাদসার আমি দামাদ হইব * সকল ভোজের বাজি এহা নাহি জানে ॥ আবদুল্লার দেমাগ বাড়িয়াছে দিনে২ * এগানা বেগানা কত সাতে করে লিয়া ॥ বেহানেতে দামেস্কেতে পৌছিল যাইয়া * তাজীম করিয়া সকলেরে বসাইল ॥ নেকা পড়াইতে তবে তৈয়ার করিল * এজীদ উকিল কৈল সাইদ দুইজন ॥ চলিল আন্দরে লিতে বিবীর এজন * ঘড়ী এক তিনজনে আন্দরে থাকিয়া ॥ বাহানা করিয়া দেলে আইল ফিরিয়া * কহিতে লাগিল আসি সবার হুজুরে ॥ কবুল না কৈল বিবি আবদুল্লা জব্বারে * বিবী বলে শুনিয়াছি এয়ছাই সমাচার ॥ পরমা সুন্দরী বিবি ঘরে আছে তার * হেন রুপবতী ছেড়ে সে কেন আমারে ॥ মহব্বত করিবেক দেলের ভিতরে * যদি সে তালাক দিয়া ছাড়ে সেই বিবি ॥ তবেত কবুল আমি করিব যে আবী * সুনিয়া জব্বার বড় হইল হয়রান ॥ হেট ছেরে রহে যেন গিরিল আছমান * কি হইতে কি হইল ভাবে দেলে২ ॥ ভাবিলে কি হবে ফান্দ লাগিয়াছে গলে * এজীদা বলেন দিব মুল্লুক এরাক ॥ জব্বার সুনিয়া এয়ছা দিলেক তালাক * উকিল সাইদ ফেরে চালল মহলে ঘড়ি এক বাদে এসে আবদুল্লারে বলে * না করে কবুল তুঝে সুনহ জব্বার ॥ এয়ছা বাত সুনে বিবী হইয়া বেজার * মস্কারা বলিয়া তুঝে বিবি যে কহিল ॥ মাল মুল্লুকের লোভে জয়নবে ছাড়িল * বেলাল মেছের

সাম প্তাইয়া আমারে ॥ লায়েক আওরত ছাড়ি দিয়া নেকা করে * বিবী বলে নেকা নাহি করিব তাহায় ॥ এয়ছাই তালাকদিয়া ছাড়িবে আমায় * এমন মস্কারা লোকে কেবা কোথা চায় ॥ শুনিয়া তামাম লোক বলেহায়২ আবদুল্লা শুনিয়া বাত ধন্দ এয়ছা লাগে ॥ আছমান ভাঙ্গিয়া যেন পড়ে চারিদীকে * হায়২ করে মর্দ্দ রহে হেট ছেরে ॥ নাহি জানি আল্লাতালা কি করিল মোরে * নিদানে চলিল মর্দ্দ দুকুল খাইয়া ॥ আপনার ঘরে গেল হয়রান হইয়া * খুসির দেমাগ যত ছিল আবদুল্লার ॥ তখনি হইল শুন্য কিছু নাহি আর * ঘরে চলে গেল মর্দ্দ কাঁদিতে২ ॥ জয়নাব হইয়া গোস্বা লাগিল কহিতে * ধন মুলুকের লোভে ছাড়িলে আমারে ॥ কোন মুখ লিয়া ফের আইলেক ঘরে * হাজার লানত তোর আক্কেল উপরে ॥ এত বলি চলি গেল মাবাপের ঘরে * কান্দিয়া হয়রান বিবী বলে হায়২ ॥ কেনো মউত মোরে নাদিল খোদায় * দরিয়ায় ভাসাইল খছম আমার ॥ কেনারা নাহিক দেখি না জানি সাতার * কান্দিয়া হয়রান যে ফুলিল দুই আখি ॥ শুনিয়া তামাম লোক মনে হৈল দুখি * পড়সের বিবীগণ জয়নবে সমঝায় ॥ সবুরি করিল বিবি ভাবিয়া খোদায় * এইরুপে কত দিন গোজারিয়া যায় ॥ সরমে আবদুল্লা কারে মুখ না দেখায় * সদায় কাতর মর্দ্দ মনের আগুনে ॥ রাতদিন আছু বহে জয়নব কারণে * হেথায় মাবিয়া আর কোন কাম করে ॥ ডাকিয়া কহিল মর্দ্দ আছরির তরে * উকিল হইয়া যাহ জয়নবের ডেরে ॥ দেলেতে ভরসা খুবদেহ যে তাহারে কহিবে জয়নবে বাদসা তোমার লাগিয়া ॥ আপনা বেটীকে গালি দিল যে গর্জ্জিয়া * জয়নবেরে ছাড়াইলী দেলায় তালাক ॥ আখেরে তোমার মুখে পড়িবেক খাক * তোমা হৈতে হৈল তার কুলের খাকার ॥ গজবে পড়িবি তুই এলাহি আল্লার * খানা পিনা বিনে যত দুঃখ হবে তার ॥ তাহার চৌগুন দুঃখ হইবে তোমার * এইরুপে গালি দিয়া আপন বেটীরে বোলাইয়া কহিলেন এজিদের তরে * কহিনু জয়নবে নেকা কর মোর বাতে ॥ বেগম করিয়া রাখ বাদসাই হাসমতে * তোমার বহিনী তার করিল বেদাদ ॥ তুমি তারে সুখে রাখ বাড়ায়ে মোরাদ * শুনিয়া এজিদ তবে কবুল করিল ॥ এখাতেরে মোর তরে উকিল ভেজিল * শুনিয়া আছরি তবে চলিল তুরিত ॥ রাহে দেখা হৈল তার আক্কাছ সহিত * আক্কাছ কহিল কোথা যাও মোছে ভাই ॥ মুছেবলে যাই বিবীজয়নবের ঠাই * মাবিয়া ভেজিয়া দিল এজীদ খাতিরে ॥ এখাতেরে যাই আমি

বিবীর হুজুরে * আক্যাছ কহিল তবে করে মেহেরবানী ॥ মেরাভো পয়গাম লিয়া জাহনা আপনী * এজীদের খবর আগে কহিয়া বিবাকে ॥ পিছেতে খবর মেরা কহিবে তাহাকে * শুনিয়া আছরী তবে যায় নেকা লিয়া ॥ খোসালেতে চলে যায় দুই খবর লিয়া * কত দুর গিয়া দেখে এমামের সাতে ॥ হাছেন নরম বাতে লাগিল পুছিতে * অনেক মুদ্দতে দেখা হৈল মুঝে ভাই ॥ কোথায় চলেছ তুমি খুসিতে এছাই * মুছে কহে সোন কহ এমাম সাহেবে ॥ এজীদার পয়গাম লিয়া দিব যে জয়নবে * সুনিয়া হাছেন সাহা লাগিল কহিতে ॥ কহিবে পয়গাম মেরা তাহারে পিছেতে * আছরী কহিল আমি আলবত্তা কহিব ॥ এই রাহে আসিয়া খবর দিয়া যাব * এয়ছ কয়ে চলে গেল জয়নবেরডেরে ॥ বুড়াবুঝে ডাকে বিবী আপনা হুজুরে * আছরী যাইয়া রুপ জয়নবের দেখে ॥ দেওানা হইয়া বুড়া ঘন২ তাকে * কহিল আইনু আমি উকীল বাদসার ॥ তোমার উপরে বড় খায়েস আমার * আমাকে কবুল যদি কর বিবীজান ॥ রা খব তোমাকে আমি বহুত আছান * জয়নব বলিল তুমি সোন মেহেরবান মেছেলে নাহিক হয় জইফ জওান * ওম্মর হইল তেরা বাপ বরাবর ॥ সরম নাহিক কইতে এয়ছাই খবর * শুনিয়া আছরী এয়ছা সরম পাইয়া ॥ এজিদার বাত কহে বিবার লাগিয়া * শুন বিবী জয়নব এজাদ বক্তওার ॥ এজীদার এয়ছা কেবা হবে নামদার * মাবিয়া তাহার বাপ ভেজিল আমারে ॥ বেটার বেগম চাহে করিতে তোমারে * এজীদ খছম যার কোন বাতেকমি ॥ তোমার বরাবর ভাগ্যনাহি দেখি আমি * জয়নব শুনিয়া কহে সোন তুঝে কহি॥ বাদসা সকল যতহয় বদরাহি* নমরুদ সাদ্দাদ ফেরাউন তিন জনে॥ মালের জোরেতে গেল খারাবীর চানে * কারুন নামেতে বাদসা বড় নামদার ॥ মালের ছববে কেয়ছা হৈল ছারখার * মালমাত্তা গেল কেবল রহিল বদনাম ॥ গরিবের বেটি আমি মালে কিবা কাম * মুছাবলে আছে তবে আর এক পয়গাম ॥ মালদার ছুরত মর্দ্দ আক্যাছ তার নাম*নবীর ইয়ার সেই কহিলেক মোরে ॥ দেল যদি লাগেত কবুল কর তারে * দোছরা পয়গাম বাত সুন দেল দিয়া ॥ কবুল করহ যদি তারে আনি গিয়া * এমাম হাছেন মর্দ্দ আলীর ফরজন্দ ॥ তাহাকে তোমার দেলে কিহয় পছন্দ*জদিমাল মুলুকের লোভ থাকে মনে ॥এজীদ কবুল কর ছাড় দুই জনে * ছুরত রসিক যদি চাহ গুণবতী ॥ কবুল করহ তবে আক্যাছের প্রতি * আখেরের ভাল যদি চাহগো সুন্দরী ॥ তবে এমামের পাও রহ গিয়া ধরি * বিবী বলে মালমাত্তা দোয়াতে নাহি কাম॥

হোছেনের তালাস সেবা দেলেতে মোদাম * এহা কবে হব আমি এমামের বান্দী॥ ভয়েতে অজুদ কাপে গুমেলা গেধান্দী* এবাত নাহয় কহ দেলেযেই বাত ॥ এয়ছাদিন কবেহবে হইবেনাজাত* যারনানাদিন আরদুনিয়ারছর-দার ॥ যারবাপ আলীসাহা দুল২ ছওয়ার * জারমা ফাতেমা বিবী জগত উদ্ধার ॥ আমাকে করিবে বান্দী কে করে এতবার * কহগিয়া হাছেনেরে আমার ছালামে ॥ জানজাউ কোরবান আছে তাহার কদমে * শুনিয়া আছরী গেল আনিতে হাছেনেরে॥ সেইদিন হাছেন আসিয়া নেকা করে তাবাদে আছরী আসি দামেস্ক পৌছিল ॥ মাবিয়ার তরে আসী সমা চার দিল * বহুত কাহনু আমি জয়নবের তরে ॥ হরগেজ এজিদে সে কবুল নাহি করে * তোমার ফরমানে তার খছম ছুটিল ॥ সেই গজবেতে নাহি কবুল করিল * এমাম হাছেন তারে লিখেছিল খত ॥ হইল জয়-নবের নেকা হাছেনের সাত * গোস্বায় মাবিয়া বলে মুঝে আরবারে ॥ এতেক উৎপাত হইল জয়নব খাতিরে * তোমাকে কাহনু এত করিয়া যতন ॥ নাপারিলে এই কাম করিতে হরচন * এজীদ শুনিয়া এয়ছা আগ বরাবর ॥ বাপের মরনে তক্ত হইবে আমার * পাকাড়িয়া এমামের মারিব গর্দ্দান ॥ আমার মহবুবে নেকা কৈল কি কারণ * এমাম হাছেন আজি এয়ছা জীউ ধরে ॥ জয়নব মেরা জীউ জয়নব তাহারে নেকা করে * আমকে আমার জীউ হইল কাবাব ॥ আখেরে তাহার তরে করিব খারাব ছেনাইয়া লিব আমি জয়নব কদবানে ॥ দেখিব সে বিবী মুঝে রাজী নাই কেনে * কবুল না কৈল মোরে রাজি এমামেরে ॥ ডালিব তাহাকে আমি দুঃখের সাগরে * মাবিয়া বলেনবাত শুনরে এজিদ ॥ আল্লার কলম তুমি জানিবে সাবিদ * এমামের তরে তুমি এয়ছা বাত কহ ॥ তওবা করিয়া আপে কানে হাত দেহ * দোছরা জায়গায় সাদি করনা সুন্দরী ॥ ভালা চাহ আপনাকে করহ সবুরি * এইরূপে দুইজনে ছল আদাওাত ॥ আল্লার মক্কর দেখহ কেয়ছা ভাতি * এজিদার দেলের আগ জলিয়া উঠিল ॥ এয়ছাহি কতেক দিন গোজারিয়া গেল * মাবিয়ার হৈল এসে মরিবার কাল ॥ এয়াকুব কাহিল তবে বাড়ল জঞ্জাল *

পয়ার * আল্লা আল্লা বল ভাই যতেক মমিন ॥ বড়ই মাকুল দেখ মহাম্মদি দিন * পড়িল মাবিয়া বাদসা বড়ই আজারে ॥ এজিদায় ডাকিয়া লাগিল কাহবারে * নবির আওলাদ মাদনায় আছে যত ॥ হুকুম মানিয়া যে থাকিবে অবিরত * মেরা নাছহত কভু না কর ছাড়ান ॥ ফরমাবর দার করে করিবে গোজরান * ওম্মর খেতাবের বেটা আবদুল্লা ওম্মর ॥

হাছেন হোছেন আছে জিউ ফাতেমার * হজরত আলির বেটা রছুলের জান ॥ ছিদ্দিকের বেটা আছে আবদুল্লা রহমান * এহা সবে বোজরোগ জানিবে জামানার ॥ করিবে খেদমতগারি খুব খবরদার * এইযে বাদসাই হক এমামের ছিল ॥ খেদমত লাগিয়া এহা আমাকে [illegible] * তুমি যদি ইহাদের খেদমত করিবে ॥ মানিবে দোহাকে তবে [illegible] * তুমি যদি আদবে না মান কদাচন ॥ রওানা পড়িবে তবে তোমার ফরমান * আমি যে বাদসাই লিয়াছিনু এতদিন ॥ ফরমা বরদারি কৈনু না বাসিতুন ভিন * তেই সে বাদসাই মেরা আছিল বাহাল ॥ এতদিন সুখেতে কাটিনু কতকাল * এত নছিহত যদি মাবিয়া করিল ॥ এজীদ শুনিয়া বাত কহিতে লাগিল * কবুল করিনু যত তোমার ফরমান ॥ সবে মাত্র না মানিবে হাছেন হোছেন * ফরমা বরদারি যদি করেতো আমার॥তবে এই এমামের হইবে নিস্তার *নতুবা কাটিব ছেরনাহিক এড়ান ॥ জাবত আমার ধড়ে থাকিবে পরান * জামানার বোজরোগ বলিয়া বল তুমি ॥ রছুলের আওলাদে বেহুদা আমি জানি * আমার সহিতে রাজি না হবে যখন ॥ আনিব তেগের তলে হইবে দমন * এতেক সুনিয়া তবে হজরত মাবিয়া কহিতে লাগিল এজিদেরে গালি দিয়া * দুর হও হারামজাদ সুমুক হইতে ॥ তেরা মুখ দেখা মেরা না হয় উচিত * সওবার আস্তাগফ্যার আনহ জবানে ॥ এয়ছা বাত কুফরি যে কেহ মুখে আনে * এলাহির পেয়ারা যে বোজরগ সকল ॥ যাহারে ভাবিলে দিন দুনিয়ায় ফজল * বেহেস্তের মেওা যে দুনিয়ায় বসে খায় ॥ তাহার গিবত গিধী জবানে চালায় * তুইকি বুঝিবি গিধী অবোধ ছাওাল ॥ যার বাপ দাদা বোজরগ আছেন কালেকাল * তার সাতে আদাওতি করিবারে চাহ ॥ পতঙ্গ হইয়া আগুনেতে ঝাপ দেহ * বলিল এজিদা তবে গোস্বা দেল হৈয়া ॥ এতেক লস্কর তেরা মুলুক জুড়িয়া * আকাশের তারা যেন না পারে গুনিতে ॥ তবুকি হাছেনে আমি নারিব মারিতে * শুনিয়া মাবিয়া হইল আগ বরাবর ॥ বলিল এজিদা তুই হইলি কুফর * এমাম হাছেন আলি সুরুজের পারা ॥ উদয় হইলে কোথা রহিবেক তারা * আমার ছামনে হৈতে যাহরে কমবক্ত॥ কভু তেরা নছিবেতে না হইবে তক্ত॥ এজিদ চলিয়া যায় ছামনে হইতে ॥ আবদুল্লা ছওাদে বাদসা লাগিল কহিতে* লিখন লইয়া তুমি যাও মদিনায় ॥ হাছেন আলিকে গিয়া আনহ তরায় * তাহাকে বাদসাই দিব আপন হুজুরে ॥ এজিদা গাওার দেখ আদাওত করে* চলিল আবদুল্লা তবে হাছেনে আনিতে ॥ এজিদা ভেজিল লোক তারে

ফিরাইতে * আবদুল্লা ছওাদ এনে বান্ধে ছাপাইয়া॥ হেথায় মউত্ত পাইল হজরত মাবিয়া * তাবাদে এজীদা গিয়া বসিলেক তক্তে॥ এলাহি কলম যেয়ছা মেরেছিল বক্তে * মুলুকে২ দিল ভেজিয়া পরওানা॥ আমি যে হইনু বাদসা ভেজহ খাজানা * সব মুলুকের বাদসা ডরে ডরাইয়া॥ খাজানা ছালামি সব দিলেক ভেজিয়া * মদিনা সহরে এক লিখিয়া ফর-মান॥ কহা নাহি যায় কিছু তাহার বয়ান * লিখিল হাছেন আর এমাম হোছেনে * আবদুল্লা ওম্মর আর আবদুল্লা রহমানে * লিখিল লিখন এয়ছা হকিকত সক্ত॥ মরিল মাবিয়া মুঝে দিয়া গেল তক্ত * যতেক মুলুক সব হইল আমার॥ তাবত আইল যত ছাহেব ছরদার * লিখিনু লেখন আমি তোমা বরাবর॥ বাদসাই হুকুম দেলে জান মাতব্বর * আসিয়া আমার সাতে করহ সাক্ষাত॥ না আইলে যে ফল হবে জানিবে পশ্চাত * যে জন আমার নাহি হইবেক মতি॥ মোর ক্রোধে হবে তার অনেক দুর্গতি * তক্তের উপরে বাদসা হইয়াছি আমি॥ দুই ভাই এসে মুঝে দেহ যে ছালামি * আমার নামেতে খোৎবা পড় দুই ভাই॥ মক্কা মদিনা লিয়া করহ বাদসাই * এইরূপে লেখন যে লিখিয়া কমজাত॥ ভেজিলেক মদিনাতে কাছেদের হাত * হেথায় হাছেন আর হোছেন পাহালওয়ান॥ আবদুল্লা ওম্মর আর আবদুল রহমান * রসুলের রওজায় সব আছেন বসিয়া॥ কাছেদ আইল তথা লিখন লইয়া * পুছিল এমাম সেই কাছেদের তরে॥ কোথা হৈতে আইলে হেথা কিসের খাতিরে * কাছেদ বলিল আসি দামেস্ক হইতে॥ এজিদ ভেজিল মুঝে লিখনের সাতে * সংসার ছাড়িয়া গেল হজরত মাবিয়া॥ এজিদ হইল বাদসা তক্তে বার দিয়া * এতেক বলিয়া দিল পরওানা ডালিয়া॥ আবদুল্লা রহমান বলে লিখন পড়িয়া * ভালত কমজাত এয়ছা পাইল বাদসাই॥ আমা সবা পরে লেখে লিখন এয়ছাই * আবদুল্লা ওম্মর গোস্বা হেল হৈয়া॥ এজিদ কমজাদ বুঝি সরাব খাইয়া * আমা সবা পরে লিখে এমন লিখন॥ শুনিয়া বলিল তবে হাছেন হোছেন * এতেক দেমাগ হৈল লেণ্ডি বাচ্চার॥ এমন লেখন লেখে নাহি করে ডর * এত বলি মদিনার সকলে ডাকিয়া॥ জানাইল সবারে লিখন পড়াইয়া * হাছেন বলিল তবে শুন ভাই সব॥ মালুম করিলে সবে এজিদের মতলব * নানা মেরা নুর নবী হবিব খোদার॥ বাপ আলি সাহা মর্দ্দ দুনিয়ার ছরদার * মাবিয়ার বেটা যে এজিদ তার নাম॥ আউয়াল আখেরে মেরা নানার গোলাম॥ সেই যে আমারে আজি লিখিল লেখন॥ এহার মছলত আমি

করিব কেমন ॥ কিমতে থাকিব আমি এজিদের তাবে ॥ বিবেচনা করি মুঝে কহ ভাই সবে * হাত জুড়ে কহে সব শুনহ এমাম ॥ বিচার নাহিক কোথা ছাহেব গোলাম * আপনি যাইবে সেথা হৈয়া তাবেদার ॥ তোমার হুজুরেতে এজিদ কোন ছার * বাপ যার খেদমতে আছিল হামে-হাল ॥ তোমাকে খেদমত চাহে তাহার ছাওাল * জেনাকার হারাম জাদ এজিদ মাতাল ॥ পাইলে তাহার যে চড়ায়ে ভাঙ্গি গাল * শুনিয়া হাছেন লেখা ফাড়িয়া ডালিল ॥ বিনা জওাবে কাছেদেরে খেদাইয়া দিল এমামের কথা যত সহদ সাগর ॥ সুবুদ্ধির রসিক যত পিয়ে পেট ভর * অধ এয়াকুব যে কালে রহে পিয়া ॥ জাবত কালে তেষ্টা দিল মেটাইয়া *

এমাম হোছেনের লড়াই ॥

পয়ার * কাছেদ আসিয়া হেথা এজীদ হুজুরে ॥ কহিল এমাম গালি দিল যে তোমারে ॥ লিখন পড়িয়া হইল আগ বরাবর ॥ ফাড়িয়া ডালিল লেখা দরবার ভিতর * বলিল এজীদে বাদসা কৈল কোন গিদ্দি ॥ যার মায় বুড়ি ছিল মাবিয়ার বান্দী * বান্দী বাচ্চা সারাবী দহসত নাহি রাখে ॥ এমন লেখন লেখে আমার সম্মুখে * হজরত মাবিয়া যে ওয়ছাই হারামখোরে ॥ কি বুঝিয়া বাদসা কৈল তক্তের উপরে * আর যত গালি দিল না যায় কহন ॥ নেকালিয়া দিল মুঝে ধরিল গর্দ্দন * শুনিয়া এজিদ হইল আগ বরাবর ॥ দুই আখি লাল যেন কাপে থর২ * বলে হেন লোক কেহ আমার লস্করে ॥ এখনি বান্দিয়া আনে এমামের তরে * মাথা কেটে এনে দেয় আমার ছামনে ॥ ছরদার করিব তারে মেছের ইরানে * বান্দী বাচ্চা বলিয়া আমাকে দেয় গালি ॥ মার মার হাকে হাক দুই হাত তুলি * ওলিদা নামেতে এক ছিল ছরদার ॥ ত্রিশ হাজার তাবে তার ছিল আছওার * ওলিদার বেটা আর ওতবা পাহালওান * কদাচিত কেহ নহে তাহার সমান * তাকিদে ডাকিয়া গিধী করিল ফরমান ॥ হাছেন আলিকে গিয়া পাকড়িয়া আন * মেরওা ছিছমার নামে এক ছরদার ॥ ওলিদের সাতে ছিল মদদ তাহার * কমর বান্দিয়া সবে করিল পায়তারা ॥ ধুধু শব্দে বাজে যত জঙ্গের নাকারা * ওতবা ওলিদা আর মেরওা ছিছমার ॥ মদিনা সহরে এসে হইল তৈয়ার * ঠাইঠাই গাড়াইল ঝাণ্ডা ও নিসান ॥ ওতারিল লোকসব দেখিয়া ময়দান হাছেন হোছেন দোন রওজা মবারকে ॥ ওম্মর রহমানে লিয়া সবে আছে সুখে * আর যত আরবি লোক ছিল মদিনায় ॥ এমামের কাছে সবে আছিল রওজায় * ওতবা ওলিদা দোন পৌছিল সেখানে ॥ কহিতে

লাগিল বাত এমাম হোছেনে * লিখন না মান কেন নুতন বাদসার ॥ কি খাতেরে দেমাগ যে বাড়িল তোমার * কাছেদে হাকিয়া দিল জয়াব নাদিয়া॥ দিয়াছ বাদসাকে গালি কিসের লাগিয়া * তামাম জাহানে হৈল যাহার বাদসাই ॥ তাহাকে দিয়াছ গালি দেলে ডর নাই * শুনিয়া এমাম সাহা হাসিয়া২ ॥ ওলিদের তরে কহে রহ মেরা হৈয়া * আপন ভালাই যদি চাহ কালে২ ॥ এজিদা আসিয়া যে পড়ুক পাওতলে * বদসাই করিতে যদি সাধ আছে তার ॥ তাকিদ চলিয়া আইসে মদিনা সহর * রছুলের গোরেতে যে চেরাগ লইয়া॥ ছালামকরুকগলে কুড়ালী বান্ধিয়া এহা না করিবে যদি আসিয়া অধম ॥ বাদসাই থাকুকতার বাচিতে বিসম ওলিদা হইয়া গোস্বা মেরওা ছিছমারে ॥ আখি এসারায় কহে ধর এমা-মেরে * এমাম বুঝিয়া তার এসারার বাতে ॥ গোস্বায় ভরিয়া মর্দ্দ তেগ লিল হাতে * গালি দিয়া কহে তুঝে মারিবার সাদ ॥ আখি ঠেরে কেমছা বাত কহরে কমজাত * এখনি তলওার মেরে ভেজিব দোজখে ॥ দুর হও গিধী তুই থাকিয়া সুখে * ও তবা ওলিদা যে মেরওা তিন জনে ॥ এয়ছা শুনিয়া কহে গোস্বা হৈয়া মনে * তিরিশ হাজার সাতে লস্কর আমার ॥ ঝগড়া করিলে জিউ যাইবে তোমার * সুনিয়া হাছেন সাহা বলে মার২ ওলিদা উপরে যায় [illegible] তলওার * চারিদিকে আরবিরা তেগলিল হাতে ॥ দেখিয়া ভারণ দেলে ওলিদা কমজাতে * গলায় কাপড় দিয়া পড়িল জমিনে ॥ এমামের পা চুমে পেরেসান মনে * কহিতে লাগিল মর্দ্দ মাফকর গুনা । [illegible] কহিব আর জবতক মদিনা * করহ বাদ-সাই তুমি আরব লইয়া কিছু না কহিব আর ক্ষেমাকর গিয়া * সুনিয়া এমামের দেল হইল নরম ॥ গোস্বায় কহিল তবে সুনহ অধম * বড়াই করিয়া বাত কহরে জবানে । তারা সিব জবান ধরিয়া লিব টানে * এজী-দার পরওানা ছিল পড়িল এমামে ॥ সুনাইয়া কহে যত ইয়ার তামামে * এজীদা লিখিল তার তাবে হৈয়া থাকি । আরকত লিখিল জবানে করে সেকি * বান্দি বাচ্ছার তাবে হবে হুকুম বরদার ॥ কিরূপে সরাব খোরে বুঝিব সরদার * সারাবিরে ছালাম করিলে গুনা হয় ॥ মদিনার বাদ-সাই মুঝে মনাছেব নয় * ফকির আওলাদ আমি করিব ফকিরা ॥ ফকী-রের আগে না বাদসাই কাম ভারী * হজরত রছুল নবী আলায়হে-চ্ছালাম ॥ তাহার রওজায় আমি রহিব মোদাম * মোদাম করিব গোরে ঝাড়ুকসি কাম ॥ কিছু নহে বুঝে দেখ বাদসাইর নাম * মদিনার লোক কহে এমামের পায়॥ এজীদের তাবে হবে মোনাছেব নয় * সবে বলে

আমাদের কিউ যদি যায় ॥ তবু নামানিব কেহ সেই এজিদায় * হাছেন বলেন শুন ওলিদা হারাম ॥ দুনিয়ার বাদসাই মেরা কিছু নাই কাম * ছাড়িনু বাদসাই আরনাম নাই লিব॥নারাবির কাছে তভু তাবে না হইব* ওলিদা শুনিয়া গেল আপনা লস্করে ॥ মদিনা সহরে যে আমল গিয়া করে * চৌরাহা যেথা সেথা লটকায় পরওানা ॥ দোহাই ফেরাইয়া দিল সহর মদিনা * তারপরে দুই জনে ওতবা ওলিদে ॥ লিখিয়া ভেজিল গিধী লাম্নতী এজাদে * মদিনা পৌছিয়া যে তোমার ফরমানে * তোমার লিখন দিনু হাছেন হোছেনে*পাড়িয়া লিখন না মানিল কদাচন নানারঙ্গে ভঙ্গী করে হাসে দুই জন * মদিনার লোক যত আইল লড়িতে॥ ভাগিয়া বাচিনু আমি এমামের হাতে * তোমাকে যত্তেক গালি দিল সে এমাম ॥ লিখনে লিখিব তাহা ভালা নহে কাম * এয়ছাই লিখন যদি এজিদ পাইল॥পাড়িয়া এজাদ গিধী গোস্বায় জলিল * হাকিয়া কহিল কোথালস্কর ছেপাই ॥ এক সাত্ত হইয়া মার এমাম দোন ভাই * মেরওা উজির কহে শুন দেলাদিয়া ॥ কাহার কুদরত মারে এমাম ঘেরিয়া * দোন ভাই লড়ে যদি চড়ে ঘোড়া পিঠে ॥ তামাম জাহান তার সাত্তে নাহি আটে * আলির ফরজন্দ তারা ভাই দুই জন ॥ আলি বরাবর মর্দ্দ হাছেন হোছেন * রছুলের গোর দোহে মদিনা সহরে ॥ তাহে দোন জোরওার আলি বরাবরে * লড়িতে হুকুম লিয়া নবির গোরেতে ॥ লড়াই করিয়া তাহে না পাইবে ফতে * বড়া জোরওার তাহে দুই ভাই এমাম ॥ ফতে না পাইবে কভু তহকিক কালাম * হেকমত ফিকীর করে মার যদি তারে ॥ তবে সে মারবে তারা সোনহে বিচারে * এজীদা বলেন শুন মেরওা উজির ॥ কেমনে হেকমত সেই করনা ফিকির * বাপের উজীর তুমি বাপ বরাবরে ॥ চুপ হৈয়া আছ তুমি এয়ছা ওক্ত পরে * এমামের দায়ের জন্যে হৈনু খাকছার ॥ এয়ছাই জুলুম যে সাহিব কত আর * নেকা করিবারে গেনু জারে ভালবাসী ॥ তারে লিয়া এমাম বসিয়া করে খুসি * তাকিদ ফিকির করে মার এমা-মেরে ॥ ঠাণ্ডা হৈয়া আগ মেরা জাউক অন্তরে * মেরওা উজির কহে এজিদের তরে ॥ জহর খেলায়ে মার হেকমত হুনুরে * এয়ছা ভাতি লেখ তুমি ওলিদ পাহালওানে ॥ বহুত কুটুনি আছে মদিনার পানে * ফিকির করিয়া যে কুটুনি লাগাইয়া । হাছেনের তরে মার বিস খেলাইয়া * শুনিয়া এজিদ তবে লিখিল লিখন ॥ ওতবা ওলিদ মেরা শুনহ বচন * হেকমত হুনুরে করে এমামের তরে ॥ আলবত্তা মারিতে

হবে শুনহ খবরে * ঘেরিয়া মারিবে নহে শুনহ সন্ধান ॥ বিস দিয়া দুই জনে লইবে পরান * নহেত্ত মারিতে পার একা এমামেরে ॥ তবেত হইবে ফতে শুন বেরাদরে * এহা যদি পার পাবে বহুত এনাম ॥ নহেত মুস্কিল হবে জান পরিনাম * গর্দ্দান মারিব আমি তোমা সবাকার ॥ এয়-সাই ভেজিল লেখা আগে ওলিদ্দার * ওলিদ্দা লিখন পড়ে ভাবে মনে মন ॥ ভয় পেয়ে মসলত করিল দুইজন * কোনমতে এমামেরে দিব আজ রাইলে ॥ নহেত বাদসার আগে পড়িব মুস্কিলে * কুটুনি তাল্লাসে ভেজে জাছুছ কমিনা ॥ খুজিয়া পাইল কুটুনী নামেতে ময়মুনা * ময়মুনা না মেতে যেই বড়ই কুটুনী ॥ জগত ভুলায় বুড়ী সেইত ময়মুনী * তাকে মাঙ্গাইয়া লিল ওলিদ্দা ছরদারে ॥ কহিল সকল কথা বিবরিয়া তারে * মারিতে আসিনু মোরা হাছেন হোছেনে ॥ বলগো উপায় তারে মারিব কেমনে * যদি না মারিতে পারি হাছেন হোছেন ॥ খামখা মারিবে বাদসা সবার গরদ্দান * একভাই কোনমতে পার মারিবারে ॥ দশহাজার মোহর যে এখনি দিব তোরে * শুনিয়া ময়মুনা কহে কত বড় দায় ॥ হাজার মোহর সেই ঘড়ী দিল তায় * মোহর দেখিয়া বুড়ী খোসালিত মনে ॥ বলিল জহর দিব এমাম হাছেনে * তবে এক দিন সেই কুটুনির জাত ॥ এমামের মহলে যায় বানুর সাক্ষাত * বানুকে ছালাম করি লাগিল কান্দীতে * দেখিয়া কদবানু বিবী লাগিল পুছিতে * কহ কহ ময়মুনা যে কান্দ কি লাগিয়া ॥ শুনিয়া বজ্জাত কহে বুকে হাত দিয়া * কহ বিবী তোমার কি হৈল দোষ কাম ॥ তোমাকে ছাড়িয়া সাদি করেন এমাম * এমাম করেন সাদী মদিনা সহর ॥ তোমার অধিক রূপ বড়ই সুন্দর * তাহাকে আনেন যদি নেকাহ করিয়া ॥ কখন তোমার তরে না চাবে ফিরিয়া * শুনিয়া আমার জীউ জলিল আগুনে ॥ এখাতিরে এসে কহি তোমার ছামনে * বিবী কহে সোন কহি ময়মুনা বচন ॥ পিয়ার করেন মোরে জানের মতন * মোর বাতে উঠে বৈশে এমাম দুই ভাই ॥ তিলেক বিলম্ব নাই জাহা কিছু চাই * আছিত খাতেরজমা এমামের বাতে ॥ কভু না করিবে সাদি আমার সাক্ষাতে * শুনিয়া কহিল তবে কুটুনী কমজাত ॥ না কৈল এতবার বিবী শুনে মেরা বাত * আয়েন্দা জোম্মার দিনে হইবেক বেহা ॥ খবর নাহিক তুঝে আমি জানি তাহা * আবদুল্লা রহিমের বেটি বড়ই মেহেরী ॥ তাহাকে বাসিবে ভাল তোমাকে পাসরী * তুমি আর জয়নব বিবী তাহার ছামনে ॥ চান্দের নিকটে যেন

থাকে তারাগণে * এত বলি বিদায় হইল কমজাতে ॥ ওতবা ওলিদে এসে লাগিল কহিতে * তোমার কাজের আজি করেছি উপায় ॥ এখনি হেকমত এক করহ সবায় * আবদুল্লা রহিম আছে সহর ভিতরে ॥ বানাও হাবেলী তার ঘরের কেনারে * নওবত তুলিয়া দেহ খুব সাদিয়ানা ॥ খুব ভাতী কর গিয়া সাদির ছামানা * ভাউয়ে লাটুয়া লেগে খেলুক আসিয়া ॥ জরদ গোলাবি রঙ্গ পেচকারি করিয়া * দিবেক সবার গায় যে আসিবে হেথা ॥ এমাম করেন বেহা কৈয়া এই কথা * সুনিয়া ওলিদ গিধী হুকুম করিল ॥ নুতন মহল এক তৈয়ার করিল * সাদির লাজেম যত করিল তরায় ॥ চারিদিকে রঙ্গে ভঙ্গে কেহ গীত গায় * ওলিদার তাবে আছে মদিনা সহর ॥ মাঙ্গাইয়া সবাকারে কহিল কুফর * কেহ যদি পোছে কারে বাজনা কিসের ॥ কহিবে হেথায় হবে সাদি এমামের * কদাচিত না কহে যদি এই সব কথা ॥ তলওার মারিয়া তার উড়াইব মাথা * হেথায় ময়মুনা আসে এমামের ঘরে ॥ জোড়হাতে কহে বাত বানুর হুজুরে * কেনগো কদবানু বিবী নাই সোন কথা ॥ না কর উপায় পিছে পাবে বড় বেথা * যে কথা কহিয়াছিনু তোমার হুজুরে ॥ সেই কাম হবে আজ সুনহ খবরে * জানীত আমার তরে ফাতেমা জোহরা ॥ খোদেজা আয়েসা দোন নবীর পেয়ারা * যতেক খেলাফ আমি জতেক দরকার ॥ না ছিল পুসিদা জানা ছিল সবাকার * সাদির বাজনা বিবী শুন আপন কানে ॥ দেলে যদী নাহি লাগে ভেজ এক জনে * বদজাত কুটুনি বাত কে বুঝীতে পারে ॥ খবর আনিতে ভেজে আপনা বান্দারে * আসিয়া দেখিল বান্দী বাজে সাদীয়ানা ॥ ঠাই২ নাচ গীত পাকে খানা পীনা * বাইজীগণ নাচে গীত গায় রাগে২ ॥ রঙ্গের পীচকারী ছাড়ে গায়ে এসে লাগে * দেখিয়া পুছিল বান্দী সাদী হয় কার ॥ সবে বলে সাদী হবে এমাম সাহার * শুনিয়া আইল বান্দী বানুর হুজুরে ॥ কহিল এমাম বটে সাদী বেহা করে * তহকীক ময়মুনা জত কহিল তোমায় ॥ এমাম আন্দরে কারে জাইতে না দেয় * ভাউও৷ রোমজানী কত করে নানা বাজী ॥ পুছিতে কহিল এমামের সাদি আজি * শুনিয়া কদবানু বিবী লাগিল কান্দিতে ॥ দেখিয়া ময়মুনা তবে লাগীল কহিতে * না কান্দ না কান্দ বিবী শুন মেরা বাত ॥ ভাল এক দারু জান আছে মেরা সাত * বড়ই আজমুদা দারু কহি তেরা ঠাই ॥ ঝুট বাত কহি যদি খোদার দোহাই * বাহানা করিয়া যে খেলাও এমামেরে ॥ কভু না করিবে সাদি তোমার হুজুরে * করার করিয়া

ষাই তোমার সাক্ষাতে॥ ঝুট হৈলে নাক চুল কাট আপন হাতে * বিবি বলে তবে মোরে রহম করিয়া॥ আপনি উদ্ধার কর গরিব বলিয়া * ময়মুনা হারামজাদী খোসালিত মনা॥ দিলেক জহর হলাহল সাত দানা * কহিল পিয়াসা জবে আসিবে হাছেন॥ পানিতে গুলিয়া এহা পেলাবে তখন * অবশ্য তোমার ফতে হইবেক কাজ॥ এমা-মের তরে এই খেলাও এলাজ * সরবতের সাতে জবে এলাজ গুলিবে॥ কদাচ আঙ্গুল তাতে তুমি নাহি দিবে * পাইয়া জহর বিবী খোসাল হাজার॥ দামন ভরিয়া দিল সোনার মোহর * কুটনী বলিল আজ্জি কিছু নাহি লিব॥ আগে তেরা কাম ফতে নয়নে দেখিব* পিছে তুমি যাহা দেও কাম হৈলে দড়॥ পিয়ার কর যে মোরে সেই ধন বড় * ময়মুনা দোজখি গেল হইয়া বিদায়॥ কদবানু বিবী লিয়া জহর ভিজায় * সরবত সামিলে যে বানায়ে খোসালিতে॥ তাকিদ করিয়া যে রাখেন একভিতে * এমাম হাছেন হেথা গিয়াছে স্বীকারে॥ তাহার সহিত আছে আর বেরাদরে * সেই দিন গরম হাওয়া বড়ই আছিল॥ পেয়াসা হইয়া সাহা ঘরেতে আইল * বিদায় করিয়া সাহ সকল ইয়ারে॥ দুই ভাই চলে আইল আপনার ঘরে * হোছেনে তাহার ঘরে করিয়া বিদায়॥ আপনার ঘরেতে হাছেন চলে যায় * উঠিয়া খুলিল বানু গায়ের সাজওাল॥ কোমরে খঞ্জর ছুরী কান্দে হৈতে ঢাল * বিছাওানায় রহিয়া সাহা পাও দারাজিল॥ বানু আপনার হাতে মোজাজে খুলিল * ছিলমচী আনিল বান্দি আফতাবায় পানী॥ ওজু দেলাইতে বিবী উঠিল আপনী * খোসালিতে ঘরে সাহা পাক ওজু করে॥ দোগানা নামাজ দুই রেকাত গোজারে * নামাজ আখেরী সাহা বসিয়া বিছওানে॥ হাসিয়া চাহিল যে বানুর মুখ পানে * হাজার তছদিয়া হয় মেরা পরে॥ তোমাকে দেখিলে জান সকল পাসরে * পিয়াসা বড়ই আমি সুকায়েছে হীয়া॥ ঠাণ্ডা করহ মুঝে পানি পেলাইয়া * কার হাতের পানি পনি কভু নাহি খাই॥ দুসমনের ডর মেরা দেলেতে এয়ছাই * বিবী বলে সরবত যে মৌজুদ আমার॥ আনিতে দেরেগ মাত্র হুকুম তোমার * এমাম বলে আন যে থাকে তাকিদে॥ শুনিয়া জহর কাসা এনে দিল হাতে * একেত ছাহেব বড়া আছিল পেয়াসা॥ এক দমে পিল সেই জহরের কাসা * যখন জহর গিয়া পেটেতে পড়িল॥ আগুন সমান যেন জলিয়া উঠিল * মালুম করিল সাহা জহর বলিয়া॥ এত দিনে পৌছিলেক এলাহির ক্রিয়া*

বড় পিয়ারের বীবী বানু যে আছিল ॥ জহর খাইয়া সাহা কিছু না কহিল * মনে কৈল বিশ যদি বলিব বানুরে ॥ কি জানি খাইয়া বিশ বানু পাছে মরে * আপনি সুনেছি মেরা বিসেতে মরন ॥ সেই দিন বরাবর হইল এখন * কাছেম২ বলি ডাকেন হাছেনে ॥ কি কর কাছেম বেটা আইস না এখানে * কাছেম পড়িতে ছিল বসে এক ঘরে ॥ শুনিয়া বাপের ডাক আইল হুজুরে * কি কর চাচাকে তেরা আন যে ডাকিয়া ॥ ভায়ে দেখা করে যাই বিদায় হইয়া * নুর মহাম্মদ পদ সহিদ লালচে ॥ পাচালিতে অধম এয়াকুব রস রচে *

এমাম হাছেন জহর খাইয়া বেকারার হয় ও হোছেনের
নিকট বিদায় হন তাহার বয়ান ॥

ত্রিপদী * শুনরে কাছেম বলি, সেতাবি জাহনা চলি, হোছেনেরে আনহ ডাকিয়া ॥ ভাইকে কহিবে তবে, হাছেন বিদায় হবে, কেয়ামত ছফর লাগিয়া * কাছেম কান্দিয়া চলে, ভিজিল আখির জলে, শুনিয়া বাপের এই কথা * সোগেতে ফাটিল ছাতি, যেন কাকুড়ের ভাতি আইল হোছেন রহে যেথা*হোছেন কাছেম দেখি, মন্দা২ হাসি মুখি ভাতিজাকে করেন মস্কারি ॥ ছবক পড়িতে বুঝি, করিয়াছ দাগাবাজী, বেজার করেছে চড়মারি * হাত দিয়া ছাতি পরে, কাছেম আরম্ভ করে, চাচাজীউ শুন মেরা বাত ॥ এমাম হাছেন আলি, ছফর করিবে বলি, বিদায় হইবে তেরা সাত * দুআখি হইয়াছে কাল, মুখেতে ভেঙ্গেছে লাল, কহিলেন ভায়ে আন গিয়া ॥ দেখ আসি চাচা মেরা, এতিম হইনু মোরা, বাপজান চলিল ছাড়িয়া * হোছেন এমাম সুনে, ছুটিল ভায়ের পানে, ছের পাও লাঙ্গা করিয়া ॥ দেখিল ভায়ের তরে, হেট ছেরে কম করে, কলেজা ছোদছে বিশ পীয়া * দেখিয়া কান্দেন সাহা, মুখে বলে আহা২, হায়২ করে খাড়া হৈয়া ॥ কহি শুন বেরাদরে, জহর কে দিল তোরে, কহ দেই ছের ওড়াইয়া * হাছেন কহেন শুন আল্লার হুকুম জান, তাহার কলম এইমত ॥ কবুল করহ ভাই, তবে কিছু সমজাই গুটি কত তুঝে নছিহত * খাইতে জহর মোরে, যে জন দিলেক তারে, কিছু না বলিবে ভাই তুমি ॥ খোদার করনী পরে চারা নাই বেরাদরে, কার পরে দোষ দিব আমি * কহি বাত তার পরে, আমার লাড়কার তরে, মেহের বানী করিবে জেয়াদা ॥ আপনা ছাওাল হেন, পীয়ার কবীবা জান, কদাচাত না বুঝিবে জুদা * যাহার মা বাপ আছে, যাইয়া তাহার কাছে, আফছোছে না যেন ডালে ॥ থাকিলে আরাম

বাপে, পিয়ার করিতে আপে, এয়ছা যেন কভু নাহি বলে * দোছরা কহি যে ভাইয়া, শুনহে মেহের হৈয়া, দফন করিবে যেই ভীতে ॥ নবির রওজার ডেরে, দফন করিবে মোরে, এইবাত রাখিবেক চিতে * গোর দিয়া মোর তরে, কহিবে যে নানাজিরে, যেন সে রহম করে নবি ॥ গোরের বরকতে মোরে, যেন সে তাবেস করে, কবে মেরা মও-তের খুবি * দোস্ত দুসমনের সাতে, না থাকিবে আদাওতে, সবাকার নেকই চাহিবে ॥ বেটা বেটি আপেলিয়া, গরিব এতিম হৈয়া, দুনিয়াতে আপনি থাকিবে * কদবানু জহর মোরে, দিয়াছেন বেরাদরে, কিছু না বলিবে তারতরে ॥ দুসমনের হেকমত পরে, জহর দিয়াছে মোরে, কিছু দোষ না দিবে তাহারে * কান্দিয়া হাছেন বলে, হেথা আইস করি কোলে, বিদায় হইনু তোমা হৈতে ॥ হোছেন শুনিয়া সোগে, গলে২ মুখে২, ধরে দোন লাগিল কান্দিতে * মাছুম জতেক আর, সাতসও আওরত তার, করিল কান্দিয়া সবে সোর ॥ নাহি জানি কোন চারা, যেমন পাগল পারা, সবে বলে কি হৈল মোর * এমাম হাছেন তবে, দেখিয়া লাড়কা সবে, কান্দিয়া হইল জার২ ॥ আখিতে পড়িছে পানি, ডাকিতেছে মধুরবানী, আইস কোলে করি একবার * এলাহি তক্করীক কৈলে, আর না করিব কোলে, আইস যাই মেটাইয়া সাদ * এতবলি শিশুগণে, কোলে করি জনে২, কান্দে এমাম ভাবিয়া বিষাদ * বানুরে নজরে দেখি, আছুতে ভরিল আখি, কহিতে লাগিল কিছু বাত ॥ শুন প্রাণ প্রিয়া তুমি,, আরজ করিযে আমি, মাফ তুমি কর সব বাত * শুনে বানু ডাকছাড়ে, আছাড় খাইয়া পড়ে, হাছেনের পায়ের উপর ॥ কি কথা কহিলে সাহা, জীউ খোওাইব আহা, তোমা বিনে দুনিয়া আন্ধার * হাছেনের গলা ধরী, ছাওাল কোলেতে করি, কান্দিয়া হোছেন কিছু বলে ॥একেলা আমায় থুইয়া, বিদায় হইলে ভাইয়া রেখে যত জহুদের পালে * ছালাম নানার তরে, আলি সাহা মোর-তজারে, জননী ফাতেমা জোরওারে ॥ খোদেজা বিবীর প্রতি, কহিবেন জোনাজাতি, হোছেন রহিল দুনিয়া পরে * দুসমন সকলের কাছে কেবল একেলা আছে, দোওয়া এয়াদ রহিবে সতত ॥ হাছেন বলেন ভাই, খোদাকে সুপিয়া যাই, রহ ভাই এলাহির হাতে * এতেক বলিয়া বানী, কলেমা জবানে আনি, তোছদ্দক পেয়ারা জানেরে ॥ মহ-রম চান্দের দিনে, সাত রোজ গোজরনে, হক্কেরে তছলীম গিয়া করে * এমামের পদ আসে, ফকির এয়াকুব ভাসে, যেই শুনে এমামের মওত ॥

কবর আজাব আর, কদাচ না হবে তার, বেহেস্ত পাবে সহিদি মওত *

পয়ার * এমাম হাছেন বেহেস্তে গেলেন চলিয়া॥ মাটির পিঞ্জিরা রহে দুনিয়ায় পড়িয়া * পড়িল দারুন শোক মমীনের দেলেতে॥ আশু-রার চান্দের দিন সেই মদীনাতে * জয়নব বিবী ধুলায় পড়ে পটকান খাইয়া॥ ধরিয়া এমামের পায় কান্দে লুটাইয়া * আছমান ভাঙ্গিয়া জেন পড়িল মাথায়॥ বুকে হাত মারে আর করে হায়২ * বিবী বলে আল্লা তালা কি করিলে মোরে॥ দুঃখিনী তাপিনী কৈলে দয়া নাই তোরে * বড় গাছ দেখে আমি ছায়া লিয়া ছিনু॥ ডালে মূলে ওখাড়িয়া সকলি খাইনু * কদবানু বিবী কান্দে ছাড়িয়া হুতাস॥ ময়মুনা বদজাত মোর কৈল সর্ব্বনাশ * কাঁদিতে লাগিল বিবী পটকান খাইয়া॥ আহলে খানার বিবী সব ঘেরিল আসিয়া * হায়২ কান্দে সবে ঘরে আর বাহিরে॥ কলেজা ফাটিয়া যায় না দেখে হাছেনেরে * জয়নব কদবানু এয়ছা কান্দে দুইজনে॥ এত দিনে বক্ত মোদের জলিল আগুনে * হায়২ সোর হৈল মদিনা সহরে॥রোজ কেয়ামত জেন হৈল ঘরে২* কাছেম আবদুল্লা কান্দে মনে পাইয়া দুখ॥ কান্দনা সুনিয়া সবার ফেটে যায় বুক * বাপের মুখে মুখ দিয়া কান্দে জারে জার॥ আখিতে দেখিল দুনিয়া ঘোর অন্ধকার কান্দেন ছোলেমা বিবী নাতীর লাগিয়া॥ আমা সবাকারে গেলে পাথারে ভাসাই * ভাতীজার গলাধরে কান্দেন এমাম॥ হায়২ সোর হৈল মদীনা তামাম*কান্দেন হোছেন মর্দ্দবলেভাই২॥দুনিয়াতে কেহ আমার দাড়াবার নাই * হেলায় খোওানু ভাই কে নিল কাড়িয়া॥ কাফের মারিবে মোরে একেলা পাইয়া * নাজানী কে গালী দিল কি দোষ পাইয়া॥ আচম্বিতে কি খাতেরে গেলেন ছাড়িয়া * কাহার ভাণ্ডারেতে নাজানী কৈনু চুরি॥ তাহার কারণে মেরা ভাই লিল কাড়ী * ভরসা আছিলে তাই হয়ে রৈনু একা॥ নৈরাস করিলে আর না হইবে দেখা * ভায়ের ভরসাছিল আছমান সমান॥ হারাইনু ভাই সবে মারা জাবে জান * পহেলা মওত কেন না হৈল আমার॥ কলেজা ফাটিল সোগে হৈয়া ছারখার * ওঠ ভাই হাছেন জওাব দেহ মোরে॥ একেলা পাইয়া মোরে মারিবে কাফেরে * পালিয়া পুসিয়া মোরে সেয়ানা করিয়া॥ আখেরে কাফেরের হাতে গেলেন সুপিয়া * কাহেকো ডালিয়া জাহ জালেমের হাতে॥ উঠিয়া বৈসহ মহে মোরে লেহ সাতে * জার২ কান্দে এমাম ভায়ের কারণে॥ কহিতে লাগিল সবে এমাম হোছেনে * আল্লাকে এয়াদ কর সোনহ এমাম॥ কান্দিলে কি হবে আর সব তার কাম * কবর যত

কার বাড়ী কার জরুজাত॥ মিছাই ধন্দের বাজী রোজ পাচ সাত * রহমান বলেন সাহা বলি যে তোমারে॥ আপনি কোথায় আছ ভাবনা অন্তরে * তামাম মুলুক আছে কাফের ঘেরিয়া॥ একেলা আছহ তুমি দুসমন হইয়া * হাছেন গেলেন আজী সবাকে ছাড়িয়া॥ পিছে২ কাল মোরা যাব মেলাইয়া * যেমন লিখন ছিল হৈল মোদের বাবে॥ জম্মিলে মউত আছে কান্দিলে কি হবে * ছবুরি করিল হোছেন ছাড়িয়া নিশ্বাস॥ নাজানী কি গুনা হৈতে হৈল সর্ব্বনাশ*তামাম মদিনার লোক ঘেরিল আসিয়া॥ কাএফন করিল ভাল কাপড় আনিয়া * ওলিদা শুনিয়া সোর হজরত পাইয়া॥ ময়দানে হইল খাড়া কোমর বান্ধিয়া * বুঝিল হোছেন বুঝি আইল লড়িতে॥ এখাতিরে কুফর লাগিল তৈয়ারীতে মদীনার মোছলমান তাবুদ লইয়া॥ রওজায় চলিয়া আইসেদফন লাগিয়া ওতবা ওলিদে তার পাইল খবর॥ নবির রওজায় দিবে হোছেনের গোর ওলিদা বলিল ইহা নাহবে কখন॥ নাদিব রওজায় আমি করিতে দফন তবে যদি নাহি মানে দিব খুব ফল॥ রওজা আগুলিল গিধী লিয়া সব দল * হাকিয়া কহিল সোন আরবী সবায়॥ হাছেনের গোর দেহ দোছরা জায়গায় * মোজাহেম হৈল জদী কমজাত কুফর॥ সুনিয়া হোছেনআলী আগবরাবর * বলে হারামখোর এতদেমাগ তোমার॥ মগজতুড়িব আজ মারিয়া পয়জার * আলবত্তা রওজায় আমি করিব দফন॥ লড়িতে তলওার খোলে এমাম হোছেন * আবদুল্লা দেখিয়া এয়ছা বুঝায় এমামে আজ কাম নাহি কিছু ঝগড়া মহিমে * একেলা হইলে তুমি ভাই হারাইয়া॥ তামাম কুফর ঘিরে ডালিবে মারিয়া * ঝগড়া লড়াই আর নাহি কিছু কাম॥ মরিবার কালেমানা করেছে এমাম * এমাম হোছেনের গোর দিব যেই স্থানে॥ আল্লার রহম উতরিবে সেইখানে * সুনিয়া এয়ছাই বাত মানিল হোছেন॥ দোছরা জায়গায় গিয়া দফন করেন * হেথা ওলীদা গিধী লিখিল লিখনে॥ বিশদিয়া মারিয়াছি এমাম হাছেনে * নবির রওজায় ছিল দফন করিতে॥ খেদাড়িয়া দিনু আমি তোমার দোয়াতে* হোছেনের তরে জেয়ছা হুকুম করিবে॥ তেয়ছাই করিব আপে বসিয়া দেখিবে * হাছেন মরিল এবে নাহি কিছু ভয়॥ এয়ছাই লিখন দিয়া কাছেদ পাঠায়*লিখন পৌছিল জদিদামেস্ক সহরে॥ পড়িয়া এজীদ হৈল খোসাল অন্তরে * সুরুজ উদয় যেন কমল হরিস॥ ওতবা ওলীদে গিধী ভেজিল বকসিস * লিখিল কমজাত তবে ওলিদের তরে॥ হোছেনে ধরিলে হাত বাড়াইব তোরে*জামা জোড়া হাতী ঘোড়া সোণার মোহর॥

দিব যে উজির ভার সবার উপর * পড়িয়া কুফর বড় খোসাল হইল হোছেনে মারিতে জুক্তি করিতে লাগিল* এমাম হোছেন হেথা রছুলের রওজায় ॥ হাজির রহিল যে বাহির নাহি হয় * কুফর সয়তান গিধী লাড়িতে না পারে ॥ কি ছুরাতে লড়াইবেক রওজার উপরে * তবে গিধী কোনমতে দাও না পাইয়া ॥ নিশীভোর রাত্রে হোছেনের কাছে গিয়া* এজীদা কুফরযত খতে লিখেছিল ॥ তামাম পড়িয়া হোছেনেরে শুনাইল* দেখ সাহা এজীদ যে কমজাত বেপির ॥ এয়ছাই দবদবা লেখে আমার খাতির * তোমারে না মারি যদি লড়াই করিয়া ॥ আমা সবাকারে চাহে ডালিবে গাড়িয়া * দুনিয়ার পানা তুমি সোন সাহাজাদা ॥ আমি যে গোলাম তেরা কভু নহে জুদা * আমি কি করিব বুরা এজীদা কমজাতে ॥ চাকর তাহার আমি আমার কি হাত * মেরাসাত আছে যে মেরজা ছিছ মার ॥ সেহ গিধী বড়ই দুসমন তেরাপর * তাহার কথায় যদি নাহি করি কাম ॥ এজীদের আগে লেখে আমার বদনাম * বসিয়া থাকহ তুমি নবীর রওজাতে ॥ নারিবে করিতে কিছু খিয়ানত আমানতে * এজীদা হইতে কিছু না হইবে হেথা ॥ এমামে এতবার হৈল ওলিদার কথা * ওলীদার মক্করভেদ বুঝিতে নারিল ॥ এমাম মনের কথা কহিতে লাগিল বুঝে হালাকের চেষ্টা করে হারামজাদ ॥ কহিয়া গেছেন মোরে দিন মহাম্মদ * আমার কাতেলে দস্ত কারবালা জমিতে ॥ কাফের আমারে নাহি পারিবে মারিতে * ওতবা শুনিয়া ভেদ আইল লস্করে ॥ কেতাবত লেখে গিধী এজীদার তরে * হোছেনেমারিতে পারে কোদরত কাহার ॥ হামেসা বসিয়া আছে যেথা পয়গম্বর * কভু না বাহির হয় শুনহে এজীদ ॥ দস্ত কারবালার তার মওত সাবীদ * কভু না যাইবে সেই কারবালা জমিনে ॥ জানাগেল কেহ নাহি মারিবে এখানে * একবাত লিখি আমি হইল ইয়াদ ॥ কুফার সহরে আছে আবদুল্লা জেয়াদ * এমামের সাতে আছে পিরীতি তাহার ॥ কোনমতে পার তারে করিতে বাহার * একবার যদি সেই নেকলে ময়দানে ॥ খাড়া২ মেরেলিই জানিবে লিখনো এয়ছাই লিখন যদি ভেজিলা এজীদে ॥ খোসাল হইল গিধী এমামের ভেদে * জঙ্গনামার কথা যেন সহদের কাসা ॥ নাহি ছাড়ে এক বিন্দু যে হয় পেয়াসা * অধম এয়াকুব নাহি পিয়ে মন সুখে॥ কেয়ামত তক যে রহিবে মন দুঃখে *

পয়ার * কুফার সহরে ছিল আবদুল্লা জেয়াদ ॥ তাহাকে লিখিয়া ভেজে দিল হারামজাদ * শুনরে জেয়াদ বাত মিনতি আমার ॥ সদত

মেহের আমি উপরে তোমার * মেরা নুন খাও তুমি ওমরাও আমার ॥ সবার জেয়াদা করি তোমাকে পেয়ার * পড়িয়াছে তেরা হাতে মেরা এক কাম ॥ মেহের করিয়া যদি কর গুনধাম * হোছেন আমার সাতে বিবাদ করিয়া ॥ নবির রওজার বিচে আছেন বসিয়া * গরম রওজা সেই নবীর কবর ॥ আগে নাহি পাও ধরে আমার লস্কর * নেকালিয়া আন যদি কারবালা জমিনে ॥ তবেত ধরিয়া লই এমাম হোছেনে * এয়ছাই লিখনি গিধী ভেজিল তাকিদ ॥ তিন লাখ টাকা আর খেলাত সহিত * পাইল জেয়াদ যদি বখসিস লিখন ॥ হোছেনেরে নেকালিতে ভাবে মনে মন * আখেরে খারাব হবে রোজ কেয়ামতে ॥ এমন তরাস কিছু না হৈল দেলেতে * বাদসাই পোসাগ গিধা জমিনে ডালিয়া ॥ আপন মসজিদে বৈসে ছিয়াপোস হইয়া * নক্কর করিয়া জেয়াদ হইল দেওয়ানা ॥ কহিতে লাগিল লোক জনকে আপনা * ছাড়িয়া দিলাম যে বাদসাই কারবার ॥ আজি হৈতে হে ছেনের হৈল অধিকার*আজিকার স্বপনে দেখিনু এয়ছা ভাত ॥ মহাম্মদ গায়ে মেরা ফেরাইল হাত * আপে নুরনবি আসি কহিল আমারে ॥ হোছেন একেলা আছে মদিনা সহরে * করেছে দারুন আড়ি কমজাত ফেরে ॥ তাহাকে আনিয়া রাখ তোমার সহরে * এখা-তিরে তক্ত তারে দিলাম ছাড়িয়া ॥ খেদমত করিব তার গোলাম হইয়া * ছালাম করিবে সবে এমামের পদে ॥ ফকির হইয়া আমি রহিব মসজিদে * এতেক বলিয়া গিধী লেখে কেতাবত ॥ আছিল সহর কুফা আলির বেলাত * তাহার লাড়কা তুমি বেলাত তোমার ॥ অপার আনন্দে এসে কর কারবার * কুফাতে আসিয়া তুমি করহ আমিরী ॥ তেরা পায় আমি তবে করিব নফরী * কি করিতে পারে এজীদ লড়াই করিয়া ॥ মুল্লুকে থাকিয়া তারে দিব ওড়াইয়া * স্বপনে কহিল মোরে আপে নুর নবী ॥ হোছেনে খবর দিয়া আনহ সেতাবি * মদিনা সহরে আছেন একেলা হোছেন ॥ এজীদা তাহার পরে আছে যে দুসমন*এয়ছাই স্বপন দেখে জীউ উচাটন ॥ খানাপিনা ছেড়েদিনু তোমার কারণ*নবির হুকুম পেয়ে লিখি কদমতে ॥ লিখিনু আজগবী বাত খোদার দোওাতে * হেক মতে মক্কর করে লিখিল কালাম ॥ স্বপনের কথা যত খেলাফ তামাম* এয়ছাই লিখন গিধী দিলেক ভেজিয়া ॥ কাছেদ হোছেন হাতে দিলেক আনিয়া * পড়িয়া হোছেন বড়া হইল খোসাল ॥ ভাই বন্ধু যত ছিল ইয়ার সকল * লিখন পাইয়া তবে উঠেন হজরত ॥ ছোলেমা বিবীকে

গিয়া পোছে হকিকত * কেতাব পড়িয়া মালুম করিলেন বিবি ॥ কহিতে লাগিল মোরে কহিলেন নবী * এমাম হোছেনের তরে রওজা হইতে ॥ জেনহার নাহি দিবে বাহিরে যাইতে * রওজায় রহিলে এক পসম হেলায় ॥ এমন মরদ নাহি দেখি দুনিয়ায় * রওজা হৈতে নাহি যাইতে দিব তোরে॥রওজায় বসিয়া থাককিবা পরওা কারে*আপনি কুফর যাবে পয়মাল হইয়া ॥ কিছু ডর নাহি ভাই শুন দেল দিয়া* মানাহি হোছেন সাহা নাহি লন কানে ॥ কহিল জেন্দেগি এয়ছা বাচিবে কেমনে * কুফার সহরে লোক নেক মোছলমান ॥ আলবত্তা যাইব আমি শুন নানি জান*উম্মে ছোলেমা আর উম্মে কুলছুম॥ গোস্বা হৈয়া চলে গেল দেলে বড়া গম * দুই বিবী গোশ্বায় হুজুরা বিচে গেল ॥ এমাম ইয়ার লিয়া বাহিরে বসিল*ইয়ার সকলে বলে শুনহ এমাম ॥ ছোলেমার কথা ঠেলা নহে ভাল কাম*রছুল স্মরনী বিবী ঘরের মালিক ॥ হুকুম ঠেলিয়ে কাম করা নহে ঠিক * দোছরা কুলছুম মানা করে তেরা খালা ॥ কুফায় যাইবে তুমি নহে বুঝি ভালা*হোছেন বলেন কুফায় আছিলেন আলি ॥ লাজিম যাইতে হয় শুন আমি বলি * নেহাত লিয়াছে জীউ যাইতে আমার ॥ আরাম লাগিবে মুঝে কুফার সহর * লাচার হইয়া লোক করিল কবুল ॥ যার যে নিয়ম আছে কেকরে অতুল*এমামের সাতে এক হাজার ছওার ॥ পেয়াদা হইল জমা সত্তুর হাজার*আমির হোছেন বলে দিনে নাহি যাব॥ চান্দনী রাত আছে বটে রাত্রে নেকলিব*মহলের বিবীগণ সুর্জ্জের তাপ কভু ॥চক্ষে নাহি দেখিয়াছে এত দুঃখ তবু * রাত্রির আমল হৈল করিল রওানা॥ ফটক দুয়ারে আইল খেলাফত খানা * ফটক দুয়ার বন্ধ এমামে দেখিয়া ॥ দরওানীকে বোলাইল কুঞ্জীর লাগিয়া * দরওানি কহিল চাবি লিয়াছে খিমার ॥ হুকুম পাইলে এনে খুলি যে দুওার * সে দিন এমাম যাইতে মকুফ করিল ॥ দুয়ার হইতে এসে ফিরিয়া রহিল * দরওানি খবর দিল ওলিদের তরে ॥ এমাম ফিরিয়া গেল আসিয়া দুওারে * বিবী খানা সমেত আসিয়া দুয়ারেতে ॥ দরওাজা দেখিয়া বন্ধ গেল মহলেতে* ওতবা ওলিদে শুনে খোসাল হইল ॥ কুফার সবারে বড় তারিফ করিল* ওতবা ওলিদা ফের লিখিল লিখন ॥রওানা করিয়া ফের ফিরিল হোছেন দোছরা লিখন ফের লেখহ জেয়াদ ॥ এইবার লেখ হোছেন না করিবে রদ * জলদি কাছেদ হাতে দিল পাঠাইয়া ॥ জেয়াদ মালুম কৈল লিখন পড়িয়া * আবদুল্লা জেয়াদ ফের লিখিল হোছেনে ॥ কেনহে হোছেন তুমি দুখ ভাব মনে * জেরাপোস একলাখ ছওার আমার ॥ এজিদের

ভঁয় কিছু নাহিক তোমার * এইরূপে লিখিয়া লিখন কমজাত ॥ তাগিদ ভেজিয়া দিল কাছেদের হাত * কাছেদ আনিয়া দিল হোছেনে লিখন ॥ এয়াকুব কহেন সব করে নিরাঞ্জন *

পয়ার * এমাম হোছেন তবে লিখন পড়িয়া ॥ মছলত করেন যে ইয়ারগণ লিয়া * ইয়ার সকলে বলে শুনহ এমাম ॥ একাএক যাবে তুমি ভাল নহে কাম * আবদুল্লা জেয়াদ তুঝে লেখে বারেবার ॥ বুঝিতে না পারি সেই কেয়ছা সমাচার * দানা লোকে একজন ভেজে দেহ আগে॥ কোনভাবে জেয়াদ আছেন কোনদিগে * শুনিয়া হোছেন বাত জানিল মাকুল ॥ মছলেমে ডাকিয়া বাত কহেন মকবুল * কুফার সহরে যাহ জেয়াদের কাছে ॥ মালুম করিবে সেই কোন ভাবে আছে * ভাল যদি দেখ তবে আমাকে লিখিবে ॥ বুঝিয়া করিব কাম আখেরে যা হবে * মছলেম পাহালওান মর্দ্দ বড় জোরওার ॥ তার সাতে দিল আর হাজার ছওার * বিদায় হইয়া চলে মছলেম পাহালওান ॥ রোজ২ মকাম করিয়া চলে যান * কুফার নজদিগে এসে ডালিলেক ডেরা ॥ বাজিতে লাগিল সব দিনের নাকারা * আবদুল্লা জেয়াদ তার খবর পাইয়া ॥ লস্কর সহিতে আইল আগু বাড়াইয়া * হাজার তারিফ আর হাজার এজ্জতে ॥ পেয়ার করিয়া আনে আপন ডেরাতে * পুছি যে আলিজাদা না আইল কেনে॥* কদম গোলাম বলে করিয়া যে মনে * যদি না আইল এমাম মেহের করিয়া ॥ তুমি যে হোছেন মেরা বুঝিনু ভাবিয়া * হোছেনের দোস্ত-দার বটে হও তুমি ॥ তোমাকে এমাম করে জানিলাম আমি ॥ তক্ত তাজ যত কিছু সকলি তোমার ॥ চাকরি করিব যে গোলাম বরাবর * মছলেমে মস্কর করে তক্তে বসাইল ॥ জেয়াদ চাকররূপে হুজুরে রহিল লিখেছিল আল্লাতালা হোছেন কপালে ॥ তুনিয়া তুরান্ত হৈয়া মারিবে বদহালে * কদমীর ছাওা দেখ দারাজ হইয়া ॥ গোলামে মারিবে বড় তাবিজ করিয়া * অধিক আল্লার চাহা কি লিখিব বাত ॥ মছলেম আরজ করে ছাতি পরে হাত * শুনহে হোছেন সাহা আরজ আমার ॥ আসি য়াছি পরে নাই পাই সমাচার * মেহের নজর কেন না হয় আমারে ॥ ওম্মেদ আমার এই ছাহেব মেহেরে * পুসিতে জানওার জেন ফুলের বাগেতে ॥ ওম্মেদারী করিতে লাগিল সকলেতে* তাবত কুফার লোক বহুত যতনে ॥ ফরমাবরদারি মেরা করে রাত দিনে * বন্দেগী জেয়াদ যাহা আনে এমামেরে ॥ তাহার বয়ান আমি না পারি লিখিবারে * খাতির শরিফে এবে আইসে যেমন ॥ আমি কি লিখীব আপে করিবে

তেমন*এছাই লিখন ভেজে কাছেদের হাতে॥কাছেদ লইয়া লেখা দিল মদিনাতে * পড়িয়া এমাম বড় হইল খোসাল॥ কাছেদে এনাম দিল করিল নেহাল*সেইদিন কুচ হৈল কুফারসহরে ॥এমামের দলসব আইল দুয়ারে * দরওানী আনিয়া কুঞ্জি খুলিল ফটক॥ বাহির হইল যত এমা-মের লোক * সাইট হাজার লোক আইল নেকলিয়া॥ দরওানী দিলেক যে কেওাড় লাগাইয়া * বাহাত্তুর লোক আর এমামের লস্কর॥ বাহির হইতে নারেরহিল ভিতর*বাহির হইতে বড়া জোরকৈল তারা॥ কেওাড় ঠেলিতে এক লোক গেল মারা * ছাইত দেখিল বদ তবু নাহি ফেরে॥ লস্কর সমেত চলে কুফার সহরে * এজিদার ভয় আছে দেলের ভিতরে॥ রওজা ছাড়িয়া মর্দ্দ চলিল কুফারে * এগার মঞ্জিল এয়ছা নেকালিয়া যায়॥ দুর হৈতে এমামের দেলে হৈল ভয় * হেথায় কুফার রাহা ভুলিয়া হোছেন॥ কারবালা ময়দান মুখে করেছে গমন * এলাহির মক্করে খবর দার কেবা আছে॥ মর্দ্দাইর ফন্দি নহে মরন খেচেছে * জেয়াদের কাছেদ ছিল লস্করের বিচে॥ পালাইয়া খবর দিল জেয়াদের কাছে * আবদুল্লা জেয়াদা গিধী শুনিয়া খবর॥ সেই ঘড়ী লেখা ভেজে দামেস্ক সহর * বড়ই নেমক হারাম আবদুল্লা জেয়াদে॥ লিখিয়া ভেজিল এয়ছা কুফর এজীদে * নেকালিয়া হোছেনেরে রওজা হইতে॥ ফেলিয়াছি তার তরে দারুন বনেতে * এগার মঞ্জিল এসে রাহা হারাইয়া॥ কার-বালা ময়দান পরে গেল নেকলিয়া * তাগিদ আমার হেথা ভেজ ওত-বারে॥ হোছেনের পিছে ভেজ যতেক লস্করে * মোছলেম পাহাল-ওান আছে আমার এথানে॥ কয়েদ করিয়া আমি রেখেছি জওানে * ওতবা ওলিদে হেথা দিবে পাঠাইয়া॥ এখন মারিয়া ডালি ঘেরাও করিয়া * মছলেমে মারিতে যদি পারি এক ঠাই॥ হোছেনে মারিতে তবে দেরি হবে নাই *লিখন পড়িয়া এজিদ হৈল খোসালিত॥ ছেফাই সবার তরে ডাকিল তুরিত * কহিল বাপের মেরা খাইয়াছ নুন॥ রাখহ আমারে সব করিয়া পালন * দেখহ হোছেন মেরা কেমন দুসমন॥ আমার মহবুব লিয়া আনিল আপন * যদি সেই বাদসাই ফের হইল আমার॥ না মানিল কদাচিত হৈল তকব্বর * ইঙ্গিতে করিল যেরছা জানহ সকলি॥ বাদসার খাতির এয়ছা কেবা দেয় গালি * বান্দি বাচ্চা সেওায় নাহিক বলে মোরে॥ আর কত কহিব আমি রহি গোস্বাভরে * আনহ তাহারে সবে করিয়া মন্ত্রনা॥ বাতাইব সবাকারে দোস্তাই-রবানা * সেমর তিমর দুই জহুদ আছিল॥ কুবলিস করিয়া খাড়া

কহিতে লাগিল * করিম রহিম ফতে কত বড় দায় ॥ কাহাকা হোছেনে সে মারিব তারে ঠায় * তির হেন শুনি তারে এখনি যাইব ॥ সজীব তোমার কাছে ধরিয়া আনিব * শুনিয়া এজীদ বড় খোসাল হইয়া ॥ পঞ্চাশ হাজার মোহর দিল নেওাজিয়া * সেমর বলিল মেরা জল্দ বালাই ॥ হোছেনের তরে যে মারিব দুই ভাই * সাতে আছে বহুত লস্কর মোছলমান ॥ মানে কিনা মানে তারা আমার ফরমান * মহি-মের কালে যদি দাগাবাজী করে ॥ তবেত মুস্কিল হবে মহিম উপরে * তহকিক করিয়া এক এমনি ছরদার ॥ ছরদার করিয়া দেহ মমীন উপর * শুনিয়া এজীদ কহে আবদুল্লা ওম্মরে ॥ তুমিত সরদারী কর মমিন উপরে * আবদুল্লা কহিল এহা মাফ কর তুমি ॥ হোছেনের সাতে না লড়িতে যাব আমি * এজীদ বলিল নাহি যাবে মহীমেতে ॥ কাটিয়া ডালিব তুঝে আপনার হাতে * এজীদার ডরে তবে আবদুল্লা ওম্মর ॥ কবুল করিয়া আইল আপনার ঘর * তাহার কবিলা বিবী ফাতেমা আছিল ॥ মহিমের বাত তারে সকলি কহিল * ফাতেমা বলিল তুমি হোছেন সহিত ॥ লড়িতে যাইবে এয়ছা নহেত উচিত * কেয়া-মতে যাহার ভরসা বিনে নাই ॥ যে দিন হইবে কাজী আপনি এলাই * খছম আওরত এই কথায় আছিল ॥ এজীদ দুয়ারে খাড়া শুনিতে পাইল * ভূমিতে পড়িল গলে কাপড় বান্ধীয়া ॥ ফাতেমার তরে বলে দুপাও ধরিয়া * আপনা খছমে মানা নাহি কর বিবী ॥ বারেক করিয়া তুমি চাহ মেরা খুবি * আবদুল্লা ওম্মর তবে চলিল লড়িতে ॥ পঞ্চাশ হাজার যে ছওার লিয়া সাতে * একলাখ পাউদল জল্দ লস্কর ॥ খাড়া হৈল গিয়া সব ময়দান উপর * এজীদ কহিল শুন আর এক বাত ॥ খানা পানী বন্দ আগে করিবে আলবত * আগে দিবে হোছেনের রসদ মারিয়া ॥ তার পরে হোছেনেরে মারিবে ঘেরিয়া * আবদুল্লা শুনিয়া হোথা করিল রওানা ॥ মঞ্জেল২ যায় দেলে ভাবা গোনা * কুফার সহরে গিয়া হৈল তৈয়ার ॥ আবদুল্লা জেয়াদ তার পায় সমাচার * হেকমত করিয়া গিধী মছলেমেরে কয় ॥ এজীদ সাজিয়া বুঝি আইল কুফায় * সেতাবি ঘোড়ায় চড় হইয়া তৈয়ার ॥ দুর করে দেহ গিয়া মারিয়া পয়জার * শুনিয়া মছলেম সবে করিল নিশান ॥ সাজিয়া বাহির হৈল যত মোছলমান * মার২ করিয়া বাহিরে নেকালিল ॥ আব-দুল্লা জেয়াদ তার দরওানে কহিল * দুওারেতে কেওাড় লাগাও ঝট করি ॥ পরের ঝগড়া তাতে মোরা কেন মরি * দরওানি হুকুম পাইয়া

লাগায় কপাট ॥ লায়েত করিয়া খাড়া এমামের ঠাট * জঙ্গনামার কথা যে জন শুনে কানে ॥ এয়াকুব বলেন ভেস্ত পাবে সেই জনে *

পয়ার * মোছলেম বলেন শুন তামাম সরদার ॥ এলাহির নাম বিনে গতি নাই আর * আলবত্তা হইবে যদি নেক মোসলমান ॥ এমামের তোছদ্দকে দিতে চল জান * আবদুল্লা জেয়াদ কুফর হেকমত করিয়া ॥ আমা সবাকারে দিল ময়দানে ডালিয়া * বুঝিনু না হবে দেখা এমামের সাতে ॥ জীউ হারাইনু বুঝি আসিয়া কুফাতে * যে হউক যাইতে যদি চাহ বেহেস্তখানা ॥ এমামের নামে জান করে দেহ ফানা * তওাক্কা ডালহ সবে আল্লাতালা পর ॥ হেম্মত করহ দেলে না করহ ডর * শুনিয়া ধাইল যত লোক মোসলেমের ॥ ছাগলের পালে জেন সাম্ভাইল সের * ধাইয়া আইল তবে যত এজিদানে ॥ তাহার সুমার কেবল আল্লাতালা জানে * গাদাও লস্কর আইল যত কুফরান ॥ আছমান উপরে যেন মেঘের জোগান * গাড়ির উপরে কামান তুলিয়া গোলন্দাজ ॥ রঞ্জক পেলায় তাহে করিতে আওাজ * মসলেমের সাতে কেবল হাজার ছওার ॥ এজিদের লস্করে গিয়া বলে মার২ * মস্তহালে চলে সবে তলওার মারিয়া ॥ চাবুকে কতেক ছের ডালিল ধুনিয়া * কাহার গর্দ্দান কাটে কার কাটে হাত ॥ জমিনে ডালিল কার বুকে মেরে লাত * তিরিশ হাজার লোক কাটে এক দমে ॥ এলাহি এয়ছাই জোর দিলেক মোসলেমে * ভাগিতে লাগিল লোক পাছে নাহি তাকে ॥ বালাখানা হইতে জেয়াদ বসে দেখে * মোসলেমের জোর দেখে ভাবে মনে মনে ॥ বুঝিনু সহর কুফা গেল এত দিনে * আবদুল্লা জেয়াদ এয়ছা ভয় পেয়ে মনে ॥ লস্কর সমেত আইল লড়িতে ময়দানে * জেরাপোস লোক জার সত্তর হাজার ॥ মোসলেম উপরে ছুটে বলে মার মার * এজিদার লোক যত ভাগিতে আছিল ॥ জেয়াদের লোক দেখে লড়িতে আইল * আগে পিছে কুফর বিচেতে মোসলমান ॥ দেখিয়া মোসলেম বড়া হইল হয়রান * হেম্মত করিয়া যত মমিন সরদার ॥ দুপ্রহর বেলা তক মারিল তলওার * আখেরে কুফর হাতে সহিদ হইল ॥ একেলা মোসলেম কেবল ময়দানে রহিল * একেলা রহিল তবু ডর নাহি করে ॥ খুব জোরে তেগ মারে কুফর উপরে * লড়িল মোসলেম মর্দ্দ তিন প্রহর বেলা ॥ পেয়াছা হইল জোর শুখাইল গলা * হাকিয়া মোসলেম মর্দ্দ লাগিল কহিতে ॥ কেহ যদি মোসলমান থাক লস্করেতে * ঘোড়া

পানী পেলাইয়া তর কর গলা ॥ বারেক আছুদা হৈয়া করি মোকা-
বেলা * একজন মোসলমান মসক আছে তায় ॥ কুফর চাকর পানী
কুফরে পেলায় * মোসলেমের হাক শুনে আইল তুরিতে ॥ মোসলেমে
মসক ভরা পানী দীল পিতে * মোসলেমের ঠাই এক তলওার লইয়া
মোসলেমে বলিল তুমি দেখ খাড়া হৈয়া*এতেক বলিয়া এজ্জিদানেতে
পড়িল ॥ সাত সও কুফর কেটে সহিদ হইল * মোসলেম খাইয়া পানি
জীউ হইল তর ॥ গোস্বায় ভরিয়া গিয়া বলে মার মার * মাতওালার
হাতে যেন তলওার থাকে ॥ পাইলে কেলার বাগ ঝাড়ে মন সুখে *
তেমনি মোসলেম মর্দ্দ লাগিল ঝাড়িতে ॥ পঞ্চাশ হাজার লোক
ভেজে দোজখেতে * কুফর ময়দানে হৈল লস্কর তুফান ॥ জেয়াদ ॥
ওম্মর দেখে হৈল পেরেসান * আবদুল্লা ওম্মর আর আবদুল্লা জেয়াদ
দুই জনে ঘেরে এসে করিয়া সম্বাদ * একেবারে ঘেরে যদি মেসলেম
দেখিয়া ॥ খুব জোরে হাক মারে যায় পিছে হৈয়া * এইরূপ কত
বার ঘেরাও করিল ॥ মসলেম তলওার মেরে ভাগাইয়া দিল * এইরূপে
সারাদিন লড়িয়া সাবিদ ॥ আখেরে কুফর হাতে হইল সহিদ * বেহেস্ত
পাইল গিয়া মসলেম সরদার ॥ দোজখে রহিবে কুফর খোসাল হাজার *
মোসলেমে মারিয়া জোর বাড়ে কুফরের ॥ হোছেনে ঘেরিতে যে চলিয়া
যায় ফের * গুড় গুড় নাকারা বাজে দড় বড়ী পয়তারা ॥ ধুলা
উড়াইয়া করে ময়দান আন্ধেরা* তামাম কুফর চলে করে ধুম ধাম ॥
মঞ্জেল২ চলে কারবালা ময়দান * ফেরাত নদীর কুলে ডালিলেক
ডেরা ॥ ঘাট মাঠ যত কিছু করিলেক ঘেরা * হেথায় কুফার রাহা
ভুলিয়া হোছেনে ॥ আসিয়া পৌছিল সাহা কারবালা ময়দানে * সেই
দিন মহরমের চান্দের দ্বিতীয়া ॥ আনাইল আল্লাতালা সহিদ লাগিয়া *
আড়ে দিগে সাত রোজ লোক জন নাই ॥ আছহাব সমেত মর্দ্দ গেল
সেই ঠাই * চলিতে না পারে তার সওারির ঘোড়া ॥ হাটু তক জমি-
নেতে পাও গেল গাড়া * পাও গাড়া গেল যদি হোছেনের ঘোড়ার॥
দেখিয়া হোছেন দেলে হৈল চমৎকার * সাতবার আস্তাগফার জবানে
চালায় ॥ আজগবী আওাজ উঠিল হায়২ * গায়েব আওাজ শুনে
কাম্পিত পরানে ॥ কহিতে লাগিল সব ইয়ার সামনে * শুনহে ইয়ার
লোক শুন সমাচার ॥ এবাত কহিয়া মুঝে গেছে পয়গম্বর * যেখানে
ঘোড়ার পাওসান্দিবে জমিনে ॥ শাহাদত তোমার হইবে সেইখানে *
আচানক যেথা তার কাপিবেক পাও ॥ হায় হায় আওাজ যেথা শুনি-

বারে পাও * কারবালা জমিন সেই জানিবে নিশ্চয় ॥ সেই জাগা বিনে আর কোথা নাহি ভয় * তবে আর কোথা যাব এলাহি আনিল ॥ এখানে মোকাম কর খোদাকে না ভুল * পুছিল হোছেন তবে ইয়ার সবারে ॥ জান ফেরাত নদী হবে কত দুরে * জানিতে যে ছিল কহে হবে কোস তিন ॥ শুনিয়া হোছেন সাহা ওতারিল জিন * গোলাম নফরে সাহা ভেজিল জঙ্গলে ॥ মোরচা বান্দিয়া লাকড়ি আন এইকালে * গোলামেরা দরক্তে যে কুড়ালি মারিল ॥ লহু নেকলিতে এসে হোছেনে কহিল * শুন সাহা দরক্তেতে কুড়ালী মারিতে ॥ তাজা লহু নেকালিল দরক্ত হইতে * হোছেনে কহিল বাত শুন সর্ব্বজনে ॥ সহিদ তোমরা সবে হইবে এখানে * বলেছিল নুর নবী আমার খাতির ॥ যেখানে দরক্তে লহু হইবে বাহির * সেইখানে তোমার মওত মবারক ॥ সেই সব আলামত জানা গেল হক * যে হয় সে হবে সবে কর কারবার ॥ নাহি হবে কছুর কলম আল্লার * শুনিয়া গোলাম সব চলিল ফিরিয়া ॥ করিল মোরচাবন্দী লাকড়ী আনিয়া * জানানা মর্দ্দানা দুই মোরচা বান্দিল ॥ চারিদিকে গড় খুদে গড়বন্দী কৈল * হোছেন বলে সবে আন গিয়া পানি ॥ খানা পিনা কর সবে শুন মেরা বানী * গোলাম সকলে পানি আনিবারে চলে ॥ মসক লইয়া গেল ফেরাতের কুলে * যাইয়া দেখিল বড় গাদাও লস্কর ফেরাত্ত কেনারেআছে কাতারেকা তার * ঝাণ্ডাও নিশান খাড়া কাতারে কাতার ॥ মন্দা বাতাস মোজা হেলিছে তাহার * তাম্বর কানাতকত লড়াই ছামান ॥ কত দুর জুড়ে আছে নাহিক ঠেকান * নজদিকে যাইতে তির মারিল খেচিয়া ॥ দেখিয়া গোলাম সব কহিল হাকিয়া * এমামের লোক মোরা যার কি খাতিরে ॥ জানহ আলীর বেটা দুনিয়ার উপরে * দিন দুনিয়ার পরে জার অধিকার ॥ তাহাকে ভাবিলে ভিন হবে গুনাগার * কুফার বলিল পানি নাহি দিব তোরে ॥ জেয়াদা কহিলে বাত ওড়াইব তীরে * শুনিয়া গোলাম সবআইল ফিরিয়া॥ এমাম হোছেনে সবে কহিল আসিয়া * বহুত লসকরলোকনদী কেনারায় ॥মারিছে খেচিয়াতির নজদিগে যে যায় * শুনিয়া হোছেন তবে ইয়ার সবায় ॥ ডাকিয়া সবার তরে এইবাত কয় * খোসালিতে আম সবে কহ এক বাত ॥ বিদায় লইয়া আজি যাহ জনা জাত * যত দুর নেকই করিতে যে পারিলে॥ তাহাতে কছুর সবে কিছু না করিলে * আমার কপালে দুঃখ আছেত অপার ॥ কাহাতক তোমরা রাখিবে মোরে আর * লাড়কা সকল লিয়া করহ পালন ॥ আমার লাগিয়া কেন হারাবে জীবন * শুনিয়া ছেফাই লোক উঠিয়া দাড়ায় ॥ জাতিপর

খ্যাত কহে এমামের পায় * কদমী গোলাম সব খারাব করিতে ॥ করেছে রিসম যুক্ত আপনা দেলেতে * রছুল হইতে বুঝি সরমেন্দা করিয়া ॥ বেহেস্ত হইতে বুঝি দিবে খেদাড়িয়া * ফাতেমার কদম হৈতে করাইবে দুর ॥ ভালা যুক্তকরেছে এমাম বাহাদুর * তোমাকে ছাড়িয়া এবে যাবে যেই জন॥ আখেরে হইবে সেইকাফের মালাউন * যেখানে মওত আছে কেতাবে খবর ॥ নেছার করেছি যান তেরা পাঙ পর * পহেলা আমরা সবে তোমার নেছারে॥আগু হৈয়া ছেরদিব আল্লা যাহা করে*তবে তেরা নছিবেতে যে থাকে তা হবে ॥ কভুনা ছাড়িব জীউযায় এতেযাবে * হেন কালে এমাম ময়দানে তাকাইতে॥তিন আছওয়ার আইসে পাইল দেখিতে এমাম বলেন বুঝি মছলেম আইল ॥ আমার দেখিয়া দেরী খবর লইল নহেত নেহাত মোরে আসিতেছে লিতে ॥ কাফের আমারে কিছু নারিবে করিতে*দেখাদেখি তিনজন আসিয়া পৌছিল ॥ হোছেনের হুজুরে এসে তছলিম করিল * পুছিল হোছেন তুমি আইলে কোথা হৈতে ॥ তবে তিন আছওয়ার লাগিল কহিতে * এজিদ লসকর মোরা হই মোছলমান॥ কহিতে আইনু তুঝে দেখিয়া নিদান * মোছলেমের সাতে ছিল হাজার ছওয়ার ॥ দাগা দিয়া জেয়াদ মারিল একেবার * মোছলেম তামাম দিন লড়িয়া ময়দানে ॥ আখেরে পড়িল মারা কুফার জমিনে ॥ যত কারখানা সব করিল জেয়াদ ॥ ফিরিয়া ঘিরিল এসে মিলিয়া এজিদ * সেমর ওম্মর আর জেয়াদ মিলিয়া ॥ ফেরাত নদীর পানি বন্ধ কৈল গিয়া * এখন করহ কাম বুঝিয়া আপনে ॥ তোম্মারে মারিতে করে ছলা জনে২ * শুনিয়া হোছেন বলে আহা২ আহা ॥ ইন্না লিল্লাহে তবে পড়িলেন সাহা * জার২ কান্দে মর্দ্দ মোছলেম খাতির ॥ কি কাম করিল গিধী কমজাত কাফির * হায়২ মছলেম মারিল মেরা ভাই ॥ দুনিয়ার বিচে মেরা আর কেহ নাই জেয়াদ কমজাত মুঝে ফেরেব করিয়া ॥ কারবালা জমিন বিচে দিলেক ডালিয়া * রাছবাত কয়েছিল মদিনার লোকে ॥ কুফায় যাইবে তুমি ভাল নাহি লাগে * মদিনা ছাড়িয়া যাইতে চাহ তুমি কুফা ॥ তোমার বাপেরে নাহি দিয়াছিল ওফা * এমাম হোছেন ইহা আফছোছ করিয়া ॥ কি হবে মছলত করে লোক জন লিয়া * সাতরাত নয় দিন গোজারে সেখানে শুকাইল কলেজা সবার পানি বীনে* জানানা খিমায় জারি উঠিল তুরিত শুনিয়া এমাম সাহা হইল দুঃখিত * আপনার খিমা হৈতে জানানা খিমায় ॥ সেতাবী চলিয়া মর্দ্দ আইল তেজ পায় * সহরবন্নুকে বলে

গোস্বা দেল হৈয়া॥মোর সারাবত এত কিসের লাগিয়া*বিবী বলে গোস্বা তুমি হইলে কেমনে॥ কলেজা সুখায়ে সবার গেল পানি বিনে * স্তন হৈতে দুধ মোর গেল সুখাইয়া॥ ছাওয়াল আজিজ হৈল দুধ না পাইয়া থোড়াই আনিয়া পানি দেও এই বেলা॥বারেক যে পিয়ে পানি তর করি গলা * হোছেন বলেন সব মোনাফেকগণ॥ মাঙ্গিলে তাহারা পানি না দিবে কখন*এতদিন মোরে কেহ মোনাফেক হৈতে॥দেখিয়াছ কোনচিজ কখন মাঙ্গিতে * কুফর কমজাত পানিদিবে যে আমারে॥ এতবার কাহার বাতে হইল তোমারে * বিবী কহে যেরূপে আনিতে পার পানী॥ না আনিলে পেয়ারা মোর মরিবে এখনি * কান্দিয়া কহেন বিবী এমামের পায়॥ পানী বিনে আমার ছাওয়াল মারা যায় * এক কাতরা পানি বিনে ছাওয়ালহয় খুন॥ হায়২ মারা যায় মেরা প্রানধন * এমাম হোছেন কান্দে সহরবানু বাতে॥ আহা বাছা বলে লাড়কা লইল কোলেতে * কোলেতে লইয়া লাড়কা ঘোড়ায় চড়িয়া॥ এজীদার লসকরে গেল পানীর লাগিয়া লসকর ছামনে সাহা খাড়া হৈল গিয়া॥ কহিতে লাগিল বাত আজেজ হইয়া * লসকর বিচেতে কেহ আছ মোছলমান॥ পানি বিনে আমার ছাওয়াল পেরেসান * গলা সুখাইয়া গেছে কোন ঘড়ী মরে॥ থোড়া পানি খোদার ওাস্তে দেহ তার তরে * শুনিয়া কাফের যে জওাব নাহি দিল॥ নিদানে হোছেন সাহা কহিতে লাগিল * শুনরে কাফের সব বেহায়া অধম॥ কিছু না করহ দেলে আখেরের সরম * খোদাকে তরাস কিছু নাহি যে তোমার॥ আখেরে খারাব হবি নাহি কিছু ডর * আলীর ফরজন্দ আমি রছুলের নাতা॥ ফাতেমা আমার মাতা জান খুব ভাতি * আয়েসা খোদেজা ছোলেমা মেরা নানী॥ তা সবার মুখ চাইয়া দেহ থোড়া পানী * কাফের সকলে বলে শুনহে এমাম॥ তুমি যে হোছেন মোরা চিনিনু তামাম * যে দিন তোমার কাছে করিব চাকরি॥ সেদিন মানিব তেরা ফরমাবরদারী * আজ তেরা বাত মেরা না শুনি হরগেজ॥ কাতরা পানি নাহি দিব হাছেল আজেজ * কি কর আপনি খাড়া হইয়া হেথায়॥ বান্ধিয়া লইয়া যাব এজিদ জেথায় * এজিদারে ছালাম করাব যে তোমারে॥ শুনিয়া হোছেন কহে যতেক কাফেরে * নবীর আওলাদ কভু এজিদারে গনে॥ ছালাম করেছে কেহ দেখেছ নয়নে * বুঝিনু এজীদ গিধী কাফের যেমন॥ তোমরা চাকর তার তেয়ছা মালাউন * এক কাতরা পানি নাহি দিলিরে কুফর॥ দোজখী হইবি তেরা যত হারামখোর * শুনিয়া কাফের গিধী

গোস্বায় অস্থির ॥ হোছেনের পরে খেচে মারিলেক তীর * হোছেনের কোলেতে যেছাওাল আছিল॥ হোছেনে না লেগেতীরছাওালে লাগিল এয়ছাই খেদঙ্গতীর মারিল কুফর ॥লাগিল লাড়কার বুকে হয়ে গেলপার দেখিয়া এমাম সাহা বলে আহা২ ॥ না বাচিবে সহরবানু দেখে যদি ইহা * খোদার দরগায় বলে সোকর হাজার ॥ খুব কলম চালাইয়া ছিলে মোর পর * মোর্দ্দার ছুওার লিয়া ফিরিয়া আইল ॥ সহরবানু কোলে ছাওাল এনে দিল * কহিল বেহেস্তের পানি আমি পেলাইয়া ॥ আনিনু ছাওাল এই আছুদা করিয়া * দেখিয়া সহর বানু লাড়কার হাল॥ পট-কান খাইয়া পড়ে দেওানার হাল * বুকে হাত মারি কান্দে বিবী সহর বানু॥ কাফেরের হাতেতে বাছারে হারাইনু * হায়২ কান্দে বিবী ছের পেটে হাতে ॥ অভাগ দুখিনী ডাকে দুধ খাওাইতে * কেমনে লাগিল বাছা তেরা গায় তীর ॥ তোমারে দেখিয়া প্রাণ হইল চৌচির * যার২ হৈয়া কান্দে বলে হায়২ ॥ বিদেশে আসিয়া বাছা হারানু তোমায় * এমাম হোছেন তবে বহুতি কান্দিয়া ॥ ময়দানেতে লাড়কারে গোর দিল গিয়া * সহরবানুর জীউ লাগিল ফাটিতে ॥ এয়াকুব কহেন সব আল্লার রেজাতে

ওহাব পাহালওান কাফেরদের সাতে পহেলা জঙ্গ করে *

পয়ার * ওহাব নামেতে এক ইয়ার আছিল ॥ তছলিম করিয়া সেই কহিতে লাগিল * আমারে ছাহেব যদি করহ ফরমান ॥ কাফের সহিত গিয়া হই আগুয়ান * দেবী মরিব মোরা না পাইয়া পানী ॥ একবার করিয়া সাহা দেখ হানাহানী * যদি পানী দেয় তবে আসিব এখনি নহেত ধরিব তেগ যে করে রব্বানী * হোছেন বলেন যাহ সুপিনু খোদারে ॥ শুনিয়া ওহাব গেল ময়দান উপরে * কুফর লস্করে ওহাব কহিল হাকিয়া ॥ শুনরে মুর্দ্দই হারামখোর দেল দিয়া * রছুল আওলাদ মরে নাহক পানী বিনে ॥ আখেরে খারাবি হবি হেছাবের দিনে * কেয়া মতে কি জওাব দিবীরে কমজাত ॥ এয়ছা গোস্বা ছুটে তেরা মুখে মারি লাত * কাফের কহিল মাথা ঠুকিলে জমিনে ॥ তবু এক কাতরা পানি না দিব এখানে * শুনিয়া ওহাব তবে আগ বরাবর ॥ ওঠাইল ঘোড়া মর্দ্দ কুফর উপর * যেন বাজ উড়ে পড়ে পঙ্খীর উপর ॥ এয়ছাই পড়িল মর্দ্দ নাহি করে ডর * তবে কুফরের এক ছওার আইল ॥ ওহাবের সাতে আসি মোকাবেলা কৈল * মারিল কুফর তেগ ওহাব উপরে ॥ ওহাব উড়িয়া লিল ঢালেতে সত্তরে * ওহাব গোস্বায় এয়ছা তেগ খেচে মারে

ঘোড়ার সহিত দুই ফাক করে তারে* ফের এক কুফরের আইল ছওয়ার ওহাব ভেজীল তারে দোজখ মাঝার * এইরূপে চল্লিশ কুফর মারে যারে ॥ ফিরিয়া ওহাব আসি কহে এমামেরে * কুফর আমার তরে নাহি দিল পানি ॥গলা শুকাইল পানি দেহ যে আপনি*শুনিয়া হোছেন হৈল আগ বরাবর॥ গোস্বায় তুড়িতে চলে কুফর গাওার * ওহাব কহেন সাহা আরজ আমার ॥ মেরা জীউ করি আগে নেছার তোমার * আগে আমার লহুতে রঙ্গাব কারবালা ॥ পিছেতে তোমার যেন্ছা করে হকতালা * এতেক বলিয়া ফের আইল জঙ্গেতে॥ বড়া গোস্বা পাহালওান আইল লড়িতে * কারবা চাবুকে ছের দীল ওড়াইয়া ॥ জোলফ ধরিয়া কারে ফেলিল টানিয়া * কারেবা গোস্বায় ফেকে মারিল পয়জার ॥ আনন্দে রহিল গিয়া দোজখ ভিতর * এইরূপে ময়দানেতে বহুত লড়িয়া ॥ ওহাব সহিদ হৈল পানি না পাইয়া * ইন্না লিল্লাহে পড়ে দেখিয়া হোছেন ॥ ওয়া ইন্না ইলায়হে পড়ে রাজেউন * ওহাবের মওত দেখে হোছেন হয়রান ॥ কমর বান্ধিয়া মর্দ্দ ময়দানেতে জান * জাবেরা নামেতে এক এজীদার ছওার ॥ হাকিয়া ময়দানে খাড়া বলে মার২ * হোছেন হাকিয়া বলে জাবেরার তরে ॥ এবে কেন ভাই তুমি ভুলিলে আমারে * আমার মায়ের দুধ খাইতে যখন ॥ আছিনু তোমার দোস্ত আমি সে তখন * তুমি আমি মক্তবে পড়েছি এক ঠাই ॥ এক ঠাই লাড়তে ভাই আইলে ধাওা ধাই * এবে আমি কোন গুনা করিনু তোমার ॥ কুফরের হৈয়া তুমি বল মার২*শুনিয়া যাবেরা তেগ খাপেতে রাখিয়া ॥ আপনার দুই হাত আপনি বান্ধিয়া * সেই ঘড়ী জাবেরা ঘোড়া ওঠাইল ॥ হোছেনের আগে মর্দ্দ আসিয়া পৌছিল * কহিতে লাগিল এসে এমাম হোছেনে ॥ আমা হৈতে বড় গুনা হইল চরনে * পার কিছু আমারে না কর অপমান ॥ তোমার কদমে জীউ করিব কোর-বান * আপনা চলিয়া যাও খিমার ভিতর ॥ আল্লার তামাসা এবে দেখ সাহাবর * এতেক বলিয়া মর্দ্দ ওঠাইল ঘোড়া ॥ এজীদার লস্কর কাটে দিয়া হাত লাড়া * এজীদা লস্কর যত আইল হুজুরে ॥ কদাচিত প্রাণে নাহি ছাড়িল কাহারে*নিদানে পেয়াসা হৈয়া কহিল হোছেনে ॥ কলেজা শুখায়ে মেরা গেল পানি বিনে * পানি পেলাইয়া যদি করহ আছুদা তবে দেখি কোথা আছে কমজাত এজীদা * এমাম কহিল পানি না পারিব দিতে॥ শুনিয়া জাবেরা ফের লাগিল কাটিতে * আখেরে পাইল বেহেস্ত সহিদ হইয়া॥ ইন্না লিল্লাহে পড়ে আফছোছ

করিয়া * ওহাব নামেতে এক দোছরা ছওার ॥ কোমর বান্ধিয়া হৈল ঘোড়ায় ছওার * ছালাম করিয়া কহে এমাম হুজুরে ॥ হুকুম করহ দেখি পানি কত দুরে * এমাম কহিল কহ তোমার মায়েরে ॥ তিনি যদি রেজা দেয় জাহ লড়িবারে * এতেক শুনিয়া মর্দ্দ মায়ের আগে গেল ॥ কহিল লড়িব আমি রেজা দেহ ভাল * শুনিয়া তাহার মায় কহে বার ২ ॥ হইরে তোমার পরে রহম আল্লার * পয়দা হইলে বাছা হয়ত মরন ॥ এমাম ছাড়িয়া নাহি যাব কদাচন * যদি মওত তেরা হয় মহিমেতে ॥ আখেরে তরাবে নবি রোজ কেয়ামতে * ওহাব মায়ের এয়ছা হুকুম পাইয়া ॥ ঘোড়া ওঠাইল মর্দ্দ মার২ বলিয়া * হাকিয়া বলিল মর্দ্দ কুফর কমজাত ॥ মর্দ্দ যদি থাকে কেহ আইস মেরা সাত * এতেক শুনিয়া এক ছেপাই খারেজী ॥ ওহাবের সাতে এসে করে তেগবাজী ওহাব বলিল এত গৌরব তোমার ॥ পহেলা বাপের বেহা দেখ আপনার * এতেক বলিয়া তেগ মারিল খেচিয়া ॥ ঘোড়ার সহিত পরে দুই খানা হৈয়া * দেখিয়া কুফর লোক ভাবে মনে মনে ॥ এয়ছা মর্দ্দ দেখা কিবা নাহি শুনি কানে * একে২ ওহাব বাহাত্তুর জনে ॥ এইরূপে পাঠাইল দোজখের পানে * ওহাবের মাতা তবে নজরে দেখিল ॥ বেটার নজদিগে আসি হাকিয়া কহিল * ধন্য যে তোমার তরে রাখিনু উদরে ॥ তেরা জঙ্গ খেয়াতী রহিল ভব পরে * ওহাবের হৈল বড় পানির পেয়াছ ॥ জোর কম হৈল নাক পরেতে নিশ্বাস * হাকিয়া কহিল শুন এমাম হোছেন ॥ তামাম কাফেরে মারি যদি পানি দেন * পানি আনি সেতাব পেলান মোর তরে ॥ হোছেন বলেন দিব রোজ মহাস্বরে * ওহাব হয়রান হৈল পেয়াছের জোরে ॥ পানী দেহ বলে আইল কুফর লস্করে * মোছলমান কেহ যদি থাকহ লস্করে ॥ খোদার ওাস্তে থোড়া পানী দেহ মোরে * আজেজ হইয়া মর্দ্দ কহে ফোকারিয়া ॥ তামাম কুফর তারে ঘিরিল আসিয়া * পানী২ বলে ডাকে তামাম কুফরান * খুসী হৈয়া আগু হৈল ওহাব পাহালওান * ওম্মর ছাদ মছিহের লস্কর হইতে ॥ ঘোড়ার ছওার এক আইল আচম্বিতে * গোস্বায় কাফির দুই চক্ষু যেন ঘোরে ॥ সও মন লোহার টোপ আছে ছের পরে * পাহাড়ের পাথর যেন তার দুই বাহু ॥ পর্ব্বত সমান গিধী আখি যেন লহু * ওহাব লাচার দেখে তলওার খুলিয়া ॥ কহিল এতেক লোক মারিলি আসিয়া * মেরা এক তলওার লেহ যে সহিয়া ॥ খুব পানী পেলাইব পেয়াছ ভরিয়া * এয়ছা কৈয়া তেগ মারে গর্দ্দান উপরে ॥

গর্দ্দান আলাদা হয় খবরনাহি তারে * এমনি হেম্মততারে দিল পরওার ছের কাটা গেছে তবু বলে মার মার * ডাহিন বামে যে কেহ কুফর ছিল খাড়া ॥ কাটিয়া পাড়িল মর্দ্দ দিয়া হাত নাড়া * ওহাবের মাতা খাড়া ছিল সে ময়দানে॥কাটা ছের সমেত আইল মায়ের ছামনে*বেহাল হইয়া পড়ে জমিন উপরে ॥ ধড় হৈতে ছের তার পড়ে কত দুরে * দেখিয়া বেটার হাল বলে আহা আহা ॥ পটকান খাইয়া পড়ে ছের তার যাহা * বাছা২ বলে বুড়ী ছের লিল কোলে ॥ ভিজিল তামাম দেহ এয়ছা লহু চলে * মুখে মুখ দিয়া বিবী কান্দে জারে জার আমাকে জওাব বাবা দেহ একবার * করেন মাতম জারী বুকে মারে ঘা উঠিয়া বৈসরে বাছা ডাকে তোর মা * ছের কোলে দিয়া যে এমা মের কাছে যায় ॥ ডালিয়া দিলেক ছের এমামের পায় * তোমার ইয়ার আইল মহিম করিয়া ॥ এই লেহ সাহা যে নামাজ পড় গিয়া * হোছেন বলে বিবী সবের এই রাহা ॥ কান্দিলে না পাবে বেহেস্ত শুন কহি তাহা * বিবী বলে কলেজাতে জ্বলে যে আগুন ॥ কারবালায় বেটার দায় হব আমি খুন* যে মোর মেরেছে বাছা তার তরে পাব ॥ তার ছের কেটে তার মাতাকে দেখাব * বেটার ঘোড়ার পরে ছওার হইয়া ॥ লইয়া বেটার ছের চলে গোস্বা হৈয়া * বাম হাতে কাটা ছের তেগ লিয়া হাতে ॥ এমাম না পারে তারে ধরিয়া রাখিতে * হায়২ মুখে বিবী ময়দানেতে গেল ॥ কাটা ছের হাতে নিয়া হাকিয়া কাহিল * কাহার হাতেতে বাছা মরিল আমার ॥ মিছা কারি কহ যদি দোহাই আল্লার আল্লার দোহাইযদি দিলেক হাকিয়া ॥মেরে ছিল যেইজন আইল নেকা-লিয়া * হাকিয়া কাহিল তারে কি করিবে বুড়ী ॥ কাটা ছের ফেকে বুড়ী মারে দড়বড়ী *এয়ছা জোরে মাথা তার মাথায় লাগিল ॥ ভাজিল মাথার খুলি কুফর মরিল * এমাম হাকিয়া বলে বিবীর খাতিরে ॥ উঠিল বেটার দাদ আসি এবে ডেরে * বিবী বলে রছুলের মেহের হইতে নাওমেদ আমারে না কর কদাচিতে * জানের দরদ যদি আছি আমি করি ॥ সবরমেন্দা হইব আমি নবি বরাবর * কুফরে মারিয়া পানি না করি খালাস ॥ বেহেস্ত না পাব হবে দোজখেতে বাস * হোছেন বলেন আগে তুঝে বেহেস্ত দিব ॥ তার পরে বেহেস্তে আমি তেরা পিছে যাব বিবী সব পেয়াছেতে জার২ কান্দে ॥ দেখিয়া খিমার বিচে দীল নাহি বান্দে * আরনা যাইব আমি খিমার ভিতর ॥ ময়দান করিল্প সার তেরা নাম পর * এয়ছাই কহিয়া বিবী ধরিল তলওার ॥ কুফর কাটিয়া চলে

হাজার হাজার * বলে আজ পানি ও ঘাট করিয়া খালাস ॥ নবীর আও লাদ সবার মেটাব পেয়াস * কাটিয়া কুফর বিবী ঘাট পানে চলে ॥ তামাম কুফর এসে ঘেরে যেন জালে * সাবুদ রহিয়া বিবী লড়ে ঘাড় চার ॥ আখেরে বেটার সহিত হুকুমে আল্লার * সহিদ হইল বিবী লড়িয়া ময়দানে ॥ কোমর বান্ধিয়া ফের আবদুল্লা রহমানে * ছালাম করিয়া এসে হোছেনের পায় ॥ হোছেন বলেন যাহ শুপিনু খোদায় * বিদায় হইয়া আইসে ময়দান উপরে ॥ সোকরানা ভেজিল কত আল্লার দর-বারে * ভেজিল রছুল পরে দরুদ বিস্তর ॥ লানত ভেজিল কত কুফর উপর * তার পরে লড়াই করিতে করে সুরু ॥ কুফর মাতওালা যেন খেয়ে আইল দারু * যে কেহ সুমুখে আইল ফিরে নাহি জান ॥ একে২ দোজখেতে ভেজিল রহমান * এক চোট বই মর্দ্দ কারে নাহি মারে প্রান হাতে করে যায় দোজখ দুয়ারে * এইরূপে সও লোক দোজ-খেতে ফেকে ॥ ধুপ জোরওার যে পেয়াসা হৈল তাকে * কুফর দেখিল যদি রহমান হয়রান ॥ চারিদিগে ঘেরে বড়া২ পাহালওান * কতক্ষণ সাবুদেতে লড়াই করিয়া ॥ আখেরে পড়িল মারা পানীর লাগিয়া * বহুত আফছোছ করে যত মোছলমানে ॥ জাফর সওার হৈয়া বলিল হোসেনে * আমাকে হুকুমকর যাইতে ময়দানে ॥ দেখিব কুফর পানি দেয় নাহি কেনে * এমাম কহেন যাহ শুপিনু খোদারে ॥ শুনিয়া জাফর গেল ময়দান উপরে * জাফর ঘোড়ার বাগ ধরিল টানিয়া ॥ জমিনে না লাগে পাও চলিল কুদিয়া * খোদার তারিফ করে দরুদ রছুলে ॥ লানত বহুত দিল কুফর সকলে * হাকিয়া কহিল মোরে চেনহ তোমরা ॥ আমি হই রছুলের ভাই যে ফুপেরা * জাফর আমার নাম শুনরে কমজাত ॥ দোজখে ভেজিব মুখে মেরে একলাত * বড় পাহালওান যেবা লস্করেতে থাকে ॥ পহেলা তাহারে ভেজ আমার সমুখে * ওম্মর ছাদ মছিহের লস্কর হইতে ॥ তবে এক জোরওার আইল তুরিতে * জাফর বলিল আইলে মারিবার তরে ॥ পতঙ্গ হইয়া পড় আগুন উপরে * এত বলি মারে তেগ কুফর উপরে ॥ দুইখান হয়ে পড়ে হুকুম আল্লার * এইরূপে একে একে যতেক কুফর ॥ আইল জাফর আগে না ফিরিল আর * ঘড়ি এক সত্তর লোক গর্দ্দ করে দিল ॥ আখেরে পেয়াস জোরে ছাতি শুখাইল * এমামের কাছে এসে কহিল কাতরে ॥ মারিব কুফর আগে পানী দেহ মোরে * এমাম কহেন শুন জাফর পাহালওান ॥ মেরা কাছে যত পানী জানহ সন্ধান * রছুলোল্লা আপনার মবারক হাতে ॥ পেলাইবে পানী

সেই রোজ কেয়ামতে * শুনিয়া জাফর আসি মৌজুদ হইল ॥ একদমে কাফেরের সও গেরাইল * নিদানে পিয়াস গলা গেল শুকাইয়া ॥ তাকত্ত নাহিক তার লড়ে আশু হইয়া * কুফর সকলে এসে সহিদ করিল ॥ জাফর পাহালওান বেহেস্তেতে গেল * এইরূপে আছিল যতেক পাহালওান ॥ সহিদ হইল দেখ আল্লার ফরমান * আমীর হোছেন তবে ডাহিন বামেতে ॥ নজর করিয়া তবে লাগিল কহিতে * ইয়ার তামাম কেহু নাহি ছালামত ॥ দেখিয়া কাতর বড়া হইল হজরত * কাছেম হোসেন বেটা হইল ছওার॥একাদশ বৎসরের বয়স তাহার*হুকুম চাহিল এসে চাচার সাক্ষাতে ॥ দেখিয়া হোসেন সাহা লাগিল কান্দিতে * কহিল ইহাকে ভেজি কেমনে ময়দানে ॥ মদদ ইহার পরে কবুল আপনে কাছেম ওঠায় ঘোড়া ময়দান উপরে ॥ এয়াদ পড়িল একবাত হোসেনেরে সেই ঘরি ডাকিয়া হোসেন কহে বাত ॥ শুনা বাবা কাছেম এক খবর নেহাত * জেন্দেগী থাকিতে ভাই এক কওল করে ॥ কওলে খালাছ যে করিয়া যাহ মোরে * কাহিল আমারে তিনি বাত রাখ যদি ॥ কাছেম আলীকে তুমি দেলাইবে সাদি * এই কওল বন্দা আছি দুনিয়া ভিতরে ॥ কওল হইতে যে খালাস দেহ মোরে * কহেন কাসেম চাচাজান আমার॥ কওল খালাস তবে করেন আপনার*শুনিয়া এমাম বৈসে মজলিস করিয়া ॥ সওা ঘাড় লগন তারে দিলেক ডালিয়া * আনিল সেহড়া ফুল বান্দা কুরসির হার ॥ এয়সা ভাতে আছে সব দুনিয়া বেভার * এই রূপে সওা ঘড়ি গোজারিয়া গেল ॥ নেকা পড়াইয়া যে জুসওা দেলাইল * সকিনারে শুপে দিল কাসেমের তরে ॥ দুই জনে বৈসে গিয়া খিমার ভিতরে * খোসালিতে দুইজনে রহিল সেথায় ॥ এইরূপে থোড়া ঘড়ি গোজরিয়া যায় * মউতের পেয়ালা যে আইল কাসেমের ॥ মালেকল মউত এসে পৌছিল হুজুর * দেখিল কাসেম খাড়া মালেকল মওত বিবিকে মিনতি করে কহেন বহুত* কাসেম কহেন বিবি কহি তেরা তরে আমারে বিদায় দেহ মহিম উপরে * কাসেমের এয়ছা বাত কিছু না শুনিল ॥ পেরেসান হৈয়া বিবি কহিতে লাগিল * বড়া বেদরদ সাহা কি বলি তোমারে ॥ কেমনে যাইতে চাহ মাহিম খাতেরে * আগে মোর সহিদ করহ নিজ হাতে॥ তবে তুমিকর জঙ্গ দস্ত কারবালাতে* অনাথিনী করে যাবে দুনিয়া ভিতরে ॥ আমারে দরদ কেবা করিবে সংসারে * কাসেম কহেন বাত শুন দেলদার ॥ রোজ কেয়ামতে দর্দ্দ করিব তোমার * আপন জামার আস্তিন কাসেম ফাড়িল ॥ সকিনার তরে যে

নিশান সে দিল * কাসেম ওঠায়ে ঘোড়া আইল ময়দানে ॥ খোদার তারিফ করে আরবি জবানে * লানত কুফর পরে কহিল হাকিয়া ॥ কে আছে পাহালওান মর্দ্দ আইসে নিকালিয়া * নহেত পানির রাহা দেহত্ত ছাড়িয়া ॥ মরিল খেলাওত খানা পানি না পাইয়া * পানি পানি করে কাছেম ঘোড়া ওঠাইল ॥ বেহুস হইয়া মর্দ্দ কাটিতে লাগিল * বেহে-ছার এজিদানে ডালিল ধরিয়া ॥ আখেরে আজেজ হৈল পানি না পাইয়া বেতাব হইল কাসেম পানির খাতেরে ॥ ঘেরিয়া কাফের লোক মারিল তাহারে * হোছেনের সাতে যত ছিল জোরওার ॥ পানি বিনে মুওত আইল সবাকার * বিসম কারবালা জমি পানি নাই পিতে ॥ কেবল আছিল পানি ফেরাত নদীতে * কুফর করিল বন্দ দাও নাহি তায় ॥ এখাতেরে এতেক ছেপাই মারা যায় * না হইলে কুফর কি পারে মোছলমানে ॥ লাখে২ লস্কর কাটিত এক জনে*রছুলের পাওতলে সহিদ লালচে ॥ পাচালিতে অধম এয়াকুব এহা রচে *

আলী আকবরের লড়াই *

ত্রিপদী * কাসেম সহিদ পাইল, হোছেন কাতর হইল, সোগে ছাতি গেল শুখাইয়া ॥ চাহিলেন চারওরে, নাহি কেহ বেরাদরে, সবে গেছে সহিদ হইয়া * দেখিলেন সাহা হোছেন, আপন লাড়কার গঠন, চারি জন বিনা কেহ নাই ॥ একে আলী আকবর, আর আলী আছগর আব্দুল্লা আকবর আর ভাই * জয়নাল আবদিন চারি, দুনিয়ার অধি-কারি, সবে কেবল এই চারি জিয়ে ॥ দেখিয়া এমাম সাহা, মুখে বলে আহা২, সোগে ছাতি ফেটে জায় * সেই আলী আকবর, যেয়ছা ছেন পয়গম্বর, রছুলের গঠন হেন তার ॥ বয়েস দশ বিশ সোল, দুনিয়া করেছে আলো, চাঁদ যেন আলী আকবর * জীউ এয়ছা জানিতেন, বিবী উম্মে ছোলেমান, উম্মে কলছুম আদি জাতি ॥ সবার জানের সাতি, মায়ের গলার মতি, সব গুন ধরে খুব ভাতী * কুফর সুমুখে বাপ, পাইল বিষম তাপ, কি করিব ভাবিছে কাতরে ॥ জানিয়া কোমর বান্ধে দেখিয়া জননী কান্দে, সাজওাল পরিল অঙ্গ পরে * কোমরে চেন্তির পাটি, জরির পটকা আটি, তারপরে বান্দে তলওার ॥ খঞ্জর কাটারি ছুরি, ডাহিন বায়েতে ধরি, গোস্বায় বলেন মার মার * হুকুম করিলে তুমি, এবার মহিমে আমি, যাইয়া ঘুচাব মনের সাদ ॥ দোওা কর মোরে বাপ, ঘড়িতে ঘুচাব তাপ, কি খাতেরে ভাব পরমাদ * শুনিয়া বেটার বাত,

হোছেন জুড়িয়া হাত, এলাহির মোনোজাত করে॥সোগেতে কাতর অতি, যেন বরিসন নীতি, আছু ধারা ভুরু বেয়ে পড়ে * কহেন খোদায় তালা, মহিমে পাঠাই বালা, কভু নাহি দেখেছে ময়দান ॥ শুপিনু তোমার ঠাই, তোমা বিনে কেহ নাই, আপনি হইবে নেঘাবান * তবে আলী আকবর, হেথা হৈতে তার পর, মায়ের নজ্দিগে চলে যায় ॥ হাত জোড়া ধীরে২, নরম জবান পরে, আরজ করেন গিয়া মায় * আমি জাই মহিমেরে, খোসালে থাকহ ঘরে, দোওা কর কোরান পড়িয়া ॥ শুনিয়া মায়ের মন, পুড়ে যেন হুতাসন, কান্দে লাড়কা কোলেতে লইয়া * আহা২ মোর বাছা, কহিয়া তার মুখে এয়ছা, দিল বোছা কান্দিতে২ ॥ এমামের পদে রহে, অধম এয়াকুব কহে, মায় বেটায় এত দর্দ্দ দিতে *

পয়ার* বিবী বলে বাছা তোরে শুপিনু করিমে ॥ রাখিবে করিম তোরে আপনা করমে * এলাহি আলমিন তোর রাখিবেক ছির ॥ এবরাহিম খলিলোল্লা রাখিবেন শরীর * তেগ নিচে ঢাল তেরা হয়ে এছমাইল ॥ সুমুখে রাখিবে তেরা আপে মেকাইল * পিছেতে রাখিবে তেরা আপে এছরাফিল॥ডাহিন বামে রাখিবেন মেহতের জিবরিল * নুর মহাম্মদ হবে আপনে রাখন॥ রাখিবেন হজরত আলী গায়ের সাজন * খোদেজা আয়েসা আর ফাতেমা জোহরা॥সব ঠাই তোমারে রাখিবে এসে তারা * এত বলি কান্দিতে লাগিল সাহেবানি ॥ যত ভাই কান্দে আর যতেক বহিনী * আলী আকবর গিয়া চড়িল ঘোড়ায় ॥ আজরাইল সমান মর্দ্দ মহিমেতে যায় * রন ভুমে এসে ঘোড়া হিন২ ডাকে ॥ নয়া মেঘ পাইলে যেন বিজলি কড়কে * ঘোড়ার শুনিয়া হাক যত কুফরান ॥ বলে আজ কদাচিত না বাচিবে জান * কুদিয়া পড়িল মর্দ্দ কুফর লস্করে ॥ শত২ লোক কাটে এক দম ভরে * লড়িতে২ যে পেয়াছ হৈল তাকে॥ আসিয়া কহেন বাত বাপের সুমুখে * পানি বিনে বাবা মেরা শুখাইল জান ॥ সেতাবি করিয়া এক কাসা পানি আন * না হয় বরদাস্ত আর ছাতি ফাটে মোর ॥ গায়ে নাহি পায় জোর আখি হৈল ঘোর * বারেক আন্দাম ঠাণ্ডা হইলে কাফেরে ॥ একেলা মারিব বাবা না রাখিব কারে * হোছেন বলিল বাবা পানি পাব কোথা ॥ কাফের সকল নাহি মোছলমান হেথা * এত বলি আপনার জীব নেকালিয়া ॥ আলী আকবরে কহে খাও যে চুসিয়া * লাচার হইয়া লাড়কা বাপের জবান ॥ চুসিতে২ রক্ষা করিল পরান * এক ঘড়ি লাড়কা জীবে জীব দিয়া ॥ কুফর লস্করে মর্দ্দ পড়িল কুদিয়া * খুব মার দিল মর্দ্দ গোস্বা হৈয়া মনে ॥

কাটিল হাজার লোক কারবালা ময়দানে * তিরেন্দাজ লোক সব ঘেরিলেক আসি ॥ পেয়াসে মলিন হৈয়া গেল মুখ শশী * সুখাইল গলা তার কমি হৈল বল ॥ ঘোর অন্ধকার দেখে দুনিয়া সকল * হেনকালে কুফর তীর মারিল খেচিয়া ॥ আলী আকবর বুকে লাগিল আসিয়া * জহর আলুদা তীর মারিল কাফির ॥ পিঠ হৈতে নেকালিয়া গেল সেই তীর * যখন লাগিল তীর আসিয়া বুকেতে ॥ বাবা২ বলে তখন লাগিল ডাকিতে * আইস বাবাজান খাও এসে পানি ॥ পয়গম্বর পানির কাসা আনিল আপনি * শারাবন তহুরার পানি দিলেক আমারে ॥ খাইয়া পরান ঠাণ্ডা হৈল একেবারে * তোমার কারনে নবী রবে কতক্ষণ তুরিত আসিয়া পানি করহ গ্রহন * এত বলি আকবর তেজিল পরানে ॥ তুরিত ঘোড়ায় থাকি গিরিল জমিনে * তামাম কুফর যত আসিয়া ঘিরিল ॥ তলওয়ারে কাটিয়া ছের জুদা যে করিল * আকবরের ছের যখন কাফের কাটিল ॥ এক কাসা পানি যেন পয়গম্বর দিল * তর হৈল আকবর পানি যে খাইয়া ॥ আর এক কাসা আছে হোছেন লাগিয়া * আকবরের পিয়ারা জান যাইয়া হক্কেতে ॥ অতি নেক ছাইত তছলিম গিয়া করে * দেখিয়া আছগর আবদুল্লা দুই ভাই ॥ কুদিয়া পড়িল গিয়া মানা শুনে নাই * কুফর লস্করে গিয়া ধরে তলওয়ার ॥ লড়িয়া দোজখে ভেজে যতেক কুফর * এয়ছা ভাতি শিশুগন সবে কৈল রন ॥ নাহি হয় কোন কালে এতিন ভুবন * আখেরে সাহিদ হৈল ভাই দুই জন ॥ দেখিয়া কাতর বড়া হইল হোছেন * বেটাদের সোগেতে এয়ছাই ছাতি ফাটে ॥ ঘোড়া পাতে সে সব লিখিতে নাই আটে * তিন ভাই সাহাদত পাইল ময়দানে ॥ খিমা হৈতে তাহা সব নারীগণ শুনে * তামাম খেলাওত খানা করে সোর সার ॥ বিবী সহরবানু দেখে দুনিয়া আন্ধার ॥ চারি বেটা মারা গেল ॥ কুফ-রের হাতে ॥ কেন্দে বলে জাউ দিব আল্লার রাহেতে * এয়ছাই দেরেগ বিবী কান্দেজারে জার ॥ গলা ধরে কান্দে গিয়া বিবী ফাতেমার * পাচ বর ছের ছিল সেই যে ফাতেমা ॥ ভাই২ বলিয়া কান্দে ছেরে মারে ঘা * হোছেনের মায়ের নামে নাম বেটির ॥ রাখিয়াছে আপনার খুসির খাতির * সেই বিবী ফাতেমা যে ভায়ের খাতির ॥ গড়াগড়ি দিয়া কান্দে হইয়া দেলগীর * ভাই২ বলে কান্দে জমিনে গিরিয়া ॥ ছের পিটে মারে মার ভাই২ বলিয়া * বিবী সবাকার জারি কি কহিব আর ॥ রোজ কেয়ামত যেন খিমার ভিতর * জয়নাল আবদিন সাত বচ্ছরের শিশু ॥ ভাই সকলের সোগে চক্ষে বহে আছু * ভাই২ বলিয়া কেন্দে আইল

বাহিরে ॥ বুকেতে মারিয়া হাত হায়২ করে * গোশ্বায় ভরিয়া মর্দ্দ তেগী করে হাতে ॥ কালা সাপ মত মর্দ্দ লাগিল গর্জ্জিতে * কান্দিয়া কহেন জীউ নাহি টেকে ঘরে ॥ কোথায় বলেন ভাই দেখি গিয়া তারে * যারে যার হৈয়া শিশু কান্দিতে২ ॥ ময়দানে কুদিয়া চলে তেগ লিয়া হাতে * দেখিয়া হোছেন তার ধরে গিয়া হাতে ॥ না পারে এমাম লিগ্না ধরিয়া রাখিতে * এমাম হোছেন তবে ডাকিল সবারে ॥ লাড়কায় ধরিয়া লেহ খিমার ভিতরে * যদি এই শিশু মারে কুফর সকল ॥ দুনি-য়াতে না রহিবে আমার নছল * রছুল বেজার হবে রোজ মহাস্বরে ॥ কেন নাহি রাখিয়া আইলে জনেকেরে * শুনিয়া ছোলেমা আর যত বিবীয়ান ॥ বুঝাইলেন জয়নালের করিয়া যতন * বহুত বুঝায়ে তার হাতেতে ধরিয়া ॥ বিবীগণ জয়নালেরে রাখে ফেরাইয়া * তবেত হোছেন মুখ আছমানের পানে ॥ তুলিয়া কহিল এই রব্বেল আলামিনে আমাকে জুলুম এত করিল কুফর ॥ রছুলে তিলেক কেহ না করিল ডর তবে সাহাজাদা দুই রেকাত নামাজ ॥ পড়িয়া করিল সাহা মহিমের সাজ * আলী সাহা মোরতজার কাবাই পরিল ॥ রছুলের দেওা পাগ ছেরেতে ধরিল * মোবারক জুলুফ দুই পরে দুই কান্দে ॥ কোমর বান্দিল যে দাউদের বন্দে * ছালে পয়গম্বরের মোজা পরিয়া পায়েতে রছুলের পরে দরুদ কহে জবানেতে * হোছেন আলী তিন বার গায়েতে ফুকিল ॥ হাত জুড়ে মোনাজাত বহুত করিল * বিবী কুল-ছুম আর উম্মে ছোলেমানে ॥ কদবানু সহরবানু এই চারিজনে * বুঝাইয়া কহে হোছেন সবাকার তরে ॥ বহুত পাইলে দুঃখ আমার খাতিরে * আমার কারনে দুঃখ পাইলে অনেক ॥ মোর হালে সবে মাফ করহ বারেক * জয়নাল আবদিনে সবে লিয়া করে কোলে ॥ আল্লাকে ভাবিয়া রহ যে থাকে কপালে * জয়নাল আবদিনে সাহা লিল বোলাইয়া ॥ বগলে ধরিয়া লিল কোলে ওঠাইয়া * আহা বাছা জন্ম সোদ তোরে কোলে করি ॥ আর এসে কোলে লিতে পারি কি না পারি চাঁদ মুখে বোছা দিয়া কহেন ছমজাই ॥ দুনিয়ার বিচে বাবা তুই বই নাই * বিদায় হইয়া আমি যাই তোমা হৈতে ॥ পাইবে আমার দেখা রোজ কেয়ামতে * আর নছিহত করি রাখিবেক মনে ॥ যদি মোরে কাফেরে মারে কদাচনে * তবে না লড়িবে তুমি কাফেরের সাতে ॥ লড়িলে না রবে কেহ বংশে বাতি দিতে * তুমি যদি মারা যাবে কাফেরের রনে ॥ রছুল বেজার হবে হাসরের দিনে * বলিবেন আওলাদ

মেরা দুনিয়ার পরে ॥ বিনাস করিয়া সব আইলে একবারে * আমার খাত্তিরে বাবা না ভাব দেলেতে ॥ ফের কোলে লিব বাবা রোজ কেয়ামতে * এমাম বলেন শুন যত বিবীগণে ॥ জয়নালে রাখিবে সবে পরান সমানে * এতেক বলিয়া সাহা জয়নালের তরে ॥ আপনার কোলে হৈতে দিলেক বানুরে * বানু বিবী জয়নালেরে কোলেতে করিয়া ॥এমামের পাও ধরে কান্দে লোটাইয়া * হোছেন বলেন বিবী না কান্দিও আর ॥ আমা বাদে ভাল হবে তোমা সবাকার * সহরবানু বলে ভাল কিসে হবে আর ॥ না রাখিবে মোর বংশ এজিদ কুফর * আপনি চলিলে ফের করিতে লড়াই॥কুফরে সুপিয়া যাহ কি হবে ভালাই এমাম বলেন বিবী না কান্দিও আর ॥ রদ না হইবে কভু কলম আল্লার ঘিরিয়া রাখিল কুফর পানি বন্দ করে ॥ পানি২ করে যত সব গেল মরে * তোমরা মরহ সবে পানির লাগিয়া ॥ মেরা জিউ পানি বিনে যায় নেকালিয়া * আজি কালি পানি বিনে মরিব নিশ্চয় ॥ লড়িয়া মরিলে নাম রবে দুনিয়ায় * তোমা সবে শুপে যাই এলাহি আলমিনে ॥ আর কি ভরসা আছে কারবালা ময়দানে * জয়নাল আবদিনের তরে না দিবে ছাড়িয়া ॥ যতনে তাম্বুর বিচে রাখ লুকাইয়া * এত বলি সবা হৈতে বিদায় হইয়া ॥ চড়িল ঘোড়ার পরে বিছমিল্লা বলিয়া * চার রেকাবের উচা ঘোড়া জোরওয়ার ॥ হাওা মিসাইয়া গেল ময়দান উপর * কেবল যাইয়া সাহা ময়দানে খাড়া হয় ॥ দেখিয়া কুফর সব হজিমত খায় * হাঁকিল হৈদরী হাক ভাবিল খোদায় ॥ ঝনঝনা পড়িল যেন কুফরের মাথায় * কত জঙ্গী পালাইল লস্করের মাঝে ॥ ভয়ে কম্পবান হৈল হাকের আওাজে * হোছেন বলেন আছ কোন পাহালওান ॥ মহিমের সাধ থাকে হও আগুয়ান * জোরওার এক ছিল নামে রহমান ॥ এজিদের লস্করে নাই তাহার সমান * বড়া পাহালওান সেই বড়া জোর ধরে ॥ উচা মোটা কদ যে পাহাড় বরাবরে * লোহার শরীর তার পাষানের বাহু ॥ আজরাইল সমান দুই আখি যেন লহু * কোমর বান্ধিল জাহাগীর রহমান ॥ লস্কর সহিত এসে হৈল আগুয়ান * হোছেনের তরে বলে আইসু হুজুরে ॥ কত শক্তি আছে দেখি মারহ আমারে*হোছেন বলেন মেরা জাতের নিয়ম ॥ আগে কারো পরে নাহি পৌছাই ছিতাম * পহেলা ওয়ার কর আমার উপরে ॥ পিছেতে করিব ওয়ারযেহয় আখেরে*শুনিয়া হইল গোস্বা কুফর শয়তান ॥ এমামের তরে তেগ মারে খুব সান্ * কিছু কাম না করিল কুফরের তলওার ॥ হাকিম্বা

হোছেন বলে হও হুসিয়ার * মেরা এক হাত যে কবুল এবে কর ॥ এমাম খেচিয়া তেগ বলে ধর২* হাকিয়া মারিল তেগ এমাম কুওতে ॥ দুইখান হৈয়া পড়ে ঘোড়ার সহিতে * দেখিয়া ডরিয়া গেল যত্ত কুফরান ॥ না জানি ইহার হাতে মরে বা জাহান * যদি এই হৈদরজাদা পানি পিতে পায় ॥ এক জনে জিওতা না ছাড়িবে নিশ্চয়* হাকিলহৈদরী হাক গোস্বা হৈয়া মনে ॥ বাজ যেন পড়ে গেল পক্ষীর গর্দ্দানে * ধরিল ঘোড়ার বাগ দাতেতে খেচিয়া ॥ চলিল এমামের ঘোড়া হাওয়ায় মিলাইয়া * দু হাতে তলওার ধরে পিঠে বুকে ঢাল ॥ আগ বরাবর মর্দ্দ দোন আখি লাল * এয়ছাই যাইয়া মর্দ্দ লাগিল লড়িতে ॥ থাকুক মানুষ দেও না পারে আসিতে * এমাম হোছেন মর্দ্দ যেন মস্ত হাতি ॥ একেলা কাটিয়া যায় কেহ নাহি সাতি * কেলার বাগান যেন কাটীয়া চলিল॥ ছাগলের পালে যেন বাঘ সান্ধাইল * তলওার মারিয়া ছের ওড়ায় কাহার ॥ কাহারে মারিয়া নেজা পিঠ করে পার * চাবুকে কতেক ছের দিল ওড়াইয়া ॥ কারে বা দোজখে ভেজে পয়জার মারিয়া * উভয় ছেরপরে কার মারিল তলওার ॥ যেন গুরি গাছ চেরে করাতি কর্ম্মকার * কাহার পেটেতে এয়ছা মারিল কাটারি ॥ সিদ কেটে দেওালে করিল যেন চুরি * কারে ধরে শূন্ন্যে ভরে ফেকে পাহালওান ॥ ঢেলায় ঢেলা চুর্ণ করে করি সান * গোস্বায় কুফরের ছের এয়ছা ভাতি তোড়ে ॥ যেমন ধরিয়া তুলা ধুনখারাতে ফাড়ে * কারেবা মারিল তীর কারেবা তলওার ॥ ঘোড়ার দপটে কেহু গেল জম ঘর * হাজার২ ছের কাটে এক দমে ॥ কেহ না পারিল চোট করিতে এমামে * ময়দানে বহিল নদী লহরী লহুর ॥ যেন শ্রাবন মাসে উথলে সাগর * বড় বড় হাতি জার বড়২ দাত ॥ লহুতে গিরিয়া গেল খাইয়া জোড়া লাত * মারিল বহুত লোক ঘোড়া বেড়ী দিয়া ॥ কেহ ডরে পড়ে রহে মোর্দ্দার হইয়া* চুনিন্দা ছেপাই আর যতেক ছর্দ্দার ॥ কাটিয়া হোছেন সাহা করে ছারখার * পালায় কাফের সব কেহ নাহি টেকে ॥ আইল২ বলে কেহ পিছে নাহি দেখে * ছেরের পাগড়ী টোপ খসিয়া পাড়লে ॥ আইল২ বলে তাহা কেহ নাহি তোলে এক পাও কাটা কার কাটা এক ভুজ ॥ বুকের ঘায়েতে কার পিট হৈল কুজ * দাতে ঘাস লিয়া কেহ বিনয় করিয়া ॥ হোছেনে ছালাম করে জমিনে পড়িয়া * পরম দয়াল সাহা নাহি মারে তারে ॥ ময়দান হইল খালি লুকায় কুফরে * অধম এয়াকুব কহে সাদকাম দেলে ॥ জঙ্গনামা শুনে মুখে সোকরানা বলে *

এমাম হোছেন সহিদ হইবার বয়ান *

পয়ার * তামাম কুফর যদি জঙ্গলে লুকায়॥ চাহিয়া খুজিয়া যে এমাম নাহি পায় * আবদুল্লা জেয়াদ বলে ডাকেন হোছেন॥ কোথা গেল ওম্মর জেয়াদ দুই জন * এইরূপ হোছেন মর্দ্দ ফেরেন হাকিয়া॥ কেহ না আইল আগে দহসত পাইয়া * ফেরাতের খাল বিচে লুকাইয়া রয়॥ আইল বলিয়া কেহ কথা নাহি কয় * তবেত হোছেন বাগ থামিয়া ঘোড়ার॥ খাপেতে রাখিয়া মর্দ্দ হাতের তরওার * এমাম চলিয়া আইল নদীর কেনারে॥ পানি দেখে বড় খুসি হইল অন্তরে * খোসালে ছৈএদ জাদা পানি পিতে যায়॥ দুই হাতে করে পানি ওঠাইয়া লেয় * মুখের উপরে যদি পানি লিল পিতে॥ ফরজন্দ ইয়ারের বাত পড়িল মনেতে এই পানি বিনে মোর ফরজন্দ ইয়ার॥ তামাম মরিয়া গেল কারবালা ভিতর * তামাম সহিদ হৈল পানি না পাইয়া॥ একেলা খাইব পানি সব হারাইয়া * ইয়ার আজিজ সব মৈল পানি বিনে॥ হালাক হইয়া মৈল কুফরের রনে * জানের অধিক মোর ছিল সেই লোক॥ তাহা সবাকার তরে দেলে রহে সোগ * তাহা সবা হৈতে জান হইল পেয়ার॥ সব হারাইয়া পানি পিব এই বার * সবার খাতিরে মোর দগ্ধে যে পরানি দুনিয়ার বিচে আর না খাইব পানি * এতেক ভাবিয়া পানি ছাড়িল এমাম॥ ভাবিল দেলেতে এই নহে ভাল কাম * পানি বিনে কলেজা যে হইয়াছে আগুন॥ তবু না খাইল পানি এমাম হোছেন * হেথায় জেয়াদ ছিল ফেরাতের খালে॥ দেখিল হোছেন আলী নামিল যে জলে দুই হাতে করে পানি লিল ওঠাইয়া॥ না খাইল পানি ফের দিলেক ফেকিয়া*খাল হৈতে উঠিয়া হাকিল চারিভিতে॥যে কেহ এজিদের লোক আইস তুরিতে*ঘন২ ডাকি গিধী করিয়া দেলাসা॥ হোছেন কাতর হৈল না কর আন্দেসা * পানিতে নামিয়া মর্দ্দ পানি নাহি খায়॥ এখনি মারিব তারে কিছু নাহি ভয় * ঘড়িকে কোসেস কর মারিব এখনি॥ এনাম বাদসার কাছে দেলাব আপনি * আবদুল্লা জেয়াদ ইহা কহিল হাকিয়া॥ এজিদার লস্কর সব আইল ঘিরিয়া * সেমর তেমুছ আর ওম্মর কাফির পালটিয়া লস্করেতে হইল হাজির * ঘেরাও করিল ফের নদীর কেনারে হাকিয়া জেয়াদ কহে তামাম লস্করে *এবে যে এমাম ফের পানি যদি পিয়ে॥ মনেতে করেছযদি একজন জিয়ে * এমাম হোছেন হেথা কেনারে উঠিয়া॥ গায়ের পোষাক সব দিলেক ফেলিয়া*মাথার ফেলিল পাগ জেরা বক্ত পোস॥ পেয়াছে কলেজা ফাটে হারাইল হোস *দউ তেনজ দিগ হৈল

পেয়াছের জোর ॥ অজ্দ আগুন যেন আখি হৈল ঘোর * ঘোর আছু চলে ফরজন্দ লাগিয়া ॥ কুফর লস্কর হেথা ঘিরিল আসিয়া * নজদিগে না আইসে কেহ থাকে আড়ে ওড়ে ॥ কেহ বলে এমাম ঘুরে বুঝি পড়ে তিরেন্দাজ তীর মারে তফাতে থাকিয়া ॥ চারিদিকে এমামের ছের তাকাইয়া * কত তীর রদ হয়ে গেল আসে পাসে ॥ এক তীর গর্দ্দানেতে লাগে অবশেষে * জেরা বক্ত পোসগায় কিছু না আছিল ॥ জহর আলুদা তীর গর্দ্দানে লাগিল * মোবারক গর্দ্দানে যদি লাগিলেক তীর ॥ জ্বলিয়া উঠিল সাহা হইল অস্থির * লাএলাহা ইল্লাল্লাহু জবানে চালায় মোহাম্মদ রছুলোল্লা তার পরে কয় * এমাম বলেন আল্লা তুমি কর তার ॥ এমন সময় কেবল ভরসা তোমার * দুই হাত এমাম গলায় ফেরাইল ॥ এমামের দুই হাত লহুতে ডুবিল * লহুভরা দুই হাত এমাম উচা করে ॥ এমামের লহু গেল আছমান উপরে * আছমান উপরে লহু ছিট-কিয়া লাগিল ॥ সিন্দুরিয়া মেঘ হয়ে আছমানে রহিল * আজিতক সেই মেঘ উঠে যে আছমানে ॥ হোছেনের সহিদের লহু জান সর্ব্বজনে * ফের দোন হাত পরে লহু মেলাইল ॥ আপন অঙ্গেতে দিয়া লাল রঙ্গ হৈল * লস্কর ভিতরে সাহা ঘোড়া ওঠাইয়া ॥ কাটিল বহুত লোক হেম্মত করিয়া * তীর গুলি নেজা বরছি মারে যে কাফেরে ॥ খালি অঙ্গ এমামের এসে লাগে জোরে * সত্তুর জখম হৈল এমামের গায় ॥ ঘোড়ার পায়েতে লহু চুয়ে চলে যায় * যত লহু হোছেনের গায়েতে আছিল ॥ কারবালা জমিন দিয়া লহুরি চলিল * মওত নজদিগে আইল রনে হৈল ভঙ্গ ॥ কারবালার খাক সব হৈল লাল রঙ্গ * আছমান জমিন সব লহু বর্ণ হইল ॥ আল্লা আল্লা বলে এমাম জমিনে গিরিল * জহর আলুদা বড় হৈল তার গায় ॥ ঘোড়া হৈতে বেহুস পড়িল কারবালায় * সবে বলে মর্দ্দ যদি পানি কিছু পিত ॥ মুল্লুক সমেতে সবে উড়াইয়া দিত * কেহ বলে জেরাবক্ত থাকিলে যে গায় ॥ কাহার কুদরত ছিল নজদিগেতে যায় * যখন এমাম হোছেন গিরিল জমিতে ॥ ভাই বন্ধু দোস্তদার কেহ নাহি সাতে * দেখিয়া কুফর সব আইল ঘিরিয়া ॥ ছের লিতে কেহ ডরে না যায় ডরিয়া * নজদিকে না যায় কেহ এমামের ডরে ডরেতে অজ্দ সবে কাঁপে থরে২ * সেমর লাইন বলে কেহ না পারিবে ॥ আমি ছের কাটিয়া এজিদে ভেজি তবে * এত বলি বদবক্ত জালেম কুফর ॥ কোমর হইতে গিধী নেকালে খঞ্জর * এমামের ছাতির উপরে গিয়া বৈসে ॥ ছের জুদা করিবারে ঘন১ হাসে * [illegible]

শুন সেমর লানতী ॥ আমিহ আলীর বেটা রছুলের নাতী * রছুলের ডর কিছু নাহিক মনেতে ॥ কেমনে বসিলি তুই আমার ছাতিতে * সেমর লাইন বলে তোরে ভাল চিনি ॥ ডর ভয় এহালেতে নাহিআমি শুনি হোছেন বলেন শুন সেমর নাবাকার ॥ মেরা এক নালিসের হয় রওাদার * একবার খোল যদি ছাতি আপনার ॥ বেহেস্তে লইব তুঝে সঙ্গে আপনার * এতেক শুনিল যদি সেমর লানতী ॥ অবিলম্বে খোলে গিধী আপনার ছাতি * হজরত রছুল যবে হায়াতে আছিল ॥ কাতেলের আলামত হোছেনে কয়ে ছিল * সেই আলামত সাহা দেখিতে নজরে ॥ বুঝিল ইহার হাতে মরন আমারে * ছাতির উপরে দেখিলেন তিন দাগ ॥ ছাতিতে পশম নাই কাফেরী দেমাগ * তবেত ইমাম কহে শুনরে সেমর ॥ যে কিছু তোমার দেলে থাকে তাহা কর * শুনিয়া কুফর খোলে পোলাদের ধার ॥ হলকুম উপরে সে চালায় বার বার * কাটীতে নাপারে গিধী হোছেনের গলা ॥ কহিতে লাগিল সাহা পাইয়া কছেল্লা * শুনহ সেমর তুমি শুনহ ফরমান ॥ আমারে মারিবে যদি শুনহে সন্ধান * নুর নবী নানা মেরা আছিল সংসারে ॥ বোছা দিয়াছেন মেরা হলকুম উপরে * যেখানে দিয়াছে চুম্বা নানাজী আমার ॥ না লাগিল তীর সেথা হুকুমে আল্লার * নুর নবী বোছা মেরা দিয়াছে গলাতে॥ তোমার হাতিয়ার হইতে নারিবে কাটিতে * খুলিয়া খঞ্জর লেহ আমার কোমরে ॥ কাটহ হলকুম মেরা সেই যে খঞ্জরে * সেমর লাইন যে এমামের ভেদ পাইয়া ॥ কোমর হইতে তেগ লিল নেকালিয়া * চালাইল হলকুমে কাফের মালাউন ॥ এমামের গলা তবু না যায় কাটন হোছেন বলেন নবীর বোছার বরকতে ॥ হরগেজ নারিবে মেরা হলকুম কাটিতে * জমিনেতে ছের মোর ওন্দা করে ধর ॥ ঘাড়েতে তীরের দাগ তাতে তেগ মার * আর এক বাত কহি হও রওাদার ॥ পোচাইয়া ছের মেরা না কাটে বার বার * ধড় হইতে ছের এক চোটে কর জুদা ॥ মেরা সঙ্গে বেহেস্তে তুঝে লইব সর্বদা * হোছেনের হুকুম মত সেমর দুর্জ্জন ॥ সমসের খেচিয়া জুদা কৈল ছেরতন * ইন্না লিল্লাহে কহে যত মোমিনগণ ॥ আর ওয়াইন্না ইলায়হেরাজেউন * অধম এয়াকুব কহে ভাবিয়া খোদায় ॥ এমামের পদ আশে রচিলাম ইহায় *

পয়ার * যখন বসিল কুফর ছাতির উপরে ॥ ছের জুদা কৈল যদি এমামের তরে * আরস কোরস লওহ কাল সহিতে ॥ বেহেস্ত দোজখ

আদি লাগিল কাপিতে * আছমান জমিন আদি পাহাড় বাগান ॥ কাপিয়া অস্থির হৈল কারবালা ময়দান * আফতাব মাহ্‌তাব তারা কালা হৈয়া গেল ॥ জানওার হরিণ পাখী কান্দিতে লাগিল * বালক সকল মায়ের দুধ যে হইতে ॥ নাওম্মেদ রহে সবে এমাম সোগেতে * বাঘ ভাল্লুক কান্দে আর মহিস গণ্ডার ॥ বাছুরে না দেয় দুধ কান্দে জারে জার * যত মোছলমান ছিল এজিদ লস্করে ॥ জার২ হৈয়া কান্দে এমাম খাতিরে * সোগেতে কাতর হৈল যত মোসলমান ॥ দেলেতে হইল খুসী যত কুফরান * মাছলমান সকল রোজদার হৈল সোকে ॥ কিন্তু পরকালে নষ্ট হৈল আপনাকে * মহরমের চাঁদের দশ রোজ গুজা-রিলে ॥ হোছেন সহিদ হৈলে ফেরাতের কুলে* একটি বরছ আর দশ রোজ তফাতে ॥ দুই ভাই দেখা হৈল বেহেস্ত খানাতে * সেখানে বেছের মোবারক তন ছিল ॥ পূর্ণীমার চাঁদ যেন রোশন করিল * সেমর লাইন তবে জানিল দেলেতে ॥ বেহেস্ত যাইব আমি এমামের সাতে * হোছেনের ঘোড়া তবে দেখে এমামেরে ॥ হাকিয়া পড়িল গিয়া এজিদ লস্করে * এয়ছা জোরে ঘোড়া তবে হীন২ ডাকে ॥ কানে তালা লাগে যেন বিজলি কড়কে * কারেবা মারিল লাথ কারেবা দান্দানে ॥ এয়-ছাই ভেজিয়া দিল দোজখের পানে * বহুত মারিল কুফর না পারে ধরিতে ॥ যেন মস্ত যুক্ত হৈল দেওানা হালেতে * আসিয়া হোছেনের কাছে কান্দে জার২ ॥ পাও পরে মুখ দিয়া কান্দিল বিস্তর * ফের আসি হোছেনের ছামনে দাড়ায় ॥ বেছের দেখিয়া ছের জমিনে নামায় * হোছেনের লহু নির্জ্জ ছেরেতে মাখিয়া ॥ চলিল খিমার দিকে বহুত কান্দিয়া * আখিতে বহিছে আছু হাকিল বাহিরে ॥ শুনিয়া ছোলেমা বিবী হায়২ করে * উম্মেকুলছুম বিবী আর জয়নব ॥ দড়বড়ি নেকালে ঘোড়ার শুনে রব * সহরবানু বলে সাহা লড়িয়া আইল ॥ আমার বাবেতে বুঝি আল্লা মেহের হৈল * কেহ বলে বড়া বক্ত আমা সবাকার দুস্মনের হাতে বেচে আইল পুনর্ব্বার * খিমা হৈতে বিবী সব আইল বাহিরে ॥ খালি পিঠে ঘোড়া খাড়া দেখিল নজরে* বহুত জখম গায় লহু চুয়ে পড়ে ॥ আছমান ভাঙ্গিয়া যে পড়িল সবার ছেরে * দেখিয়া তামাম বিবী বুকে মারে হাত ॥ বেহুস হইয়া পড়ে লাগে দাতেদাত * কান্দিয়া সহরবানু ছেরে মারে হাত ॥ কোথা রেখে আইল ঘোড়া মেরা প্রাননাথ বিবীগণ দেখে ঘোড়া বহুত কান্দিয়া ॥ জমিনে মারিল ছের তাপিত হইয়া * এমন সোগেতে ছের জমিনে ঠুকিল ॥ নেকালিয়া জান তার

বেহেস্তে পৌছিল * উম্মে ছোলেমা বিবী আর উম্মে কুলছুম ॥ বিবী জয়নব আদি করিয়া মাতম * কতেক করিল ভারি কাতর হইয়া ॥ আমি কি লিখিব তাহা অল্প বোধ হইয়া * সহরবানু কান্দে ছেরে খাক মাটি ডালে ॥ সোগেতে ফাটিয়া ছাতি যায় এক কালে * অনাথ অভাগি মোরা হৈনু এত দিনে॥ সাগরে ডুবিল নৌকা কাণ্ডারি বিহনে * তামাম আওরত সবে এল করে চুল ॥ এমাম২ করে কান্দিয়া আকুল * এমামের শোকে আর পানির পিয়াসে॥ কত বিবী পড়িয়া যে রহিল বেহুসে * সহর বানু বিবী রহে বেহুসেপড়িয়া॥বান্দি সবএসে তারে তুলিল ধরিয়া* পিয়াছে কাঁদিতে বিবী নারে ফোকারিয়া ॥ আস্তে২ কাঁদে হাত মাথায় মারিয়া * জয়নালআবদিন কাদে ভূমে লোটাইয়া॥ তামাম মরিয়া গেল কারবালায় আসিয়া * লড়াই করিতে বাবা মুঝে মানা কিয়া ॥ আপনি চলিয়া গেল মোরে একা থুইয়া * এখন এজিদার লোক ঘিরি লিয়া যাবে॥ বন্দখানা বিচে সবার জান নেকালিবে * এয়ছাই লিখন ছিল আমার কপালে ॥ থোড়াই ওম্মরে মুঝে বন্দখানা ডালে * সোর করে কাদিতে যে না পারে পেয়াছে ॥ এরাকুব কহেন ভাল হবে অবশেষে *

পয়ার * শুনহে রসিকগণ আছ যত জন ॥ দুনিয়া হামেসা কার হইয়াছে কখন*আল্লা বল ভাই কর এয়াদ রছুল ॥ মোহাম্মদী দীন ভাই বড়ই মাকুল * এই যে দুনিয়া দেখ সব আরকান ॥ দিন চারি ধুলা খেলা আখেরে মরন * হোছেনের নামে রোজা রাখ দশ দিন ॥ আল্লার নামেতে সবে করিয়া একিন * ইহার ছওাব যত কেতাবে বয়ান ॥ কি লিখিতে পারি আমি হইয়া নাদান * আল্লা যবে কাজী হবে রছুল আমিন ॥ সাফায়াত পাইবেক যতেক মোমিন * সেই দিনে দোস্ত হবে হাছেন হোছেন॥ কহিলেন এক বাত যদি লাগে মন * যেখানেতে হোছেনের কথা শুনিবে ॥ সোগেতে আপন আখি আছুতে পুরিবে * জয়নাল আবদিন হেথা কাদিতে আছিল ॥ আসিয়া এজিদের লোক ঘেরাও করিল * এজিদের লস্করে যত ছিল মোছলমান ॥ বিবী খানা দেখে সবে দেলে পেরেসান * সবে বলে কি করিলে আপে বারি তালা নবীর খান্দানে দিলে এতেক কছেল্লা * চাঁদ সূর্য্য যেই সবে দেখিতে নারিল ॥ হেন বিবীগণে সবে কাফেরে ঘিরিল ॥ যখন যাহাকে বাম হয়ত খোদায় ॥ পাষানেতে কোল দিলে পাষান লুকায় * যতেক মোমিন দেখ নবীর ওম্মত॥ এজিদের হৈয়া লড়ে এমামের সাত * আল্লার মক্কর কেবা জানিবে সংসারে ॥ আর কিছু হকিকত শুন বেরাদরে *

আবুবক্কর ছিদ্দিকের ফরজন্দ জাফর ॥ কহিলেন আমি ছিনু মক্কার ভিতর * যে কালে হোছেন সাহা সহিদ হইল ॥ হোছেনের সাতে এক গোলাম আছিল *মুখ কালা হৈল তার যেমত প্রকার ॥ তার হকিকত কহে এমাম জাফর * জাফর কহেন আমি ঘরে বসে ছিনু ॥ মক্কার দুয়ারে এক আওাজ শুনিনু * একজন মক্কার দুয়ারে দাঁড়াইয়া ॥ বহুত নালিস কৈল অনেক কাদিয়া * আল্লাতালা মেহেরবান হও মেরা পরে ॥ এই কথা কহে আর গড়াগড়ি করে * দেখিয়া নজদিগ আমি গেনু যে তাহার ॥ দেখিলাম ছিয়ামুখ কাদে জারে জার * পুছিনু তাহারে তুমি কান্দ কোন দায় ॥ মক্কায় আইলে বান্দার গুনা মাফ হয় মক্কা মওাজ্জমা দেখ উম্মেদের স্থান ॥ না কর নালিস নাহি হও পেরেসান * খোদার করমে নাওম্মেদ নাই হবে ॥ অবশ্য রহিম তুঝে রহম করিবে * ছিয়ামুখ বলে গুনা করিনু বিসম ॥ কদাচিত আল্লাতালা করেন রহম * তাহারে কহিনু আমি কি গুণা তোমার ॥ জানিলে করিতে তেরা পারি উপকার * ছিয়ামুখ বলে আমি হোছেনের পরে ॥ জুলুম করিনু বড়া কারবালা ভিতরে * জাফর বলিল তুমি কহ যে আমারে কেমনে জুলুম কৈলে হোছেনের তরে * ছিয়ামুখ কহে শুন কহি সমাচার ॥ ফাটিল নছিব দেখ যেমন আমার * রেকাব বরদার ছিনু এমামের সাতে ॥ এমাম সহিদ যবে দস্ত কারবালাতে * অমূল্য মানিক ছিল ইজারবন্দেতে ॥ হইল আমার মনে খুলিয়া লইতে * ভাবিলাম আমার ছাহেব যদি মৈল ॥ জরু লাড়কা পালিতে বিষম দায় হৈল * বেবাহা কিম্মত এই ইজারের লাল ॥ লইলে ইজারবন্দ খাব কত কাল * নজদিগ যাইয়া যদি লাগিনু খুলিতে ॥ সরম খাতেরে সাহা ধরে এক হাতে শয়তান আমার দেলে তালকিন করিল ॥ ছুরি নেকালিয়া হাত কাটিতে কহিল * মোবারক হাত আমি কাটিনু ছুরিতে ॥ আরবার ধরে সাহা বন্দ বাম হাতে* সেই হাত কাটিলাম শয়তানের বোলে ॥ গায়েব আওাজ এক শুনি হেন কালে * হইল আকাশ বানী শুন নামাকুল ॥ কিছু না করিলী ডর খোদা ও রছুল * ঐ মোবারক হাতে কতেক এনাম ॥ পাইয়া এয়াদ না করিলী কোন কাম * রছুলেরে কি কহিবে রোজ কেয়ামতে ॥ শুনিয়া বেহুস আমি পড়িনু জমিতে * ঘড়ি এক পিছে মোর হুস যদি হৈল ॥ পালাইতে নাহি পারি পাও না চলিল * হাজার কোসেসে পাও থোড়া চালাইয়া ॥ পড়িয়া রহিনু আমি থোড়া দূর গিয়া * খনেক পিছেতে তথা আছমান হইতে ॥ মরের বিছানা এনে লাগিল

বিছাতে * এমন হইল সেই বিছানার আলো ॥ দিবক জালালে যেন রাত্রি হয় ভাল * ফেরেস্তা সকল আসি তাহার গের্দ্দিতে ॥ তন ঘিরি জেয়ারত লাগিল করিতে * করেন মাতমজারী ফেরেস্তা সকলে ॥ হায় হায় শব্দ হৈল অতি কতুহলে * মেহতের আদম আদি পয়গম্বর যত ॥ এক সাতে ওতারিয়া করেন জিয়ারত * হায় হায় করিয়া কান্দেন জারে জার ॥ কহেন হোছেন এই কি দুঃখ তোমার * তন হৈতে মোবারক ছের হৈল জুদা ॥ বাজু হৈতে দস্ত কেবা করিল আলাদা * হৈনকালে নুর নবী আইলেন তথায় ॥ মেহতের আদম দেখে উঠিয়া দাড়ায় * হাত ধরে অপনার কাছে বসাইল ॥ হেনকালে ফেরেস্তা কত হাকিয়া কহিল এবরাহিম আইল সবে রাহা দেও ছাড়ী ॥ শুনিয়া সে নুরনবী উঠে দড় বড়ি * বসাইল খলিলের হাতেতে ধরিয়া ॥ কান্দিল খলিল তবে হোছেনে দেখিয়া*এইরূপে ঘড়ী এক তাহে গোজারিল ॥ এছমাইল জবি স্তুল্লা আসিয়া পৌছিল * এবরাহিম উঠিয়া ধরিল তারহাতে ॥ নিজ পাসে বসাইল নুরের বিছনাতে * ইছা মুছা আইলেন দাউদ ছোলে-মান ॥ এহিয়া আইল আর আইয়ুব গুনবান * তার পরে বিবী হাওা আইসে উত্তরিল ॥ এমামের সোগে আসি বহুত কান্দিল * হোছে-নের জেয়ারত করিল আফছোছ ॥ আদম ধরিয়া হাত বসাইল পাছ * অপুর্ব্ব রৌসন ফের এয়ছাই হইল ॥ রাহা ছেরে দেহ ডাকি ফেরেস্তা কহিল * মরিরম, পারছা আইল বলিয়া জানায় ॥ হাওা মাই হাতে ধরি পাসেতে বসায় * হেনকালে ফেরেস্তা কহিল ততক্ষনী ॥ হাজেরা ও ছারা আইল খলিল ঘরনী * হোছেনের জেয়ারত করিল কান্দিয়া বসাইল মরিয়ম আপনি উঠিয়া * তার পরে আএসা ছিদ্দিক বিবী আইল ॥ হোছেনের সোগে বিবী বহুত কান্দিল * ছারা ও হাজেরা দস্ত ধরিয়া তাহার ॥ বসান বিছওানা পরে করিয়া পেয়ার * হেনকালে ফেরেস্তা সকল হাক করি ॥ রাহা ছেড়ে দেহ আইল খোদেজা কবরি এমামের তন বিবী বেছের দেখিয়া ॥ জমিনে পড়িল সোগে কাছাড় খাইয়া * মহা দুঃখে জার জার কান্দেন আফছোছে ॥ আএসা সতিকে ধরে বসাইল পাসে * হেনকালে ফেরেস্তা সকলে সেতাবিতে ॥ ধাওা ধাই বিছানা লাগিল বিছাইতে * আইল মোরতজা আলী বলিয়া ছাকিল ॥ অধম এয়াকুব নবীর পায়ে নিবেদিল *

ত্রিপদী * ফেরেস্তা কহিছে ঘন, শুনহে রছুলগণ, ফরজন্দের সোগে সাহা আলী ॥ দেওানার মত আসে, সবে হও এক পাসে, রাহা

দেহ রাহা দেহ বলি * শুনে সবে দুই দিগে, দাড়ায়েছে বাগে২, সবে কান্দে দেখিয়া আলীরে॥ বেছের বেটার তন, দেখে সাহা হয়রান, কান্দিলেন বহুত কাতরে * মোবারক তন কোলে, করিয়া যে আলী বলে, এই ছিল তোমার কপালে॥ হাছেন হোছেন বলি, কান্দিল মোর-তজা আলী, রছুল উঠিয়া হেকাতে * বসান আলীর তরে, ধরে মোবা-রক করে, বিশেষ বুঝায় অতিশয়॥ তবু নিবারিতে নারে, ঘন হায়২ করে, ফেরেস্তা হাকিয়া পুনঃ কয় * ক্ষেনেক খামস কর, আমার বচন ধর, কি জানি কি শুনি সোরসার॥ আইসে এতেক সব, করে অতি কলরব, জানিতে নারিলাম সমাচার * শুনিয়া সকল জন, করে পুনঃ নিরক্ষন, ফেরেস্তা হাকিছে হেনকালে॥ ফাতেমা বেটার জোসে, স্মোর জারি করে আইসে, ভয় নাই ভয় নাই বলে * শুনি সব দড়বড়ী, ঠেলা ঠেলি হুড়াহুড়ি, ফাতেমায় দেখিতে সব যায়॥ আরস কোরস হৈতে, ফেরেস্তা সকল সাতে, ঘন ডাক হাকে হায়২ * হুর পরীগণ সাতে, ফাতেমা ঘেরাও তাতে, কান্দিয়া হয়েছে জার২॥ আখিতে আছুর ঝান্না, বহিতেছে মতি পান্না, বলে কোথা হোছেন আমার*যাইতে নাস্কুক পদে, আঙ্গিনার মাটি বেদে, পা এক দু পা চলে যেতে॥ সে পাও বালির বনে, বায়ু মতে চলে গণে, ধাওা ধাই হোছেন দেখিতে * কোথারে হোছেন মোর, বলে বিবী করে সোর, পড়িল বেহুস হয়ে অতি॥ দেখি জমা বিবী সব, মনে২ করে রব, পেরেসানি যায় জোনাজাতি * দেখিয়া সে আলী সাহা, সহিতে নারিল ইহা, কুদিয়া পড়িল গিয়া দুরে॥ খুলিল তলওার আর, লইতে বেটার ধার, রচিল এয়াকুব কবিকার *

হজরত আলী ও বিবী ফাতেমা এমামের সোগে
মাতম করিবার বয়ান *

পয়ার * আলী বলে হারামজাদ কেয়ছা জোরওার॥ আমার বেটার পরে মারে তলওার*লহুনদি বহাইয়া দিব দুনিয়া পরে॥ এলাহি এতেক দুঃখ দিতেছে আমারে * সেতাবি রছুল আসি ধরিল আলীরে॥ কেন বাবা ঝুট তুমি করিবে আমারে * কহিয়াছি আমি ওম্মতেরে সমাচার॥যেই দিনে আলী জোরে খুলে জোলফোকার * উভে হাত সাত খণ্ড আকাশ কাটিবে॥ লম্বাইতে সাত খণ্ড জমিন কাটিবে * তুমি যদি খোদার সাতে বান্ধ তলওার॥ একথা সকলি মিথ্যা হইবে আমার * বিশেষ আমরা সবে পাইয়াছি মউত॥ মরা লোক জন্ম করে শুনিতে

হায়বত * হোছেন সহিদ হবে জেনেছিনু মনে ॥ আপনে কয়েছে আল্লা কেতাবে কোরানে * এই কথা শুনিয়া সরমেন্দা হৈল আলী ॥ হেথা বিবীগণ ফাতেমায় ধরে তুলি * হুস হৈল ফাতেমার লাগিল বলিতে ॥ বেটার দরদ আলী নাহিক তোমাতে * যদি দশ মাস তুমি ধরিতে উদরে ॥ তবেত বেটার বেথা জানিতে অন্তরে * খবর দিয়াছে আল্লা কেতাব কোরানে ॥ হাত কাটা যাবে বল শুনেছ কখনে * আমিত আওরত জাতি না ধরি তলওয়ার ॥ নহেত এখনি লিতুম হোছেনের ধার * হাতের কাঙ্গন তবু আরস কাঙ্গরা ॥ ভাঙ্গিয়া করিব চুরা তবেত জেহরা * রছুল মিনতি করে ফাতেমার তরে ॥ এমনি করিলে কি পাইবে হোছেনেরে * ফাতেমা বলিল বাবা তুমি রহ হোথা ॥ নাহি সয় গায় মোর ললপত,কথা * দেখিবে এখন আমি কহিব খোদারে ॥ কোন দোষে এতেক জুলুম কৈল মোরে * রছুল করিতে বোধ নারে ফাতেমায় ॥ নেহাত বেটার সোগে করে হায়২ * বেটার বেছের তন লইয়া কোলেতে ॥ কাতরে ফাতেমা বিবী লাগিল কান্দিতে * বলরে হোছেন তেরা একি ফজিহত ॥ কোন দোষ পাইয়া তেরা কাটিলেক হাত * আহা বাছা হোছেন মায়ের প্রানধন ॥ ছের কাটা হাত কাটা কিসের কারন * খোদা মোহম্মদে না ডরিল নাবাকার ॥ না জান যে হবে গোস্বা বিবী ফাতেমার * বলিল এ আল্লা যেই কাটিলেক হাত ॥ এমনি করহ তারে এই মোনাজাত * বিবীর শুনিয়া বাণী যত পয়গম্বর ॥ ফেরেস্তা সকল আদি হইল কাতর * বিবীর কান্দনে জমি করে টলমল দেখিয়া হইল ভয় ফেরেস্তা সকল * তরাসেতে রছুলের মুখে নাই বানী ফাতেমার আখের আছু পুছেন আপনি * কমবক্ত রেকাবদার বলিছে জাফরে ॥ ডরিয়া আখেরে আমি গেনু যে হুজুরে * বলিনু ফাতেমা বিবী খাতুনে জেন্নাত ॥ আমি কাটিয়াছি এমামের দুই হাত * মাফ কর এই গুনা বারেক আমারে ॥ শুনিয়া ফাতেমা কৈল লানত তোমারে * গোলাম হইয়া তুমি কৈলি কোন কাম ॥ রছুলেরে না ডরিলি নেমক হারাম * রছুলোল্লা শুনে বাত আগ বরাবর ॥ খেচিল তামেচা মোর মুখের উপর*তাহাতে আমার মুখ হইয়া গেল ছিয়া ॥ বিশেষ তোমার তরে কহিনু খুলিয়া * তবে ফের ফাতেমা কহিল মোর তরে ॥ কোন গুনা মেরা বেটা করে ছিল ওরে * এই হাতে কতবার পাইলি এনাম ॥ তার প্রতিফল তুই করিলি এ কাম * ছিয়ামুখ এই কথা বলিয়া জাফরে ॥ কান্দিয়া আকুল হৈয়া দুই পাও ধরে * বলিল এমন গুনা করিয়াছি

আমি ॥ উদ্ধার হইবে কিসে কহ দেখি শুনি * জাফর কাঁদিল বহুত পাইয়া খবর ॥ নিদানে কহিল তুই শুনরে কুফর * আছমান হইতে তেরা গুনা হৈল উচু ॥ এহার উপায় মুঝে নাহি সোজে কিছু * এতেক বলিয়া ভাবে এমাম জাফর ॥ ইহার নজদিগে হৈতে পালান বেহ-তের * এহারে দেখিলে গুনা হয় জনে২ ॥ পালায় জাফর নাহি চায় পিছ পানে*জাফর কহিল আল্লা এই মোনাজাত ॥ মোছলমান সকলে কর নবীর সাফাত * আলী মোরতজার আর কারবালা জমিনে ॥ সহিদ হইল যত রছুল খান্দানে * সরম আবরু রাখ আল্লা যতেক মোমিনে ॥ অধম এয়াকুব এমামের পদ ভনে *

এজিদার লস্কর হজরত এমামের আহলেখানা লুটিয়া বিবীগনকে দামেস্ক লইয়া যাইবার বয়ান *

পয়ার * হোছেন সহিদ হৈল কারবালা জমিনে ॥ জেয়ারত জারি কৈল যত রছুলানে * সত্তুর হাজার ফেরেস্তা এক ঠাম ॥ করিলেক এমামের জেয়ারত কাম * তার পর যাইয়া যতেক এজিদান ॥ লুটিয়া খিমার যত মাল আওর জান * উম্মে ছোলেমা বিবী কেবল বাচিল ॥ নবীর সরম খাছ বলিয়া রাখিল * আওরতের চিজ বস্তু যত ছিল জার ॥ লুটিল বসন আদি যত অলঙ্কার * তবে এক কাফের আইল আচম্বিতে ॥ লাগিলেক জয়নবের গহনা কাড়িতে * ফের এক কাফের সেইখানেতে মিলিল ॥ বানুর গহনা আদি কাড়িয়া লইল * আর এমা-মের বেটীর গহনা যে ছিল ॥ দুই জনে সকলে তাহা লুটিয়া যে লিল পাচ বছরের যে এক হোছেনের বেটি ॥ ফাতেমা আছিল নাম রূপে পরি পাটি*জয়নবের কাছে গিয়া কমজাত কুফরে ॥ কোল হৈতে ছেনা-ইয়া ফাতেমারে* উম্মে ছোলেমা বিবী কহিল খোদারে ॥ এতেক জুলুম আল্লা করিল আমারে * এত বাড়াইলে তুমি কমজাত কাফেরে জোরকরে হোছেনের হোরমত উপরে * এক কাফের বিবীর কাপড় ধরে টানে ॥ ছেনাইয়া লিতে চাহে কাফের বেদিনে * মোনাজাত করে বিবী আল্লার দরগায় ॥ যত টানে ততেক কাপড় বেড়ে যায় * আলার মকবুল পাক করিলা তাহার ॥ যত টানে তত বাড়ে অঙ্গের বস্তর * বিবী বলে আল্লাতালা এয়ছাই করিলে ॥ কোলের ছাওাল মোর কাফেরেরে দিলে হইয়া মরিত বেটি সেই ছিল ভাল ॥ এয়ছাই করিলে আল্লা কাফেরে লুটিল * মোনাজাত করে বিবী ছালেমা কলছুম ॥ আপে বারিতালা দেখ এতেক ছেতম * খছম মরিল তার কাফেরের হাতে ॥ গুনা করে ছিল

কিবা তাহার আওরত * চান্দ সুর্য্য দেখিতে নারিল যার তরে ॥ তাহার হোরমত লয় কমজাত কাফেরে * এই মোনাজাত উম্মে ছোলেমা করিতে বাহাত্তর জন মারা গেল আচম্বিতে * জয়নাল আবদিন উম্মে ছোলেমার দামন ॥ ধরিরা পাইল রক্ষা শোন সর্ব্বজন * আবদুল্লা জেয়াদ আর উন্মর দুর্ম্মতি ॥ ছাদ মোছের আর যতেক লানতি * হাকিয়া কহিল সবে যতেক লস্করে ॥ আর না যাইও কেহ খিমার ভিতরে * উম্মে কলছুম আর উম্মে ছোলেমারে ॥ বিবি জয়নব আর কদবানু তরে * জয়নাল আব দিন আদি ঘিরিয়া সবায় ॥ এজিদেরে ভেজিতে আনন্দে চলে যায় * বিচখানে লিল সবে জয়নাল আবদ্দিনে ॥ চলিলেন আসে পাশে যত বিবিগণে * সরাব খাইয়া মস্ত যত খারিজান ॥ বড়া খোসালিত হৈয়া চলিল কোফরান * সাদিয়ানা বাজাইয়া চলে খোসালিতে ॥ চলিল কাফের সবে হাসিতে খেলিতে * ভাল কাম কৈনু জানে কুফরের মনে ॥ আখেরে দোজখে যাবে নাহি মনে গনে * সাত সও আওরত সব কান্দিতে২ ॥ চলিল পেয়াদা পাও কুফর ঘেরিতে * এক২ বান্দির পায় এমন ছুরত ॥ হুর পরি নাহি পায় তার সারাফত * ছের পাও লাঙ্গা যায় যত বিবিগণ ॥ চলিতে না পারে কেহ লেঙ্গড়া যেমন * তাতে পানি বিনে যে কলেজা গেছে ফাট ॥ লহু পড়ে পায় যে চুবিয়া খেতি মাটী * দানা পানি বিনে তার নেকলে পরাণ ॥ পাও বাড়াইতে নারে ফেটে যায় জান * এইরূপে কত দিন রাহেতে চলিয়া ॥ দামেস্কের নজদিগেতে পৌছিল যাইয়া * ছালে নামে একজন মোছলমান ছিল ॥ সহর বাহিরে কোন কামেতে আইল * নজর পড়িল আহলে খানার উপরে ॥ ছের পাও লাঙ্গা লিয়া যায়ত কাফেরে * দেখিল তামাম বিবি বহুত কাতর ॥ কান্দিয়া হয়রান মর্দ্দ হইল বহুতর * কাফের লানতি দিয়া ছালে কেন্দে বলে ॥ ছাহেবান সবারে আনিলে এমছা হালে * শুনিয়া তামাম বেওয়া কহে তার তরে ॥ তুমি কেবা বটে বাবা কহিবে আমারে * কহিল যে ছালেনাম হয়ত আমার ॥ রছুলের খান্দানের হই দোস্তদার * শুনিয়া ছোলেমা বিবি কহিল তাহারে ॥ এক কাম কর বাবা চাহিয়া খোদারে * এক এক পিয়ালা পানি আনিয়া পেলাও ॥ এই কাম কর যে খোদার পানে চাও * বারেক কলেজা ঠাণ্ডা হউক সবার ॥ এই ফরিয়াদ বাবা হও রওাদার * কলেজা কাবাব হৈল নাহি মেলে পানি ॥ কান্দিতে লাগিল সবে এই কথা শুনি * তবে ছালে সেতাবিতে মশক পুরিয়া ॥ ধাওাধাই আনি

লেক ঠাণ্ডা পানি লিয়া ❋ যতেক কাফের সব রহিলেক খাড়া ॥ পানি পিয়ে ঠাণ্ডা হৈল যত আওরতেরা ❋ ছোলেমা কহিল ছালে শোন দেল দিয়া ॥ করিলে অনেক নেকি পানি পেলাইয়া ❋ ছালেরে বহুত দোয়া কৈল জনে জনে ॥ চলিল কাফের সব না রহে সেখানে ❋ সেখানে থাকিয়া সবে মেলা দিয়া যায় ॥ আর এক মকর দেখ করিল

এক ব্রাহ্মণ এমামের ছের আপন ঘরে রাখে আর জেয়াদের
সাতে চাতুরি করে তাহার বয়ান ❋

পয়ার ❋ দামেস্ক সহরে এক বামন আছিল ॥ এমামের আহওাল যত শুনিতে পাইল ❋ মুখুয্যা কুলেতে জন্ম নাম চন্দ্রভান ॥ দেখিতে এমামের ছের হইল আরমান ❋ বামন আপন দেলে করিল মছলত ॥ এমামের ছের লিব করিয়া হেকমত ❋ হেকমত করিয়া সে ছের ঘরেতে আনিয়া ॥ কেয়ছা কেরামত দেখি আজমাইস করিয়া ❋ এছাই ভাবিয়া গেল জেয়াদের হুজুরে ॥ আজিকার রাত আপে রহ মেরা ঘরে ❋ হালাক হইলে সবে লড়াই করিয়া ॥ সুস্থ হৈয়া যাও মেরা ঘরেতে রহিয়া ❋ আমিত তোমার বটে রায়েত প্রধান ॥ এক রোজ মেরা ডেরে রহ মেহের বান ❋ জেয়াদ কুফর এয়ছা পাইয়া পিরিত ॥ বামনের বাড়ী যায় হৈয়া খোসালিত ❋ জেয়াদের তরে বলে কোরনেস করিয়া ॥ এমামের ছের দেহ রাখি সামালিয়া ❋ বামনের তরে যে জেয়াদ গিয়া কয় ॥ এক যে ছেরের দায় এতেক প্রলয় ❋ তবে যদি রাখ ছের হুসিয়ার হইয়া ॥ লিয়া যাহ ছের দিবে বিহানে আনিয়া ❋ এ বাত কহিয়া ছের দিল বাহমনেরে ॥ বাহমন লইয়া ছের আইল অন্দরে ❋পাক ছাফ এক ঘরে সেই ছের লিয়া ॥ তক্তের উপরে রাখে তাজিম করিয়া ❋ যত মাল মাত্তা ছিল বামনের ঘরে ॥ ছরঞ্জাম করিয়া দিল জেয়াদের তরে ❋ এমামের খাতিরেতে বিষাদ অন্তরে ॥ রাত যোগে বাহমন আইল সেই ঘরে ❋ দেখিল উজালা ঘর মাণিক প্রকাশে ॥ পূর্ণিমার চান্দ যেন উদয় আকাশে ❋ বাহমন দেখিল যদি রূপ অনুপাম ॥ মনেতে জানিল মোর সিদ্ধ হৈল কাম ❋ গলায় কাপড় দিয়া ছালাম করিল ॥ ছের তাকাইয়া বাত কহিতে লাগিল ❋ জাহানের পীর তুমি নবির আওলাদ ॥ বড়ই মকবুল ছিল নবি মহাম্মদ ❋ বড় সাদ ছিল যে তোমার কাছে গিয়া ॥ মুরিদ হইব আমি কলেমা পড়িয়া বড়ই কমবক্ত আমি দুনিয়া ভিতরে ॥ কাটিল তোমার ছের কমজাত কুফরে ❋ বামনের এই বাত শুনিয়া হোসেন ॥ মেহের হইয়া বাত

বাহমনে কহে ✽ যদি তেরা দেলে থাকে হতে দীনদার ॥ বলহ কলেমা যে পড়াই একবার ✽ কাটা ছের বাত কহে বাহমন হুজুরে ॥ বড়ই একিদা হৈল বাহমনের অন্তরে ✽ কলেমা তৈয়ব সেই পড়ান জবানে ॥ একিদা কলেমা সেই পড়িয়া চন্দ্রভানে ✽ জরু খছম সকলে হইল মোছলমান ॥ হাজার ছালাম কৈল সাবুদ ইমান ✽ বেদ্বিন দীনেতে আইল কেরামত দেখিয়া ॥ জারে জারে কান্দে দোন এমাম লাগিয়া ✽ বেহানে কুফর হেথা ডাকি বাহমনেরে ॥ তাকিদ আনহ ছের জেয়াদ হুজুরে ✽ শুনিয়া বাহমন মর্দ্দ ভাবেন অন্তরে ॥ না দিব এমামের ছের বদজাত কাফেরে ✽ আপনার সাত বেটা ডাক দিয়া আনে ॥ কহিতে লাগিল সাত বেটা জনে জনে ✽ জেয়াদ তলব করে হোছেনের ছির ॥ কেমনে রাখিব ছের করনা ফিকির ✽ বাহমনের বড়া বেটা নাম উদয়ভান ॥ বাপের হুজুরে কহে শুন বাবাজান ✽ এমামের ছের না দিব কোন কালে॥ মেরা ছের কেটে দেহ এমাম বদলে ✽ আর যত ভাই সব মনে হৈল দুখী ॥ বড় ভাই বেহেস্তে যাবে আমরা দোজখী ✽ ছোট বেটা বলে বাত বাপের হুজুরে ॥ মেরা ছের কেটে লিয়া দেহ জেয়াদেরে ✽ ভাই২ ঝগড়া করে মরিবার কারণ ॥ বড় বেটার ছের আগে কাটিল বাহমন ✽ লইয়া বেটার ছের বাহমন আপনে ॥ রাখিয়া দিলেক লিয়া জিয়াদ ছামনে ✽ দেখিল জিয়াদ পাপী নজর করিয়া ॥ এই ছের এমামের নহে যে বুঝিয়া ✽ কহিলেন এই ছের নহে এমামের ॥ এমামের মুখে আছে চটক চান্দের ✽ শুনিয়া বাহমন মর্দ্দ চলে গেল ঘরে ॥ আর বেটার মাথা কেটে আনিল হুজুরে ✽ দেখিয়া জিয়াদ গিধি কহিল তখন ॥ দাগাবাজি কেন কর মুখুয্যে বাহমন ✽ এইরূপে সাত বেটার ছের কেটে দিল ॥ দেখিয়া কাফের তবু দয়া না করিল ✽ জেয়াদ কহেন ভাল চাহরে বাহমন ॥ মেরা সাতে দাগাবাজী না কর এমন ✽ এমামের ছের আন আমার হুজুরে ॥ নহে জরুজাত তেরা দিব হালাল খোরে ✽ শুনে জেয়াদের বাত সেইত বাহমন ॥ দেলেতে ভাবিল আর করিব কেমন ✽ আল্লা ভাবি কত্ত করি জেয়াদ কাফিরে ॥ লড়াই করিয়া মারি যে হয় আখেরে ✽ আখেরে মউত আছে কিসের সংসার ॥ মহিমে সহিদ হৈলে আখেরে নিস্তার ✽ এতেক ভাবিয়া মর্দ্দ চলে লড়িবারে ॥ বাহমনী আসিয়া বলে বাহমনের তরে ✽ ধরমে করমে তুমি হইবে নিস্তার ॥ নিদান কালেতে মোর কি হইবে আর ✽ কিসের সংসার মোর কিসের বাসনা ॥ এমামের নাই ছের দিব যে আপনা ✽ বাহমন বলেন তবে বান্ধহ কোমর ॥ খাড়া

দিয়া কাটি যত কমজাত কুফর ❋ খুব এক খাড়া ছিল পোলাদের ধার ॥ বাহমন তুলিয়া নিল হাতে আপনার ❋ বাহমনী বুঝিয়া তবে আপনা দেলেতে ॥ সালগ্রাম পাথরখান তুলি নিল হাতে ❋ জেয়াদের কাছে আসে বাহমনী বাহমন ॥ খাড়া হাতে করে লড়ে গোস্বা হৈয়া মন ❋ ফাএর হইল জেয়াদ দেখে বাহমনেরে ॥ টিকিতে না পারে কেহ বাহমন হুজুরে ❋ এয়ছা দোওা করেছিল পাক পরওার ॥ সও পাহালওয়ানের জোর হইল তাহার ❋ যে দিগে বাহমনে ধায় গোস্বা হৈয়া মনে ॥ সাজ ওাল সমেত কাটে কত জনে জনে ❋ বড়া বড়া ছেপাই কাটেন ছরদার ॥ চুনিন্দা ছেপাই কাটে দুই চার হাজার ❋ কার সাতে জঙ্গ নাই গাফিল আছিল ॥ আচম্বিতে আগ যেন সহরে লাগিল ❋ দেখিয়া জেয়াদ কুফর হইল ফাফর ॥ একেলা কাটিল বামন এতেক লস্কর ❋ তরাসে জেয়াদ গিধি পালাইয়া যাইতে ॥ বাহমনী পাথর ফেকে মারিল আখেতে❋ সালগ্রাম মারিল বিবি জেয়াদ উপর ॥ ফাটিল জেয়াাদর আখি লাগিল পাথর ❋ সালগ্রাম খাইয়া জেয়াদ হৈল অচেতন। নছিব সাবুদ তার বাচিল জীবন ❋ এক আখি কানা হৈল পাথর খাইয়া ॥ গোস্বায় বাহম-নীর ছরে ডালিল কাটীয়া ❋ হাতী হৈতে পড়েছিল আরবার উঠিল ॥ ছের ছালামত আছে সকলে দেখিল ❋ পালাইতে ছিল লোক জেয়াদ হাকিল ॥ জেয়াদের হাকে লোক পালটিয়া আইল ❋ একেলা বাহমন ছিল ময়দান উপরে ॥ চারি দিকে হৈতে আইসে ঘিরিল তাহারে ❋ বাহমন দেখিল যে বাহমনী মেরা গেল ॥ বিষাদ ভাবিয়া যে মহিমে খেমা দিল ❋ কবিলার শোগে তার কমি হৈল বল ॥ তামাম লস্কর লোক ঘিরিল সকল ❋ বলে ক্ষেমা দিল বাহমন মউত কারণ ॥ এক জন কাফের এসে মারিল গর্দ্দান ❋ সাত বেটা কবিলা তার আপনি বাহমন ॥ এমামে ইমান এনে ত্যাজিল জীবন ❋ ইমান খাতেরে সবে বেহেস্ত পাইল ॥ বাহমনের জঙ্গে জেয়াদের ফতে হৈল ❋ বাহমনের কথা সব তামাম হইল ॥ ঘেরিয়া খেলাওত খানা কাফের চলিল ❋

এজিদের হুজুরে এমামের ছের দাখিল করিবার বয়ান ❋

পয়ার ❋ বেওয়াপণ ঘিরে লিয়া চলিল কুফরান ॥ জয়নাল আবদিন তবে সবে আগুয়ান ❋ এইরূপে আইল যে দামেস্ক সহর ॥ সেখানে তক্তের পরে এজিদা কুফর ❋ হোছেনের ছের রাখে সোনার তক্তেতে ॥ জেয়াদ লইয়া দিল এজিদা লাগতে ❋ সকল জানানা আর হোছেনের ছের ॥ দেখিয়া খোসাল হৈল এজিদ কাফের ❋ বলিতে লাগিল বিবি

উম্মে ছোলেমারে * এবে কোথা তকব্বরি করত আমারে * বিবি বলে কি বলিলি তুই কমবক্তে ॥ মহাম্মদ মোস্তফার খান্দানের হুকেতে * এজিদ মালাউন কহে বিবি জয়নবেরে ॥ এখানে কবুল বিবি করহ আমারে * জয়নব বলেন তবে শোনরে কমজাত ॥ খাক দিব তোর মুখে কহ এয়ছা বাত * বান্দিবাচ্চা বদবক্ত ওরে হারামখোর ॥ হেন বাত নেকালিতে লজ্জা নাই তোর * দুনিয়ার বিচে তুই পাইয়া বাদসাই ॥ নবি বংশে কহ বাত ডর কিছু নাই * তবেত এজিদ কহে সহর বানুর তরে ॥ কোন বাহানায় যে খোসাল হও মোরে * বানু বলে কোন বাহানায় কিবা কাজ ॥ তিলেক হারামজাদ নাই কর লাজ * ছাহেবানীরে রমজ করহ বারে বার ॥ খারাব হইয়া যাবি হুকুমে আল্লার * নবির আওলাদ বলে নাহি কর ভয় ॥ আখেরে কি দিবে জওাব পুছিলে খোদায় * এজিদ বলেন তুমি হইয়াছ রাড়ি ॥ আমার তাবেতে হৈয়া আইলে মোর বাড়ী * কোথায় রহিল এবে সেইত এমাম ॥ এখন যে বলি আমি কর সেই কাম * বার বার শুনিয়া বিবি বলে কারছাজ ॥ কি করিব আমার কপালে পড়ুক বাজ * এজিদার ডরে আমি রাজি এমামেরে ॥ কবুল করিয়া ছিনু দুনিয়া উপরে ॥ আখেরে এজিদ হাতে ঠেকাইলে মোরে * এবার তরাও আল্লা মনাজাত করে * হোছেনের আওরত হৈয়া দুনিয়া ভিতরে ॥ কিরূপে যাইবু আমি কাফেরের ঘরে * জার২ কান্দে বিবি খোদাকে ভাবিয়া ॥ এত নেকী করেছিনু এহার লাগিয়া * কান্দিয়া এজিদে কহে শুনরে কুফর ॥ তেরা আগে জানকে করিব খাকছার * এয়ছা২ বাত তুমি কহঃ বারে২ ॥ ডর নাহি কর কিছু নবি পয়গম্বরে * বিবির কান্দনে কাপে আরশ কোরস ॥ আল্লার হুকুমে এজিদ হইল অবশ * এজিদ কান্দনা শুনে নরম হইল ॥ বিবির খাতেরে বাত কহিতে লাগিল * নাহি কান্দ বিবি তুমি মাফ কর মোরে ॥ কোন কথা না কহিবো তোমার খাতেরে * বিবি বলে বেটী মেরা লিয়াছে কাড়িয়া * পরাণ ফাটিয়া যায় তারে না দেখিয়া * তাহাকে আনিয়া দেহ জিউ ঠাণ্ডা করি ॥ এজিদ বলেন বেটী কেবা কৈল চুরি * বিবি বলে আমি তাকে জানি নাই চিনি ॥ লস্করে লিয়াছে বেটী শোন মেরা বাণি * পাঁচ বৎসরের বেটী ফাতেমা যে নাম ॥ তার তরে মেরা জানে নাহিক আরাম * শুনিয়া এজিদ কহে তামাম লোকেরে ॥ তাকিদ আনিয়া হোছেন বেটীরে * শুনিয়া নকিব সহ হাকিতে লাগিল ॥ সেই ঘড়ি এজিদের হুজুরে আনিল * পাঁচ বৎসরে সেই. ফাতেমা তার নাম ॥ পূর্ণিমার চাঁন্দ যেন রূপে অনুপাম * বদন

বিকস রূপে যেন চন্দ্রমাসা॥ অধর বিম্বক ফল কোকিলের ভাষা ❋ কিবা রূপ শোভা করে তার দুই উরূ॥ যেন উলটিয়া পড়ে কদলীর তরু❋ ক্ষণে ক্ষণে দুই পায় চম্পক অঙ্গুলি॥ জেওরাতে শোভা যেন করিয়াছে মিলি ❋

ফাতেমা বেটীর তরে খোরমা খাওয়াইবার বয়ান ❋

পয়ার ❋ এজিদ বলিল বেটী শুনগো ফাতেমা॥ মদিনা হইতে আমি আনিয়াছি খোরমা ❋ খাও যদি তোমারে খেলাই আনাইয়া॥ খোসাল হইল বিবি একথা শুনিয়া ❋ খাইব আমার বড় লাগিয়াছে ভুক॥ শুনিয়া যে কাফেরের বাড়িল কৌতুক ❋ হোছেনের ছের এনে ধরিল হুজুরে॥ বলে খোরমা খাও বিবি দিলাম তোমারে ❋ দেখিয়া বাপের ছের চিনিল তখনি॥ আহাং করে তবে উঠিল আপনি❋হায়২ করে কান্দে বিবি উচ্চস্বরে॥ অতি জার২ কেহ বিমারিতে নারে ❋ কি দোষে কাটিল ছের বাপের আমার॥ কেমনে কাটিল ছের দয়া নাই তার ❋ ডাকাতি নাহিক করে নাহি করে চুরি॥ কোন দোষে বাবাজীর গলে দিল ছুরি❋হায় হায় কান্দে বিবি জিউ নাহি বান্ধে॥ এমামের ছের দেখি বিবিগণ কান্দে ❋ কান্দিয়া খেলওতখানা হৈল জার জার॥ জোরেতে কান্দিতে কেহ নাহি পারে আর ❋ ফাতেমা কান্দিয়া বলে হায় বাবাজান॥ কোথা গেলে আ-মাদেরে করিয়া নিদান ❋ আমাদেরে ছাড়িয়া গেলে এতিম করিয়া॥ কার কাছে দাড়াইব বাবাজি বলিয়া ❋ কে চাবে মুখের পানে কেবা দিবে দানা। কোলেতে করিবে কেবা বলিয়া আপনা ❋ মুখে মুখ দিয়া কান্দে বলে হায় হায়॥ খালি ছের দেখি ধড় রহিল কোথায়❋এজিদেরে কহে বিবি কান্দিয়া কান্দিয়া॥ আনিয়াছ ছের ধড় দেহ আনাইয়া ❋ সেই ধড় আমারে যে দেহ একবার॥ ধড় ছের মিলাইয়া করি যে দিদার ❋ এজিদ বলেন বিবি আমি নাই জানি॥ জেয়াদ এনেছে কেটে কারবালায় শুনি❋ শুনিয়া কান্দেন বিবি বলে হায়২॥ এত দুঃখ কপালেতে লিখিল খোদায় ❋ এয়ছা কলম মেরে ছিল রদ না হইল॥ কোন দোষে এলাহি গজব এয়ছা কৈল ❋ কার কাছে দাড়াইব তোমা বাপ বিনে॥ বাপ বিনে বেটীর দরদ কেবা জানে❋এজিদের কাছে কাছে কহে কান্দে জার২॥ বাচাইয়া দেহ বাদসা বাপকে আমার ❋ ধড় ছের জোড়া দিয়া দেহ বাচাইয়া॥ দেল বিচে দয়া কর এতিম বলিয়া ❋ ধুলায় লুটিয়া কান্দে ভুমে ছের পিটে॥ আহলেখানা দেখে কান্দে শোকে ছাতি ফাটে ❋ আহলেখানার বিবি সব কান্দে করে সোর॥ দামেস্ক সহরে হৈল কেয়ামত বরাবর ❋ কান্দিয়া ফাতেমা তবে ছের নাই তোলে ❋

এজিদ কান্দিল তবে করিলেক কোলে * এজিদ লানতি তবে দেখ তার জারি ॥ আপনি কান্দিল প্রাণ ধরিতে না পারি * এজিদ বলেন হায় কি কাম করিনু ॥ না বুঝিয়া কেন আমি আপনা খাইনু * শুনহে মমিন ভাই শুন এই কথা ॥ এজিদ কান্দিল এয়ছা না জানিও মিছা * সাহা আলির বেটা আর রছুল খান্দানে ॥ এমন জুলুম হৈয়া ছিল সেই দিনে * পাথর ফাটিয়া শোগে হইল চৌচির ॥ কান্দিবে ওজর নাই মনুষ্য শরীর *

এমামের মাতম মঞ্জিলের বয়ান *

পয়ার * ফাতেমা বাপের ছের এজিদে চাহিয়া ॥ লইল তস্তের সাতে মাথায় করিয়া * বলিল বাপের ছের আমি যাই নিয়া * জোড়া লাগাইব আমি কারবালা ঢুড়িয়া * ফাতেমা উঠায়ে লিল হোছেনের মাথা ॥ গায়েব হইল মাথা শোন তার কথা * যেথানে হোছেনের ধড় কারবালায় আছিল ॥ পয়গম্বর ফেরেস্তা আর বিবিগণ আইল * আসিয়া ফেরেস্তাগণ গোছল দেলায় ॥ ধড় আছে ছের নাই দেখিবারে পায় * হোছেনের ছের নাই দেখিয়া নজরে ॥ এজিদ লইয়া গেছে জানিল অন্তরে. সেই ঘড়ি ফেরেস্তারা দামেস্ক আসিয়া ॥ ফাতেমার ছেরের ছের লিল উঠাইয়া * দুই হাতে ছের লিল কেহ না দেখিল ॥ ছের লিয়া ফেরেস্তারা ধড়ে জোড়া দিল * ফাতেমা হজরত আলি আইল নজদিগে ॥ যতেক মাতম কৈল ছের নিয়া আগে * কান্দিতেং সবে দিলেক মঞ্জিল ॥ তামাম ফেরেস্তা হৈল বেহেস্তে দাখিল * ফাতেমা দেখিল ছের গায়েব হইল ॥ এমামের কেরামত এজিদ দেখিল * এমামের তরে গিরি বহুত কান্দিল ॥ কাহার মছলতে দেল একাম করিল * জয়নালের তরে পোছে এজিদা গণ্ডার ॥ এখন কি দেলে তেরা কহ সমাচার * জয়নাল আবদিন তবে বলে এজিদেরে ॥ লইব বাপের দাদ না ছাড়িব তোরে * এত বলি কান্দিতে লাগিল সাহাজাদা ॥ ভয়েতে হইল খেপা কমজাত এজিদা * এই যে ছৈয়দজাদা বাঘ বাচ্চা বাঘ ॥ কয়েদ পড়েছে তবু নাছাড়ে দেমাগ ইহাকে ছাড়িয়া দেওয়া মনাছেব নহে ॥ জীউতা জেন্দেগী যাতে বন্দখানা রহে * এমামজাদার কথা শুনিয়া কুফরে ॥ বিবিগণ সাথে লিয়া রাখে কারাগারে * হোছেনের জংনামা সহদের হাড়ি ॥ খাইয়া বিফোল সোগে যায় গড়াগড়ি * শুনহে মমিন সব হইয়া হুসিয়ার ॥ দশ রোজ এমামের হবে রোজাদার * হোছেনের হাল পরে কাতর থাকিবে ॥ সহিদান রাহে যে দানা বিলাইবে * নাওম্মেদ না হইবে কদাচন কখনে ॥ এলাহি শুপিবে তারে রছুল খান্দানে *

জয়নাল আবদিনের খোংবা পড়িবার বয়ান *

ত্রিপদী * দোছরা রোজেতে গিধি, দরবার করিল যদি, বসিল উজির মীর লিয়া ॥ কহিল আমার নামে, ঠাই ঠাই যত গ্রামে, লিখে খোদবা লাগিয়া * আয়েন্দা জুম্মার রোজে দামেস্ক সহর মাঝে, নিজ নামে খোতবা পড়াব ॥ করহ উত্তম স্থান মেরওা উজিরে কন, কার তরে খতিব করিব * মেরওা বলিল শুন, হোছেনজাদাকে আন সেই এসে খোতবা পড়ুক ॥ শুনে ধায় যত জনে, জয়নাল আবদিনে এনে, হাতে হাতে করিল হুকুম * এজিদ হারামখোরে, এমামজাদার তরে, বলে কিছু পিরীতি করিয়া ॥ আমাদের দারুণ তাপ, দিয়াছে তোমার বাপ, গেল আপে আপনা লইয়া * মাফ কর সব গুনা, ঘুচাইব বন্দখানা আমি যে ডাকিনু এক কামে ॥ আয়েন্দা জুম্মার রোজে, দামেস্ক সহর মাঝে, খোতবা পড়াব মেরা নামে * জয়নাল আবদিন বলে, শুনিয়াছে কোন কালে, এমন হইয়াছে কোন দেশে ॥ বান্দির বেটার নামে, খোতবা পড়িব হামে, হুকুম বিচারে কি আসে * তবে যদি লয় মনে করহ মঞ্জুর প্রাণে, শুন বাত কুফর কমজাত ॥ সাত খলিফার নামে, খোতবা পড়িব হামে, যদি রাখ লাড়কার বাত * পহেলাতে পয়গম্বর সিদ্দিক ওম্মর তার, আফানের বেটা যে ওছমান ॥ শোনরে কাফের বলি, পঞ্চম মোরতজা আলি, তার পরে হাছেন হোছেন * যদি বল মোর তরে, সেই সাত খলিফারে, পড়িব খোতবাতে কিবা ভয় * শুনিয়া এজিদ আপে কথায় অজুদ কাপে, এমামেরে গালি দিয়া কয় * যদি তুই খোতবা কামে, না পড়িবে মোর নামে, দেখি তোর রাখে কোন বাপ ॥ আপনার হাতে তোরে, এখনি কাটিব ওরে, যেমন মোরে দিতে আছ তাপ * মেরওা বলিল শিশু, তুমি নাহি বুঝ কিছু, কাহেক খোতবা নাহি পড় * উজির এজিদে বলে, আরজ কদম তলে, কহি বাদসা শোন দেল দিয়া ॥ এই যে ছাওাল মতি, না বুঝে উত্তম ভাতি, গোস্বা হও কিসের লাগিয়া * কালি বাপ চাচা গেছে, শোগেতে কাতর আছে, দেওানার হাল হৈয়া ফেরে ॥ কোন কথা কত দুরে, জয়নাল বুঝিতে নারে, কব আমি উম্মে ছোলেমারে * এতেক কহিয়া তারে, এমামজাদার তরে, লিয়া গেল খেলাওত খানায় ॥ হাত জুড়ে ধীরে ধীরে, বিবি উম্মে ছোলেমারে, মেরওা যে বহুত বুঝায় * শোন বিবি ছালেমান, দুনিয়ার যে প্রধান, সকলি তোমার তরে বুঝে ॥ যবে সেই বাগে ঝাটী, ধরিবে ছাতার বাটী, সেই জন নিজ কাজ বুঝে * আজি কেরা ...

সে কাল কাটে, কাল হাতে কেন যাবে কাটা॥ এই যে ছৈয়েদজাদা অতিশয় অল্প বোদা কিছু নহে হোছেনের বেটা ✽ কালি যদি দশা ফের সকলি পাইবে পরে, আজি কেন পাইবে যন্ত্রণা॥ বুঝাইয়া তারে বল, খোতবা পড়িতে চল, ঘুচাইয়া দিব বন্দখানা ✽ আমাকে পরের ধারা, বুঝিয়াছ বাবা তোরা, তুমি কি জানিবে মোর তরে॥ হোছেনের পদতলে, অধম ইয়াকুব বলে, অতিশয় ললপত করে ✽

পয়ার ✽ মেরওয়া উজির এয়ছা বহুত বুঝায়॥ আমি না বেগানা বলে বুঝি যে তোমায় ✽ ছোলেমা বলিল ভাল তুমি মোরে চাহ॥ তেই সে এতেক হিত উপদেশ কহ ✽ পড়িবে খোতবা গিয়া জোম্মার দিনেতে॥ এজিদে বলিবে কিছু মনে না করিতে ✽ শুনিয়া মেরওয়া তবে হইল বিদায়॥ ছোলেমা কুলছুম বিবি জয়নালে বুঝায় ✽ শুনহে জয়নাল আবদিন বলি তোরে॥ সময় বুঝিয়া কাম করিতে বিচারে ✽ এজিদের নামে যদি খোতবা নাহি পড়॥ দিবেক বহুত দুঃখ কথা যদি লাড় ✽ যাবত তোমার চাচা নাহি আসে দেশে॥ তাবত কাফের সাতে রহ মিলে মিশে ✽ জয়নাল শুনিয়া বলে শুন ছাহেবানি॥ আর কোথা চাচা আছে আমি নাহি জানি ✽ ছোলেমা বলেন তবে শোন দেল দিয়া॥ হানিফার নাম তবে কহে বিবরিয়া ✽

উক্তে ছোলেমা জয়নাল আবদিনকে হানুফা ও হানিফার সকল বিবরণ কহে ✽

পয়ার ✽ এক রোজ মোরতুজা আলী বান্ধিয়া কোমর॥ কাফের তুড়িতে যায় ঘোড়ার উপর ✽ দেশে দেশে যায় যত কুফর তুড়িয়া॥ আম্বাজ সহর দেশে পৌছিল যাইয়া ✽ সেখানে শুনিল বিবি হানুফা খবর॥ মুল্লুকের বাদসা বিবি বড় জোরওয়ার ✽ শুনিয়া হজরত আলী ভাবে আপনারে॥ আওরত বাদসাই করে মুল্লুক উপরে ✽ দেখিব আওরত হৈয়া কেয়ছা জোর ধরে॥ বাদসাই লইব আমি জিনিয়া তাহারে ✽ এয়ছাই মতলব আলি দৈলেতে করিয়া॥ বিবির হুজুরে আলি পৌছিল যাইয়া ✽ আলিকে পুছিল বিবি দেখিয়া ছেফাই॥ আলি বলে আমি আইনু করিতে লড়াই ✽ বড় জোরওয়ার তুমি শুনিনু সহরে॥ জোরেতে বাদসাই কর মুলুক উপরে ✽ এয়ছা ভাতে কত বাত হৈল আলি সনে॥ কি নাম কোথায় ঘর পুছিল পাহালওানে ✽ আলি বলে পাহালওান মোরতুজা মেরা নাম॥ নবির দামাদ আমি মদিনা মোকাম ✽ দেশে দেশে

ফিরি আমি তুড়িয়া কুফয়ান॥ হানুফা কহেন তবে শোন পাহালওান *
লড়াই করিবে যদি করন্ন কারার॥ হারিলে হইবে তুমি নফর আমার *
আমি যদি হারি বান্দী হইব তোমার॥ এয়ছাই কহিয়া বিবি করিল
কারার * দুই জনে ঘোড়া পরে হইল ছওার॥ বড়া জঙ্গ হইলেক দোন
বরাবর * কেহ নাহি হারে জিতে দুই জোরওার॥ সাত রোজ রাত
দিন লড়ে ঘোড়া পর * দানা পানি নাহি খায় লড়ে দুই জনে॥ ফাফর
হইল আলি ভাবে মনে মনে * কহিতে লাগিল আল্লা দুনিয়া ভিতরে॥
জোরওার করে পয়দা করিলে আমারে * উঠাইতে পারি আমি জমিনের
ভার॥ আওরতের হাতে আজ হইনু লাচার * এয়ছা মোনাজাত
সাহা করিল তথায়॥ কবুল পড়িল বাত আল্লার দরগায় * ফেরেস্তা
ভেজিল আল্লা বিবির হুজুরে॥ হাওা ভরে ফেরেস্তা আইল তথাকারে *
কাড়িয়া ডালিল বিবির বুকের বস্তর॥ সাম্ভালিতে বুক বিবি হইল কমজোর
হেনকালে আলি হাক হৈদরি হাকিয়া॥ উঠাইল ছের পরে কোমর
ধরিয়া * আখেরে বিবির সহিত করিলেন বেহা॥ বাদসাই করিয়া কত
দিন রৈল সাহা * কত দিন পরে বিবির ফরজন্দ হইল॥ মদিনায় ফাতেমা
বিবি খবর পাইল * ফাতেমা বলেন মেরা এমামের মুদ্দই॥ আস্মাজ
সহরে পয়দা হইল এয়ছাই * এয়ছা হাক মারে বিবি আল্লার দর-
গায়॥ সেই ঘড়ি হানুফার বেটা মারা যায় * এয়ছা ভাবে হানুফার
এগার বেটা হৈল॥ ফাতেমার হাকে পয়দা হইয়া মরিল * অবশেষে মহা
ম্মদ হানিফা পয়দা হয়॥ আছমানের চাদ যেন জমিনে উদয় * দেখিয়া
মরতজা আলি বেটার ছুরত॥ দোন আখে আছু চলে মরদের সাত *
আলি আর হানুফা বিবি কান্দে দুই জনে॥ এখনি মরিবে যে ফাতেমা
যদি শুনে * এয়ছাই ভাবিয়া লাড়কা ছাপাইয়া কোলে॥ মদিনায় চলে
আইসে যেখানে রছুলে * কহিল তামাম বাত বয়ান করিয়া॥ রছুলের
পায় দিল লাড়কা ডালিয়া * দেখিলেন রছুল তারে নজর করিয়া॥
বোছা দিল পেসানিতে কোলে উঠাইয়া * মহাম্মদ হানিফা নাম রাখিল
তাহার॥ আলিকে কহিল নাম করিতে প্রচার * হানুফা বলেন নাম রাখিলে
ইহার॥ মায়ের নামেতে নাম কেমন বিচার * দুনিয়াতে যত নাম বাপের
নামেতে॥ মায়ের নামেতে নাম না হয় কোন মতে * রছুল বলেন
বিবি রোজ কেয়ামতে॥ সকলের হইবে নাম মায়ের নামেতে *
তোমার নামেতে নাম দিনু সেকারণে॥ সে নাম কায়েম রহিল সেই দিনে
মেরা নামে মোহাম্মদ রাখিলাম নাম॥ মারিতে নারিবে এসে দুনিয়া

তামাম ❋ ফাতেমার হাকে কিছু না হবে ওহারে ॥ যতেক হাকিবে হাক
যাবে মেরা পরে ❋ তার পরে এক দিন নবি খোসালিতে ॥ হাছেন
হোছেন বৈসে ডাহিন বামেতে ❋ মহাম্মদ হানিফারে পেয়ার করিয়া ॥
দুই বাজু ধরিয়া তার লিল উঠাইয়া ❋ নিজ বুকে দুই পাও করিয়া ধারণ ॥
অতি খোসালিতে মুখ করিছে চুম্বন ❋ দেখিয়া ফাতেমা বিবি আগ
বরাবরে ॥ গোস্বা হইয়া বলিতে লাগিল পয়গম্বরে ❋ বাবা তুমি কেমন
বুঝহ নাহি জানি ॥ কেমন বিচার এয়ছা কোথাও না শুনি ❋ বান্দি
বাচ্চার পাও বুকেতে ধরিয়া ॥ আপনি দিতেছ বোছা হাসিয়া২ ❋ বিবি
জাদার মুখ নাহি কর নিরীক্ষণ ॥ ঘন ঘন বান্দি জাদার করহ চুম্বন ❋
আমার ছাওালে বুঝি ভাল নাহি বাস ॥ কত সাজিয়াছে দেখে মন্দ২
হাস ❋ নিজ নামে কি জন্যে ইহার নাম থুইলে ॥ হাছেন হোছেন নিজ
নামে না রাখিলে ❋ তোমার চরিত্র আর কত বা বুঝিব ॥ ভাল নহে
এয়ছা কাম কি আর বলিব ❋ রছুল বলেন আমি যার করি হিত ॥ মোর
হেন নছিবে সে বোঝে বিপরীত ❋ ইবলিছের ফেরেবে দেখ পড়িয়া
কুফর ॥ সংসার দোজখে জলে হইয়া কাতর ❋ আমি তার দুখে চাহি
কলেমা পড়াইতে ॥ দুষ্টভাবে তারা সবে আইসে মারিতে ❋ তুমিত
ফাতেমা তেরা করিলে বিচার ॥ না জানি করেছি আমি কার উপকার ❋
ফাতেমা কহিল বাবা কহ বিবরিয়া ॥ মেরা উপায় কৈলে কেমন
করিয়া ❋ নবি বলে তুমি আর আলি জোরওার ॥ যেইকালে না থাকিবে
দুনিয়ার উপর ❋ কুফরে হাছেনে যে মারিবে জহরেতে ॥ হোছেনেরে
মারিলেক কারবালা জমিতে ❋ বহু বেটি তামাম কুফরে লিবে ঘিরি ॥
রাখিবেক কারাগারে বন্দখানা করি ❋ সেই দিনে এই লাড়কা হোছেন
খাতেরে ॥ জুড়িবে গোস্বায় আসি কমজাত কাফেরে ❋ বহুত লড়িবে
সোকে এই জোরওার ॥ তবে তেরা বহু বেটী পাইবে নিস্তার ❋ এখা-
তিরে এছে আমি করি যে পেয়ার ॥ ফাতেমা আমায় কেন হইলে
বেজার ❋ শুনিয়া ফাতেমা পড়ে বেহুস হইয়া ॥ চারি দিকে বান্দি সব
ধরিল আসিয়া ❋ হোস হৈলে ফাতেমা যে কান্দিতেং ॥ হানিফে লইল
কোলে রছুল হইতে ❋ হানিফার দোন পাও দোন আখে ধরে ॥ বহুত
পেয়ার করে কান্দিল অন্তরে ❋ বলে বাবা তুমি যে হোছেনের লিবে দাদ ॥
তোমা হৈতে বহু বেটির ঘুচিবে প্রমাদ ❋ তুমি এই হাতে বাবা মারিবে
কুফরে ॥ হেথা এস বোছা দিই মবারক করে ❋ মহাম্মদ হানিফার
হাতেতে চুম্বন ॥ করিল ফাতেমা বিবি খোসালিত মন ❋ তার পরে সেই

লাড়কা হইল সেয়ানা॥ জোরে জোরওয়ার হৈল বড়ই মর্দ্দনা ✻ কত জঙ্গ কত ঠাই করিল এয়ছাই॥ কোন পাহালওয়ান তার সাতে আটে নাই ✻ তামাম মুলুক যদি হয় এক দিকে॥ তবু না আটিতে পারে হানিফার নজদিগে ✻ মর্দ্দমি দেখিয়া তার আলি খুশি হৈল॥ আম্বাজ সহরে আলি তারে ভেজে দিল ✻ সেই এসে তোমা সবে করিবে উদ্ধার॥ এখন সময় বুঝে কর কারবার ✻ জয়নাল বলিল মোরা মরিলে খবর॥ লইবে আসিয়া চাচা দামেস্ক সহর ✻ বিবি বলে বাবা তুমি না হও কাতর॥ এতদিন হানিফা মর্দ্দ আইল রাহা পর ✻ কারবালায় হায়াতে যবে ছিলেন এমাম॥ লিখিয়া ডেকেছে তারে বয়ান তামাম ✻ এক দিন নেকলিছে লিখন পড়িয়া॥ এখন করহ কাম কুফরে মিলিয়া ✻ জয়নাল শুনিয়া বাত হৈল নিমরাজি॥ আসিয়া জুম্মার দিনে পৌছিলেক আজি ✻ খোতবা পড়িবে তবে এমাম কহিল॥ এজিদ খবর পাইয়া খোসাল হইল॥ গালিচা দুলি া কত বিছায় মছজিদে॥ আকবরের লোক কত আপনি এজিদে ✻ সহরের লোক যত কাম কাজ ছাড়ে॥ বলে শিশু কেমনে খোতবা দেখি পড়ে ✻ জয়নাল আবদিন এসে মছজেদে সান্ধায়॥ এজিদের বিছওানা ফেকিয়া দিল পায় ✻ আপনার রোমাল যে বিছাইয়া শিশু বলে॥ জুম্মার নামাজ শিশু খোসালে গোজারে ✻ মনাজাত পড়ে শিশু সারিয়া নামাজ॥ খোতবা পড়িতে ফের করিল আওাজ✻ আল্লার হাবিব পরে দরুদ ভেজিল॥ তার পরে সাহাদত কলেমা পড়িল✻ আবুবকর আর খেতাব যে উছমান॥ হজরত মোরতজা আর হাছেন হোছেন ✻ এইমতে রেস্তা করি পড়িল ফাতেহা॥ ডরিল তামাম লোক দেখিয়া যে তাহ ✻ বেহ বলে শিশু নাহি বাচিবে পরাণে॥ কেহ বলে সবংশে মরিল এত দিনে ✻ না হৈল এজিদার নাম না হৈল মাবিয়া॥ তবে কেন এসেছিল মরিবার লাগিয়া ✻ দেখিয়া এজিদ তবে আগ বরাবরে॥ গোস্বায় হুকুম হৈল যতেক চোপদারে নরলী দাবিয়া ওছে লেহ উঠাইয়া॥ হাতে হাত কড়ি আর পায়ে বেড়ি দিয়া✻ খুব ভাতি আটিয়া রাখহ কারাগারে॥ শুনহ মেরা যত আছত চোবদারে ✻ খোরাক নিয়ম কর তিন রোজ বাদ॥ থোড়া কিছু আটা দেহ লেহ এয়ছা দাদ ✻ শুনিয়া চোপদার সব তেমনি করিল॥ হুকুম মাফিক কারাগারেতে রাখিল ✻ শিশু লোগে যে কিছু এনাম রেখে ছিল॥ সে সকল ফিরাইয়া ঘরে লিয়া গেল ✻ হোছেনের পাওতলে কহেন এয়াকুব॥ লিখিতে এমাম পদ দেলে হয় হুব ✻

জঙ্গ নামার বয়ান ❋

পয়ার ❋ এমাম জাফর বলে শুন ভাই গন ॥ জানানা সকল দুখ পাইল এখন ❋ জয়নাল আবদিন হেথা রহে কারাগারে ॥ রহিল জানানা লোক বহুত কাতরে ❋ বড়া পেরেসান সবে খোরাখ না মেলে যদি মেলে অল্প কিছু তিন রোজ গেলে ❋ সেসব দুক্ষের কথা লিখিতে নাপারি ॥ সেসব লিখিতে আছু আইসে আখ পুরি ❋ দেখিতে না পাই সদা আখের প্যানিতে ॥ তাহার কারনে সব না পারি লিখিতে ❋ অতএব রাখিয়া হেথা এই সব কথা ॥ কেমনে হানিফা মর্দ্দ আসিয়া যে হেথা ❋ উদ্ধার করিয়া লিল জয়নাল আবদিনে ॥ তাহার বয়ান কহি শুনহে মমিনে ❋ এমাম হোছেন যবে আছিল হায়াতে ॥ মহাম্মদ হানিফারে লিখে ছিল খতে ❋ লেখেছিল শুনহে হানিফা বেরাদার ॥ তুমি মেরা জান হতে অধিক বেহতের ❋ দামেস্ক সহরে বাদসা হইল এজিদে ॥ বড় বদময়েসী করিল হারামজাদে ❋ জহরে হলক কৈল এমাম হাছেনে ॥ মোরে নেকালিল গিধি কারবালা জমিনে ❋ আগে ফেরাত দরিয়া রাখিল ঘিরিয়া ॥ হালাকিলো লাড়কাগন পানির লাগিয়া ❋ ওয়াজেব ছিল যে সেই লিখিনু তোমারে ॥ খোসালিত হামেসা রহিবে মোরতরে ❋ এতেক লিখিয়া এক রেকাব দরবারে ॥ পাঠাইয়া দিল সাহা আম্বাজ সহরে ❋ সেই দিন হানিফার বেটির বেহাতে ॥ বড় নেক রোসন আছিল সহরেতে ❋ সাদিয়ানা বাজা ঘন বাজে প্রতি ঘরে ॥ তাজ্জব হইল দেখি রেকাব বরদারে ❋ পুছিয়া মতলব ফের মালুম করিল তবেত দরবারে এসে হাকিতে লাগিল ❋ মহাম্মদ হানিফাকে হইল খবর ভায়ের কাছেদ বলে আনে তার পর ❋ হোছেনের কেতাবত পড়িতে২ বহুত কাতরে সাহা লাগিল কান্দিতে ❋ নাজানি ভায়ের হাল কেমন হইল ॥ এত বলি হানিফাজে জমিনে গিরিল❋আলি আকবর ভাই আছেত বাদসার ॥ সেইত কাতর হৈয়া কান্দে জারে জার❋ বেহুস হইয়া ভাবে দুই বেরাদরে ॥ কান্দিল বহুত যে আছিল দরবারে ❋ সতর পরদা জামা হানিফার গায় ॥ সোগে জার২ হৈয়া কাটিলেক তায় ❋ ছের পাও লাঙ্গা করে হইল বাহির॥চারি কোস আসিয়া বারেক হৈল স্থির ❋ আলি আকবর ছিল উজির বাদে সার ॥ নিবারিল রহিয়া সাদির কায়বার ❋ চোনেন্দা হাজার লোক সাতে করে লিয়া॥ পথে হানিফার সাতে মিলিল আসিয়া ❋ মঞ্জেলে২ চলে যতেক লস্কর ॥ তিলক বিলম্ব নহে অতি তরা পর ❋ হোছেন সহিদ হৈল কারবালা জমিনে ॥ ভেজিলেক কাছেদ মদিনার মোছলমানে ❋

সেইত কাছেদ আসি মিলিল রাহেতে ॥ জিজ্ঞাসিল হানিফার ছালাম করিতে ❋ কোথা হৈতে আইলে তুমি কহ সমাচার ॥ কাছেদ কহেন বাত আগে হানিফার ❋ বহু শত্রু মারি করি যত খারিজানে ॥ জহরে হালাক করি এমাম হাছেনে ❋ হোছেন সহিদ কৈল দস্ত কারবালায় ॥ জয়নাল আবদিন আছে বন্ধন খানায় ❋ সংগেসে জয়নব বানু কুলছুম ছালেমা ॥ যত দুখ পায় তারা কি কহিব সীমা ❋ কারবালায় হোছেন পরে জুলুম দেখিয়া ॥ সোগেতে পাথর সব রয়েছে ফাটিয়া ❋ এজিদ আমলে সবে আনে মদিনারে ॥ সোবেদার করে রাখে ওতবা ওলিদেরে ❋ তিন লাখ আসি হাজার সহিত ছওার ॥ ওতবা ওলিদা সেথা আছে সোবেদার ❋ শুনিয়া হানিফা তবে বহুত কান্দিল ॥ আহা মেরা ভাই হোছেন কোথায় রহিল ❋ ফের নাই দেখিনু ভায়ের চাদ মুখ ॥ নাজানি এলাহি এয়ছা কেন দিল দুখ ❋ আমার মউত কেন না কৈল খোদায় ॥ হায় হায় জয়নাল বাছা কারাগারে যায় ❋ সাত পাচ বান্দি জার চামর ডুলায় ॥ সে তনু কুফর বাদে ধুলায় লুটায় ❋ বহুত কান্দিল সবে হইয়া কাতর ॥ তবে বোঝাইয়া কহে আলি আকবরে ❋ সোক দুর কর ভাই করহ উপায় ॥ যেরূপে কুফর সব আইসে যের পায় ❋ তিন লাখ আর আসি হাজার ছওার ॥ শুনিনু কুফর বটে আছেত তৈয়ার ❋ চোদ্দো হাজার তুরুক ছওার আম্বাজি ॥ এহাকে যে কি শুনিবে কুফর খারেজি ❋ হানিফা বলিল শোন আকবর ॥ আছিল আমার আর তিন বেরাদর ❋ এক উম্মর আলি আর হয় তালেব আলি ॥ তীতিয় ভায়ের নাম আকেল আলি বলি ❋ মুঝে বাবা ভেজিলেক আম্বাজ সহরে ॥ বোগদাদ ভেজিল আলি তা সবার তরে ❋ নামেতে মোছেব কাকা আলির পালক ॥ তাহারে ভেজিল আলি সহর এরাক ❋ আর এক ছিল নাম এবরাহিম ওস্তর ॥ তাহাকে এনাম দিল আম্বাজ সহর ❋ তোগান মোগান ছিল তুরূক দুই ভাই ॥ তুরূকে ভেজিয়া দিল তাহারে এয়ছাই না জানি কি জিতা আছে না জানি কি মৈল ॥ ছাড়াছাড়ি অনেক মুদ্দত আজি হৈল ❋ শুনে আলি আকবর কহে হানিফারে ॥ লিখন ভেজিয়া দেহ তামাম বাদসারে ❋ রছুলের খান্দানের হৈলে দোস্তদার ॥ বারেক এ সময় এসে কর উপকার ❋ শুনিয়া হানিফ মর্দ্দ লিখন পরওানা ॥ তেজ গাম কাছেদেরে করিল রওানা ❋

মহাম্মদ হানিফার লড়াই শুরূ ❋

পয়ার ❋ দোছরা রোজেতে কুচ করিল লস্কর ॥ রাত দিন চলে

আইল মদিনা সহর * জাছুজ খবর দিল যেথায় ওলিদে ॥ তাগিত খবর লিখে ভেজেহ এজিদে * চোনেন্দা হাজার সাতে আশ্বাজি সওার ॥ শুনিয়া নেকলে যত জঙ্গি আছওার * দুই দল ময়দানে হইল নমুদার ॥ গুড় গুড় নাকারা বাজে ময়দান উপর * ঘনং হাকিতে লাগে নকিবান ॥ কোন মর্দ্দ লড়িবেক নেকালে ময়দান * শুনিয়া নেকলে এক আশ্বাজি জওান ॥ হানিফার কাছে এসে চাহিল ফরমান * হানিফা বলিল তুঝে সুপিনু খোদারে ॥ শুনিয়া নেকলে মর্দ্দ ময়দান উপরে * খারিজান হৈতে এক নেকলে ছওার ॥ দুই জনে ময়দানে হইল নমু-দার * নাকারা করনাল রন সিঙ্গা ঘন২ বাজে ॥ দুই জনে শুনিয়া ফুলিল রন মাঝে * পহেলা আসিয়া চোট করিল খারেজি ॥ ঢালের উপরে তাহা লইল আশ্বাজি * আশ্বাজি মারিল চোট হাকিয়া ছেরেতে কর্ম্মকার কাট যেন চিরিল করাতে * ছের হৈতে জোরেতে মারিয়া তলওার ॥ লাগিয়া ঘোড়ার পিঠে বুকে হৈল পার * ঘোড়া মুদ্ধা আড়ভাগে হইল দুইখান ॥ ছওার দিঘল এক হাত পাও কান * দেখিয়া আশ্বাজি সাহা হইল খোসাল ॥ এলাহি পহেলা নেকলিল নেকফল * মহাম্মদ হানিফা মর্দ্দ হাকিয়া যে বলে ॥ গোশ্বা হয়ে গালি দিয়া কুফর সকলে * মহাম্মদ হানিফা নাম শুনরে কুফর ॥ মোরতজা আলির বেটা যানে আলম আল্লার * আসিয়াছি ভাই সকলের লিতে দাদ ॥ আজি কোথা জাবিরে কুফর হারামজাদ * নেকালো ময়দানে যদি মর্দ্দ কেহ থাকে ॥ হরিপ তোমরা খাড়া ঘন২ ডাকে * তবে এক আছওার বলেরে হেচকারা ॥ আর কোন কালে কাম করিবে তোমরা * এতবলি হানিফায় হাকিয়া যে চলে ॥ পহেলা আসিয়া চোট মারি লেক বলে * হানিফা ঢালের পরে যখন হইল ॥ পাও ধরে কুফরের খেচিয়া ফাড়িল * দুই পাও ধরিয়া ফাড়িল খারিজিরে ॥ চাদর ফারিয়া যেন দুই ফাক করে * একখান ফেকে দিল কুফর লস্করে ॥ আর খান গোশ্বায় মারিল জমি পরে * এমন কুওতে ভুমে কাছারিয়া ছিল ॥ পাচ গজ জমিন ছেদিয়া প্রবেসিল * আর তার ছের কেটে নেজায় গাথিয়া ॥ কুফর লস্কর বিচে পৌছিল আসিয়া * কাটিতে লাগিল গিয়া যতেক লস্করে ॥ লস্ক নদি চালাইল ময়দান উপরে * কখন সমুখে কাটে কখন পিছেতে ॥ কখন ডাহিনে কাটে কখন বামেতে * এসারা করিল সাহা আপনা লস্করে ॥ এই বেলা আসি কাট যত খারিজিরে * আলি আকবর সাতে হাজার ছওার ॥ এসারা পাইয়া পড়ে কুফর মাঝার *

দুই দলে এক হৈল চেনা নাহি জায়॥ করিলেক তেগবাজি যেই জারে পায় * পাহালওান যতেক সবে করে মহারন॥ মার মার ধর ধর কহে সর্ব্বজন * হাতি ঘোড়া কত জন পাহাড় পড়েছে॥ কোথা ধড় কোথা ছের বেথান হয়েছে * কুফরের লহুতে যেন শ্রোত যায় চলে॥ যেমন বরিসা কালে দরিয়া উথলে * তবেত বাজিল ভাই বাহিড় তবল॥ ফিরিয়া চলিল যত দু দিগের দল *

ওতবা ওলিদের খত লিখিবার বয়ান *

পয়ার * সে দিন হানিফা মর্দ্দ গুনিয়া মাথায়॥ আট হাজার ছেপাই শুমার গিয়া পায় * ছয় হাজার সহিদ হইল সেই দিনে॥ তবুত হানিফা কিছু ভয় নাহি গুনে * ওতবা কমজাত দেখে আপন লস্করে॥ চাল্লিস হাজার মারা গেছে একেবারে * দেখিয়া ডরিল গিধি কি হইবে আর॥ এক দিনে মারা গেছে চাল্লিস হাজার * এজিদেরে কেতাবত লেখে বদজাত॥ মহাম্মদ হানিফা আসি করিল গারত * চোদা হাজার সাতে ছেপাই আমবাজি॥ সবে জেরা পোষ গায় বড় জাহা বাজি * চুনেন্দা২ মেরা যতেক ছওার॥ একেলা মারিল তার চাল্লিস হাজার * এমন লিখিয়া গিধি ভেজিল এজিদে॥ লেখা পরে কাপিতে লাগিল হারামজাদে * ভাবিতে লাগিল গিধি বিপাক হইল॥ এমন বালাই ছিল কেহ না বলিল * পুনর্ব্বার বলে গিধি কাপে থর২॥ ওত-বার মদত ভেজে ভাল আছওায় * জয়নলের তরে কেহ আন নেকা-লিয়া॥ সাত সও আওরত মারে ডালহ গাড়িয়া * এমন সময়ে এক কাছেদ আইল॥ ছালাম করিয়া খাড়া কহিতে লাগিল * আলটি পরগনা লস্কর পুরগ্রাম॥ তথা বসে আবদুল্লা কাদের গুনধাম * তাহার মধ্যম বেটা আবদুল্লা জাফর॥ তাহর বেটাকে সৃষ্টি কৈল তার পর * জঙ্গনামা কেতাবের কথার প্রধান॥ পাচালিতে অধম এয়াকুব গীত গান *

এমামের সতেলা ভাই আসিবার বয়ান *

পয়ার * এজিদার কাছে সেই গোলাম আসিয়া॥ কহিতে লাগিল বাত শুন দেল দিয়া * বোগদাদ সহরে বাদসা নামে উম্মর আলি॥ আর ভাই তালেব আকেল মহাবলি * নামেতে মোছেব কাকা আলির পালক॥ বড় পাহালওান মর্দ্দ সহর এরাক * এবরাহিম ওস্তর নাম এক পাহালওান॥ আম্বাজ সহরে বাদসা আলির ফরমান * তোগান মোগান তোরক তারা দুই ভাই॥ বড় পাহালাওান দোন তোরক কি ছেপাই * সকল বাদসার দল হইয়া শুমার॥ আসিতেছে রাহা পরে

শুন সমাচার ❋ এয়ছাই শুনিয়া গিধি পাইল বড় ভয় ॥ মেরঙ্গা উজির তরে বুজাইয়া কয় ❋ এখন জয়নালে নাহি করহ নিপাত ॥ যব তক হানিফা মর্দ্দ নাহি হয় হাত ❋ এজিদ বলিল শুন মেরঙ্গা উজির হানিফারে লই সবে কি করি ফিকির ❋ এয়ছা কেহ মর্দ্দ থাকে বান্দে সবাকারে ॥ বহুত এনাম আমি করিব তাহারে ❋ সেমর লাইন গিধি শুনিয়া এমন ॥ মারিব বলিয়া বুক ঠুকে ঘনে ঘন ❋ বলে বাদসা কহি শুন তোমার হুজুরে ॥ আলির মর্দ্দমি দাওা ঘটেছে আমারে ❋ হোছেনের ছের কেয়ছা দিলাম আনিয়া ॥ হুকুম করহ আমি আনিব বান্দিয়া এজিদ কমজাত শুনি তার এই বাত ॥ তিরিশ হাজার লোক দিল তার সাত ❋ কহিল যে পথে আসে হানিফার ভাই ॥ আপনি যাইয়া তথা করহ লড়াই ❋ শুনিয়া সমর গিধি চলিলেক শুনে ॥ রাত দিন চলে নাহি রহে কোন খানে ❋ তিন লাখ আছওার ওতবা ওলিদে ॥ মদদে ভিজিয়া দিল লানতি এজিদে ❋ মোহাম্মদ হানিফা হেথা উঠিয়া ফজরে গোজারিয়া নামাজ ছালাম সাহা ফেরে ❋ ডাহিনেতে আলি আকবর খাড়া হৈয়া ॥ কান্দিছে কাতরে মর্দ্দ দহসত পাইয়া ❋ দেখিয়া পুছিল সাহা কহ বেরাদর ॥ কি খাতেরে কান্দ এয়ছা হইয়া কাতর ❋ আলি আকবর বলে আরজ আমার ॥ এক দিনে মারা গেল যতেক ছওার ❋ শুনিনু জাছুছ এসে কহিল আমারে ॥ তিন লাখ মদদ আইসে ওলিদারে হানিফা বলিল আলি আকবর ভাই ॥ তোমার মদদে আছে আপনি এলাই ❋ শোনহ মমিন ভাই হৈয়া এক মন ॥ বোগদাদ সহরে বাদসা আছিল যেমন ❋ হানিফার কাছেদ পৌছিল যেই দিনে ॥ তক্তের উপরে ছিল উম্মর পাহালওানে ❋ আকেল তালেব আলি একত্রে বসিয়া ॥ হোছেনের কথা কহে আবদিদা হইয়া ❋ বলে নাহি জানি মোরা হাছেন হোছেন ॥ বহু দিনে দেখি নাই আছেন কেমন ❋ এমন সময় এসে কাছেদ পৌছিয়া ॥ হানিফার কেতাবত দিলেক ডালিয়া ❋ পড়িয়া উম্মর আলি জানিল কারন ॥ জমিনেতে ছের মারে কান্দে তিন জন ❋ সোগেতে গায়ের জামা ডালিল ফাড়িয়া ॥ করিল মাতম জারি কাতর হইয়া ❋দোছরা রোজেতে যত সহিদের রূহে ॥ খানা পানি ফাতেহা করিয়া সাহা কহে ❋ সেতাবি কোমর বেন্দে হওনা তৈয়ার ॥ তুড়িব কুফর গিয়া মারিয়া পয়জার ❋ এয়ছাই শুনিয়া সবে বাদসার ফরমান ॥ মার মার করি আইল নকিব পাহালওান ❋ কত হাতি আম্বারি বান্দিয়া সারি২ ॥ উট গাধা

জঙ্গনামা ॥ ❋ ১২ ❋

শুমার করিতে নাই পারি * সঙ্গেতে চলিল কত বাদসার ছওয়ার ॥ উম্মর আলি মহাবলি বলে মার২ * হেথায় মোছেব কাকা আছিল বসিয়া ॥ আরকান দৌলত সব একত্র হইয়া * হাছেন হোছেনে বহুকাল না দেখিয়া ॥ সেদিন ভাবনা করে একত্র হইয়া * নাহি জানি ভাই সব আছেন কেমন ॥ হইল বহুদিন না দেখি বদন * তেজগাম কাছেদেরে ভেজে মদিনায় ॥ তাগিদ খবর গিয়া আনহ সেতায় * এমন সময় আইল লেখা হানিফার ॥ পড়িয়া জানিল কাকা সব সমাচার * জমিনে গিরিল কাকা বেহুশ হইয়া ॥ চেতন পাইয়া ফের উঠিল কান্দিয়া * অনেক মাতম জারি করিয়া আখের ॥ খানা পানি করিয়া ফাতেহা সহিদের * পঞ্চ দশ হাজার ছওয়ার লিয়া সাতে ॥ চলিল মোছেব কাকা কুফর তুড়িতে * মোছেব কাকার বেটা মোছেব নাম ॥ বড়া জাহাবাজ লাড়কা রূপে অনুপাম * বলিল সেতাব চল যতেক ছেপাই ॥ না যাইতে চাচা গিয়া করিব লড়াই * এত শুনি ধাইল যতেক পাহালওয়ানে ॥ কদাচ দেরেঙ্গ নাহি চলে রাত দিনে * সেমর লানতি হেথা এজিদ হুজুরে ॥ করিয়া আলির দাওয়া আইসে হেথাকারে * জাছুছ আসিয়া উম্মর আলিকে বলিল ॥ কুফর আসি দেখ নজিদিগ হইল * সেমর লানতি যেই কাটিল হোছেনে ॥ সেই কাফের নকি আইল এখানে * মরতজা আলির দাওয়া এজিদ সাক্ষাতে ॥ করিয়া আসিল গিধি তোমাকে লইতে * কাফেরের জাছুছ হেথা দিল সমাচার ॥ তাকিদ কোমর বেন্দে হওনা তৈয়ার * উম্মর আলি বহুত লস্কর লিয়া সাতে ॥ নজদিগ হইল এসে দেখনু চক্ষেতে * শুনিয়া কাফের কহে তবল গরানে ॥ তবল ঠুকহ গিয়া উত্তম ময়দানে * নাকারা বাজিল আর যতেক তবল ॥ শুনিয়া আওাজ যত বোগদাদি সকল * দামামা রনসিঙ্গা বাজাইতে কহে দলে২ ॥ মার২ কোরে এসে ময়দানে নেকলে * দুইদলে নমুদার হইল দুই ভিতে ॥ সেমর লানতি গিধি লাগিল বলিতে * শুনরে উম্মর আলি বলি তোরতরে ॥ কাহেকো মরিতে আইলে তুমি হেথাকারে আলির মউত পাছে হেস্মত তাহার ॥ আমাকে বকসেশ কৈল পরওয়ানা দেগার * রছুলের নুরদিদা হোছেনের তরে ॥ ঘড়ি একে কাটিয়া ভেজিনু এজিদেরে * তোর তিন ভায়ে আমি বান্দিয়া আনিব ॥ অতি খোসা-লিতে লিয়া এজিদে ভেজিব * উম্মর আলি বলে ওরে শুনরে লানতি এখনি দোজকে ভেজে দিব জোনাজাতি * পয়জারে মগজ তোর উড়াব এক্ষনে ॥ দেখিব এজিদ এসে রাখিবে কেমনে * তালেব আলি

গোস্বায় রহিতে নাহি পারে ॥ যোড়া কুদাইয়া চলে ময়দান উপরে ❋ দেখিয়া সেমর গিধি অতি তরাপর ॥ তীর তলওার মারে তালেব উপর ❋ তালেব আলি ঢাল পরে লইয়া যখন ॥ একেবারে দেখাইল নিজ পরাক্রম ❋ সামাল্লিতে নারে গিধি পড়ে জমিনেতে ॥ দুই খণ্ড কৈল চোট যোড়ার পায়েতে ❋ যোগাইল আর যোড়া নফর তাহার ॥ তাহার উপরে গিধি হইল ছওার ❋ ভাগিতে লাগিল আর নাহি হয় স্থির ॥ তালেব আলী পিছেতে খেচিয়া মারে তীর ❋ তবে তালেব আলি এসে পড়িল লস্করে ॥ কাটীতে লাগিল এসে যতেক কুফরে ❋ এয়ছাই কাটীল মর্দ্দ খুলিয়া তলওার ॥ মারিল কাফের নামি পোনর হাজার ❋ বোগদাদি লোক কেহ যখন না হৈল ॥ বাহুড়ি তলব গিধি বাজাতে কহিল ❋ তবে দুই দলে জুদা হৈল দুই ভীতে ॥ তালেব আলী কুফরেরে লাগিল বলিতে ❋ মোরতজা আলীর বেটা মোরা তিন জন ॥ ভাল হৈল এক বার জানিলে কেমন ❋ এলাহী করিলে কাল উঠিয়া বেহানে ॥ দোজখে ভেজিয়া দিব যত খারিজানে ❋ মোকুফের নাকারা বাজিল এখাতিরে ॥ রেয়াত করিয়া আজি ফিরে যাই ডেরে ❋ এত বলি আপনা খিমায় চলে গেল ॥ সেমর লানতি তবে ভাবিতে লাগিল ❋ শুম্মুখে লড়িতে আমি নাদিব এহারে ॥ কয়েদ করিব আমি কেমন প্রকারে ❋ এয়ছাই কতেক গিধি ভাবিয়া দেলেতে ॥ মমিন সর্দ্দারগনে লাগিল লিখিতে এজিদের তিন লাখ আছে আছওার ॥ অবশ্য মহিম ফতে হইবে তাহার কাছে সব বিপাকেতে হারাইবে জান ॥ মেলহ আসিয়া নহে হবে পেরেসান ❋ দোছরা মনছব দিব এজিদে কহিয়া ॥ হানিফার তিন ভাইকে দেহনা বান্ধিয়া ❋ বরসাতে মাছ যেন স্রোত মুখে ধায় ॥ যেথা মন সুখে থাকে নালা ডোবা পায় ❋ যখন কার্ত্তিক মাসে কমে আইসে জল কি হবে কোথায় জাব হইয়া বিকল ❋ সেইরূপে ভাল হবে জানহ আগেতে ॥ এই বেলা ভাল রাহা চিনহ মনেতে ❋ এয়ছাই লিখন যদি সেমর লিখিল ॥ বাজে হারাম খোর সবে বেদেল হইল ❋ লিখিল সেমর যাহা কিছু নহে মিছে ॥ আখেরে মরিব ভাই না ছাড়িব পিছে ❋ নাহাক হালাক হবো না পাবো কেনার ॥ এই বেলা রাহা সব দেখহ এস্কার ❋ এতেক ভাবিয়া যত বেওফা সর্দ্দারে ॥ রাত্র যোগে রেল্ল্যে দিল তিন বেরাদরে ❋ সেমর লানতি বড় খোসাল হইয়া ॥ সাদিয়ানা বাজাইল সারাব খাইয়া ❋ মদিনার খবর আনিতে কাছেদেরে ॥ সেই মে মোছেব কাকা ভেজিল জাহারে ❋ আসিতে সে কুফরের লস্কর দেখিল ॥

লস্করে পুছিয়া বাত মালুম করিল * ফিরিল কাছেদ তবে পাইয়া খবর ॥ নাকরে দেরেঙ্গ সেই চলে রাহা পর * এখানে মোছেব কাক্কা লস্কর লইয়া বিলম্ব না করে সে আসিছে মেলা দিয়া * সেদিন মঞ্জিল করে আসিয়া লস্করে ॥ ওতারিয়া আছে এক ময়দান উপরে * মছলত করেন সবে লইয়া ইয়ার ॥ যাবত না মিলি আমি সাতে হানিফার * তেগ তলে নাহি আমি কমজাত কুফর ॥ তাবত আমার দেলে না হয় কারার * এমন সময় সেই কাছেদ আইল ॥ দেখিয়া মোছেব কাক্কা হাকিয়া পুছিল * তোরে আমি মদিনায় দিনু পাঠাইয়া ॥ ফিরিয়া আইলি কেন সেথা না জাইয়া * কাছেদ ছালাম করি কহিতে লাগিল ॥ মদিনার সমাচার রাহেতে মিলিল * দামেস্ক সহরে বাদসা হইল এজিদে হাছেন হোসেনে সে মারিল হারামজাদে * মহাম্মদ হানিফা তার শুনিয়া খবর ॥ গোস্বায় গেছেন সাহা তুড়িতে কুফর * উম্মর আলী তালেব আলী আক্কেল আলী আর ॥ যাইতে ছিলেন তারা মদদে তাহার সেমর লাইন এক কুফর সর্দ্দার ॥ বলায় মোরতজা আলী কুফর লস্কর * উম্মর আলী আদি তিন ভাইকে জিনিয়া ॥ এজিদ হুজুরে লয় সবাকে বান্দিয়া * শুনিয়া মোছেব কাক্কা বলে হায় হায় ॥ আমার বাবেতে কিবা করিল খোদায় * এক দর্দ্দ না মিটিতে হৈল আর বেথা ॥ নাহি জানি ভাই সবে লিয়া গেল কোথা * এত বলি দৌড়িলেক যত পাহালওান ॥ নাহি পাতে পাও যেন ঝড়ের সমান * সেমর লাইন গিধি খোসাল হইয়া ॥ সাদিয়ানা বাজাইছে গুমানে ভরিয়া * কেহ রান্দে কেহ খায় কেহবা শুইয়া ॥ হেন কালে কাক্কা সেথা পৌছিল যাইয়া * হাকিয়া বলেন ওরে সেমর কমজাত ॥ নেকাল ময়দানে তোর মুখে মারি লাত * এত বলি গোস্বায় যে মমিন সর্দ্দার ॥ আটিয়া ধরিল মুট তেজ হাতিয়ার * যাহারে সমুখে দেখে কাটে যে তাহারে ॥ হজিমত খাইল সব কমজাত কুফরে * সেমর হারাম খোর যায় পলাইয়া ॥ পিছে পিছে মছেব কাক্কা যায় খেদাড়িয়া * আপনা কোমর বন্দ সেমরের গলে ॥ দিয়া যে মোছেব কাক্কা পড়ে জমিতলে * ছাতিতে বসিয়া বান্দে মজবুত করিয়া ॥ দেখিয়া কুফর লোক যায় পালাইয়া * খালাছ করিল তবে তিন বেরাদরে ॥ উম্মর আলী তালেব আলী আক্কেল আলীরে * তিন ভাই পড়ে তবে কাক্কার পয়েতে ॥ হাসেন হোসেন বলে লাগিল কান্দিতে * নিদানে উম্মর আলী বলিল সবারে ॥ বেওফাই করিল মোর যতেক চাকরে * পহেলা লড়াই খুব করিনু তেগবাজী ॥ রাতে বেন্দে দিল সবে

করে দাগাবাজী ❋ মোছেব কাকা লোটে এসে কুফর লস্করে ॥ পাইয়া অনেক মাতা খোসাল অন্তরে ❋ দোছরা রোজেতে সবে মদিনা তরফে ॥ লস্কর সমেতে চলে অতি মনস্তাপে ❋ এমামের পদজুগ পাইবার আসে ॥ মনসুখে অধম এয়াকুব এহা রচে ❋

এমামের সতলা ভাই মদিনায় পৌছে ❋

পয়ার ❋ মহাম্মদ হানিফা হোথা ওলিদের সনে ॥ আছিল গোস্বায় মর্দ্দ বড়ই মহিমে ❋ তিন সও আছওয়ার সহিদ করিয়া ॥ তবে সে কুফর সবে গেছে বাহুড়িয়া ❋ ওছওয়াছ হইয়া তবে আলি আকবর ॥ জোড়হাতে কহে কিছু হানিফা গোচর ❋ আরজ ছাহেব সাহা শোন দেল দিয়া ॥ তামাম লস্কর তেরা ডালিল মারিয়া ❋ কোন ভাই বন্দু নাহি আইল মদদে ॥ একেলা নারিবে ভাই জিনিতে এজিদে ❋ এই বাত চিতে রাত গেল গোজারিয়া ॥ বেহানে কুফর আইল লড়িবার লাগিয়া ❋ শুনিয়া হানিফা তবে নজর করিল ॥ দিনের নিসান উড়ে দেখিতে পাইল ❋ আলি আকবরে সাহা কহে খোসালিতে ॥ দেখহ দিনের ফউজ আইল লড়িতে ❋ এত বলি আগু বাড়াইয়া চলে যায় উম্মর তালেব আলি আসিয়া পড়ে পায় ❋ আকেল আলি মোছেব কাকা আর তিন জন ॥ হানিফার পায় সবে করেন ক্রন্দন ❋ হাছেন হোছেন বলে ডাকে যত ভাই ॥ ভুমে গড়াগড়ি দিয়া কান্দেন এয়ছাই ❋ হানিফা সবার তরে ধরিয়া তুলিল ॥ ভাই২ বলিয়া যে কোলেতে করিল ❋ সবারে প্রবোধ করে আয়িল ডেরায় ॥ কুফর করিতে জের ভাবেন উপায় মোছেব বলিল ভাই হানিফা পাহালওান ॥ উজালা করিলে তুমি আপনা খান্দান ❋ বহুত করিলে জঙ্গ মারিলে কুফরে ॥ রহিবে তোমার নাম দুনিয়া ভিতরে ❋ কদাচিত আফছোছ তুমি না করিও আর ॥ আমরা করিব জঙ্গ সাতেতে তোমার ❋ এতেক বলিয়া কাকা সাতে হানিফার ॥ সেমর লাইনে ভেট এনেছি তোমার ❋ হানিফা কহিল এই কম-জাতের মুখ ॥ দেখিতে উচিত নহে বাড়ে অতি দুখ ❋ হোছেনে কাটীল গিধি না ডরে রসুলে ॥ সেতাব হারাম খোর আন তেগতলে ❋ নহেত ময়দানে গেড়ে করহ নিশান ॥ তীরেন্দাজি কর লিয়া যত পাহালওান ❋ শুনিয়া মজবুত করে বান্দে দুই হাতে ॥ নিশান করিল গিয়া গেরে ময়দানেতে ❋ মহাম্মদ হানিফা আর যত লোক জন ॥ করিল কুফর পরে তীর বরিশন ❋ বেহেস্ত পাইল গিধি হোছেনের কোলে ॥ ওতবা আসিয়া হেথা হাকিয়া যে বলে ❋ কোন পাহালওান কষ্ট থাকে যদি মনে ॥ সেতাবি

নেকলে সেই মহিম ময়দানে ❋ আজিত সবার ছের করিব এরছারে ❋ দেখিয়া এজিদ বাদসা হইবে খোসাল ❋ নহেত হানিফা শুন যাহা কহি তাহা ॥ মনে অনুমান করি বুঝে দেখ এহা ❋ জীতে যদি থাকে সাধ দাতে কর ঘাস ॥ আজিজ হইয়া চল এজিদের পাস ❋ মেওয়াজিয়া রাখাইব করিয়া ছরদার ॥ খারাব হইবে কথা না শুন আমার ❋ হানিফা হাকিয়া বলে শুনরে ওলিদ ॥ কি করিতে পারে তেরা লানতি এজিদ ❋ খরিদা বান্দিরে পেটে জনম লইলে ॥ তার কত বড়াই করিস সভা স্থানে ❋ তুইত আমার ঘরে নেমক খাইয়া ॥ এক গোলামের সাতে রহিলা মিলিয়া❋কর যে জবান কটু ছাহেব জাদারে ॥ আখেরে উড়াব ছের মারিয়া পয়জারে ❋ এজিদের দলভারি দেখে ভাব মনে ॥ হানিফার লোক থোড়া জিনিবে কেমনে ❋ এক সুরুজের তাপে পুড়েত সংসার ॥ মনেতে ভাবিয়া গিধি দেখ আপনার ❋ এক বাঘে কি করিবে হাজার ছাগলো এক সিঙ্গি দেখে ভাগে হাতি পালে২ ❋ এক সাপে কি করিবে বহুত মেড়াকে বুঝিয়া না বুঝ গিধি লানত তোমাকে ❋ ক্ষনেক টুটাব আমি তেরা অহঙ্কার ॥ আমি তোরে পাঠাব জমের দুয়ারে ❋ গোস্বায় মোছেব কাক্কা আগ হেন জলে ॥ ছালাম করিয়া এসে হানিফারে বলে ❋ একবার মোবা রক ফরমান যদি পাই ॥ দেখি এই গিধি হয় কেমন ছেফাই ❋ হানিফা কহেন যাহ সুপিনু খোদারে ॥ মোছেব ময়দানে গিয়া লাগিল হাকি বারে ❋ বুঝিব মর্দ্দমি তুমি জোর রাখ কত ॥ যাহা দেখাইব তুঝে সেমরের মত ❋ ওতবা কমজাত এহা নজরে দেখিয়া ॥ পুছিতে লাগিল সব মনে ভয় পাইয়া ❋ কোন পাহালওান এই কোন দেশে ঘর ॥ কহিতে পারহ কেহ জানহ খবর ❋ এক জন কহে নাহি জানহ এহারে ॥ এরা কের বাদসা এই বড় জোর ধরে ❋ পুসিপুত্র আলির মোছেব কাক্কা নাম ॥ সাবধানে এরসনে করিবে সংগ্রাম ❋ শুনিয়া ওলিদ গিধি কাপিল অন্তর ॥ তবে একে২ আইল যতেক ছওার ❋ সবে দোজখের রাহে করে আগুসার ॥ দোজখে পড়িয়া সবে হৈল ছারখার ❋ বিস সও লস্কর মারিল খাড়া হৈয়া ॥ তবেত ওলিদ গিধি ভাবে ভয় পাইয়া আবুহোরেরা নামে ছিল এক পাহালওান ॥ সেতাব করিয়া গিয়ে আইল ময়দান ❋ চিনিল মোছেব কাক্কা আবুহোরেরারে ॥ কহিতে লাগিল মর্দ্দ হোরেরার তরে ❋ মহাম্মদ মস্তফার খান্দান সহিত ॥ কুফরের হইয়া লড় এমন উচিত ❋ হোরেরা বলিল মোরে মাতা কেতমারু ॥ দিয়াছে এজিদ মান বাড়াইল মোর ❋ বলিয়া হোরেরা অতি গোস্বা দেল

হৈয়া মারিল মছেব পরে নেজা ঘুমায়া ✱ হেকমতে মোছেব সেই নেজা সামলিল ॥ বুক পাতিয়া সেই নেজা যে ধরিল ✱ হাকিয়া হোরেরা তবে কহিল কাক্কারে ॥ ধরিলেহ নেজা কেন ডরিলে অন্তরে ✱ মছেব কাক্কা বলে ধরি এহার লাগিয়া ॥ পারি কিনা পারি লিতে নেজা ছেনাইয়া ✱ ছাড়াইয়া লেহ দেখি নেজা আপানার ॥ এখনি জানিবে তুমি কেয়ছা জোরওার ✱ শুনিয়া হোরেরা তবে জোর বড়া কৈল ॥ মোছেবের হাত হৈতে লিতে না পারিল ✱ গোশায় মোছেব কাক্কা হোরেরা হইতে ॥ ছাড়াইয়া সেই নেজা লাগে ঘোমাইতে ✱ সামাল হোরেরা বলি মারিল তাহারে ॥ বেহুস হইয়া গিধি পড়ে জমি পরে ✱ আবু হোরেরা দেখ নামি পাহালওান ॥ ভবে সে বাচিল নহে গেছিল পরান ✱ উঠিয়া ভাগিতে পুন পিছে খেদারিয়া ॥ মারিল মোছেব এক সমসের খেচিয়া ✱ হোরেরা সাজওাল সহিত হইল দুই খান ॥ দেখিয়া ওলিদ গিধি ভাবিল নিদান ✱ মৌকুফের নাকারা বাজাইতে কহিল ॥ ভবেত মোছেব কাক্কা বাহুড়িয়া আইল ✱ দেখিয়া হানিফা তবে মোছেব কাক্কারে ॥ কোল দিয়া পেন্নার করিল বহুতরে ✱ ধন্য কাক্কা ধন্য তোর ওস্তাদ গুজনে ॥ ধন্য যে ওস্তাদ শিক্ষা দিল শুভক্ষনে ✱ জঙ্গনামায় শুন সবে কাক্কার বয়ান ॥ অধম এয়াকুব কহে শুন পুন্যবান ✱

তালেব আলির লড়াই ✱

পয়ার ✱ বেহানেতে দুইদলে বাজিল নাকারা ॥ কোমর বান্ধিল সবে হয়ে অতি তরা ✱ তালেব আলি ছালাম করিল হানিফারে ॥ কহিল হুকুম দেহ যাই লড়িবারে ✱ হানিফা কহিল যাহ শুপিনু খোদারে ॥ শুনিয়া তালেব আইল ময়দান উপরে ✱ আসিয়া যে গোশ্বা হয়ে লাগিল হাকিতে ॥ কে আছে পাহালওান আইস লরিতে ✱ দোজখে ভেজিল আজ যে করে খোদায় ॥ স্তুনিয়া অলিদ তবে চারি পানে চায় ✱ কে আছে নেকল গিয়া হাকে পাহালওান ॥ সেতাব যাইয়া ওছে পাক ড়িয়া আন ✱ ছোহরাব জঙ্গি নামে ছিল জোরওার ॥ শরীর পয়ত্রিশ গজ গুজদ তাহার ✱ ওলিদের হুজুরে আসি কহে জোর হাত ॥ দেমাগ করিয়া কিছু কহে তার সাত ✱ হকুম করহ যদি জাইয়া ময়দানে ॥ এখনি বান্ধিব আমি এই পাহলওানে ✱ ওতবা কহিল আন সেতাব বান্ধিয়া ॥ শুনিয়া চলিল জঙ্গি গোস্বা দেল হৈয়া ✱ পর্ব্বত সমান ঘোড়া উচা অতিশয় ॥ দেখিয়া সকল লোকে লাগে বড় ভয় ✱ তালেব আলিরে এসে বলে মারং আপনার নাম তুমি কহনা আমার ✱ বেনামে যাইবে কাটা নহে ভাল

কাম ॥ শুনিয়া বলিল মোর তালেব আলি নাম * মোরতজা আলির বেটা
বিদিত সংসার ॥ নানা জার দীন দুনিয়ার ছরদার * শুনিয়া ছোহরাব
জঙ্গি খেচিল তলওার ॥ ঢালের উপরে আলী লইল ওয়ার * তবে আলী
গোস্বা হয়ে ছোহরাব জঙ্গিরে ॥ অতি জোরে সমসের খেচিয়া তলওারে *
মহাবেস্ত সোহরাব আপে সামালিতে ॥ ঢাল হৈতে লাগে চোট ঘোড়ার
ছেরেতে * দুখান হইয়া ঘোড়া পড়ে জমি পর ॥ আর ঘোড়া পরে
ফের হইল ছওার * তালেব পাহালওান আর কুফর পাহালওান ॥
কেহ কারে নাহি পারে সমানে সমান * ঝন ঝন শব্দ হয় দোহার তল-
ওার ॥ তলওার হইল যেন করাতের ধার * আলীর সাগরেদ তালেব
আলী পাহালওান ॥ আলীর হেকমত মনে করে অনুমান * এয়ছা
যোরে তেগ মর্দ্দ হাকিয়া মারিল ॥ ঘোড়ার সহিত গিধি দুই খান হইল *
দেখিয়া ওলিদ গিধি আপনি আইল ॥ তালেবের সাতে এসে বহুত
লড়িল * তবেত আলীর বেটা হাত দারাজিয়া ॥ ওলিদার কোমরেতে
ধরিল আসিয়া * ঘোড়া হৈতে উঠাইয়া শুন্যেতে ঘোড়ায় ॥ আপন লস্কর
পানে তারে লিয়া যায় * দেখিয়া উম্মর ছাদ নাপারে সহিতে ॥ বগলে
খঞ্জর করে লাগিল কাপিতে * ধাইয়া আইল ছাড়াইতে ওলিদারে ॥
রেগা দিয়া তালেব আলীকে এসে ঘেরে * আবদুল্লা জেয়াদ দেখে
আইল লড়িতে ॥ জার সহ পাহালওান সাত [illegible]
চোট আসিয়া আলিরে ॥ লইল সকল চোট ওলিদ উপরে * দেখিয়া
হানিফা তবে উঠাইল ঘোড়া ॥ হাকিয়া বলিল বেটিচোদ রহ খাড়া *
মহাম্মদ হানিফার শুনিয়া হাকনি ॥ পালায় কুফর সব ডরিল পরানি *
তালেব আলীরে যত জন ঘিরে ছিল ॥ মহাম্মদ হানিফে দেখে সকলে
ভাগিল * ওলিদ আছিল ধরা তালেবের হাতে ॥ ঘোমাইয়া সাহাজাদা
মারিল জমিতে * এয়ছা যোরে তালেব আলী মারিল পটকান ॥ হায়২
বলিয়া ডাকেন ঘন ঘন * ওলিদা গিধির জিউ কেবল পাষান ॥ এতেক
প্রমাদে গিধি পাইল পরান * পালাইয়া আপনার লস্কর পাইল গিয়া ॥
পিছেতে হানিফা ঘোড়া দিল উঠাইয়া * উম্মর আলী মহাবলি আকেল
আলী সাহা ॥ তালেব আলী পাহালওান পিছে রহ কাহা * মছেব
কাক্কার সাতে যত পাহালওানে ॥ উতরিল একেবারে কুফরের ময়দানে *
কুফরের ছিল সাত লাখ আছওার ॥ তাহাতে পড়িল গিয়া বলে মার
মার * ওতবা ওলিদা আর আবদুল্লা জেয়াদে ॥ উম্মর ছাদ আর যত
হারামজাদে * হাকিয়া বলিল যদি আপনা লস্করে ॥ একেবারে গিরি

রাবে হানিফার তরে * পলকে২ দশ হাতি চালাইয়া ॥ মোমিন ছরদারে গনে ঘিরিল আসিয়া * লাখে২ হাতি ঘোড়ার পায়ের তলাতে ॥ রাত কিবা দীন কেহ নারে ঠাহরিতে * আন্ধার হইল নাহি জায় চেনা কারে অতি মহা শব্দ পাহালওান সবে করে * গোর্জ্জে২ জঙ্গ করে কোন পাহলওান ॥ তলওারে২ লড়ে কত জনে২ * মোছেব হানিফা আদি বড়া জোরওার ॥ উম্মর আলি তালেব আলি আকেল আলি আর * খেচিতে সমসের কেহ আহা না করিল ॥ পাহালওানে পদাঘাতে জমিন কাপিল মোমিন ছরদারগন লড়িল এমন ॥ কোথা মুণ্ড কোথা শুণ্ড হইল বেথন ওলিদা হাকিয়া তবে লাগিল কহিতে ॥ একা হানিফার তরে নারিব মারিতে * এখন সকল ভাই একত্র হইল ॥ জিনিতে নারিবে বৃথা প্রান লিয়া চল * শুনিয়া সকল লোক পালায় তরাসে ॥ স্থির হৈতে নারে কেহ দারুন হুতাসে * যে জন ছেপাই ছিল খুব জোরওার ॥ সেই মাত্র পালাইয়া পাইল নিস্তার * মছেব উম্মর আলি ফান্দ লিয়া হাতে ছাদ মোছেব কুফরে ডালিল গলেতে * জমিনে ডালিয়া তার মজবুত বান্ধিল ॥ আবদুল্লা জেয়াদ আর ওতবা ভাগিল * দশ কোস বাকী রহে দামেস্ক যাইতে ॥ না গেল কুফর সব এজিদের লাজেতে * লিখিতে লাগিল লেখা এজিদ বাদসায় ॥ রছুলের চরনে এয়াকুব সব গায় *

ওতবা এজিদের খত লেখা *

ত্রিপদী * শুনহ এজিদ সাহা, যত দুখ লিখি তাহা, বারেক জানহ সমাচার ॥ যত মর্দ্দ নাম জাদী, ছোহরাব যঙ্গি আদি, মারিল আম্বাজী আছওার * এরাক সহরে ঘর, এক মর্দ্দ জোরওার, আলির পালক বেটা হয় ॥ মছেব তাহার নাম, আজরাইল জিনিয়া কাম, সে সবারে করিল প্রলয় * ছাদ মোছেব মিলি, কাকা উম্মর আলি বান্দিল তাহারে দুইজনে আবু হোরেরা আর, আর যত জোওার, সকলি পড়িয়া গেল রনে * বিসম দেখিয়া রন, পালাইল সর্ব্বজন, শুন বাদসা আরজ আমার ॥ যদি সে মহিম ছাপ, করিয়া ঘুচাও তাপ, তাকিদ ভেজহ আছওার * এতেক লিখিয়া গিধি, পাঠাইয়া দিল যদি, এজিদ কমজাত বরাবরে ॥ লিখন পড়িয়া পাপী, অন্তরে অধিক কাপি, কহিল যে মেরওা উজিরে * এমন বালাই ছিল, এত দিনে জোমাইল, এবে আমি কি করি উপায় ॥ হেনকেহ মর্দ্দ থাকে, বেন্দে আনে হানিফাকে, তবেত মনের দুখ যায় * নহেত

আপনি যাব, খুব ছাতি দাদ লিব, এহাতে যে থাকুক কপালে॥ শুনি এজিদের বাত, ছাতি পয়ে দিয়া হাত, মেরঙা উজির কিছু বলে ❋ আমরা থাকিতে সাহা তোমারে না সাজে এহা লোকে নাহি বলিবেক ভাল ❋ হুকুম করহ তুমি ওতবা মদতে আমি যাইয়া যে ঘুচাই জঞ্জাল ❋ এজিদ কুফর এত, শুনিয়া যে খোসালিতে, ফয়ছরা ও ফয়ছরানে আনে॥ কহিল মহিমে যেতে, মেরঙা উজির সাতে, অধম এয়াকুব রস ভনে ❋

মেরঙা উজির ওলিদার মদদে পৌছে তাহার বয়ান ❋

পয়ার ❋ ফয়ছরার তরে আছে পাচলাখ ছাওার॥ পঞ্চাস হাজার তাতে আছে নেজাদার ❋ সত্তুর হাজার হাতি আছে মাতওালা॥ তাহাকে ডাকিয়া বাদসা কহিতে লাগিলা ❋ ওলিদের সঙ্গে থাক হইয়া ছরদার॥ তোড়হ গর্দ্দান মহাম্মদ হানিফার ❋ উম্মর আলি ভালেব আলি আক্কেল আলিরে॥ মছেব কাক্কা কাক্কা মোছেব এরাক সাহারে ❋ প্রাম পন করে সবে তোড়হ গর্দ্দান॥ দোছরা মনছব দিয়া বাড়াইব মান ❋ ফয়ছরা শুনিয়া তবে এজিদের বাত॥ কহিতে লাগিল খাড়া ছাতি পরে হাত ❋ কিসের কারনে সাহা ভাবিছ আপনে॥ একেলা বান্দিয়া দিব ভাই সর্ব্বজনে ❋ হেথায় হানিফা তবে মহিম জিনিয়া॥ আপন মোকামে সাহা আইল ফিরিয়া ❋ খারেজি লস্কর লুটে পাইল ঢের মাল॥ ফিরিল ছেপাইগন বড়ই খোসাল ❋ উম্মর আলি বেন্দে আনে ছাদ মছেবেরে খোসালে ভেজিল এনে হানিফা হুজুরে ❋ হানিফা বলিল এই বদ বক্ত কাফেরে॥ শুলি দিয়া মার এছে ময়দান বাহিরে ❋ হুকুম পাইয়া সবে তেমনি করিল॥ ময়দানেতে কুফরে লইয়া শুলি দিল ❋ বেহানে হানিফা সাহা বসে জুক্তি করে॥ রোজ কত বসতি করি মদিনা সহরে ❋ এমন সময় যে কাছেদ দড়বড়ি॥ আরজ করিল আসি দুই হাত জুড়ি ❋ মেরঙা উজির আসে কোমর বান্দিয়া॥ ফয়ছাড়াও ফয়ছারানে সঙ্গেতে করিয়া ❋ সঙ্গে জেরা পোস পাচলাখ আছওার॥ খুব মাতয়ালা হাতি সত্তর হাজার ❋ এজিদ হুজুরেতে উঠাইয়া ভান॥ বান্দিয়া লইতে তুঝে এল পাহালওান ❋ আবদুল্লা জেয়াদ আর ওতবা ছরদার॥ যে হেথায় ভেগেছিল আইল আরবার ❋ মেরঙা আসিয়া তথা হইল এক ঠাই॥ ওলিদের সনে আইল নওলাখ ছেপাই ❋ সত্তর হাজার হাতি হইল শুমার॥ দুইদলে এক লাখ পঞ্চাস হাজার ❋ ছয়লাখ আছওার হৈল এক সাত॥ বুঝিয়া করহ কাম শুন মেরাবাত ❋ শুনিয়া হানিফা তবে না গেল মদিনা॥ ভাই সব লিয়া সাহা করেন ভাবনা ❋ মেরঙা উজির তবে

অতি সেতাবিতে ॥ আইল যে রনভুমে লস্কর সহিতে ✽ ঝাণ্ডা নিশান কত এনে খাড়া কৈল ॥ ভেডর করনাল আদি বাজিতে লাগিল ✽ উতরিল সিমানায় যতেক লস্কর ॥ জার যে কানাত তাম্বু উঠাইল ঘর ॥ হেথা হানিফা যত লিয়া বেরদরে ॥ খোসালিতে খানা সব খায় একস্তরে ✽ গোজেস্তা কথন সব কহিতে লাগিল ॥ হেনকালে আহাম্মদ চাপলুস আইল ✽ ছালাম করিল এসে হানিফার পায় ॥ মহাম্মদ হানিফা তারে পুছিল তাহায় ✽ কোথা হৈতে আইলে তুমি কিসের কারন ॥ দেখিয়াছি পুর্ব্বে তুঝে কহত বচন ✽ মহাম্মদ চাপলুস কহে ছাতি পরে হাত ॥ আল্লা ছালামত শুন মেরা বাত ✽ রছুলের খান্দানের হই দোস্তদার ॥ এবরাহিম ওস্কর নাম খাদেম তোমার ✽ শুনিনু বহুত তুমি করিলে সংগ্রাম ॥ ॥ কুফর মারিয়া সেই বাড়াইলে নাম ✽ উজালা করিলে তুমি আপনা খান্দানে ॥ মোর তরে অল্প কিছু রাখ খাদিমানে ✽ তবেত রাত পোহাইয়া হইল বেহানে ॥ মেরঙা ডাকিয়া কহে শুন ফয়ছরানে ✽ আজ হাত্ত কর মহাম্মদ হানিফারে ॥ স্বজীব পাঠাই যেন এজিদ হুজুরে ✽ শুনিয়া ছেপাইগন বান্ধিল কোমর ॥ তাকিদ মওজুদ হৈল ময়দান উপর ✽ জঙ্গের তবল ঘন লাগিল বাজিতে ॥ দাড়াইল দুইদল হয়ে দুই ভীতে ✽ শুনিয়া মমিন সব হইল ছওয়ার ॥ ময়দানে আসিয়া সবে হৈল নমুদার ✽ দুই দলের মধ্যে কিছু শুনিতে না পাই ॥ আজরাইল সমান হয় এক এক ছেপাই ✽ তবে নকিবান সবে লাগিল হাকিতে ॥ কোন পাহালওয়ান আছ আইস না লড়িতে ✽ আপনার সব নাম করহ জাহির ॥ তামাসা দেখুন খাড়া বেরাদর হাজির ✽ ফয়ছরান ফয়ছরান তবে ঘোড়া কোদ ইয়া ॥ ঘন ঘন হাক দেয় জঙ্গেতে আসিয়া ✽ এরাকের এক আছওয়ার নেকলিয়া ॥ ফয়ছ[illegible] সহিতে আইল ইসত হাসিয়া ✽ গোস্বায় ফয়ছরা মর্দ্দ মারে এক লাঠি ॥ গুড়া হইল সেই মর্দ্দ মেসাইল মাটি ✽ দেখিয়া তাহার ভাই আইল লড়িতে ॥ গোস্বায় করিল চোট ফয়ছরার মাথে ✽ ঢালের উপরে লিল কুফর ছেফাই ॥ ভায়ের পথেতে তারে করিল রেহাই ✽ তবে দিনান্তর নামে এক পাহালওয়ান ॥ ফয়ছরার কাছে গিয়া হৈল আগুয়ান ✽ নেজা ঘোমাইয়া আসি মারিল ফয়ছরারে ॥ গোস্বায় কুফর তাহা ধরে বাম করে ✽ ডাহিন হাতেতে এয়ছা মারিল তলওয়ার ॥ সহিদ হইল সেই হুকুম আল্লার ✽ এইরূপে সত্তর যে ছওয়ার মারিল ॥ দেখিয়া আক্কেল আলি বড়া গোস্বা হৈল ✽ সেতাবি ময়দানে এসে মারে এক হাক ॥ কহে হারামজাদ ঘড়ি এক টিকে থাক ✽ ফয়ছার

হুনিয়া যে আগ বরাবর ॥ কুদিয়া করিল চোট আলির উপর ❋ আকেল আলি বামহাতে সহিত হাতিয়ার॥ সামটিয়া ধরে তোলে মাথার উপর ❋ যেন ঢালি বাম হাতে চালে ভারি ঢাল ॥ দেখিয়া হানিফা মর্দ্দ বলে ভাল২ ❋ তবে আলি নেকলিল খঞ্জর আবদার॥ মারিল ছাতির পরে পীট হৈল পার ❋ পড়িয়া ফয়ছরা গিধি গেল সে দোজখে॥ ফয়ছরার বেটা তবে খাড়া হৈয় দেখে ❋ দেখিয়া ফয়ছারের বেটা আগ বরাবর বেয়াল্লিস মনের গোর্জ্জ হাতের উপর ❋ ধাইয়া পড়িল আসি আকেল উপর ॥ পহেলা মারিল গোর্জ্জ কমজাত কুফর ❋ আকেল আলি গোর্জ্জ তার ধরে বাম হাতে॥ ডাহিন হাতে সামটিয়া কাছাড়ে জমিতে ❋ যেমন কৃষান আছাড়ে ধান্য বিড়া॥ হাড় গোর গেল গিধি চূর্ণ হৈল হেড়া❋ তবে একে২ আইল যত পাহালওান ॥ তখনি তাহার তরে দোজখে পাঠান ❋ দোজখের খাদিম দেখিয়া আজাজিল॥ ভাগ্য হেন মনে অতি খোসালিত দিল ❋ তবেত মেরঙা গিধি প্রমাদ দেখিয়া ॥ আপনা ছেফাই লোকে লিল বোলাইয়া ❋ মৌকুফের নাকারা বাজায় সব গাজি ফিরিয়া আইস যে মৌকুফ হৈল আজি ❋ তবেত বাজিল ভাই বাহুরি তবল॥ ফিরিয়া চলিল সব দুই দিগের দল ❋ উতরিল গিয়া সবে আপন মকাম ॥ রচিল এয়াকুব কথা হাছেনের নাম ❋

পয়ার ❋ মহাম্মদ হানিফা তবে খোসাল খাতেরে॥ বহুত এনাম দিল আকেল আলিরে ❋ খানা পিনা খায় সবে একত্র বসিয়া॥ পুন ফের দিন হৈল রাত পোহাইয়া ❋ মেরঙা ডাকিয়া তবে আপনা লস্করে॥ কহিতে লগিল বাত যত সবাকারে ❋ এতেক মর্দ্দমি কৈল এক পাহলওানে ॥ এয়ছা কেহ নাহি থাকে পাকড়িয়া আনে ❋ এজিদ বাদসার কাছে কি বলে কহিব॥ ফিরিয়া নাজাব আমি গলে ছুরি দিব ❋ পোলাদ আর্দ্দেনামে এক আছিল ছর্দ্দার॥বড় পাহলওান সেই লস্কর ভিতর❋হাত পাও তারযেন পাসানের থুনি॥ হাতি কাছাড়িয়া মারে এতেক মর্দ্দমি ❋ মেরঙা উজিরে কহে ছাতি পরে হাত॥ উজির সাহেব কিছু শোন মেরা বাত❋হুকুম করহ যদি এই যোরওারে॥ মহাম্মদ হানিফা আর ভাই বেরাদরে ❋ ঘড়ি এক বিচে বেন্দে আনিয়া ভেজিব॥ মহিম হইলে ফতে এনাম কি পাব ❋ মেরয়া বলিল যেই মুলুক চাহিবে॥ মহিম হইলে ফতে এনাম পাইবে ❋ পোলাদ আর্দ্দেগা তবে চড়িয়া ঘোড়ায়॥ অতি খোসালিতে জঙ্গি তবল বাজায় ❋ দাড়াইয়া পোলাদ আর্দ্দেগা আসিবেন॥ নেকলিয়া আইস বলি ডাকে যেন২ ❋ কোন গাজি লড়িবার সাধ রাখ মনে ❋ হরিফ দাঙ্গায় কেন আইস

মারে রণে ❋ শুনিয়া হানিফা কহে যত পাহালওানে ॥ ঝট করি একজনে নেকল ময়দানে ❋ আম্বাজি ছওার মাঝে তবে একজনে॥ ছালাম করিল আসি হানিফা চরণে ❋ বলে সাহা হুকুম করহ যদি তুমি॥ কেমন ছেফাই এসে দেখে আসি আমি ❋ হানিফা বলেন জাহ সুপিসু খোদারে॥ শুনিয়া আইল মর্দ্দ ময়দান উপরে ❋ দেখিয়া পোলাদ গিধি কুদে আইসে জোরে॥ ধরিয়া আছাড় মারে জমিন উপরে ❋ হাড় গোড় চুর্ণ হৈল পড়িয়া জমিতে॥ ফের এক আছওার আইল লড়িতে ❋ সেইত সহিদ হৈল আসিয়া ময়দানে॥ পতঙ্গের মউত যেন পড়িলে আগুনে ❋ এইরূপে চাল্লিশ ছওার মারা গেল॥ দেখিয়া মছেব কাফা আগুন হইল ❋ ঘোড়া উঠাইতে চাহে পোলাদের পরে॥ মহাম্মদির রৌশন হৈল হুনিয়া ভিতরে ❋ সমুখে তবল বাজে কুফর লস্করে॥ বৈমুখেতে বাজে পুন চিন্তিত অন্তরে ❋ হেনকালে মহাম্মদ চাপলুস আইল॥ এবরাহিম ওস্তর আইল বলিয়া হাকিল ❋ মহাম্মদ হানিফা শুনে বড় খোসালিত॥ ভাই বেরাদর আর লস্কর সহিত ❋ বড় ব্যস্ত হয়ে সাহা করেন জিজ্ঞাস॥ চন্দ্রের উদয় যেন কমল বিকাশ ❋ মহাম্মদ হানিফার যত ভাই বেরাদরে॥ আগু বাড়াইয়া যায় খোসাল খাতিরে ❋ পোলাদ দেখিল যদি কেহ না আইল॥ আপনা লস্করে গিধি ফিরিয়া যে গেল ❋ মেরওা, উজির তবে পোলাদের তরে॥ খুসি খোসালিত হয়ে বকসিস যে করে ❋ সাবাস২ করে যত পাহালওান॥ রচিল এয়াকুব কবি অমৃত সমান ❋

এব্রাহিম ওস্তর হানিফার কাছে পৌছিবার বয়ান।

ত্রিপদী ❋ এব্রাহিম ওস্তর আইসে, শুনিয়া হানিফা হাসে, খোসাল বহুত হৈল তাহে॥ বড় গোলা কামান গেটে, খোসালে সকলে আটে, ছালামি দাগিতে সাহা কহে ❋ ছেফাই কোদায় ঘোড়া, হাতে খুব ঢাল খাড়া, সাজওাল কাবাই সবের গায়॥ দুই দলে মেশামিশী, অন্তরে বহুত খুসী, এবরাহিম পড়িল যে পায় ❋ হানিফা ধরিয়া তুলে, কান্দিয়া করিল কোলে, আইস আইস ভাই যে চলিয়া॥ হারিছ গাজীর লড়ে, হানিফা যে কোলে করে, বোছা দিল বদন ধরিয়া ❋ সাহা হোছেনের লাগি, সব হৈল দুখ ভাগী,কান্দিয়া আকুল এব্রাহিম॥ নিদান গোশ্বায় তরে দোন আখি লাল করে, বলে আজি করিব মহিম ❋ হানিফা বুঝিয়া গতি, এবরাহিম আনি স্থিতি করিল যে নিজ মকামেতে॥ রছুলের পদ আসে, পবিত্র এয়াকুব ভাসে, দয়া কিছু করিবে পরেতে ❋

হারেছ ওস্তরের লড়াই ❋

পয়ার ❋ বেহান হইতে তবে বাজিল নাকারা॥ সাজ২ বলে ঘন পড়ে গেল তারা ❋ তবল জঙ্গের ঘন২ বাজে ঢোল॥ রণ ভুমে সাজিয়া আইল দুই দল ❋ সারি দিয়া দাড়াইল হানিফার দল॥ ছৈয়দ পাঠান আর যতেক মোগল ❋ পোলাদ আন্দেগা সাজে চালিস ছওার॥ কতগুলি বেটা ভাই ভাতিজা তাহার ❋ ছের পাও তক সবে সাজওালে ঢাকিয়া॥ রণ ভুমে হাকিয়া সবে বলেত আসিয়া ❋ কাহার রৈয়াছে সাদ মরিবার তরে॥ তাকিদ চলিয়া আইস ময়দান উপরে ❋ হারেজ ওস্তর নাম ছিল জোরওার॥ চৌদা বরছ জান বয়স তাহার ❋ হানিফা হুজুরে যে আইল দড়বড়ি॥ হুকুম করহ যদি একবার লড়ি ❋ হানিফা কহিল পুছ আপনা বাপেরে॥ আমি কি বলিতে পারি যাইতে তোমারে ❋ এবরাহিম ওস্তর শুনে হানিফার বাত॥ কহিতে লাগিল কিছু জুড়ে দুই হাত ❋ আলম্পানা ছালামত তোমাকে বুঝাই॥ নেছার হাজার বেটা আমার এয়ছাই ❋ এমামের নাম পরে পৌছিল আসিয়া॥ যায় যাবে জান সবে এমাম লাগিয়া ❋ শুনিয়া হানিফা অতি খোসাল অন্তরে॥ হারেছে কহিল জাহ সুপিনু খোদারে ❋ তবেত হারেছ বড়া হইয়া খোসাল॥ গায় রাখে চুয়াল্লিশ পুরু সাজওাল ❋ বাপের পায়েতে তবে হইয়া বিদায়॥ ঘোড়ায় চড়িয়া মর্দ্দ ময়দানেতে যায় ❋ হাকিতে লাগিল গিয়া দাড়ায়ে ময়দানে॥ দোজখে ভেজিব আজি যত খারিজানে ❋ শুনিয়া মেরঙা বলে পোলাদের তরে॥ দেখ এই শিশু কেন ডাকাডাকি করে ❋ পোলাদ বলিল আমি ছাওালের সনে॥ কোন লাজে লড়িতে যাইব আজি রণে ❋ আপনা ছাওালে আমি দিব পাঠাইয়া॥ এখনি শিশুর তরে আনিবে বান্ধিয়া ❋ সাম নাম বলী এক বেটা ছিল তার॥ পাঠাইল হারেছ করিতে প্রতিকার ❋ আসিয়া দাড়ায় গিন্ধি হারেছ সমুখে॥ দুই দলে লোক সবে খাড়া হৈয়া দেখে ❋ সাম পোলাদের বেটা বলে গোস্বা হইয়া॥ কাহেক আইলে হেথা মরি বার লাগিয়া ❋ তোমার বিহনে তোমার মাতা নাহি জীবে॥ পুত্র পুত্র বলে শোকে কান্দিয়া মরিবে ❋ এখাতিরে দরদ আইসে মোর তরে॥ বাহুড়িয়া শিশুবর যাহ নিজ ঘরে ❋ এতেক শুনিয়া করে হারেছ উপ হাস॥ আমাকে দেখিয়া বুঝি পাইল তরাশ ❋ ডরায়ে কি হবে আজি না ছাড়িব আমি॥ জমের দুয়ারে আজি চলে যাহ তুমি ❋ শুনিয়া কুফর হৈল আগ বরাবর॥ কুদিয়া হারেছ পরে মারে তলওার ❋ হারেছ

ঢালের পরে লইল যখন ॥ একবার দেখাইল নিজ পরাক্রম ❋ সামাল বলি করেন হাকনি ॥ হারেছের তেজে কাপে সংসার মেদিনী ❋ হাকিম তলওয়ার এয়ছা মারে ছের পর ॥ পড়িল জমিনে গিধি হইয়া দুই ধার ❋ এক পদ দন্ত আর চক্ষু নাক কান ॥ রহিল একেক ভাগে হইয়া দুই খান ❋ বোরহানা নামেতে ভাই দেখিয়া ধাইল ॥ হারেছের কোমরের দেওয়াল ধরিল ❋ অতি জোরে বোরহানা যে খেঁচিতে লাগিল ॥ কোন মতে হারেছেরে হেলাতে নারিল ❋ হেলাইতে নারে গিধি হারেছের তরে গোস্বায় হারেছ গাজি ধরিল আখেরে ❋ ঘোড়া হৈতে উঠাইয়া ঘুমায়া একবার ॥ মারিল পটকান খুব জমিন উপর ❋ বোরহানা কমজাত বড়া জোরওয়ার ছিল ॥ দারুণ কাছাড়ে গিধি তবু প্রাণ পাইল ❋ দড় বড়ি উঠিয়া গিধি পালাইতে ছিল ॥ আহাম্মদ চাপলুস গিয়া তাকিদ ধরিল ❋ পীট মোড়া করে বেন্দে লিলেক লস্করে ॥ বর্জ্জর নামেতে তার আর বেরাদরে ❋ ভায়ের বিপদ দেখি হৈল গোস্বা মনা ॥ হারে ছের পর পড়ে আগুনের কণা ❋ হারেছ সহিত এসে বহুত লড়িল ॥ সুরুজের উজালা তাতে আন্ধার হৈল ❋ কোন মতে হারেছ জিনিতে নাই পারে ॥ মনে মনে ভাবিতে লাগিল এলাহিরে ❋ তবে এক চোর বন্দ জানিত হারেছে ॥ সেই বন্ধ ফেলিলেক বর্জ্জর খারেজে ❋ বামেতে দেখাইয়া হাত ডাহিনে হানিল ॥ ভাই সবাকার পিছে বর্জ্জর চলিল ❋ তবেত পোলাদে বড় লাগিলেক ধন্দ ॥ হেলায় হারায় আজি যতেক ফরজন্দ ❋ এয়ছা এয়ছা ছরদারে লাড়কা হৈয়া মরে ॥ বড়ই আশ্চর্য্য ইহা লাগিয়াছে মোরে ❋ আওলাদ নামেতে এক পোলাদের ভাই বড় পাহালওান সেই দুর্জ্জন ছেফাই ❋ পোলাদ বলিল তাকে দেখ খাড়া হৈয়া ॥ সেতাবি লাড়কার তরে আনহ বান্ধিয়া ❋ শুনিয়া আওলাদ ধাইয়া আইল মহিমে ॥ আগ বরাবর ছুটে ভাতিজার গমে ❋ হারেছেরে চোট কৈল আসিয়া পাহালওানে ॥ ইঙ্গিতে হারেছ তাহা লইলেক টানে ❋ বৃথা গেল চোট যে কুফর মরে লাজে ॥ হারেছ করিল চোট হাকিয়া যে তেজে ❋ আওলাদ করিল রদ হারেছের যখন ॥ বড়া পাহাল ওান গিধি কাফের অধম ❋ কুফর ফিরিয়া চোট করে ঘোড়া পরে ॥ রণ ভুলে হারেছ পেয়াদা হৈয়া ফেরে ❋ পুনরায় চোট গিধি করিতে হারেছে ॥ আহম্মদ চাপলুস এসে পৌছিল রণ মাঝে ❋ এক মুটী খাক এনে ফেলিল চক্ষেতে ॥ আন্দেলা হইয়া গিধি লাগিল ঘুরিতে ❋ হারেছ পাইয়া দাং আওলাদের তরে ॥ রণ ভুমে কাছাড়িয়া তাকে ধরে

করে ❋ এইরূপে পোলাদের নাতি পোতা তার ॥ হারেছের সুমুখে আসিয়া ফিরিল আর ❋ পোলাদ আদ্দেগা তাকে ডাহিন বামেতে ॥ নজর করিয়া গিধি লাগিল দেখিতে ❋ বেটা ভাই ভাতিজা আর কেহ মাত্র নাই ॥ পয়তাল্লিশ জন শিশু মারিল এয়ছাই ❋ আখেরে আপনি গিধি আইল লড়িতে ॥ আসিয়া হইল খাড়া হারেছ সাক্ষাতে ❋ হারেছে কহিল তবে শুন ওরে লাড়কা ॥ পরাণে বাচিবে যদি নাই থাক একা ❋ লাড়কার সহিত আমি করিতে লড়াই ॥ পাহালওান সকলের মাঝে লাজ পাই ❋ আদ্দেগা বলে লাড়কা তোর আল্লা হৈল বাম ॥ সাবধান পোলাদ আদ্দেগা মেরা নাম ❋ রুইকে নরম যেন হাতে করি মলি ॥ তেমনি মলিয়া যে ডালিব তোরে বলি ❋ হারেছ বলিল তোরে পোলাদের ধারে ॥ কদাচনা নারিবে পশম কাটিবারে ❋ নাহক আসিয়া গিধি কর সোরসার ॥ এখনি তুড়িব ছের মারিয়া পয়জার ❋ শুনিয়া পোলাদ গিধি গোস্বায় জলিল ॥ হারেছ উপরে আসি তলওার মারিল ❋ হারেছ ঢালের পরে লিলেক উড়িয়া ॥ পুন হাতিয়ার কৈল গোস্বা দেল হৈয়া ❋ মহাবেস্ত হারেছ লইতে ঢাল পরে ॥ লাগিয়া ঘোড়ার ছের দুই খান করে ❋ আখেরে পিয়াদা যে হারেছ হৈল ভুমে ॥ ফের গিধি চোট কৈল অতি পরাক্রমে ❋ ঝিলিম কাটিয়া গিয়া লাগে তলওার ॥ চারি আঙ্গুল দলে হারেছের ছের পর ❋ হারেছের বিপদ দেখিয়া রণ ভুমে ॥ মহাম্মদ হানিফা আদি ভাবিলেন মনে ❋ এবরাহিম মোনাজাত করে উভ হাতে ॥ বলে আল্লা শিশু রাখ কুফর হইতে ❋ ফের এবরাহিম কহে হারেছে হাকিয়া ॥ ফিরিয়া আইস বাবা মহিম ছাড়িয়া ❋ হারেছ কহিল বাবা শোন দেল দিয়া ॥ যদি আমি মারা যাই এমামের লাগিয়া ❋ বেহেস্ত পাইয়া সুখ ভুঞ্জিব বিস্তর ॥ কদাচিত মানা নাহি করহ ওস্তর ❋ দেখিল পোলাদ গিধি ছাওালের তরে ॥ এখন না ভাগিয়া যে আছেত হুজুরে ❋ তবেত হৈল গিধি জলন্ত অনল ॥ হারেছের উপরে ফের করিলেক বল ❋ হাত উঠাইয়া চোট করিল শিশুরে ॥ গুড়ি মেরে গেল শিশু ঢালের ভিতরে ❋ কোমরের কাছে খালি দেখিয়া নজরে ॥ মারিল কাটারি খুব হেকে জোরওারে ❋ পড়িয়া পোলাদ গিধি হাত পাও আছাড়ে ॥ সাবাস২ বলে সবে হাক ছাড়ে ❋ মেরওা ওলিদ বলে ওরে শিশুবরে ॥ কেমনে মারিলি তুই এমন ছরদারে ❋ মৌকুফের নাগারা বাজায় খারিজান ॥ তবেত মছেব কাকা হৈল আগুয়ান ❋ হারেছেরে বোছা দিয়া অতি খোসালিতে ॥ আগে করে আনিল আপন লস্করে

রেতে * সাবাস২ করে তামাম ছরদারে ॥ হানিফাজে বহুত বকশিস দিল তারে * এইরূপে হারেছ লড়িল রোজ কত ॥ মেরওা গিধি হৈল তরাসিত * রছুলের পদ আসে সহদ লালচে ॥ পাচালিতে অধম এয়াকুব রস রচে *

মেরওা উজির এজিদে খত লেখে ॥

ত্রিপদী * হারেছ ওস্তর যদি কাটিয়া কুফর খেতি করিলেক আপন জসে ॥ দেখিয়া মেরওা পাপি, কিহবে২ জপি চিঠি লেখে এজিদ উদ্দেশে * শুন বাদসা কহি তোরে, বিপাকে ঘটিল মোরে, ভঙ্গদিয়া পালাইতে নারি ॥ বিসম আস্বাজিগন করেত দারুন রন, কোন মন্তে জিনিতে না পারি * চৌদ্দ হাজার আর, জেরা পোষ জোরওার, এবরাহিম ওস্তর লইয়া ॥ হারেছ লাড়কার তরে সেই দল ছরদারে, হানিফার মদদ লাগিয়া * আসিয়াছে রোজকত, সেই শিশু হইবেত, চৌদা সাল বয়েস তাহার ॥ যত নামি ছরদারে জনেক২ মেরে সেই মর্দ্দ করিল সংহার নাহি হেন কোন জনে, লড়ে সে শিশুর সনে যদি নিজ চিন্তহ কল্যান রাতি বেরাতি করি পাঠাও লস্কর ভারি, সেই সব নামি পাহালওান * এতেক লিখিল যদি, পড়িল এজিদ গিধি, ডরে ছাতি গেল শুখাইয়া কোমর ভাঙ্গিয়া পড়ে, মুখে যেন ধুলা উড়ে, ছেড়ে পড়ে আছমান ভাঙ্গিয়া * ডাহিন বামেতে কত, গাজিয়ান সত২, বসিয়া যে এজিদ সভায় রছুলের পদ আসে গরিব এয়াকুব ভাসে নবিজীউ করেন নিস্তার *

মেরওা উজিরের মদদে ছেরেস্তানি লস্কর পৌছিবার বয়ান ॥

পয়ার * এজিদ কোটন গিধি ভয় পাইয়া মনে ॥ কহিতে লাগিল গিধি বিনয় বচনে * কহিল এমন পাহালওান কেহ থাকে ॥ তুরিত যাইয়া বেন্দে আনেত শিশুকে * লস্করে ছর্দ্দার আমি করিব তাহারে ॥ দিব অধিকার আমি মুলুক ভিতরে * এতেক বলিল যদি এজিদ সভায় ভয়ে কোন জঙ্গি মাথা তুলি নাহি চায় * ছেরেস্থান নামেতে এক ছিল জোরওার ॥ বাহারাম সাহাবাজ তার দুই ভাই আর * ছালাম করিয়া খাড়া কহে তিন জনে ॥ কিসের লাগিয়া সাহা দুঃখ ভাব মনে * কোনজিউ রাখে সেই হানিফা রাখাল ॥ কোন জিউ রাখে সেই হারেছ ছাওাল * তোমার হুকুম হৈলে এক দিন গিয়া ॥ ছর্দ্দার সহিত তারে আনি যে বান্দিয়া*শুনিয়া এজিদ বড় খোসাল হইল ॥ লড়াই করিতে তবে তাহারে বলিল * দশলাখ দিল তার লস্কর সংহাতি ॥ মুসল জড়িত গুড়ে সাত

সও হাজি * অতি শুভক্ষণে সবে করিয়া বিদায় ॥ মেরগার মদদে সঙ্গে চলিয়া যে যায় * ধুধু করিয়া বাজে নাকারা নিশান ॥ মার মার করিয়া ধায় যত পাহালওয়ান * মঞ্জিল২ আসি চলিয়া মিলিল ॥ মেরগা ছিছ মার আগু বাড়াইয়া লিল * উতারিল গিয়া গিধি আপনা নকামে ॥ সে দিন সকল লোক রহিল বিশ্রামে * বেহানে কহিল সবে মেরগার তরে ॥ জঙ্গের নাকারা গিয়া বাজাও লস্করে * শুনিয়া মেরগা গিধি নাকারা বাজায় নকিব সকল ঘন ডাকে উভরায় * কোন বাহাদুর আসি করিবে লড়াই ॥ জঙ্গেতে আসিয়া নিজ নাম কহ ভাই * গোস্বা হৈয়া শিশুবর দেন পরিচয় ॥ এরাকের সাহাজাদা জানিবে আমায় * কাকা মছের নাম হয় যে আমার ॥ বুঝিব মর্দ্দমি আজি কেমন জোরওয়ার * তুড়িব গর্দ্দান আজ ছুটাইব দাপ ॥ শিশু বলে নাহি জান যেন কাল সাপ * বামন হইয়া হাত বাড়াইলে চান্দে ॥ পালাইতে না পারিবে পড়িয়াছ ফান্দে * শুনিয়া গোস্বায় তবে কুফর ছরদার ॥ নামেতে সাহাবাজ জঙ্গি বড় জোরওয়া * আপনা ভাইকে গিধি কহিল হাকিয়া ॥ সেতাবি লাড়কার তরে আনহ বান্ধিয়া ॥ বার বার কটু কহে নারি সহিবারে ॥ বুঝি পিপড়ার পর উঠে মরিবারে * শুনিয়া ধাইল গিধি শিশুবর পানে ॥ কোমরের দেওয়াল তার ধরিয়াছে টানে * নারিল হেলাতে গিধি লাড়কার তরে ॥ নিদানে ধরিল কাকা তাহার জিঞ্জিরে * জোরেতে তাহার তরে ছের পরে তোলে ॥ ঘুমাইয়া জমিনে আছাড় মেরে ডালে * কুফর কমজাত বড় ছিল জোরওয়ার ॥ তবু রক্ষা পাইয়া উঠিল আরবার * তিন তলওয়ার উঠে মারিল শিশুরে ॥ সকল লইল শিশু ঢালের উপরে * তলওয়ার করিল রদ কাপে জোরওয়ার ॥ গোস্বায় মারিল ফের এক তলওয়ার * এমন গোস্বায় গিধি তলওয়ার হানে ॥ চারি পাও ঘোড়ার কেটে ফেলিল জমিনে * পেয়াদা হইয়া কাকা দাড়ায় ভুমিতে ॥ ধাইল কুফর দেখে মস্তক কাটিতে * শিশুবর দেখে যদি কুফর ধাওয়ানি ॥ দেখিয়া তলওয়ার শিশু নেকালে আপনি * উলট পালট দোহে হয় মহা রণ ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * এইরূপে দুই চারি হাত হৈয়া গেল ॥ তার পরে শিশু হাত ওস্তাদি করিল * হাতেতে ধরিয়া সে খঞ্জর আবদার ॥ মারিতে মারিতে যে কোমর করে পার * পড়িল কাফের লম্বা হইয়া জমিনে ॥ খোদাসিতে শিশুবর ফতে পাইয়া রণে * যোগাইল আর ঘোড়া এনে [illegible] খোদাসিতে শিশুবর হইল ছওয়ার * ভায়ের মরণ দেখে কুফর [illegible] আপনার

বেটা ফের ভেজে আরবার ※ নামেতে ছোহরাব জঙ্গি বড়া পাহালওয়ান॥ তাহার তরেতে [illegible] করিল ফরমান ※ বুঝিব মর্দ্দমি আজি কেয়ছা জোরওয়ারে॥ তাকিদ বান্ধিয়া আন এই শিশুবরে ※ শুনিয়া ছোহরাব জঙ্গি ধাইল সত্বরে॥ আর রেশমের ফান্দ ফেলে শিশুবরে ※ সামালিয়া শিশুবর নিজ ফান্দ ফেলে॥ পাছাড়িয়া ছোহরাবেরে রসি দিয়া গলে ※ বগলে তাহার এরছা মারিল খঞ্জর॥ শুইল চাচার কাছে দারুণ কুফর ※ তার পরে একে একে আইল যত জন॥ ছোহরাবের কাছে সবে করিল গমন ※ আখেরে বেটার শোগে কুফর সাজিল॥ শিশুকে গর্জ্জিয়া বড় হাকিতে লাগিল ※ ভালরে লাড়কা তুই গুমানে ভরিলি॥ আমার হজুরে কত ছওয়ার মারিলি ※ দৈবি মরিবি তুই আমার হাতেতে॥ তাল নাম রাখিলি মারিয়া জন কতে ※ কাকা বলে বেটাচোদ মা কর গুমান॥ গুমানে খারাব হয় যেমন সয়তান ※ শুনিয়া সাহাবাজ জঙ্গি গোস্বায় জলিল॥ কাক্কার সম্মুখে গিধি মৌজুদ হইল ※ গোস্বায় মারিল ফের নেজা যে ছাড়িতে॥ শিশু সেই নেজা ধরে হাসিতে হাসিতে ※ কাড়িয়া লইল নেজা ধরি জোরওয়ারে॥ গোস্বায় কাফির তবে থেচে তীর মারে ※ মোছেব কাকা শিশু পুরা হেকমতে॥ হেলায় সকল তীর ধরে বাম হাতে ※ তবে মহাতেজে শিশু মারিলেক তীর॥ ঢাল ছেদি পীঠ হৈতে হইল বাহির ※ পড়িল সাহাবাজ জঙ্গি শিশুর রণেতে॥ দেখিয়া বাহরাম জঙ্গি ধাইল কোপেতে ※ আসিয়া যে গোর্জ্জ গিধি মারিল কাকারে॥ ঢাল হৈতে কাক্কা তবে আপনাকে সারে ※ ফের গিধি গোস্বা হৈয়া গোর্জ্জকে হানিল॥ শিশুবর গোর্জ্জ তার ফের সামালিল ※ পুন ঘুমাইয়া গিধি চাহিল মারিতে॥ হাত হৈতে গোর্জ্জ খান পড়িল জমিতে ※ হেট হৈয়া বাহারাম উঠাইতে চায়॥ ছেবেতে তলওয়ার শিশু মারি-লেক তায় ※ এমন কুওতে শিশু তেগ মেরে ছিল॥ দুই খান হইয়া গিধি দুদিকে পড়িল ※ চেল্লান কুফর ফের ঘোড়া উঠাইয়া॥ খেচিল দেওয়াল আসি নজদিগ হইয়া ※ ঘোড়া দোন লাথালাথি করে সেইখানে দোহাকে পেয়াদা করি ফেলিল জমিনে ※ কাকা চেল্লানের দুই পাও সামটিয়া॥ বুকেতে দাবিয়া বৈসে জমিনে ডালিয়া ※ চেল্লানের ছেরে দুই মারিলেক মুট॥ পড়িল হুরেতে কাকা বুকে হৈতে উঠি ※ চেল্লান উঠিয়া ফের মারিল তলওয়ার॥ বারেক সাজওয়াল হৈতে পাইল নিস্তার ※ ফের কুদে তলওয়ার মারে বারে বার॥ এক সামালিতে আর মারে পর তার ※ গোস্বায় কুফর তেগ ঝাড়িতে লাগিল॥ নাবালক শিশু বর্ত্ত

কাফের হইল * মহাম্মদ হানিফা দেখি শিশুর দুর্গতি॥ সেতাবি আসিয়া হাকে ছেল্লানের প্রতি * আগে করে আনে কাকা মছেবের তরে॥ আগ লিয়া হানিফা যে আনিল লস্করে * বহুত কাক্কার লোকে করিল সাবাসী॥ বাপ মুখে মুখ দিল হৈয়া বড় খুসী * গম্ভীর নাকারাবাজি করে দুইদলে॥ শুনিয়া ছেপাইগণ বাহুড়িয়া চলে * ছেল্লান আসিয়া কহে মেরঙার তরে॥ এইত জঙ্গেতে দিবে ছর্দ্দারিতে মোরে * বলে চল পড়ি গিয়া হয়ে এক সাতি॥ ঘড়িতে লস্কর মেরে লিব হাতাহাতি * মেরঙা বকশিস দিল বহুত ছেল্লানেরে॥ বহুত সরঞ্জাম তারে দিল খাইবারে * বেহানে উঠিয়া গিখি করিল ফরমান॥ নকিবানে তদবির করিতে ময়দান * জঙ্গের নাকারা তবে লাগে বাজিবারে॥ নকিব চোবদার হাকে ময়দান উপরে * কোন পাহালওান আইস করিবে লড়াই॥ সেতাবি আসিয়া নিজ নাম কহ ভাই এমন কহিতে তবে ছেল্লান কাফেরে॥ লইয়া তামাম লোক পড়ে একে-বারে * দেখিয়া হানিফা মর্দ্দ অতি পেরেসানি॥ বলিল বাটিয়া লেহ যার যেই খানি * তিন লাখ ছওারেতে মেরঙা ছর্দ্দার॥ মারিব এ কুফরে বুঝে তার ভার * উম্মর আলি তালেব আলি আক্কেল আলিরে॥ কহিল তোমরা যাহ হাতীর লস্করে * ওতবা ওলিদ ছর্দ্দার যেই ভিতে॥ চলিল মছেব কাক্কা বেটার সহিতে * ছেল্লান ভাগেতে যাহ এবরাহিম ওস্তর॥ নিজ বেটা হারেছ সহিত গুণধর * এক লাখ আসি হাজার ছওার ছিল্লানে বেড়িলেক এবরাহিম যাইয়া ময়দানে * হারেছ আছিল বিচে বাপেরে দেখিয়া॥ লস্কর সহিত পড়ে ঘোড়া উঠাইয়া * হারেছ দেখিয়া যত কুফরের ছওার॥ পালায় সকলে কেহ নাহি টেকে আর * হারেছ ছেল্লানে ডাকে অতি উচ্চস্বরে॥ ঘড়ি এক রহ খাড়া কমজাত কুফরে * জওাব না দিয়া ভেগে যাও হারামজাদে॥ কেমনে দেখাবি মুখ গোলাম এজিদে * এতেক শুনিয়া খাড়া রহিল ছেল্লান॥ হারেছ ওস্তর মর্দ্দ হইল আগুয়ান * ওলট পালট দোহে হৈল মহা মার॥ কেহ কারে নাহি পারে দোহে জোরওার * মারিল হারেছ পাছে বুঝিয়া নিদানে॥ বামে হাত দেখাইয়া মারিল ডাহিনে * এয়ছাই হেকমতে মর্দ্দ মারিল তলওার দুই খান হয়ে গিখি জমি হৈল সার * রছুলের পদযুগ ভরসা করিয়া॥ অধম এয়াকুব কহে পাচালি রচিয়া *

উম্মর আলি হাতির লড়ায়ে যাইবার বয়ান *

ত্রিপদী * উম্মর আলি পাহালওান, যেই দিকে হাতিগণ, মুসল মুদগর গুরে তার॥ প্রবেশিয়া সেই দলে, দিন মোহাম্মদ বলে, একেলা

করিল ছারখার ❋ বড় বড় দন্ত শুণ্ড, কেটে করে খণ্ড২, মাহুত সহিত আছওয়ার ॥ কত হাতী প্রাণ ছাড়ে পাহাড় সমান পড়ে, খাইয়া আলীর তলওয়ার ॥ একত্র দুজন মিলি, আক্কেল তালেব আলি, ঝুকিয়া পড়িল এত দুরে ॥ উম্মর আলি নাহি জানে, কাটিছে কাফেরগণে, পিছে নাহি দেখিছে নজরে ❋ মেরঙা উজির গিধি, এমত দেখিল যদি, উম্মর আলী হইয়া একেলা ❋ যতেক হাতির দলে, দাপটে হাকিয়া বলে, সমুদ্র মাঝেতে যেন মেলা ❋ মেরঙা ডাকিয়া বলে, যতেক মাহুতি দলে, হাতি লিয়া আইস ঝট করি ॥ ঘের এই আছওয়ারে, যেন পালাইতে নারে, সেতাব আনহ এছে ধরি❋শুনিয়া মাহুত জাতি, লিয়া বড় বড় হাতি, উম্মর আলিরে আসি বেড়ে ॥ যেন মেঘ মহামারে, আসিয়া গগন পরে, সুর্জ্জকে লুকায় নিজ আড়ে ❋ দেখিয়া মাহুত গোটা, মোরতজা আলির বেটা, চালাইতে চাহে অশ্ববরে ॥ ভয়েতে না চড়ে ঘোড়া রণমধ্যে রহে খাড়া, দেখে আলি জমিনে ওতরে ❋ পেয়াদা হইয়া রণে, তবে যত হাতী গণে, কাটিয়া পড়িছে জমিতলে ॥ দেখিয়া মাহুত বন্দ, যতেক রেসমের ফান্দ, উম্মরের গলে দিতে বলে ❋ একেলা পাইয়া রণে, যতেক কাফের গণে, উভরায় ফান্দ লিয়া ধায় ॥ নুর মোহাম্মদ পদ, সহদ হইল দুধ, অধম এয়াকুব ইহা গায় ❋

উম্মর আলিকে কয়েদ করিবার বয়ান ❋

পয়ার ❋ উম্মরের পরে পড়ে সাত শত ফান্দ ॥ কুফরের ফান্দেতে উম্মর হৈল বন্দ ❋ কর মুষ্টির ঘায়েতে উম্মর হৈল জের ॥ মানুষে বান্ধিয়া যেন লিয়া যায় সের ❋ ওম্মর করিয়া বন্দ মেরঙা উজিরে ॥ মকুফের নাকারা লাগিল বাজাবারে ❋ দুই দলে দুই ভিতে নাকারা বাজিল ॥ যার যেই বেরাদরে বোলাইয়া লিল ❋ যার যেই খানে সবে হইল বিদায় ॥ সবে মাত্র ওম্মর আলি না ভেটে বাদসায় ❋ চিন্তিয়া হানিফা তবে কহিল সবারে ॥ সবে আইলে কেন না ওম্মর আইল ডেরে ❋ জান কেহ ওম্মর আলি আছিল কোথায় ॥ বুঝিনু বিপাকে ঠেকে কুফরের দায় ❋ এক জন কহে তবে হানিফা হুজুরে ॥ ওম্মর আলি ছিল মস্ত হাতীর লস্করে ❋ কদাচিত কোথাও না লড়ে পাহালওানে ॥ বহুত মারিল মর্দ্দ মস্তফিল বানে ❋ আমিহ মোকেদ ছিনু পিছেতে তাহার ॥ বহুত ঘিরিল আসি হাতীর ছওার ❋ ওম্মর আলি হৈতে আমি পড়িনু তফাতে ॥ তার পরে নাহি জানি কি হৈল পশ্চাতে ❋ শুনিয়া হানিফা সাহা দেল পেরেসানে ॥ না জানি ধরিয়া লিল যত ফিলবানে ❋ কি হবে

কেমনে পাব ভায়ের সমাচার ॥ উম্মর আলি বিনে জিউ না রহে কারার ❋ বড় পেরেসান সাহা ভায়ের লাগিয়া ॥ করেন বহুত সোর আবদিদা হইয়া ❋ হেনকালে এক জন মমিন আইল ॥ হানিফার তরে আসি কহিতে লাগিল ❋ রেগমের ফান্দ ডালি উম্মর আলিরে ॥ বান্দিয়া লইল আমি দেখিনু নজরে ❋ খবর দিলাম আমি আসি তেরা পদে ॥ তল্লাস করহ গিয়া পাছে গিধি বধে ❋ এমন সময় এক মর্দ তেজগাম ॥ উম্মিয়ার বেটা আলকাছ তার নাম ❋ বড়া জোয়ওার সেই আলীর সমান ॥ ছেথে কালা পাগড়ি কাবাই পরিধান ❋ হানিফা হুজুরে সেই পৌছিল আসিয়া ॥ পুছিল হানিফা সাহা তাহারে দেখিয়া ❋ কোথা হইতে আইলে হেথা কিসের খাতিরে ॥ শুনিয়া আলকাছ কহে হানিফা হুজুরে ❋ আলম্পানা ছালামত শুন মেরা বাত ॥ তোগান তুরুকের লেখা আছে মেরা সাত ❋ আলকাছ আমার নাম শুন আলম্পানা ॥ এত বলি ডালিয়া দিলেক পরওানা ❋ লিখেছিল রছুলের হই দোস্তদার ॥ তোগান তুরুক নাম জানিবে আমার ❋ শুনিয়াছি রছুলের আওলাদের পর ॥ জুলুম করেছে বড় এজিদ কুফর ❋ একলাখ দশ হাজার ঘোড়ার ছওার ॥ সবে অতি জঙ্গ বাজ বড়ই কামদার ❋ শুনিনু আপনি গিয়া পরগম্বরি দান ॥ কুফর তুড়িয়া বড় করিলে প্রবীণ ❋ শুনিয়া আইনু আমি তোমার মোকামে ॥ কদাচিত কমি নাই জানিবে আমাকে ❋ যে দিন লড়িবে তাহা লিখিবে লিখনে ॥ আমি যেন পিছে হৈতে ঘেরি খারিজানে ❋ হানিফা লিখন পড়ে জানে সমাচার ॥ পুন উম্মরে শোকে কান্দে জার জার ॥ আলকাছ কহিল সাহা শুন দেল দিয়া ॥ পেরেসানি খেচো আর কিসের লাগিয়া ❋ খোসাল না হৈলে কেন দেখিয়া আমারে ॥ তোগান তুরুক একা মারিবে কাফেরে ❋ হানিফা বলেন ভাই শুনহ খবর ॥ উম্মর আলি ভাই মেরা প্রাণের দোসর ❋ সেই ফান্দেতে তারে লিলেক কুফর ॥ ভাল মন্দ নাহি জানি তাহার খবর ❋ আলকাছ কহিল কেন ভাবিতেছ তুমি ॥ উম্মর আলির তরে এনে দিব আমি ❋ এত বলি জোয়ওার হইল বিদায় ॥ পাচালিতে অধম এয়াকুব রস পায় ❋

উম্মর আলি খালাছ পাইবার বয়ান ❋

পয়ার ❋ আলকাছ আসিয়া দেখে কুফর লস্করে ॥ ওতবা ওলিদ আর মেরওা উজিরে ❋ আবদুল্লা জেয়াদ আদি হইয়া ছওার ॥ এক ময়দানে গিয়া হইল তৈয়ার ❋ শূলি এক গড়াইয়া পরম যতনে ॥ পরে আনিতে ভেজে দশ পাহালওানে ❋ হুকুমেতে পাহালওান

খায় অস্তি জোরে ॥ বহুত যতন কৈল আনিতে উম্মরে * জামের
ডরেতে যে উম্মর পাহালওান ॥ রহিল জমিনে পড়ি শুনিয়া নিদান *
দশ জনে কদাচিত আনিতে না পারে ॥ জনেক আসিয়া কহে মেরঙ্গা
হুজুরে * এমন সময় সেই আলকাছ আসিয়া ॥ মেরঙ্গা উজিরে কহে
ছালাম করিয়া * দশ পাহালওানে এসে আনিতে না পারে ॥ একেলা
আনিব এছে দেখহে নজরে * কহিল মেরঙ্গা আন সেতাব করিয়া ॥
স্থলিতে চড়াও এনে কি কাজ রাখিয়া * এত বলি দূর করে দিল সবা-
কারে ॥ লইল আপনি এসে উম্মর আলিরে * সরমে উম্মর আলি আছিল
পড়িয়া ॥ আলকাছ তাহার তরে লিল উঠাইয়া * মাথায় উঠাইয়া তারে
লিল জোরওারে ॥ ভরসা করে উম্মরে লাগিল কহিবারে * ভয় না করিব
উম্মর আলি পাহালওানে ॥ কুফর বলিয়া মোরে না জানিও মনে *
রছুলের খান্দানের আমি দোস্তদার ॥ আসিয়াছি তুজে আমি করিতে
উদ্ধার * উম্মর আলি শুনে পড়ে শোকর খোদার ॥ রছুলের দরুদ
লাগিল পড়িবার * তবে উম্মর আলিরে লইয়া জোরওারে ॥ দর্প করি
কহে আসি মেরঙ্গা উজিরে * হুকুম করিলে এসে চড়াই স্থলিতে ॥
এত বলি লাফ এক মারিল সভাতে * মেরঙ্গা বলিল আর দেরেঙ্গ
কিসের ॥ সেতাবি স্থলির পড়ে চড়াও এহারে * শুনিয়া আলকাছ তবে
এক লাফ মারে ॥ কহিতে লাগিল তবে মেরঙ্গার তরে * যতেক খলক
মেরা আমো সম্মুখেতে ॥ সবাকারে তাড়াইয়া করহ দুই ভীতে *
দেখিবে হানিফা বাদশা আইলে ময়দান ॥ হুজিমত খাইবেক হয়ে অপ
মান * মেরঙ্গা উজির তবে কৈল চোপদারো ॥ ক্ষনেক সকল লোক
দুই ভীত করো * ময়দান দেখিয়া তবে এক লাফ মারে ॥ হুঙ্কার
হাকনি যায় পাহাড় উপরে *এমন দেখিয়া তবে মেরঙ্গা ওলিদে ॥ কহিতে
লাগিল গিধি আবদুল্লা জেয়াদে * আপনার হেন মর্দ্দ না দেখি এহারে
নাহি জানি কোথা হৈতে আইল কি খাতিরে * এরছাই ভাবিল তথা
কুফর সর্দ্দারে ॥ হাকিয়া আলকাছ তবে লাগিল কহিবারে * শুনরে
হারামখোর কুফর কমজাত ॥ উম্মরে লইব তোর মুখে দিয়া লাত * আল
কাছ আমার নাম কহিনু সবাকে ॥ তোগান তুরুকেরা লেখা হানিফা বাদ
সাকে * কাছেদ হৈয়া এসে ছিনু আমি হেথা ॥ শুনিয়া হানিফার মুখে
উম্মরের কথা * দরদ হইল বড় দেলেতে আমার ॥ তেই সে আসিয়াছিনু
করিতে উদ্ধার *এই লিয়া যাই রাখ যদি বল থাকে ॥ এত বলি দৌড়িলেক
হানিফার নজদিকে * বাঘ যেন বাঘাই করিয়া যায় বনে ॥ কেবল ভেকার

পারা রহে সর্ব্ব জনে * দেখিয়া যে মেরঙার মুখে নাহি বাত॥ওতবা ওলিদ গিধি থাইল পশ্চাত*আকাছ ঝড়ের পারা লইয়া উম্মরে॥ খোসালিতে ভেটে গিয়া হানিফা বাদসারে * ওতবা কমজাত ফিরে গেল নিজস্থান ॥ জেন ছের মুড়াইয়া কৈল অপমান * কোথা রহে লোকজন কোথা রহে গুলি ॥ আলকাছ লইল জোরে চক্ষে দিয়া ধুলি * উম্মরে পাইয়া বাদসা দেল খোসালিতে ॥ বাওন হইয়া যেন চান্দ পাইল হাতে * ইয়ার বেরাদার যত ছেপাই ছরদারে॥ যেখানে যে ছিল সব সরদার ভিতরে * ঘোড়া জোড়া ছের পাঙ কাবাই হাতিয়ার ॥ আলকাছেরে দেয় সবে যত ছিল জার * আলকাছ কহিল বাদসা আরজ আমার ॥ এনামেতে॥ কাজ কিছু নাহিক তোমার * রছুলের খান্দানের দুস্তির কারনে উম্মরে খালাছ করি আইনু যতনে * লইব এ নাম যদি হইয়া মাস্তাদার ॥ রোজ মহা সরে লাজ হইবে আমার * যদি নেকলিলে উম্মরের তোছদ্দকে ॥ হুকুম করহ বাটি দিই ফকির লোকে * সুনিয়া কহিল সবে যে দেলে তোমার॥ তবেত আলকাছ সবে লাগে বাটিবার * সকলি এতিম লোক দিল যে তখনে ॥ রছুলের পায়েতে এয়াকুব সুরচনে *

আহাম্মদ চাপলুস হানিফার কাছে পৌছে তাহার বয়ান ॥

পয়ার * মহাম্মদ হানিফা তবে খোসালিত অতি ॥ ইয়ার বেরাদারে সবে বসে সেই রাতি * আহম্মদ চাপলুস আসি পৌছিল বেহানে ॥ আলকাছরে কোল দিল খোসালিতে মনে * জাকর কহিল শোন যতেক ইয়ার ॥ সুনিয়া এজিদ গিধি এই সমাচার * আছমান ভাঙ্গিয়া যেন পড়িল ছেরেতে ॥ ভয়েতে কাতর হৈয়া লাগিল কহিতে * এক জন পেয়াদা হাতেতে লিয়া লাঠি ॥ করিল বাধাই যেথা লোক কুটী কুটী * হারেছ ওস্তর মর্দ্দ লাড়কা হইয়া ॥ বড়২ পাহালওানে ডালিল মারিয়া * মছেব কাকার বেটা নবিন ছাওাল ॥ আমার ভাগ্যেতে সেই হৈল জেন কাল * পুর্ব্বে মোরে নিষেধ করিয়া ছিল বাপ ॥ শিসু হৈয়া ধরিতে নারিবে কাল সাপ * কদাচিত অন্যায় না করিহ হাছেনে ॥ খারাবির চিন্ন এহা সুন সাবধানে * অভাগ্য না শুনিলাম তাহার বচন ॥ মাঠেতে হইল যেন মুড়ের মরন * মোহাম্মদ নবিবর হবিব খোদার ॥ পাতকি তারনে জার হৈল অধিকার * তাহার আওলাদ গন মোর বুদ্ধে তুরি ॥ আপনার পায়ে মারিনু আপনি কাটারি*দুনিয়ার লাগিয়া দিন করিনু খারাব ॥ দিনেতে ছুনিয়া যায় দিয়া মনস্তাপ * এই রূপে মনস্তাপ করিয়া বিস্তর ॥ মেরঙা মদদে পুন ভেজিল লস্কর * মাতওালা

হাতি তেজে লস্কর হাজার ॥ তিন লাখ জেরাপোস ভাল আছওার * আহাম্মদ চাপলুস কহে হানিফা বাদসারে ॥ ছাতি পরে দিয়া হাত দাড়ায় হুজুরে * তোমার হুকুম যদি দুই ভাই পাই ॥ বুঝে আসি এই কেয়ছা লস্কর ছেফাই * আলকাছ দরূদ সাহা যাই দুই জনা ॥ আচম্বিতে পড়িয়া করিব রাতহানা * হানিফা কহিল তবে পার যেই মতে ॥ যেন পরমাদ নহে কুফর সহিতে * আহাম্মদ চাপলুস আর আলকাছ দরূদে ॥ হুকুম পাইয়া দোহে চলিল নিশব্দে * রাত দুই প্রহরেতে কুফরের খানা ॥ কেহ শুয়ে ছিল কেহ পাকাইছে খানা * কেহ খোসালিতে কেহ কেহ গীত গায় ॥ আর কত জন সোগে করে হায়২ * হেনকালে পড়ে আসি হানিফার লোকে ॥ ঘর২ কাফের গনে পড়েছে বিপাকে * হাতিয়ার ধরিতে কেহ বুক নাহি বান্দে ॥ পশু পক্ষি পড়ে যেন নেকারির ফান্দে * চাবুকের ঘায়ে কেহ হইয়া গেল কুজা ॥ কার পীঠে লাগিয়া বাহির হৈল নেজা * কার কান নাক কাটে কার হস্ত পদে ॥ পুরুষ এমতে কেহ না ঠেকে বিপদে * একে অন্ধকার রাতি নাহি যায় চেনা ॥ তাহাতে মুদ্দই কেবল শক্ত দুই জনা * আপনা আপনি ভাই লাগে হুটা হুটি ॥ চেনা পরিচয় নাহি করে কাটা কাটি * ঠেলা ঠেলি চড়াচড়ি মারিল কত জনে ॥ তাহার শুমার আল্লাতালা ভাল জানে * কুফর দলেতে হৈল যত অপমান ॥ থোড়া পাতে কত তাহা করিব বয়ান * পালাইয়া জীউ রক্ষা করিতে যে ছিল ॥ আহাম্মদ আলকাছ তারে পাছোরিয়া লিল * তার পরে লস্করেতে আইল দুই জন ॥ আজে রাইল সমান দোহে এজিদ সমান * মহাম্মদ হানিফা দোহে তারিফ করিয়া ॥ বসাইল বিছানাতে হাত পাকড়িয়া * জঙ্গনামার কথা হয় সহদ সাগর ॥ অধম এয়াকুব কহে শুন সাধুবর *

পয়ার * তবেত আলকাছ মর্দ্দ হইয়া বিদায় ॥ হানিফার লিখন জওাব লিয়া যায় * রছুলের খান্দানেতে যত দুখ আর ॥ তোগানেরে কহিল সকল সমাচার * বিশেষে পড়িয়া লেখা কারন জানিল ॥ সোগেতে শুখার ছাতি চক্ষে বহে জল * মেতার তোগান সাহা করিল গমন ॥ না করে দেরেঙ্গ কিছু চলে রাত দিন * হেথায় মেরওা গিধি পাইয়া রাত্র হানা ॥ নিবারিতে নারে লোক বাড়াই দোগানা * অনেক রঙ্গিন জামা আনিয়া কাফেরে ॥ এনাম করিল যত ছেফাই ছর্দ্দারে * কভুনা ডরিবে কেহ হানিফার তরে ॥ এতেক ছামানা মেরা কি করিতে পারে * কাটিয়া

মরিলে বাড়ে মর্দ্দের মহিমা॥ হইবে ভেকার কাছে বক্ত এক সীমা * কালি হেনকর সবে পরে একবার॥ যে হয় হইবে জাহ বক্তে আছে জার এয়ছাই মছলত করে কুফর সকল॥ বেহানে বাজায় সবে জঙ্গের তবল * দুই দলে মুখামুখি দাড়াইল রনে॥ হাকিতে লাগিল তবে যত নকিবানে সাত লাখ আছওার নয় লাখ পাঙদল॥ একেবারে জুকে পড়ে কুফর সকল * হানিফার লোক যত এয়ছাই দেখিয়া॥ আল্লা২ বলে সবে পড়িল কুদিয়া*পাহালওান সকলের হাকনির বলে॥ যেন মহা শব্দ উঠে সাগর উথলে * তীর গুলি তলওার গোর্জ্জ নেজা হাত॥ যেন নব মেঘেতে পড়িল বর্জ্জাঘাত * দেনমতে দুইদলে পড়ি মহা মার॥ দিন দুই প্রহরেতে হৈল অন্দকার * যতেক সহিদ হৈল হানিফার দলে॥ তার সাত গুন হৈল কাফের সকলে * উম্মর আলি আক্কেল আলি দুই জোরওার॥ তালেব আলি পাহালওান হারেজ ওস্তর * এবরাহিম ওস্তর আদি হাতি য়ারের ধনি॥ যাহার পায়ের ভরে কাতর মেদিনী * এরাকের ছরদার মছেব কাক্কা নাম॥ কাক্কা মোছেব তার বেটা অতি গুনধাম * আলি আকবর হানিফার ছোট ভাই॥ জোমের দোসর এই লস্কর ছেফাই * তোগানের একলাখ ঘোড়ার ছওার॥ জেরাপোস জঙ্গিবাজ বড়া জোর য়ার * গোস্বায় কাফের গনে ঘিরিল আসিয়া॥ মারিল অনেক তীর দুরেতে থাকিয়া * যেন বরিসন নব মেঘে জল ধরা॥ সুমুখে বিমুখে দুই দিকে গেল ঘেরা * ভাবিল ফর সব মরিলেম মোরা॥ এই রূপে পড়ে তীর করে পারা২ * মেরঙা উজির আর ওতবা ওলিদে॥ সহিত কুফর সব আবদুল্লা জেয়াদে * সুমুখে হাতির ঘটা ধোকায় রাখিয়া॥ ভাগিল যে তিন জন পরান লইয়া * এবরাহিম ওস্তর আর এরাকের পতি॥ নজর করিল যত কুফর সঙ্গতি * পাঠাইয়া দিল ঘোড়া তাহার পিছেতে॥ গোস্বায় মছেব কাক্কা লাগিল কহিতে * কোথা যাও হারাম খোর ওতবা ছরদার॥ আমি তোরে ডুড়ে ফিরি চাহ একবার * শুনিয়া না শুনে গিধি ধায় উভরায়॥ গোস্বায় মছেব কাক্কা গালাগালি দেয় * খাড়া রহ বেটিচোদ কাফের কমজাত॥ জমিনে পড়িয়া তোর মুখে মারি লাত * এজিদের নেমক হারাম হয় তোরে॥ যদি বাহুড়িয়া কথা নাহি কহ মোরে * ধর২ বলিয়া হাকেত জোরওারে॥ বাওভরে মোছেব পৌছিল তার তরে * হাকিয়া হেঙ্গল যেন দম করি পেটে॥ পালাইতে নাহি পারে দুসমন নিকটে * অতি মোরে চোট কৈল মছেব উপরে * এরাকের পতি তাহা নিল ঢাল পরে * মোছেব মারিল চোট পিছে

তাকাইয়া ॥ জমিনে পড়িল গিধি দুই খান হৈয়া ❋ এবরাহিম ওস্তর ত্ররে আবদুল্লা জেয়াদে ॥ হাকিয়া কহিল খাড়া রহ হারামজাদে ❋ হোছনে ঠগালি গিধি এজিদ পিরিতে ॥ তেকারনে সাধ আছে তোমারে দেখিতে শুনিয়া কাফের গিধি নেজা ঘোমাইয়া ॥ এবরাহিম মোকাবেলা রহে খাড়া হৈয়া ❋ অতি বেগে এবরাহিম আসিয়া পৌছিল ॥ জেয়াদ হাকিয়া নেজা বুকেতে মারিল ❋ ঢালেতে নেজার ছড়া ফেরায় ওস্তর ॥ গোস্বা হানিল চোট জেয়াদ উপর ❋ নিজ ঘোড়া হৈতে গিধি পড়িল জমিনে আছিল করিতে চোট ঘোড়ার চরনে ❋ হারেছ ওস্তর পুন পবনের ভরে ॥ পৌছিয়া সে মারিল তাহার ছাতি পরে ❋ পীট হৈতে বাহির হইল সে খঞ্জর ॥ পড়িল জেয়াদ গিধি জমিন উপর ❋ এই ঘড়ি অবসর মেরওা পাইয়া ॥ পালাইয়া গেল গিধি পরান লইয়া ❋ উম্মর আলি পাহালওান লিয়া ভাইগনে ॥ হাতির লস্করে পরে গেল তিন জনে ❋ মস্ত হাতিগন যেন পুকুরে পড়িয়া ॥ লণ্ড ভণ্ড পদ্দবন করিল ভাঙ্গিয়া নব মেঘের ঘটা যেন সোভে ভুমি তলে ॥ উম্মরের অস্ত্রাঘোত পড়িল যে দলে ❋ লস্কর লহরি হয় লহুতে সাতারে ॥ লহু গোস্তখোর সর্ব্ব জনে করে ❋ পলায় তামাম লোক নাহি টেকে আর ॥ কোথা সে রঙ্গিন জামা কোথা তলওার ❋ কোথাবা গোলাম গেল কোথা বা ঠাকুর জিউ লিয়া পালাইল সেই বাহাদুর ❋ মরা হৈয়ে রহে কেহ কেহ ডুবে তবে ॥ কেহ কাটা বনে বসে কেহ গাছে চরে ❋ পরানের ভয়ে কেহ ডুবে রহে জলে ॥ এমন বিপদ নাহি দেখি কোন কালে❋ ঠাই২ মরা গুলা হৈল রাশি২ ॥ দুর হৈতে দেখিতে পাহাড় হেন বাসি ❋ বহুত লুটীল ভাই যেই যার ইচ্ছে ॥ যোড়া জোরা সোনা রূপা জাহা জার কাছে ❋ বাহুড়ি তামাম লোক আইসে খোসালিতে ॥ ছালাম করিল আসি হানিফার পায়েতে ❋ এবরাহিম ওস্তর আর হারেছ ওস্তর ॥ সাত পুত্র মছেব কাকা এরাক ছর্দ্দার ❋ ওম্মর আলি দুই ভাই সহিত আসিয়া ॥ মিলিল তোগান তুরুক একত্র হইয়া ❋ বহুত কান্দিল সবে হোছেনের সোকে ॥ তবেত হানিফা বোধ করিল সবাকে ❋ কারবালায় সকলে সহিদের নাম ॥ করিল ফাতেহা খুব মিলিয়া তামাম ❋ রছুলের পদজুগে ভরসা কেবল ॥ অধীন এয়াকুব কহে হোছেনের মঙ্গল ❋

মোহাম্মদ হানিফা মদিনা জায় ॥

পয়ার ❋ দহসতে ভাগিল যত মেরওা কমজাত ॥ মুখে ধুলা উড়িয়াছে নাহি সবে বাত ❋ এজিদ হজুরে আসি পড়িল কান্দিয়া ॥ বারেক

ছাহেব আইন্থু পরান লইয়া ❋ মরিল সকল লোক পড়িল প্রমাদে ॥ শুতের ওলিক আদি আবদুল্লা জেয়াদে ❋ হেন বিপরিত জঙ্গ নাহি দেখি শুনি পাহালাওানের পদাঘাতে কাপিল মেদনি ❋ রোজ কেয়ামত যেন হইয়া ছিল লোকে ॥ কোনবা উপমা তার কহি একে২ ❋ আলির ফরজন্দ সব আলির সমান ॥ ভয়ে কেহ কদাচিত না হয় আগুয়ান ❋ শুনিয়া এজিদ গিধি হৈল পেরেসান ॥ কি করিব কি হইবে করে অনুমান ❋ হাঘসি আর জঙ্গঘার যতেক মুলুকে ॥ লিখন ভেজিল গিধি সকল বাদসাকে ❋ হেথায় হানিফা মর্দ্দ ফতে পাইয়া রনে॥দুইদিন মোকাম করিল সে থানে ❋ দেখিল যে আর কেহ না আইল লড়িতে ॥ মদিনা চলিল সব লস্কর সহিতে ❋ এব রাহিম ওস্তর আগুদল সব লিয়া ॥ মদিনার লোককে খবর দিল গিয়া ❋ রছুলের মবারক রওজা জেয়ারতে ॥ আইসে হানিফা মর্দ্দ লস্কর সহিতে ❋ শুনিয়া বুজরগ যত ছিল মদিনায় ॥ আগু বাড়াইয়া চলে সবে হানিফায় ❋ জেয়ারত করিল আসি মস্তফার গোরে॥তবেত হানিফা সাহা লিয়া যেত দরে ❋ যেই কালে হায়াতে আছিলেন রছুল॥এমান হাছেন আর হোছেন মকবুল ❋ ফতেমা জোহরা আদি যেমন দাঁড়ায় ॥ গুজরান করিয়া সবে ছিলেন মদিনায় ❋ যেই রূপে গরিব এতিম লোকজনে ॥ দয়াকরি নবিজ করিতে পালনে❋যেইরূপে বিচারকরিতআদালতে॥বাদসাই করিতেন নবি যেছাই রূপেতে ❋ যেইমতে দিয়াছিল হাছেনে হোছেনে॥সেই সব কথা এয়াদ করে সর্ব্বজনে ❋ সে সব কহিতে আছু চলে আখি হৈতে ॥ যতেক মমিন সব লাগিল কান্দিতে ❋ তবেত হানিফা বাদসা লিয়া বেরাদরে ॥ মদিনার মছজেদে নামাজ গোজরে ❋ নামাজ বাদেতে তবে খতিব হইয়া খোতবা পড়িল সাহা মিম্বরে চড়িয়া❋পহেলা পড়িলবহুত তারিফ খোদার॥ তার পরে পড়িল তারিফ মস্তফার ❋ তারিফ চারি ইয়ারে মর্দ্দ পরিল বিস্তর ॥ এমামের ছেফত পড়িল তার পর ❋ তবেত কান্দিল সবে ইয়ার সহিতে ॥ দেখিয়া মদিনার লোক লাগিল কান্দিতে ❋ তবে মদিনার লোকে কহিল কান্দিয়া ॥ হানিফা হুজুরে কহে বুকে হাত দিয়া ❋ আল স্পানা ছালামত আরজ এয়ছাই ॥ যাবত মদিনা ছেড়ে গেছে দুই ভাই তাবত মদিনার শুখ আজি সে হইল ॥ যেন আর তোমা পাইয়া এমামে পাইল ❋ ভাগ্যে যে তোমায় পাইনু এমাম বদলে ॥ ছারিয়া না দিব তোমায় প্রানে না মারিলে ❋ মা বাপ বিহনে যেন ছাওালের কোন গতি হাছেন হোছেন বিনে হয়েছে তেমতি ❋ হানিফা বলেন কেহনা কান্দিও আর ॥ সবাকার বাবেতে আছেন করতার ❋ নানামতে বুঝাইয়া কহে সবা।

কারে যদি আল্লা করে পাবে এমাম জাদারে॥ তবে যত বোজর গান ছিল মদিনার॥ সবে মেহেরবানি করে হানিফা বাদসার॥ ঠাঁই২ এমারত যত ভেঙ্গে ছিল॥ হানিফা সে সব কোঠা বানাতে কহিল॥ হুকুমেতে কারিগর আইল বহোত্তর॥ ছইমাসে বানাইল মদিনা সহর॥ এমামের বাদে যত ঘর ভেঙ্গেছিল॥ হানিফার হোকুমেতে তৈয়ার হইল॥ পুরান নতুন কুঠরি ফেরা ইয়া চুনা॥ চারিদিগে চারি ঝাণ্ডা গাড়িল নিসানা॥ তবেত রছুল আসি রাতে হানিফারে॥ স্বপন দেখাইয়া এহা কহে বহু তরে জয়নাল আবদিন আর বিবি সবাকারে॥ উদ্ধার করহ গিয়া দামেস্ক সহরে॥ কত দিন হয় সবে আছে কারাগারে॥ তোমা বিনে খালাস করিতে কেবা পারে॥ দেরনা করিবে হেথা কহিযে তোমারে॥ জানানা সকল পাছে মরে বন্দ ঘরে এত যদি স্বপন কহিল নবিবরে॥ বেহানে হানিফা কহে সকল ভায়েরে॥ শুনিয়া স্বপন বাত সবে খোসালিতে॥ কোমর বান্দিল সবে দামেস্ক যাইতে॥ রছুলের মবারক রওজায় আসি॥ একিন মনেতে সবে নিজমুগু ঘসি॥ খনেক হানিফা তথা পড়িল কোরান॥ বন্দেগীতে রহেন যতেক এয়ারান॥ তবেত নবির গোরে হইল আওয়াজ॥ তুরিত দামেস্ক জাহ হানিফা সাহাবাজ॥ লইতে ভায়ের দাদ বিলম্ব নাসয়॥ কারাগারে আও রত সব কান্দে উভরায়॥ জঙ্গনামার কথা ভাই সহদ সাগর॥ অধম এয়াকুব রচে পিও সাধুবর॥

মোহাম্মদ হানিফা দামেস্ক যায়॥

পয়ার॥ হানিফার ভাই সব আওাজ শুনিয়া॥ নেকলিল মোবারক গোরে বোছা দিয়া॥ নাকারা হইল যাইতে দামেস্ক সহরে॥ নকিব সকলে ঘন ঘন হেকে ফেরে॥ মদিনার বুজরগান সকল যাইতে হানিফা বিদায় হৈল অতি খোসালিতে॥ কুচের নাকারা শুনি যতেক ছেফাই সেতাবি কোমর বেন্দে চলে ধাওধাই॥ ॥ আগুতে মছেব কাকা বড় জোরওার॥ জার তাবে চৌদ্দ হাজার আছওার॥ তার পরে ওমর আলি সঙ্গে দুই ভাই॥ জেরাপোস সাতে তিন হাজার ছেফাই॥ তার পরে এবরাহিমের যে লস্কর॥ তবেত আস্বাজ পতি আলি আকবর॥ মহাম্মদ হানিফা পিছে চলিল আপনি॥ লস্করের পদাঘাতে কাতর মেদিনি ঘোড়ার পায়ের শব্দ চৌদিকে পুরিল॥ উট হাতি খচ্চর যে হাকিতে লাগিল॥ তারপরে তোগানের গাদাও লস্কর॥ ভেউর করনাল তাহে বাজে নিরন্তর॥ মদিনার লোক যত হাত উঠাইয়া॥ দোওা কৈল হানি ফাকে খোসাল হইয়া॥ তারা কহে খান্দানের বাড়ুক মসাল॥ উম্মর আলি

আদি যত কেরোদর সকল ✻ তবেত হানিফার লোক রোজ২ চলে ॥ রক্ত রিয়া রহে মাত্র তিন কোস গেলে ✻ কত দিন চলে আইল দামেস্ক সহর দশ কোস বাকি মাত্র রহিল লস্কর ✻ আসিয়া ময়দান এক নজরে দেখিয়া ॥ লস্কর সহিদ সাহা রহে ওতারিয়া ✻ তাম্বু কানাত ডেরা ঝাণ্ডা খারা কৈল ॥ রন সিঙ্গা ভেউর কত বাজিতে লাগিল ✻ নাকারা তবল বাজে দামামা নিসানে ॥ ঘোড়ার হিন২ শব্দ নাহি স্থনি কানে ✻ তবেত ছর্দ্দার সব হানিফাকে কয় ॥ মারিব এজিদ সবে নাহি কিছু ভয় ✻ হেথা হইতে এক দৌড় দামেস্ক হইবে ॥ এজিদ কমজাত কালি দোজখ দেখিবে হানিফা কহিল স্থন যতেক ছর্দ্দার ॥ সেই দিন জিউ মেরা হইবে করার যেই দিন খালাস করিব বিবিগনে ॥ তক্তে বসাইব জবে জয়নাল আব দিনে ✻ তবেযে হানিফা কহে মছেব কাকারে ॥ না জানি এজিদ গিধি কোন মর্ম্ম করে ✻ এতেক সামান রাখে কমজাতে কুফর ॥ ভাল যে তাহার কিছু না পাই খবর ✻ মহাম্মদ হানিফা এই কথায় আছিল ॥ হেনকালে দামেস্কের কাছেদ আইল ✻ পুছিল হানিফা তারে আইলে কোথা হৈতে দুই হাত জুরি মর্দ্দ লাগিল কহিতে ✻ দামেস্কেতে গিয়াছিনু তোমার ফরমানে ॥ এজিদার ছরঞ্জাম দেখিনু নয়নে ✻ পঞ্চদশলক্ষ আছওার আছে তার ॥ আর একলাখ হাতি পর্ব্বত আকার ✻ স্থমুখে মুদ্গর বান্দা সবাকার স্থণ্ডে ॥ চুর হৈয়া যায় হেনমারে জার মুণ্ডে ✻ দামেস্কের কাছেদের মুখের কথন ॥ স্থনিয়া হানিফা সাহা আছে একমন ✻ হেনকালে আর২ মুলুক হইতে ॥ আসিয়া কাছেদ সব লাগিল কহিতে ✻ আলম্পানা ছালামত শুন দেল দিয়া ॥ রুম হৈতে আসি আমি খবর লইয়া ✻ এজিদের পিরিত হয়ে রুমের বাদসার ॥ মদদে আইসে পাচলাখ আছওার ✻ চালিস হাজার হাতি স্থণ্ডে যদি ধরে ॥ আনিতেছে হেথা সাহা দেখিনু নজরে ✻ তবে আসি একজন লাগিল কহিতে ॥ আইনু খবর লিয়া ফেরেঙ্গ হইতে ✻ এজি দার দোস্ত ফেরেঙ্গ ছর্দ্দার ॥ এজিদ মদদে সাত লাখ আছওার ✻ লইয়া আপনি আসে দেখিনু নজরে ॥ বড়া জাহা বাজ তার ছেফাই ছরদারে ✻ তবেত কাছেদ আইল জঙ্গবার হইতে ॥ ছাতি পরে হাত খাড়া লাগিল কহিতে ✻ জঙ্গবার সাহা নও লাখ আছওার ॥ লইয়া আইসে সেই এজিদে রাখিবার ✻ হাবেস হইতে যেই কাছেদ আইল ॥ হানিফাকে যোড় হাতে কহিতে লাগিল ✻ আলম্পানা ছালামত শোন দেল দিয়া ॥ নওলাখ ছওার যে সাতে করে লিয়া ✻ হাবেসের পতি আইসে এজিদ মদদে ॥ এবার তরিতে যদি পারহ বিপদে ✻ তবে সে খালাস কর জয়নাল আবদিনে ॥

হবে সে বালাস সাত শও আগুরতানে ❋ শুনিয়া হানিফা তবে হইল চিন্তিত ॥ মছলত করেন সাহা ইয়ার সহিত ❋ এতেক লস্কর যদি হবে এক ঠাই ॥ ঘোড়া হাতি দানা ঘাস কিছু পাবে নাই ❋ খানা পানি আদমিকে কিছু না মিলিবে ॥ কহ ভাই সবে এর কি বুদ্ধি করিবে ❋ জঙ্গ নামার অপরূপ হানিফার কথা ॥ শুনিলে এয়াকুব কহে ঘুচে মনের ব্যথা ❋

হানিফার দানেস্কের লড়াই ❋

পয়ার ❋ তবেত মোছেব কাক্কা জুড়ে দুই হাত ॥ কহে আলম্পানা কহি শোন মেরা বাত ❋ তোমার হুকুমে যদি হয় মোর তরে ॥ কাটিয়া বান্দিয়া আনি ফেরেঙ্গ বাদসারে ❋ লুটিয়া বস্ত মাতা পাইব তাহার ॥ আরামে লস্কর সব খাইবে তোমার ❋ ওমর আলি উঠিয়া কহিল খাড়া হৈয়া ॥ রুমের ছরদারে আজ ডালিব মারিয়া ❋ আরোজ করিল তবে এবরাহিম ওস্তর ॥ রহিল আমার ভাগে জঙ্গবার খবর ❋ তবেত তোগান তোরক কহে হানিফারে ॥ বান্দিয়া আনিব আলী হাবসী বাদসারে ❋ শুনিয়া হানিফা বড় খোসাল অন্তরে ॥ করিতে লাগিল কিছু সকল ছরদারে ❋ বচ্ছর লাগাত আজি লড়ি এক ঠাই ॥ বুঝি আজি জুদা২ করিল সাই ❋ এত বলি হানিফা হেটমুছেরেতে রহিল ॥ শুনিয়া মছেব কাক্কা কহিতে লাগিল ❋ তোমার হুকুম কিবা হয় আমাদেরে ॥ তকরিক হইব কিবা রহে একস্তরে ❋ হানিফা কহিল যেই যাহা করে মনে ॥ আমি সে নিসেধ তাহা করিব কেমনে ❋ ফউজ মহিমে ফতে হইবে যাহার ॥ সেতাবি আমার কাছে হইবে তৈয়ার ❋ শুনিয়া ছর্দার সব হুইল বিদায় ॥ ছালাম তছলিম করি হানিফার পায় ❋ আপনি হানিফা চলে দামেস্কের ভাগে ॥ আসিয়া মৌজুদ হৈল তাহার নজদিগে ❋ দামেস্কের নিকটে রৈল হানিফার লস্কর ॥ এজিদ কমজাত তবে পাইল খবর ❋ গোস্বায় ধাইল গিধি বলে মার২ ॥ ময়দানে মেকলে আইসে নওলাখ ছওয়ার ❋ বলকীর নামে ছিল এক পাহালওান ॥ তার পরাক্রম কিছু না হয় বয়ান ❋ পয়তালিস গজ তার শরীর প্রধান ॥ ছের যেন বিচপুরা বাধায় কমান ❋ দুই চক্ষু যেন তার নাকারার খোল ॥ মেঘে যেন শব্দ করে তার মুখের বোল ❋ এজিদে কহিল গিধি হাকিয়া২ ॥ মহিমের হুকুম মোরে দেহ পাঠাইয়া ❋ এজিদ কহিল যদি পার লড়িবারে ॥ রাখিয়াছি বল তবে কোন দিনের তরে ❋ বলকিয়া এতেক শুনিয়া সমাচার ॥ বড়া এক ঘোড়া পরে হইয়া ছওয়ার ❋ বড় এক গাছ গিধি লিল ওখাড়িয়া ॥ হানিফার লস্করেতে আইল চলিয়া ❋ তাহার গমণ দেখি যে ছিল তাহার ॥ ভাই ভাতিজা যত সঙ্গে

আইল তার * আম্বাজি ছওয়ার এক হানিফাকে কন ॥ ছালাম করিয়া সেই চাহিল ফরমান * হানিফা বলিল তোরে সুপিনু খোদারে ॥ শুনিয়া খাম্বাজি ধায় কুফর হুজুরে * দুই হাতে তলওয়ার ধরিয়া সে জোরে ॥ পহেলা হানিল চোট বল্লকিয়া পরে * দুই খান হৈয়া গাছ জমিনে পড়িল ॥ গোস্বায় বালকি গিধি হাত দারাজিল * কোমরের দেওয়াল তার পাইয়া নিজহাতে ॥ ঘোড়া হৈতে তুলিয়া ঘুমায় নিজ মাথে * এমন জোরেতে গিধি মারিল কাছাড় ॥ তাল হৈয়া পড়ে চুর্ণ হৈল হাড় * তবে নেকলিয়া ফের আইল একজন ॥ সেহভী বেহেস্ত পথে করিল গমন * এক্কে২ আইল চাল্লিশ আছওয়ার ॥ সকলে সহিদ হৈল না ফিরিল আর * আগুনে পতঙ্গ যেন পুড়িয়া যে মারে ॥ যে আইসে বাহুড়িয়া যাইতে না পারে * দেখিয়া হানিফা কহে অলী আকবরে ॥ খাড়া হৈয়া কৌতুক দেখহ বেরাদরে * এই গিধি অতিশয় দেমাগে ভরিল ॥ আমার ছামনে কত ছওয়ার মারিল * একবার দেখি একে কেয়ছা পাহালওয়ান ॥ এত বলি ঘোড়া উঠাইয়া চলে জান * দুল২ ঘোড়ার পরে হানিফা ছওয়ার ॥ চুয়াল্লিশ পুরু গায় সাজওয়াল অহার * হানিফার তরে যে দেখিয়া বল্লকিয়া ॥ মারিল তলওয়ার গিধি গোস্বা দেল হৈয়া * হানিফা ঢালের পরে লইয়া যখন ॥ হানিফার দেওয়াল ধরে করিয়া মহকম * ধরিয়া হানিফা মর্দ্দ ঘোড়া হৈতে তুলে ॥ ঘুমাইয়া যেমন রাখিল বাড়ি চালে * গোস্বায় জমিন পরে মারিল কাছাড় ॥ যেন ছোট বালক চুর্ণ হৈল হাড় * দেখিয়া ধাইল তবে বল্লকিয়ার ভাই ॥ পাহালওয়ান বড় গিধি বড়ই ছেফাই * পঞ্চাশ গজের উচা শরীর তাহার ॥ বল্লকিয়া নাম তার বড়া জোরওয়ার * কান্দিতে২ বলে হানিফার তরে ॥ সেতাবি আপন নাম কহত আমারে * বেনামে মরিলে কিছু সুখ না হইবে ॥ তোমার নাম কহ ওরে ছেফাই গরিবে * মরতজা আলীর বেটা সর্ব্বগুণ ধাম ॥ কহিলেন মহাম্মদ হানিফা মেরা নাম * শুনিয়া কহিল গিধি হানিফার তরে ॥ তুমি মেরওয়ার মার মার নওলাখ ছওয়ারে * মারিয়াছ সত্য নাকি কহ যে আমারে ॥ লইব সবার দাদ মারিয়া তোমারে * হানিফা কহিল ছিল করম খোদার ॥ মারিয়াছি মেরওয়ার যতেক ছরদার * এজিদে মারিব আর এই আছে মনে ॥ শুনিয়া কাফের গিধি জলিল আগুনে * কহিল পরাণ যদি রহে মোর হাতে তবেত লড়িও গিয়া এজিদার সাতে * এত বলি তলওয়ার খেচিয়া মারিতে হানিফা কব্জা তার ধরে বাম হাতে * ডান হাতে তামেচা খেচে মারে তার গালে ॥ হাত পাও কাপিয়া গিধি পড়ে জমি তলে * নেকলিল চক্ষের পুতলি হেড়ে তাল ॥ নাকে মুখে কাফেরের বহে গোলা লাল * ফের

সাম্ভালিয়া গিধি উঠিল কুণ্ডতে ॥ খেচিয়া হানিফা যে ধরিল বাম হাতে ❋ কোমরে মারিল লাথি পড়িল জমিনে ॥ হাত পাও কাছারে গিধি হৈয়া অচেতন ❋ ফের গিধি চেতন পাইয়া আরবারে ॥ উঠিল যাইতে মারি বারে হানিফারে ❋ দেখিয়া হানিফা অতি গোশ্বায় জলিল ॥ অতি যোরে তলওার খেচিয়া মারিল ❋ ছের তন জুদা হৈয়া পড়ে দুই খানে ॥ জনমের তরে গিধি গেল যে পরানে ❋ ভাই ও ভাতিজা যত আছিল তাহার ॥ কাটিয়া হানিফা ভেজে দোজখ মাঝার ❋ বল্লকিয়ার পিছেতে এজিদ কম জাত ॥ এসে ছিল সেই দিন মেরওার সাত ❋ হানিফার মকাবিলা বল্ল কিয়ার সনে ॥ দেখিতে আইল গিধি দাড়ায়ে ময়দানে ❋ মেরঙা কহিল কিছু বিনয় বচনে ॥ হানিফার তেজ সাহা দেখিলেন নয়নে ❋ কেনবা লোকের দুঃখ দেখ খাড়া হৈয়া ॥ হইল সকল সিদ্ধি আইসহ ফিরিয়া ❋ শুনে বাজাইল বাজা গম্ভীর তবল ॥ বাহুড়িয়া যত ছিল হানিফার দল ❋ ছহি ছালামতে সবে আইল ফিরিয়া ॥ হাসিতে খেলিতে সবে ঘোড়া কোদাইয়া ❋ বড়ই লজ্জিত আর হৈয়া পেরেসান ॥ বাহুড়িয়া মোকামেতে আইল এজিদান ❋ হানিফার তেগবাজি দেখিয়া নজরে ॥ মুখে ধুলা উড়ি য়াছে বাত নাহি সরে ❋ কেহ বলে মরন নিকট বুঝি হৈল ॥ রোজ কেয়া মত আমা সবার ঘটিল ❋ হেথায় হানিফা আসি আপন থানায় ॥ লস্কর সহিত সুখে খানা পানি খায় ❋ কেহ বলে দুই চারি রোজের ভিতরে মারিব কুফরে আর জাবে কোথাকারে ❋ মহাম্মদ মোস্তফার চরনের ধুলি চক্ষের আঞ্জন তাতে করিয়া পাচালি ❋ অধম ইয়াকুব অতি সুখে রস গায় ॥ সুনহে মমিনগন বসিয়া হেথায় ❋

পয়ার ॥ বেহানে সাজিল তবে হানিফার দল ॥ বাজিতে লাগিল ঘন জঙ্গের তবল ❋ গুড়২ সব্দে বাজে নাকারা ধাওসা ॥ শুনিয়া পাহাল ওান গনে হারেছে ভরসা ❋ মহা গোর্জ্জ খুব ধার শোভে প্রতি হাতে ॥ সমুদ্র লহরি যেন লাগিল চলিতে ❋ এজিদ লানতি ছিল কোঠার উপরে হানিফার দল আইসে দেখিয়া নজরে ❋ সেতাবি নেকলে গিধি লইয়া লস্কর ॥ মোকাবিলা হৈল আসি যতেক কুফর ❋ হানিফার নকিব ডাকিছে যনে যনে ॥ কে আসিবে নাম কহ কুফর আপন ❋ শুনিয়া খল২ জঙ্গি এজিদেরে কয় ॥ হানিফার ডরে কিছু মনে নাহি ভয় ❋ পতঙ্গের হেন আমি দেখি যে তাহারে ॥ ক্ষনেকে বান্ধিয়া দিব বল যদি মোরে ❋ এজিদ কহিল তবে কি বলিব আর ॥ ধন জন অধিকার সকলি তোমার

শুনিয়া ধাইল জঙ্গি গোশ্বায় লড়িতে ॥ সাত সও মোনের গোর্জ্জ আছে তার হাতে * হাকিয়া কহিল আমি হানিফারে চাই ॥ ভাইয়া যদি কেহ আইসরে ছেফাই * তালাক তাহার পৌছে জরুর উপরে ॥ আলবত্তা ভেজিয়া দিবে হানিফার তরে * শুনিয়া হানিফা সাহা উথলিয়া পরে ॥ জলন্ত অনলে যেন ঘীউ দিলে বাড়ে * হাকিয়া কহিল খাড়া রহ হারামজাদ ॥ আপনা করিলি তুই আপনা পরমাদ * এত বলি মোকাবিলা হৈল জোরওারে ॥ পহেলা মারিল গোর্জ্জ হানিফার তরে * হানিফা লইল গোর্জ্জ ঢালের উপরে ॥ আপনা সমসের খেচিয়া যে মারে * দুই ফাক হৈয়া গিধি জমিনে গিরিল ॥ দারাজ হইয়া যেন পাহাড় পড়িল * তবে একে একে আইল যত পাহালওান সবে হানিফার হাতে হারাইল জান * এজিদ হাকিয়া বলে মেরওার তরে ॥ হানিফার জোট নাই এইত লস্করে * কালি সবে একেবারে পড়িল ঝাকিয়া ॥ একে২ লড়িলে যে ডালিবে মারিয়া * এত বলি এজিদ আর মেরঙা উজিরে ॥ তামাম লস্কর লিয়া পরে একেবারে * হানিফা সকল কথা বুঝিয়া যে মনে ॥ ফিরিয়া চাহিল আলি আকবরের পানে * কহিল থাকহ খাড়া তুমি এই খানে ॥ না লড়িবে ভাই মোর এসারার বিনে * এজিদের চতুর্দ্দস লাখ আছওার ॥ সাতে২ পেয়াদা সঙ্গে একেক ঘোড়ার * নব মেঘে ঘটা যেন সোভায় জমিনে ॥ হাকিয়া ছুটিল যেন ছেরাতের গগনে * বাঘ যেন সান্দাইল ছাগলের পালে ॥ সিংহ যে ধাইয়া পরে হাতির মণ্ডিলে * কারবা চাবুকে ছের দিল উড়াইয়া ॥ দোজখে ভেজিল কারে পয়জার মারিয়া * কারেবা মারিল নেজা কারেবা কাটারি ॥ জমিনে পরিল কার মুখে লাত মারি * উত্তর দক্ষিন পুর্ব্ব পশ্চিমের ভাগে ॥ সুরুজেতে তাপ যেন সব ঠাই লাগে * এজিদের লোকজন নাহয় শুমার ॥ সবাকারে লাগিতেছে যোর হানিফার * তবে আলি আকবর এসারা করিল ॥ সতুর হাজার লোক ধাইয়া পড়িল * রছুলের পদে চাই রাখিতে আপনা ॥ অধম এয়াকুব কহে পাচালি রচনা *

ত্রিপদী * হানিফা এসারা করে, ভাই আলি আকবরে, লড়িতে যে কুফর দলে ॥ যেমন বরিসা কালে, সাগর উথলে জলে, এসারাতে ছুটিয়া যে চলে * ঘিড়িয়া কুফর দলে, গোশ্বায় কাটিয়া চলে, বিসম মমিন জোরওার ॥ সমুখে জাহারে দেখে, সাইত এক নাই রাখে, তখনি মারে যে তলওার * মহাম্মদ হানিফা আর, ভাই আলি আকবর, আর যত কাবিল ছরদার ॥ প্রবেসী কুফর দলে, দাপেতে দাবিয়া চলে, আর

যত ভারি আছওার ✱ হানিফা সবারে কয়, কাফেরে না কর ভয়, রহসাকে পথের চৌদিকে ॥ যেই জাবে পালাইয়া, তারে দিবে ফিরাইয়া, আমরা কাটিব হেথা থেকে ✱ শুনে কথা হানিফার, চৌদিকেতে আছওার, রহে সবে পথ আগুলিয়া ॥ পালাইতে নাহি পথ, যেন রোজ কেয়ামত, কিলাকে ঠেকিলে কুফরিয়া ✱ আলি আকবর নাম অশেষ গুনের ধাম, হানিফা বাদসার ছোট ভাই ॥ যেইদিকে সেই লড়ে, বিজলি কড়ক পড়ে বিসম যে আজরাইল ছেফাই ✱ এজিদ দেখিয়া তারে, জিজ্ঞাসিল মেরওারে, এই মর্দ্দ কিবা নাম ধরে ॥ দোছরা হানিফা হেন, লইয়াছে মোর মন, জাহারে সে দেখে তারে মারে ✱ মেরওা শুনিয়া বাত, কহে শুন হকিকত, বলে বাদসা তোমারে বুঝাই ॥ বড়ই কুওত ধরে, নাম আলি আকবরে, হানিফার এই ছোট ভাই ✱ এজিদ তাজ্জুবে রহে, মেরওার আগে কহে, একে একে সাত জনে মারে ॥ হেথা দেখ আছওারে, সবে পথ রক্ষা করে, হেথা লড়ে দুই বেরাদরে ✱ পড়িল যতেক সেনা, যাইল হইল কত জনা, তবে চল যাই বাহুরিয়া ॥ তামাম লস্কর জুটি, সবে হইল এক জুটি, হানিফার চৌকি ঠেলিয়া ✱ মেরওার কথা শুনি, এজিদ প্রমাদ গুনি, বাহুড়ি বলিয়া হাক ছাড়ে ॥ ফিরিল কুফর দল, যেন সাগরের জল, দুওারেতে উথলিয়া পড়ে ✱ আগেতে কুফর ধায়, পিছে২ কেটে জায়, হানিফ ছেফাই জোরওার ॥ পালাইয়া পাইল পরান, যত গিধি কুফরান, বাহুড়ি হইল হানিফার ✱ রছুলের পদভারি, ত্রিপদি সঞ্চয় করি, আবদুল এয়াকুব রস গায় ॥ কুফরের পয়মালে, কৌতুক বাড়ে যে দেলে, মন দুখ ছুটিয়া পলায় ✱

পয়ার ॥ হানিফা মোকামে আইল খোসাল খাতেরে ॥ বহুত তারিফ কৈল আলি আকবরে ✱ সঙ্গেতে ছেফাই সনে করিল এনাম ॥ কহিল যে পরওানা নাই থোড়া আছে কাম ✱ হেথায় এজিদ আইসে চিন্তিয়া আকুল ॥ যেন প্রসবকালে নারিগন পায় সুল ✱ উজির সবারে বলে চিন্তা কিছু নাই ॥ উপায়ে মারিব যত হানিফার ভাই ✱ এজিদ পুছিল তবে মেরওার তরে ॥ কত হাতি আছে আর কহত আমারে ✱ হেন বুঝি না পারিনু হানিফার সাতে ॥ কোন দিন কি হয় ভাই না পারি বলিতে ✱ জঙ্গবার হাবসি রুমি ফেরেঙ্গ বাদসার ॥ মদদে আইস বলে পান সমাচার ✱ সকল হইল মিছা কপালের দোসে ॥ বল ভাই মহিম জিনিব আর কিসে ✱ মেরওা বলিল ভাল চোনেন্দা ছওার ॥ জেরা পোস তিন লাখ আছে আছওার ✱ চাল্লিস হাজার ভাল২ মস্তকিম ॥ এখন মৌজুদ

আছে কিসের মুস্কিল ✽ এজিদ বলিল তবে মেকলে ময়দানে ॥ আবার পৌছিব আমি লিয়া হাতিগনে ✽ ফান্দেতে করহ বন্দ হানিফার তরে ✽ তবে পিছে মারিব যে আলি আকবরে ✽ এই জুক্তি করিয়া যে এজিদ কুফরে ॥ বহুত এনাম কৈল যত জোরওারে ✽ নামেতে আলফার অদি বড়া পাহালওান ॥ লস্করে নাহিক কেহ তাহার সমান ✽ ভাই ভাতিজা বেটা আদি যত আছে সাতে ॥ এজিদে ছালাম করি লাগিল কহিতে ✽ যদি হানিফারে আমি পারি মারিবারে ॥ কবুল করহ বাদসা কি দিবে আমারে ✽ এজিদ কহিল তুমি যদি চাহ জান ॥ তবু তাহা দিব আমি না করিব আন ✽ শুনিয়া খোসাল বড় হইল আলফার ॥ মোকাবেলা হৈল আসি হানিফা বাদসার ✽ আপনার এক ভাই ভেজিল ময়দানে আলি আকবর আসি দাড়ায় সেখানে ✽ পুছিল হাকিয়া মর্দ্দ কি নাম তোমার ॥ কি খাতিরে ময়দানে আইলে মরিবার ✽ আলি আকবর বলে শুনরে কুফর ॥ হানিফার ছোট ভাই আলি আকবর ✽ শুনিয়া যে কুফর খোসাল বড় চিতে ॥ কোমরের দেওাল ধরিল এক হাতে✽ তিনবার যোর কৈল কমজাত কাফেরে ॥ নাপারিল হেলাইতে আলি আকবরে ✽ তবে আলি আকবর তাহারে ধরিয়া জমিনে ফেলিল খুব কাছাড় মারিয়া না হৈল মউত গিধি উঠে খাড়া হৈল ॥ আলফার ঢালেতে তাহা ফিরাইয়া দিল ✽ বিসম আছিল সে কুফর জোরওার ॥ আলি আকবর কেরে খেচিল তলওার ✽ কুফর ঢালের পরে লইল যখন ॥ কাটিয়া ঘোড়ার পাও করিল কলম ✽পেয়াদা হইল সে কুফর জোরওার ॥ ফিরিয়া আসিতে যে মারিল তলওার ✽ বামেতে ঘোমায়ে ঘোড়া পিছে হৈল আলি ॥ ঘোড়া ঠেস লেগে গিধি পড়িল উছাল ✽ ঘোড়া হৈতে ওতারিয়া আলি আকবর ॥ মারিল কোমর বিচে খেচিয়া খঞ্জর ✽ দেখিয়া এজিদ গিধি হইল পাগল ॥ তুরিত বাজায় বাজা গম্ভীর তবল ✽ শুনহে মমিন সব শুন দেল দিয়া ॥ কেতাবের বয়ান শুন হেথায় বসিয়া ✽ কুফরের অপমান পুরাতন কথা ॥ শুনিতে কৌতুক বারে ঘুচে মনের ব্যথা ✽ জঙ্গনামার কথা হয় সহদ সাগর ॥ রচিল এয়াকুব কবি শুন সাধুবর ✽

মোছেব কাক্কার ফেরেঙ্গের সাতে লড়াই ॥

পয়ার ✽ ইয়ার লোক শুন জাফর এমাম ॥ তোমা হৈতে সবার পুরুক মনস্কাম ✽ শুনিয়া পশ্চাতে এহা কহিও বসিয়া ॥ কহনা মোছেব কাক্কা কি করিল গিয়া ✽ ওস্মর আলি এবরাহিম ওস্তর পাহালওান ॥ তোগান মোগান আর ভাই ওছমান ✽ ফতে পাইল কি না পাইল আছে যে

কেমন ॥ বারেক যোচাও কথা কহিয়া বচন ❋ জাফর কহিল যত শুন ভাই গন ॥ শুনিতে কৌতুক এই কথা পুরাতন ❋ ছর্দ্দার মোছেব কাকা লস্কর সহিতে ॥ ফিরিঙ্গি বাদসার তরে চলে ফেরাইতে ❋ তের দিন মঞ্জিল২ গেল চলে ॥ জাছুছ মিলিল আসি তেরা দিন গেলে ❋ কহিল লস্কর তেরা ফিরিঙ্গি বাদসার ॥ পাওদলে বহুত সাত লাখ আছওার ❋ শুনিয়া মছেব কাক্কা রহে ওতারিয়া ॥ ঝাণ্ডা ও নিসান কত আগে খাড়া কিয়া ❋ খবর হইল তরে ফিরিঙ্গি বাদসারে ॥ বেহানে মোছেব কাক্কা মোকাবেলা করে ❋ সোর করি ঘন ঘন ডাকে নকিবান ॥ কোন বাহাদুর আছে নেকাল ময়দান ❋ শুনিয়া মোফিল নামে এক যে ছর্দ্দার ॥ বড়া নামজাদা সেই ফিরিঙ্গি বাদসার ❋ সেই গিধি পাহালওান নেকলে ময়দানে ॥ দেখি কাকা মোছেব মোছেবের পুত্রগনে ❋ হুকুম পাইলে এসে দেখি একবার ॥ কেমন কুওত ধরে ফিরিঙ্গি ছর্দ্দার ❋ মোছেব কহিল কাকা কহিলে কেমনে ॥ আখের পুতলি মেরা নাহি তোমা বিনে ❋ শুনেছি মোফেলি গিধি বড়া পাহালওান ॥ রোজ২ পাঞ্জাকসে পঞ্চাশ জওান ❋ কাক্কা কহে এলাহি যে করে তাহা হয় ॥ এত বলি মোকাবেলা হইল তথায় ❋ গালি দিয়া কহে শুন মোকিল ছর্দ্দার ॥ শুনিনু কমজাত তুমি এজিদের ইয়ার ❋ মুস্কিলে ঠেকিলে আজি হুজুরে আমার ॥ তুড়িত গর্দ্দান আজি মারিয়া পয়জার ❋ নাহি জান মোরতজা আলির পুত্রগনে ॥ ছাগল হইয়া বাদ রাখ বাঘের সনে ❋ তোর দোস নাহি তুঝে মউত লেগেছে এখনি মারিব তুঝে ঘড়ি এক বিচে ❋ শুনিয়া মোফেলি হইল আগ বরাবর ॥ চাল্লিস বার হামলা করিল কাকা পর ❋ পুন পুন সামালিয়া মলিন ছরদার ॥ বুকেতে মারিয়া নেজা পীট কৈল পার ❋ পড়িল মফিল গিধি দারাজ হইয়া ॥ দেখিয়া খেপিল সাহা আইল ধাইয়া ❋ এয়ছা জোরে কাকা পরে গোর্জ্জ মারে ছেরে ॥ চক্ষে নাহি সোজে কিছু আন্ধিয়ারা হেরে ❋ সামালিয়া কাকা মোছেব লড়ে আরবার ॥ দুই জনে হইল বড়ই মারে মার ❋ দোহে জোরওার কেহ কারে নাহি জেনে ॥ আপনা লস্করে ডাকে ফিরিঙ্গি নিদানে ❋ সাতলাখ আছওার ফিরিঙ্গির দল ॥ এসারা পাইয়া সবে ধাইল সকল ❋ দেখিয়া মেছেব কাকা লস্কর সহিতে ॥ ঘোড়া উঠাইয়া আসি লাগিল কাটিতে ❋ কারেক্কা চাবুক চোটে দিল উঠাইয়া ॥ কাফেরে দোজখে ভেজে পয়জার মারিয়া❋কারেবা কাটারি ছুরি কারেবা তলওার ॥ ঘোড়ার দাপটে কেহ পায় প্রতিকার ❋ খেপিলার সাতে যে লরিতে ছিল কাকা ॥ হেনকালে মছেব আসিয়া দিল দেখা ❋

কাকারে বলিল তুমি রহ এক ভীতে ॥ না পারিবে খেপিলারে দোজখে ভেজিতে * শুনিয়া বাপের কথা কাকা পিছে হাটে ॥ হাকিয়া মোছেব কাকা ফিরিঙ্গিকে কাটে * বাদসা যদি মারা গেল রহে ছেফাইগন ॥ তার পয়ে মারে তেগ মোছেব বিদান * লেখা জোখা নাহি কত দোজখেতে গেল ॥ কতেক ভাগিয়া নিজ জান বাচাইল * অনেক লুটিয়া পাইল নবিনা ছরদার ॥ রন জিনে দামেস্ক আইল আরবার * ছালাম করিয় আসি হানিফার পায় ॥ নবি পদে অধম এয়াকুব রস গায় *

পয়ার * চাল্লিস রোজ হানিফা এ সব জুদা হতে ॥ এজিদ লস্কর সাতে আছিল লড়িতে * থাকান নামেতে এক কাফের ছরদার ॥ এজিদে ছালাম করি কহে বারে বার * মোরে যদি হুকুম করহ একবার ॥ ছেরা দার সহিতে মহাম্মদ হানিফার * পীটমোড়া করে আমি ভেজিব এখানে শুনিয়া এজিদ বলে দের কর কেনে * সেতাবি ধরিয়া আন আমার হুজুরে ॥ বহুত এনাম আমি করিব তোমারে * শুনিয়া থাকান তবে চড়িয়া হাতিতে ॥ ময়দানে আসিয়া গিধি লাগিল হাকিতে * কহিল হানিফা তুমি মর্দ্দ যদি হও ॥ মোর সঙ্গে নেকলে সেতাব কথা কও * এমন শুনিয়া তবে আলি আকবরে ॥ ছালাম করিয়া কিছু কহে হানিফারে * হুকুম করহ যদি জাইয়া ময়দান ॥ দেখি মোরসা করে কে আছে পাহালওয়ান * হানিফা কহিল যাহ সুপিনু খোদায় ॥ করিম রহিম সেই রাখিবে তোমায় * তবে আলি আকবর পাইয়া ফরমান ॥ চারিদিক পুরা সাজাওয়াল করি পরিধান * আওরল পোসাগ খুব গোর্জ্জ করি হাতে ॥ গোস্বায় আলির বেটা চরিয়া ঘোড়াতে * থাকানের মোকাবেলা খাড়া হৈল আসি ॥ পুরবে উদয় হৈল যেন পুর্ণ শশী * আলিরে কহিল তুমি হও কোন জন ॥ কোনাজীউ রাখ যে আমার সহ রন * মমিন ছর্দ্দার বলে সুনরে কুফর ॥ হানিফার ভাই আমি আলি আকবর *মরতজা আলির বেটা জানে সর্ব্বলোকে ॥ মউত লেগেছে তেই আইলি একলা মুখে * থাকান কহিল আমি হানিফারে চাই ॥ তুমি কেন পহেলা আইলে মোর ঠাই * আলি আকবরে বলে তুমি কোনছার ॥ তোর লেগে আসিতে হইবে হানিফার * শুনিয়া থাকান গিধি আগা বরাবরে ॥ মরতজা আলির বেটা সর্ব্বগুনে ধরে * আইল হাতীর পিছে ঢাল দিয়া ছেরে ॥ গোর্জ্জ ঘুরাইয়া মারে আকবর পরে * গোর্জ্জ গোঠা বৃথা গেল পরে জমিতলে ॥ আলি আকবর গোর্জ্জ মারে মোস্তফিলে * দেখিয়া থাকান জঙ্গি সেতাব গুজরে হাত দারাজিয়া গিধি ধরিল কোমরে * দেওাল পড়িলে যেন লোক ভাগে

রে মামালিয়া খাকান লড়িছে আরবার ✻ কুফর পেয়াদা আর মোমিন ছরদার ॥ কহিতে না পারি যত হৈল মহা মার ✻ দিন দুই প্রহরেতে হৈল অন্দকার ॥ আকবর ছুটিয়া পড়ে কুফর উপর ✻ দুই হাতী মাঝে যেন জড়া জড়ি শুণ্ডে ॥ দুই সাড় লড়ে যেন তাড়াতাড়ি মুণ্ডে ✻ যতেক হেকমত লড়ে কি বলিল আর ॥ কেহ কারে নাহি যেনে দোহে জোরওার ✻ তবে আলি আকবর গোস্বা হৈয়া অতি ॥ জমিনে পড়িয়া তার মুখে মারে লাতি তথাচ উঠিয়া গিধি এয়ছাই ভাগিল ॥ আপন লস্করে মর্দ্দ যাইয়া মিলিল ✻ ফের ঘোড়ায় চড়িয়া ধাইল আকবরে ॥ গোস্বায় কুদিয়া পড়ে কুফর লস্করে কুফরের দলে সান্দাইল যেন ঝড়ি ॥ অগাধ জলেতে যেন ডুবে পান কড়ি সেইরূপে ডোবে যেয়ে অগাধ লস্করে॥ ঘুড়িয়া বেড়ায় আলি কুফর ছওারে দেখিয়া হানিফা সাহা লস্কর সহিতে ॥ বাহুরিয়া খাড়া হয় মহিম করিতে উড়িয়া পড়িল আলি লাগিল কটিতে ॥ কাফের পড়িল যেন আজরা ইলের হাতে ✻ আলি আকবর সেই খাকানে পাইয়া ॥ বলে কেটে চোদ কোথা যাইবে ভাগিয়া ✻ শুনিয়া কুফর গিধি করে বড় যোর ॥ আগু হৈতে নাহি পায় আলি আকবর ✻ এমন কালেতে কাকা মোছেব জোরওার ॥ কুফর উপরে মারে খেচিয়া তলওার ✻ দুইখান হৈয়া গিধি পড়িল জমিতে ॥ যেন গাছ কর্ম্মকার চিরিল করাতে ✻ দেখিয়া এজিদ বাজায় গম্ভীর তবল ॥ বাজাইয়া ফেরাইল আপনার দল ✻ হানিফা খোসাল বড়া বাহুড়িয়া চলে ॥ এয়াকুব কহেন ভাবি আল্লা ও রছুলে ✻

ওম্মর আলি রূমের লড়াই ॥

পয়ার ✻ জাফর ছাদেক বলে শুন ভাইগন ॥ অপরূপ কথা এই হইল পুরাতন ✻ হেথা সে ওম্মর আলি দুই বেরাদরে ॥ মোহড়া ফেরাতে গেছে রূমের বাদসারে ✻ খবর শুনিয়া রূমি লস্কর লইয়া ॥ ফলানা মোকামে রূমি আছে ওতারিয়া ✻ শুনিয়া ওম্মর আলি যত পাহাওারে ॥ ডাকিয়া কহিল চল জাব সেইখানে✻শুনিয়া এয়ছাই যত মোমিন ছর্দ্দার ॥ কোমর বান্দিয়া সবে হইল তৈয়ার✻ তিরিশ হাজার যে ছওার একেবারে ॥ তবে নি ঘিরল আসি রূমের বাদসারে আচম্বিতে ✻ আসিয়া সবে চতুর্দ্দিকে যেরে ॥ নব মেঘে ঘটা যেন গিরিল পাহাড়ে ✻ দেখিয়া ভাবিল যত রূমি আছওারে ✻ পিছেতে তারিয়া যায় পায় যেন সেরে ✻ বকরির বাথান যেন রূমের লস্কর ॥ ভাগিয়া চলিল সব জঙ্গল ভিতর ✻ চার কোস লাগাদ তাড়িয়া সবে গেল ॥ মুস্কিলে পড়িল যার হায়াত নাই ছিল ✻ অনেক লুটিয়া পাইল মমিনের দল ॥দামেস্কেতে কুচ কৈল লস্কর সকল ✻ ছাব্বিশ

তারিখে হেথা হানিফা ছর্দ্দার ॥ নেকলিয়া কাফেরানে দিতে ছিল মার ❋ করদো হোছেন নামে এজিদ ছওার ॥ তিন সও পাহালওান সংতে তাহার ❋ সে দিন সে লইয়া তামাম পাহালওানে ॥ বহুত মমিন যে পড়িল তার রনে ❋ জখম পাইয়া সবে ছিল পেরেসানে ॥ দেখিয়া হানিফা সাহা ভয় নাহি গুনে ❋ বহুত বেহেস্তি হৈল লড়ে তার ঠাই ॥ বহুত ঘায়েল হৈল লেখা জোখা নাই ❋ আলি আকবর কাকা মোছেব দুইজনে ॥ যখম হইয়া দুখি ছিল সেই দিনে ❋ দেখিয়া হানিফা আগে নেকালে ময়দানে লস্কর সহিত উম্মর পৌছিল সেই খানে ❋ ছালাম করিল আসি পায়ে হানিফার ॥ কহিল ভাগিল কোথা রুম সাহাবর ❋ আখেরে আকেল আলি হানিফারে কয় ॥ ময়দানেতে যাইতে যে আমাকে হুকুম হয় ❋ খোদাকে সুপিনু তুঝে হানিফা কহিল ॥ শুনিয়া আকেল আলি ময়দানেতে গেল করদো হোছেন সাতে হইল মহারন ॥ কেহ নাহি হারে জানে সমান দুই জন ❋ কুফর কমজাত বড়া গোস্বা দেল হইয়া ॥ মারিল দারুন গোর ছের ঘুমাইয়া ❋ আকেল আলি ঢাল পরে লইল যখন ॥ কোমরে দেওাল ধরে করিয়া মহকুম❋ঘোড়া হৈতে উঠাইয়া তুলিল মস্তকে ॥ কুমারের চাক যেন ঘুমায় তাহাকে ❋ গোস্বায় জমিন পরে মারিল কাছাড় ॥ বালির সমান চুর্ণ হয়ে গেল হাড় ❋ তবে যত এজিদান ছিল তার সাতে ॥ গোস্বায় আকেল আলি লাগিল কাটিতে ❋ দেখিয়া এজিদ গিধি হাত দিল মুখে ॥ হায়২ কহিতে লাগিল মন দুখে❋কহিল আলির বেটা বড়া জোরওয়ার ॥ একজন কৈল ভাই দিনেতে আন্দার ❋ উপায় না হইল সিদ্ধ নহে কোন কাজ ॥ তলবিয়ান যত সব বুঝিনু আন্দাজ ❋ বড়াই ভাবিত গিধি বড়া পেরেসান তলব করিল যত ভাল গাজিয়ান❋ নুর মোহাম্মদ পদ সহদ লালচে ॥ পাচালিতে অধম এয়াকুব রস রচে ❋

এবরাহিম ওস্তর জঙ্গবার বাদসার সাতে লড়াই করিবার বয়ান ❋

পয়ার ❋ জাফর ছাদেক বলে শুন ভাই যত ॥ পুরাতন এই কথা শুনিতে সদমত ❋ এবরাহিম ওস্তর হেথা পাইয়া ফরমান ॥ রোজ রোজ মঞ্জিল২ চলে জান ❋ জঙ্গবার বাদসার জাছুছ দেখিয়া ॥ আপনা বাদসার আগে কহিল যাইয়া❋ এবরাহিম নামে এক মমিন ছর্দ্দার ॥ তিরিশ হাজার আছওার সঙ্গি তার ❋ আইল সে তোমার মোহরা ফিরাইতে ❋ কহিনু যেমন সাহা দেখিনু আখেতে ❋ শুনিয়া জঙ্গবার সাহা কুচ কৈল দল ॥ এবরাহিম পানে যায় যেন স্রোত জল❋ বাহারাম নামেতে এক জঙ্গ বার ছরদার ॥ আইসে পাহালওান নামি সাতেতে তাহার ❋ আগু দলে

কহিল হাকিয়া ॥ মর্দ্দ যদি থাকে কেহ আইস নেকলিয়া ❋ শুনিয়া হারেছ গাজি আইল ময়দানে ॥ মার২ শব্দ ভাই এই রব শুনে❋ বাহারাম হারেছ যদি পেয়াদা দেখিল ॥ বেরাদরি সাত সবে ঘোড়া লিয়া গেল ❋ তবে জেয়ে বাহারাম হারেছ সাতে লড়ে॥দোহার হাকনি ঘায়ে পাহাড় ওখাড়ে গোর্জ্জে২ আগেতে হইল মহামার ॥ তবে দুই জনে লিল ঢাল তলওার তারপরে কাটারি খঞ্জর বাকা ছুরি ॥ দোহে জোরওার হয় কেহ কারে নারি ❋ জঙ্গবার বাদসা এহা দেখিয়া নজরে ॥ দহসত পাইয়া তবে ভাবিত অন্তরে ❋ প্রথমে ছরদার মরে পেয়াদার হাতে ॥ ছরদার ময় দানে আইলে কি হয় পশ্চাতে ❋ এতেক ভাবিয়া ভঙ্গ দিল যত দল ॥ যে দিকে যে পারে ধায় যেন স্রোত জল ❋ অনেক লুটিয়া পাইল মমিন ছরদার ॥ বাহুড়িয়া চলিল মকানে আপনার ❋ হেথায় যে এবরাহিম করিলেক ফতে ॥ হেথায় হানিফা লড়ে সেই তারিখেতে ❋ করস আদম নামে এক যে ছরদার ॥ পঞ্চাস গজের উচু শরীর তাহার ❋ ভাই ভাতিজা বেটা বিশাশয় জন ॥ সবাই সাজিয়া আইল করিবারে রন ❋ ছালাম তছলিম করে এজিদের পায় ॥ তলবিয়া সরাব কাবাব সবে খায় ❋ এজিদেরে কহিল সাহা ভয় কর কেন ॥ জাওামাত্র হানিফারে বান্ধিব এক্ষনে ❋ দেখি তার কোন বাপ এসে রাখে তারে ॥ এতবলি রন ভুমে আসিয়া উত্তরে ❋ নকিবান ঘন ঘন ডাকে উভরায় ॥ কে আছে রে বাহা দুর নেকলিয়া আয় ❋ তবেত হারেছ ফের চড়িয়া ঘোড়ায় ॥ অতি ছালামতে আসি রনেতে দাড়ায় ❋ করস আদম এহা দেখিয়া নজরে ॥ ভাই ভাতিজা সবে এসারা যে করে ❋ এসারা পাইয়া সবে মৌজুদ হইল দেখিয়া উম্মরআলি পেরেসান হৈল❋নজর করিতে পিছে হারেছ দেখিয়া শিশু যেন চাদ পাইল হাত বাড়াইয়া ❋ দেখিয়া ফুলিয়া আলি হৈল যেন সের ॥ দুগুন কুওত বাড়ে উম্মরের ফের ❋ পিছেতে হারেছ গাজি বলে মার২ এজিদা লানতি কোথা তল্লাসিয়া ধর ❋ তালেব আলি হেন কালে ঘোড়া উঠাইয়া ॥ করসে কাটিয়া পাড়ে জমিতে পড়িয়া ❋ আর যস্ত সঙ্গে ছিল লাজেম ছওার ॥ তামবার ভাগ্যতে দোজখ হৈল সার ❋ এজিদ বাজায় বাজা গম্ভীর তবল ॥ বাহুড়িয়া লিয়া সবে যার যেই দল ❋ নুর মহাম্মদ পদ ভরসা সবার ॥ পাচালিতে এয়াকুব রচিল এই সার ❋

তোগান তুরুক হাবসি বাদসার সাতে লড়াই করিবার বয়ান ❋

পয়ার ❋ ইয়ারগনে বলে শুন জাফর শুজন ॥ কি করিল তোগান

মোগান উছমান * কহ২ শুনিতে বারেত অতি দুঃখ ॥ পহেলা শুনিতে বড় বেড়ে ছিল দুঃখ * জাফর কহিল তুরুক বিদায় হইয়া ॥ উনিস দিন রাহা মধ্যে চলিল বহিয়া * জাছুছ খবর দিল হাবসী বাদসারে ॥ উত্তরিছে নও লাখ সহিত লস্করে * নজদিগ হইল দুই তিন কোস পর ॥ নজদিক দেখিয়া আইল করিতে খবর * এহাতে তোগান তুরুক ডাকিল সর্ব্ব জনে ॥ রাত হানা দিব বলি বিচারিল মনে * যতেক তুরুকগন কোমর বান্দিয়া ॥ নিসী যোগে হাবসিরে ঘিরিল আসিয়া ॥ কেহ২ শুইয়া আছে কেহ গীত নাটে ॥ আচম্বিতে তোরুক সেখানে আসি কাটে * যতেক কাটীল তার লেখা জোখা নাই ॥ তাহার শুমার জানে আপনি এলাই * আখেরে বাহুড়ি নিজ মোকামে আসিয়া ॥ হানিফারে বলে সবে ছালাম করিয়া*হাবসি বাদসার পালাইবার খবর ॥ শোনিয়া হানিফাতবে খোসাল অন্তর * তোগান তুরুক আর মোগান তুরুক ॥ ওছমান তুরুক অতি যত সর্ব্বলোক * বহুত খোসাল সাহা হইয়া অন্তরে ॥ বহুত এনাম কৈল সবাকার তরে *

হজরত এবরাহিম কোরবানি দিবার বয়ান *

পয়ার* আর এক কথা শোন পুর্ব্বের নিন্দ ॥ শোনিলে মনের যত ভাঙ্গিবেক সন্দ * এবরাহিম নবি ছিল আজরের নন্দন ॥ অখণ্ড প্রতিষ্ঠা জার ভরিয়া ভুবন * হাজেরা ও ছারা তার ছিল দুই নারি ॥ সগুনে শোচরিত রূপে বিদ্যাধরি * ছারার পেটেতে নবি এছহাক হইল ॥ হাজেরার পেটেতে নবি এছমাইল জন্মিল * এক দিন পয়গাম্বর এছমাইলে দেখি বহুত হইল খুসি মনে অতি সুখি * দেখিয়া বেটার রূপ অতি মনোহর ॥ গৌরব জন্মিল বড় মনের ভিতর * বলে মেরা বেটা এয়ছা ছুরত পাইল দুনিয়াতে কেহ বুঝি এয়ছা না হইল * এই বাতে আল্লাতালার গোস্বা দেল হৈল ॥ এবরাহিম নবির প্রতি বহুত গর্জ্জিল * আরদিন স্বপনেতে কহিলেন বানি॥ এছমাইল পয়গাম্বরে দেহ যে কোরবানি * ভুলিয়া আমায় বেটার তারিফ করিলে ॥ দোস্তজন হৈয়া মোরে তফাতে ফেলিলে* এখাতেরে বেটাতেরা চাহি যে কোরবানি ॥ যদি দেহ তবে জানি দুস্তি এমনি এবরাহিম এছাই যেখোওাবে দেখিয়া॥খোসাল হইল বড়কোরবানিলাগিয়া আছিল এছাই শিশু হাজেরার স্থানে॥ সেই থানে পয়গম্বর গেলেন আপনে বাহানা করিয়া গিধি বিবিকে কহিল॥ মেহমানির এক ঠাই জিয়াফত হৈল এছমাইলে লিয়া জাব মেহমানি খাইতে॥ এহা কৈয়া পয়গম্বর লিয়া আইল স্মতে * এছমাইল স্থানে নবি এতেক বুঝায়॥একবাত কহি বাবা দেলে

কিবা লয় * দেখিয়া তোমার রূপ অতি মনোহর ॥ পেয়ার জন্মিল মেরা দেলের ভিতর * এই দোসে নিরাঞ্জন কহিলেন বানি ॥ তাহার নামেতে তোমায় দিতে যে কোরবানি * এতেক শুনিয়া শিশু হইল খোসাল ॥ জমিনে পড়িয়া ছেজদা করে হামেহাল * কহিল আল্লার নামে দিব যে পরান ॥ আলবত্তা আমার তরে করহ কোরবান * এতেক কহিয়া শিশু গোছল করিল ॥ কোরা জামা-জোড়া এনে তখনি পিন্দিল * হেনকালে ইবলিছ পাপিষ্ট দুরাচার ॥ ফকিরের বেসে আইল দাগা করিবার * ইবলিছ কহেন শুন নবির কুমার ॥ কাহেক পেয়ারা জান করহ সংহার * জান হেন ধন তুমি পাইবে কোথায় ॥ দুনিয়া যেমন ঠাই আর নাই হয় * তেরা মায় হাজেরার আর কেহ নাই ॥ অনাথ হইয়া সে রহিবে কোন ঠাই * তেরা বাপ সাতে তার নাহিক পিরিতি ॥ তুমি মৈলে উহার হইবে কোন গতি * বুড়া কালে বাপ তেরা নাহি রাখে জ্ঞান ॥ সৎমায়ের বাতে তুঝে করিবে কোরবান * বাপ হৈয়া পুত্রবধ করে কোন ঠাই ॥ ফাকি দিয়া মারে তুঝে তোমাকে বুঝাই * পালাইয়া যাও তুমি লইয়া পরানি ॥ হাজেরার কাছে গিয়া কহ এই বানি * এত শুনি এছমাইল কহেন বচন ॥ আলবত্তা আল্লার রাহে দিব প্রান ধন * আল্লার হুকুম আর বাপের ফরমান ॥ দুই মতে ভাল দেখি আমার কোরবান * জীবন যৌবন নাহি রহে সর্ব্বকাল ॥ পালিতে বাপের কথা নাঘটে জঞ্জাল * শুনিয়া ইবলিছ তবে নৈরাস হইল ॥ এবরাহিম কাছে গিয়া কহিতে লাগিল * কহিলেক নবি তুমি কেমন রছুল ॥ বুদ্ধি মন্ত হৈয়া কর এ কাম সকল * এমন ছুরত লাড়কা চান্দকে জিনিয়া তাহাকে মারিতে চাহ স্বপন দেখিয়া * শ্বপন বচন দেখা হয় দুই মত ॥ ফেরেস্তার শ্বপন আর সয়তানের হরকত * আল্লাতালা করে কোথা মানুসে কোরবানি ॥ চাহিয়াছে কোন দেশে শুনেছ আপনি * তামাম আলম জার নামেতে কোরবান ॥ জান দেয় জান লেয় তার অনুমান * কার বাতে নিজ পুত্র চাহ মারিবার ॥ পুত্র হেন ধন তুমি কোথা পাবে আর * আখির পুতলি পুত্র জানেরজীবন ॥ ঘরের চেরাগ পুত্র করেত রৌসন * পুত্র হৈতে পিতা হয় দোজখে উদ্ধার ॥ দেখিতে নয়নে শুখ কি কহিব আর * হেন পুত্র সর্ব্বদায় নাহি মার তুমি ॥ পুত্র বধে মহা পাপ কহিলাম আমি * স্বপনের কথা এই কিসের প্রত্যয় ॥ মন স্থির কর তুমি এহা ভাল নয় * শুনিয়া খলিল বাত আগ বরাবর ॥ কহিল ইবলিছ তুমি জানিনু সত্তর * আপনার জান কিবা বেটার কোরবানি ॥ আল্লার নামের পরে তোছদ্দক জানি * সয়তানের বাপের কুদরত কিবা আছে ॥ শপন কহিতে পারে এসে মোর

কাছে * বড়া নেক খোওাব এই জানিয়াছি ছাচ্চা ॥ সয়তান হইবে সেই যে বুঝিবে মিছা * এলাহির কথা শুনে জেনেছি মনেতে ॥ কখন ফিরি নাহি আমি কার বাতে * এয়ছা কাজে পাপি তুমি দীবে দাগাবাজী ॥ ফকির নহেত তুমি শয়তানের কাজী * দুর হৈয়া হেথা হৈতে জাওরে গাওার ॥ তেরা মুখ দেখে যেই হয় গুণাগার * হেথায় ইবলিছ যদি মুখ না পাইল ॥ হাজেরার কাছে গিয়া কান্দিতে লাগিল * কহিতে লাগিল বিবি জান সমাচার ॥ মেহেরবানীর ছলে বেটা লিল পয়গম্বর * তাহার খবর কহি শুনদেল দিয়া॥ বেটাকে লিলেক তেরা মারিবার লাগিয়া * সত্য মিথ্যা সপনেতে শুনে মিছে বানি ॥ তেরা বেটা এছমাইলে দেয়যে কোর বানী * একে তোমা পতি সঙ্গে না হৈল পিরিতে ॥ এক পুত্র মাত্র তেরা আছে দুনিয়াতে * সেই পুত্র তোমার করিবে যে কোরবানি ॥ কি কারনে রাখিয়াছ এছার জীবন * তোমার সতিনে ছলা দিলেক নবিরে ॥ সপ নের বাহানায় মারে তার তরে * শুনিয়া বিবীর মন হৈল খোসালিত ॥ ফকিরে কহিল তুই দুষ্ঠ আচরিত * এবরাহিম খলিলোল্লা আল্লার হবিব আলবত্তা করেছে কাম বুঝে মনাছিব * ফেরেবের কাম কিছু না করিবে নবি ॥ স্বপনের কথা ছাচ্চা দেল বিচে ভাবি * আলবত্তা বেটার তরে কোর বানি করিয়া ॥ এলাহির মরজি নবি রাখে জোগাইয়া * সফল জনম বটে আমার বেটার ॥ এলাহির নাম পরে হইবে নেছার* শুনিয়া ইবলিছ বড় বেজার হইয়া ॥ নৈরাস হইয়া গেল অমনি চলিয়া * হেথা এবরাহিম নবি এছমাইলে আনি ॥ বলিলেন এবে তুঝে করিব কোববানি* এছমাইল কহেন বাত বাপ বরাবর ॥ মেরা এক বাত নবির কদম উপর * হাত পাও সক্ত করে বান্দহ আমার ॥ হেলিতে না পারি যেন কোরবানি উপর * গলার উপর যবে চালাইবে ছুরি ॥ কদাচিত আমি যেন হেলিতে না পারি * যদি আমি হেলা দোলা করি ছুরি দিতে ॥ কি জানি বেদেল পাছে হয় পাকজাতে * শুনিয়া যে পয়গম্বর আনিলেক দড়ি ॥ বান্দিলেন এছ মাইলে হাত পাও জুড়ী * লড়িতে তাকত কিছু না রহিল কার ॥ দেলে গম হৈয়া শিশু ভাবে করতার * আর কিছু বলে নাহি আছিল গেয়ান ॥ নিরাঞ্জন নৈরাকার করিছে ধিয়ান * এছমাইল শিশু যদি হইল বন্দন আরোশ কোরস যত কাপিল তখন* কান্দিয়া ফেরেস্তা সব কহে করতারে তোমার কুদরত নাহি পারি বুঝিবারে * এছমাইল শিশুবরে কেন পয়দা কৈল ॥ নিপাত করহ কেন কোন দোস পাইলে * এছমাইল শিশুবরে করনা রহম ॥ করিলে আলবত্তা নাহি করিয়া করম*শিশুর আহওাল দেখে

জীউ ফেটে যায় ॥ আপনার খুশি যাহা কর দয়াময় * এয়ছা মোনাজাত করে ফেরেস্তা সকলে ॥ হাত জুড়ে এলাহিকে আখে আছু চলে * ফেরে স্তার জারি স্তনে আপে করতার ॥ কহিলেন এছমাইল বাচিবে সত্তর * জীবরীলের তরে আল্লা হুকুম করিলে ॥ তুরিত এক দুম্বা লিয়া যাহ তুমি চলে * এছমাইলে বদল করহ শুন বাত॥ স্তনিয়া জিবরীল গেল দুম্বা লিয়া হাত * হেথা এবরাহিম যদি গলে দিল ছুরি ॥ এক পসমেতে নাই ছুরি কৈল কারি * ছুরি যেন পসমের উপরেতে ফেরে ॥ হেনকালে গায়েব আওয়াজ হৈল তারে * গায়েবে কহিল বাত শোন এবরাহিম ॥ কাপড়েতে বান্দা আখি তোমার লাজিম * দেখিয়া বেটার মুখ বাড়েত দেরেগ ॥ এখাতিরে বারাইতে নাহি পার তেগ * এতেক স্তনিয়া দুই আখি বান্দিল ॥ ফেরেস্তা দুম্বা দিয়া শিস্থ বদলিল * বিছমিল্লা বলিয়া নবি চালাইল ছুরি কোরবানি হৈল দুম্বা ধড় ফড় করি * জেলহজ্জ চান্দের দশ তারিখ পাইল ইদেজ্জোহা সেই দিনে নিয়ম হইল * আখি খুলে দেখে নবি সাক্ষাতে ছাগল ॥ তাজ্জব হইল নবি হরিল আক্কেল * এছমাইল খাড়া আখে নজরে দেখিল ॥ আছাড় খাইয়া নবি জমিনে পড়িল * কান্দিয়া আল্লার আগে করে মোনজাত ॥ করিতে লাগিল নবি উঠাইয়া হাত* করিম রহিম আল্লা তুমি করতার ॥ কি গুনা দরগায় বাকি হইল আমার * হাজত কবুল মেরা না হৈল দরগায় ॥ কি খাতেরে দুশি তুমি পাইলে আমায় * বেটাকে কোরবানি পরে মৌজুদ আছিনু ॥ না হৈল কবুল আমি কি গুনা করিনু * হেনকালে শোনে নবি গায়েব কালাম ॥ শোন নবি নাকান্দিও আমি নহি বাম * তোমার আওলাদে হবে নুর মহাম্মদ ॥ আলি সাহা পয়দা হবে তাহার দামাদ * তারবেটা হাছেন দুনিয়ায় পয়দা হবে ॥ এছ মাইল বদলে সেই কোরবানি হইবে * মহিম করিবে সেই কারবালা উপর তাহাতে কোরবানি তেরা কবুল আমার * এত শোনি এবরাহিম কান্দিল বিস্তর॥ হাছেন হোছেনের বাত শোনিয়া খবর * ফেরকহে নবি কান্দিয়া২ বেটা মেরা দর্গায় কবুল নাহি কিয়া * নিজজানে দেই তবে করিয়া কোর বান ॥ তবেত দেলেতে মেরা না থাকে আরমান * গায়েব কহিল তেরা বংসে হবে নবি ॥ পাঞ্জাতন পাক পয়দা হইবেক নবি*তেরা বংসে পয়দা হবে হাছেন হোছেন ॥ মরিতে তোমারে আমি কহিব কেমন * তবে নবি আপনারে খামস রহিল ॥ হাছেন হোছেনের বাত মালুম করিল * শুনহে মমিন সব আগামি খবর ॥ এখাতেরে লড়াই এফছাদ এত তার * বিবি গন বন্দ ঘরে ইহার কারন ॥ মহাম্মদ হানিফারে লয়ে শুন দিয়া মন *

মহাম্মদ হানিফার বাজু সহিদ হইবার বয়ান ※

পয়ার ॥ তবে এক দিন বন্দ লড়াই হইল॥ দেখিয়া এজিদ বাত মেরঙার কহিল ※ তোমারে কহিনু কত না শুনিলে বাত॥ একে২ লড়ে সবে করিলে নিপাত ※ আলির ফরজন্দ সব আজরাইল সমান॥ দাগ না চড়াতে পারে কোন পাহালওান ※ এহার উচিত এক সাতেতে লড়িয়া জান হৈতে মার কিবা আন পাকড়িয়া※নহে একে২ ভাই নারিবে জিনিতে শুনিয়া মেরঙা গিধি লাগিল কহিতে ※ জেরাপোস পঞ্চ দশ লাখ আছওার॥ আসি লাখ পেয়াদা আছেত তীরদার ※ তিরিশ হাজার আর আছে মস্ত হাতি※ চাল্লিস হাজার ফান্দে আছেত ফান্দতি※ হেছাব করিয়া আমি করিনু স্বমার॥ আপনি লড়হ আজি করিয়া বিচার ※ এজিদ কহিল আমি থাকি মস্তফিলে॥ ফান্দের সহিত আর যত হাতি দলে ※ লইয়া যাইব আমি হানিফার কাছে॥ যে হয় হইবে ভাই নছিবে যে আছে ※ এত বলি এজিদ লইয়া হাতিগণ॥ফান্দ তীর সঙ্গে লয়ে করিল গমন※ তবেত মেরেঙা সাতে লস্কর লইয়া॥ এজিদ ময়দানে খাড়া হইল যাইয়া ※ দেখিয়া আইল যত মমিন সরদার॥ দুই দলে লাগিল নাকারা বাজিবার ※ এজিদের লস্কর যত গাদাও আছিল॥ তাহাতে মমিন লোক যাইয়া ছাপিল ※ তলওারে২ লড়ে গোর্জ্জে ২॥ তার বরিসন করে যত তীরেন্দাজে ※ এহি মতে লড়ায়েতে ছিল যত জন॥ অনেক কাফের কৈল দোজখে গমন ※ বহুত সহিদ হৈল মমিন ছরদার॥ বেহেস্তের পরে সবে পাইল অধিকার ※ হেথায় এজিদ গিধি কমজাত কুফরে॥ লইয়া ফান্দতীর আর হাতির লস্করে ※ চুপে২ হানিফার ঘিরিল পিছাড়ে॥ যেন মেঘ ঘটা আসি করিল পাহাড়ে ※ স্বমুখে বিম্বখে দেখে কুফর লস্কর॥ বড় পেরেশান পড়ে মমিন ছর্দ্দার ※ আখেরে এলাহি ভাবি কাটিতে লাগিল॥ বেলা দুই প্রহর কালে আন্ধার হইল ※ এজিদ কমজাত দিয়া হাতির লস্কর॥ ঘেরওা করিল চারিদিকে হানিফার ※ ফান্দ দিয়া তার পরে ঘেরে হানিফায়॥ একসাত ফেলে ফান্দ হানিফার গায় ※ স্বনিয়া ফান্দতি লোক ফান্দলিয়া হাতে॥ হানিফারে ঘিরিলেক চারিদিক হৈতে ※ ফেলিল তামাম ফাসী একত্র হইয়া॥ পড়িতে লাগিল ফান্দ আছমান ছাইয়া ※ চাল্লিস হাজার ফান্দ ডালে এককালে॥ সাত সত ফান্দ লাগে হানিফার গলে ※ চারিদিক হৈতে সবে খেচিতে লাগিল॥ ঘোড়ায় টিকিতে নারে জমিনে পড়িল ※ মহাম্মদ হানিফা যদি পড়িল জমিনে॥ পড়িল মাহতাব যেন খসিয়া আছমানে ※ এয়ছা বন্দ হৈল তার পাও নাহি

হেলে ॥ দেখিয়া মেরঙা গিধি আইল হেনকালে ❋ পিছে হৈতে কমজাত মারিল তলওার ॥ দুই খান হয়ে পড়ে বাজু হানিফার ❋ সহিদ হইল যদি হানিফার বাজু ॥ এজিদ কমজাত এসে হইলেক রূজু ❋ আছমান জমিন ষত হইল কম্পবান ॥ লহুতে ভরিয়া গেল তামাম ময়দান ❋ এজিদ কমজাত তারে মজবুতে বান্দিয়া ॥ আপনার ঘরে গিধি লিল মাঙ্গাইয়া ওস্তর আলির হেথা যত পাহালওান ॥ সবাই ফিরিয়া আইল হৈয়া পেরেসান ❋ এজিদ কমজাত বড় খোসাল হইয়া ॥ শিশু যেন চান্দ পাইল হাত বাড়াইয়া ❋ সাদিয়ানা বাজাইতে লাগে ঘনে ঘন ॥ মুলুকে খবর হৈল হানিফার বন্দন ❋ জঙ্গনামার কথা সব মধুর মিসালে ॥ এয়াকুব কহেন থোড়া বিস হৈতে চলে ❋

পয়ার ❋ জাফর কহিল শুন যত ইয়ার গন ॥ নিশ্চই হইল তবে হানিফার বন্দন ❋ জয়নাল আবদিনে দুক্ষে ছালেমা কলছুমে ॥ কান্দিতে লাগিল তারা পড়িয়া যে ভুমে ❋ বলে আল্লা তালা এয়ছা কপালের লিখন ॥ বন্দখানা কতেক বচ্চর গোজরান ❋ সবে এক ভরসা আছিল হানি ফার ॥ বারেক কখন আসি করিবে উদ্ধার ❋ তাহাতে এমন গতি করিল খোদায় ॥ যেই ডালে ভর দিই সেই ভেঙ্গে যায় ❋ দুনিয়ার বিচে আর কেহ সখা নাই ॥ বুঝি বন্দখানায় মউত কৈল নাই ❋ হেথায় এজিদ গিধি কহে হানিফারে॥ এখন তোমার সে দেমাগ কারঘরে❋এতেক লস্কর মেরা মার কি লাগিয়া ॥ ইহার উচিত ফল দিব পৌছাইয়া ❋ হানিফা কহিল শুন কমজাত কুফর ॥ খোদার হোকুমে তেরা কাটিনু লস্কর ❋ এখন খোদায় যদি রাখে মেরা সাস ॥ ফিরিয়া কাটিব বলি মনে করি আস ❋ এজিদ কহিল এবে কাটিব তোমারে ॥ ছাড়িব তোমারে হেন করেছ খাতেরে ❋ হানিফা কহেন যাহা করেন খোদায় ॥ রেজাবন্দি আমি আছি সর্ব্বদায় ❋ এজিদ পুছিল বাত মেরঙার তরে॥ কহ কোন শাস্তি করি হানিফার তরে ❋ মেরঙা কহিল এবে লইয়া ময়দানে ॥ চাপাইয়া ঘাস লাকড়ি জালাও আগুনে ❋ শুনিয়া এজিদ গিধি পাহার উপরে ॥ বহুত লাকড়ি ঘাস এনে জমা করে তারিখ নিয়ম করে কমজাত কাফিরে ॥ ফলানা রোজেতে জালাইবে হানি ফারে ❋ একজন মমিন আছিল চারিয়ারি ॥ লাচারে পড়িয়া করে এজি দের চাকরি ❋ হানিফার বিপদ দেখিয়া নিজ আখে ॥ উম্মর আলির তরে কেতাবত লেখে ❋ ফলানা তারিখে মহাক্কদ হানিফারে ॥ জালাইবে আগু নেতে পাহাড় উপরে ❋ যদি কিছু করিতে পারহ সেই দিনে ॥ নহে আর উপায় না দেখি যে নয়নে ❋ লিখিয়া কাছেদ এক করিল বিদায় ॥ লেখা

লিয়া পেয়াদা তাকিদ চলে যায় ❋ হেথা হানিফার যত ভাই বেরাদর ছেফাই ছরদার আর যতেক লস্কর ❋ উম্মর আলি তালেব আলি আলি আকবর ॥ আকেল মোছেব কাক্কা এবরাহিম ওস্তর❋কাক্কা মোছেব আর হারেছ পাহালওান ॥ তোগান তুরূক আর মোগান ওছমান ❋ হজিমত খায় সবে হইয়া পেরেসান ॥ উত্তরিল গিয়া সবে যেখানে মকাম❋ নাহিক দেমাগ কর গায়ে নাহি বল ॥ বৃষ্টিজলে চুর্ণ করে কমলের দল ❋ মলিন হইয়াছে সবে মুখে নাহি বানি ॥ রাহু লিয়া গেছে যেন চান্দের রোসনি হেথায় বসিয়া সবে করেন মছলত ॥ কি কাম করিব কিছু নাহি দেখি পং একজন উঠিয়া কহেন সবাকারে॥কতেক বৎসর সবে ছিনূ একত্তরে ❋এখন পড়িল ভাই বিসম বিপদ॥ হানিফারে বিদেশেতে ঘটিল প্রমাদ❋ কহকোন রূপে জাবে আপন মুলুক ॥ বিচারিয়া কহ যেন নহে কোন দুখ ❋ জঙ্গ নামার কথা সব সহদ লহরি ॥ অধম এয়াকুব কহে পিয়া কর্ণ ভরি ❋

মোহাম্মদ হানিফাকে জালাইতে যায় তাহার বয়ান ❋

পয়ার ❋ কহিল মোছেব কাক্কা স্থন সব ইয়ার ॥ খামখিয়ালি আর কথা স্থনহ আমার ❋ যেই দিন জুদা হবে তামাম ইয়ার ॥ মুলূকে চলিবে যদি হৈয়া জুদা কর ❋ সমাচার পাইয়া এজিদ নাপাকারে ॥ জনাজাতি ধরিয়া কাটিবে সবাকারে ❋ উচিত না হয় জুদা করিতে লস্কর ॥ লাজেম এখন একে করিয়া ছরদার❋ দামেস্ক সহরে ফের যাইয়া একবার ॥ যে হয় সে হবে ভাই নছিব যাহার ❋ এখন সকল ভাই ছালামতে আছি ॥ সবে একা হানিফারে কাফেরে দিয়াছি ❋ যদি আল্লা করে তবে মারিব এজিদে ছাহেব জাদার তরে উদ্ধার বিপদে ❋ নহে মারা যাই যদি সবাকারে ভাল এমামের তোছদ্দকে জান নেকলিল ❋ শুনিয়া কাক্কার বাত তামাম ইয়ার মোছেব কাক্কারে বলে হইতে ছরদার ❋ মোছেব কহিল আমি হইতে না পারি ॥ আলির ফরজন্দ সবের থাকিতে ছরদারি ❋ তবে উম্মর আলিরে যে করিল ছরদার ॥ খোসাল হইল যত দোস্ত বেরাদর ❋ এমনসময় সেই কাছেদ আসিয়া ॥ চারি ইয়ারের লেখা দিলেক ডালিয়া ❋ পড়িয়া উম্মর আলি সকল জানিল ॥ শিশু যেন চান্দ হাতে বাড়াইয়া পাইল ❋ তামাম ইয়ার শুনে হইল খোসাল ॥ যেন ধন কড়ি পাইল দরিদ্র কাঙ্গাল ❋ মছেব কাক্কা বলিলেন ওম্মর আলিরে ॥ আমি পাহাড়েতে যাই যদি বল মোরে জঙ্গল লস্কর সাতে থাকি ছাপাইয়া ॥ উদ্ধারিব হানিফারে সময় বুঝিয়া এবরাহিম ওস্তর বলে মোছেব কাক্কারে ॥ আমি গিয়া উদ্ধারিয়া আনি হানিফারে ❋ আমি সেই পাহাড়ের জানি যে ঠিকানা ॥ আল্লা যদি

করে তবে দিই গিয়া হানা * এত বলি এবরাহিম লইয়া লস্করে ॥ পাহাড় উপরে এক জঙ্গল ভিতরে * ছাপাইয়া রহিলেক গিয়া সব দল ॥ হেথাও উজ্জার আলীর লস্কর সকল * দামেস্কের কাছে আসি বসাইয়া থানা ॥ ধুধু নাকারা যেন বাজে সাদিয়ানা * এজিদ লানতি বলে মেরওার তরে ॥ আলীর ফরজন্দ আইল দামেস্ক সহরে * কি করিব এখন বলহ ছমজাইয়া শুনিয়া মেরওা কহে ছালাম করিয়া * আলম্পানা ছালামত শুন মেরা বাত ॥ লস্করে বল যে লড়ে এমারার সাত * আপনি করহ হেথা থাকিয়া ছরদারি ॥ আমি হানিফার তরে জালাইয়া মারি * এজিদ বলিল আজি দেখি কিবা হয় ॥ কালি তারে জালাইব আছে কারভয় *এত বলি এজিদা লইয়া যত দল ॥ ময়দানে আসিয়া মারে জঙ্গের তবল * জঙ্গ নামার কথা সহদ সাগর ॥ রচিল এয়াকুব ভরসা পয়গম্বর *

তালেবের লড়াইও এজিদের লস্কর হানিফারে জালাইবার বয়ান ॥

পয়ার * একজন পাহালওান কুফর ছরদার ॥ আছিল বত্রিস গজ শরীর তাহার * চড়িয়া হাতির পরে আইল ময়দানে ॥ হাকিয়া কহিল যত আলীর পুত্রগনে * এজিদ তলবে তুঝে আই নেকালিয়া ॥ লইব নিশ্চই পীট ঘোড়ায় বান্ধিয়া * শুনিয়া তালেব আলী গোস্বায় জলিল ॥ ঘোড়া উঠাইয়া অলি নজদিক হইল * কাফের ছওার ঝট খেচে তলওয়ার ॥ অতি মহাতেজে গিধি করিল ওয়ার * চার পাও ঘোড়ার কাটীয়া ফেলে ভুমে পেয়াদা তালেব আলী হইল প্রথমে * পেয়াদা হইয়া এয়ছা করিল যখম এক চোটে হাতির পাও করিল কলম * দুইজনে পেয়াদা হইল রন মাপ তালেব আলী কুফর হইতে বড় তেজ * জমি হৈতে কুফরে মস্তকে উঠা ইয়া ॥ কুমারের চাক যেন ছেরে ঘুমাইয়া * মারিল আছাড় এয়ছা ধরিয়া পায়েতে ॥ যদি হেন মগজ নেকালে নাক হইতে * দেখিয়া এজিদ বাজ গম্বির তবল ॥ বাজাইয়া ফিরাইল আপনার দল * বেহানে এজিদ নেকা লিয়া হানিফারে॥ জালাইতে লিয়া যায় ময়দান উপরে *চাপাইয়া লাকড়ি আগ দিল এক টেরে ॥ আগুনেতে নেগাবানি করে সবে ঘিরে * উঠিল আজিম ধুওা তার সে গগনে ॥ এবরাহিম ওস্তর তাহা দেখিল নয়নে * ত্রিশ হাজার যে লইয়া আছওার ॥ এজিদার পরে আসি দিল খুব মার * দেখিল এজিদ গিধী শুনিয়া নিদান ॥ আর কিছু নাহি বলে হইল পেরেশান * কোথা হৈতে লস্কর উঠিল আচম্বিতে ॥ জানিতে না পারি সমাচার কোন মতে* কি জানি কি হয় পাছে ঠেকিয়া বিপদে ॥ ভাগিলভাবিয়া এছাকম

জাত এজিদে ❋ হারেছ ওস্তর আদি যতেক লস্করে ॥ ঘোড়া উঠাইয়া আগু
নের কুণ্ড ঘেড়ে ❋ হাতাহাতি ঘাস লাকড়ি উঠাইয়া ফেলে ॥ আগুনের কুণ্ড
হৈতে হানিফাকে তোলে❋ চান্দ যেন রাহু হৈতে নিস্তার হইল ॥ দেখিয়া
খোসাল বড় হইল সকল ❋ যত ইয়ার মোবারক কদমে পড়িয়া ॥ বহুত
কান্দিল সবে পেরেশান হৈয়া ❋ আখেরে পড়িয়া সবে নামাজ দোগানা
বহুত খোদার কৈল তারিপ সোকরানা ❋ তবে সে আইল উম্মর আলীর
লস্কর ॥ মছেব কাক্কা আর তোগান সর্দ্দার ❋ হানিফার পায় ধরি কান্দে
যার২ ॥ ছাতি ফেটে যায় কাটা বাজু দেখে তার ❋ পটকান খাইয়া কান্দে
হইয়া লাচার ॥ হায়২ হবে কেয়ছা বাজু নাই আর ❋ হানিফা নালিস করে
খোদার দরগাতে ॥ কান্দিয়া ছেপাই লোকে লাগিল কহিতে ❋ মনে
ছিল বড় সাদ মারিব কুফরে ॥ জয়নাল আবদিনে বসাইব তক্ত পরে ❋ সাত
সও আওরেতেরে করিব খালাস ॥ এহা যে খোদাতালা করিল নৈরাশ ❋
বাজুকাটা গেল কি হৈবে আমা হৈতে॥ যদিও তোমরা কিছু পারহ করিতে❋
বারেক নয়ানে দেখি জয়নালের মুখ ॥ তবেত মনের মেরা ঘুচে সব দুঃখ
জঙ্গনামার সব কথা সহদ লহরি ॥ রচিল এয়াকুব এহা পিয়ে মন ভরি ❋

মোহাম্মদ হানিফার বাজু হইবার বয়ান ❋

পয়ার ❋ তবে রাতে রছুল ছৈয়েদ নেকজাতে ॥ খড়ম দুখান
পায় আসা লিয়া হাতে ❋ গলায় জুর্ব্বা ঝুলে পড়ে গায় ॥ হানিফার ছেরা-
নে বসে স্বপন দেখায় ❋ বলে ভাই কাহে তুমি হৈলে পেরেশান ॥ কাহে
তুমি কান্দিয়া খারাব কর জান❋হানিফা কদম ধরি কহিতে লাগিল॥ কতেক
বৎসর আজি মহিম হইল ❋ তবু উদ্ধারিতে যে নারিনু বন্দিয়ানে॥ এইসাদ
বড়ই রহিল মোর মনে ❋ হাত হীন হৈনু কোন গোনাতে পড়িয়া ॥ মউত
হইলে ভাল এহার চাহিয়া ❋ রছুল কহেন শুন হানিফা পেয়ারে ॥ ফরমান
করহ যদি আপন ইয়ারে ❋ রনভুমি হৈতে বাজু আনুক ঢুড়িয়া ॥ বান্দুক
যখন পরে মজবুত করিয়া ❋ মোহর নবুয়ত পড়ে ফুকে তিনবার ॥ আল্লার
কুদরতে দস্ত হবে আরবার❋ এইরূপেহানিফা স্বপন দেখে উঠে ॥ বিছানার
খসবই আতর বেন ছুটে ❋ সেইখানে হানিফা সিন্নি মাঙ্গাইয়া ॥ মহাম্মদের
রুহ পরে ফাতেহা করিয়া ❋ সিন্নি বখসিশ করে যত ইয়ারানে ॥ স্বপনের
বাত সব কহিল বচনে ❋ শুনিয়া মোছেব কাকা খোসালিত অতি ॥
কহে মবারক বাজু চিনি ভাল ভাতি ❋ কতবার হানিফা মেহের করি মনে
মবারক বাজু ধরি আমার গর্দ্দানে ॥ বাত চিত করিয়াছে মেহের উপর ॥
আমিহ নজর দিতুন বাজুর উপর ❋ এখাতিরে মবারক বাজু আমি চিনি ॥

হুকুম করিব আমি তল্লাসিয়া আনি ❋ এবরাহিম বলেন মছেব থাক তুমি বাজুর উদ্দেশে নেকালিয়া যাই আমি ❋ এত বলি গমন করিল এবরা- হিমে॥ একে২ ধুড়িয়া বেড়ায় রনভুমে ❋ যেইখানে ফান্দেতে ধরিল হানিফারে॥ শুখাইয়া রয়েছে বাজু জমিন উপরে ❋ উঠাইয়া লিয়া যায় ঢালিয়া থাঞ্চায়॥ তিলেক বিলম্ব নাহি ধায় উত্তরায় ❋ তেফেল ছাওাল যেন ডাইনের ডরে॥ জননি যেমন ছাপে ঘরের মাঝারে ❋ এবরাহিম কাফেরের ডরে সেই মত॥ বহুত যতনে ছাপে হানিফার হাত ❋ হানি- ফার আগে যদি আইল বরাবর॥ দেখিয়া কহিল বটে এই বাজু মোর ❋ পরম যতনে বাজু বান্ধে যথমেতে॥ পড়িয়া যে ফুকিল মোহর নবুওতে ❋ আমিন ২ বলে যতেক ইয়ার॥ সাবুদ হইল বাজু হুকুমে আল্লার ❋ শুনহে মমিন সব শুন দেল দিয়া॥ মনের সন্তাপ সব যাইবে ভাঙ্গিয়া ❋ শুনিয়া বাড়িবে জ্ঞান মতি হবে গতি॥ অধম এয়াকুব কহে মধুর ভারতি ❋

মোহাম্মদ হানিফা ফের লড়িয়া এজিদে মারে॥

পয়ার॥ নবীর দোওায় হাত হৈল হানিফার॥ এজিদ সাহেবে কেহ দিল সমাচার ❋ আছমান থাকিয়া যেন পড়ে কোন জন॥ কিহৈল ২ বলে হৈল অচেতন ❋ কতক্ষনে চেতন পাইয়া আপনার॥ বলে কোনমতে রক্ষা না হৈল আমার ❋ উশ্বর আলীর তরে দিতে ছিনু হুলি॥ তারে লয়ে গেল চক্ষে দিয়া ধুলি ❋ হানিফারে জালাইতে পাহাড় উপরে॥ আচম্বিতে লিল হরে হারেছ ওস্তরে ❋ কাটা বাজু লাগে জোড়া একি পরমাদ॥ আজি হৈতে ঘুচিল যে জীবনের সাধ ❋ তবে রোজ২ লড়ে মমিন ছরদার॥ বহুত কাফের গেলদোজখ মাঝার ❋ কত২কাফের আছিলপাহালওান॥ মমিনের হাতে সবে হারাইল জান ❋ তিরিস ক্রোস দৌড় জোরে মোমিনের দল॥ ঠাহরিতে নারিল লোক ভাগিল সকল ❋ যে দেখে যে শুনে ভাই এসব সন্ধান॥ মুল্লুকে নাহিক আর দোহাই ফরমান ❋ দামেস্ক সহরে আসি ঘিরিল সকল॥ যেথানে যে ছিল সব মমিনের দল ❋ এজিদ আছিল ঘিরা মহল ভিতর॥ কার শক্তি যায় তার সুমুখ বরাবর ❋ চাল্লিস গজের উচা দেওাল চৌদিকে॥ পাথরের ইট গাড়া ভয় দেখেলাগে ❋ লোহার কেওাড় আছে দরওাজা উপর॥ লাখে লাখ পাহালওান নেঘাবান তার ❋চারিদিকে গড়খাই পানি নৈরাকার॥ এককোস গড় আগে নদী বরাবর❋ থাকুক মানুষ যাওা দেও নাহি পারে॥ পানিতে পড়িলে তাহে খায়ত হাঙ্গরে ❋ রাতে আমল গেল দিন বরাবর॥ হানিফা হইল খাড়া লইয়া লস্কর ❋ অতি যোড়ে হানিফা ঘোড়াকে মারে কোড়া॥ কুদিল হানিফার ঘোড়া পাইয়া

যে তাড়া * ঝাপ দিয়া পড়ে গিয়া গড়ের ভিতরে॥ হাঙ্গর কুমভির যত লিলেক কিনারে* হানিফার লোক যে দরওাজা খোলা পাইয়া॥ একেবারে সহরেতে পোছিলেক গিয়া*কুফর জাগিয়া উঠে কেহ নিন্দ যায়॥ কাটিতে লাগিল সবে ভাবিয়া খোদায় * কার হাত পাও কাটে কার কাটে কান॥ পালাইয়া কেহ২ রাখিল পরাণ * মহাম্মদ হানিফা তবে এজিদের তরে॥ ধরিতে কাফেরে মন্দ তল্লাসিয়া ফেরে * কদাচিত কোন থানে না পায় তাহারে॥ তল্লাসে হানিফা তাকে কোঠার উপরে * তবে সেই কোঠা পরে ছিল এক কুণ্ড॥ আশ্চমিতে তাহা হৈতে উঠিতেছে ধুণ্ড * তাহার উপর এক নুরের রৌসনি॥ চটক বিজলি যেন পোহাল রজনি * হানিফা আদর করে পুছিল তাহারে॥ খোদার ছওগন্দ সত্তি কহিবে আমারে * এমন রৌসন তুমি হও কোন জন॥ এথানে তাবস্তি কর কিসের কারন আপনি খোদায় তালা কহিল আমারে॥ জালাইতে কমজাত এজিদ কাফেরে * হোছেনার রুহ আমি সত্য জান মনে॥ সহিদ হইয়াছিনু কারবালা জমিনে * এই দেখ বদজাত এজিদ হারাম খোর॥ জলিয়া কুণ্ডায় মরে হইয়া ছারখার * মোহাম্মদ হানিফা শুনে রুহ মোবারকে ছালাম তছলিম সাহা করে লাখে২ * তবে সেই রৌসনি যে গায়েব হইল॥ খোনাল হানিফা সেথা হইতে বাহুড়িল * তবে বাদসা এসে বন্দ খানার নিকট॥ গোর্জ্জের ঘায়েতে ভাঙ্গে দুওারের কপাট * ভাঙ্গিয়া কপাট পরে হৈল খান খান॥ সান্দাইল বন্দি ঘরে হানিফা দেওান * ছালেমা কুলছুম বিবি দেখে হানিফারে॥ আইস২ বলিয়া কান্দিল উচ্চ স্বরে * আইস২ কোলে বাছা করি এক বার॥ চান্দ মুখ দেখে দুক্ষ ভাগিল আমার * তোমায় দেখিয়া সব ভাগিল জঞ্জাল॥ দাতাকে পা-ইল যেন দরিদ্র কাঙ্গাল * শিশু যেন চন্দ্র হাত বাড়াইয়া পায়॥ আন্দেলায় চক্ষু যেন দিলেক খোদায় * তিরিস বৎসর যত পেয়েছিনু দুখ॥ পালাইল দেখিয়া তোমা চান্দ মুখ * কোথা বাছা তোমার যখম হৈল হস্তে॥ শুনিয়া রাত্র দিন কান্দি মার মহাবেস্তে * কি কহিব বাবা তাহা জানেন এলাই॥ ধড়মাত্র ছিল হেথা জান তেরা ঠাই*জয়নাল আব দিন আদি বহুত কান্দিয়া॥চাচাকে ছালাম কৈল জমিনে পড়িয়া * হানিফা ধরিয়া কোলে লইল যতনে॥ লক্ষ২ চুম্ব দিল সে চান্দ বদনে * বন্দখানা হৈতে নেকালিয়া সব্বজনে॥ হাজামত বানাইল ডেকে নাই গনে * তবে সাজাদাকে * যে গোছল দেলাইয়া॥ খোনালিতে বাদসাই পোসাগ পেন্দাইয়া * সত্তি নেক ছাইতে যে তক্তে বসাইল॥ জয়নাল আবদিন

বাদসা হইল * শুনিয়া যতেক লোক হৈল বড় সুখী ॥ রোজ কত হানিফা মোকাম করে থাকি * গজ সিক্কা এমামের চালায় মুল্‌কে ॥ আদর করিল বড় যতেক প্রজাকে * ফকির এতিমে দান কৈল যত ধন ॥ সবাকার দুখ সাহা কৈল বিমচন * তবেত হানিফা সাহা সবাকার তরে ॥ কহিতে লাগিল যাহ আপনার ঘরে * হইলেক ফতে যদি খোদার মেহেরে ॥ পাইলে বহুত দুক্ষ মাফ কর মোরে * শুনিয়া সকল বাদসা কান্দে জার২ ॥ তোমাকে ছাড়িতে জাউ না চায় কাহার * তবে যদি আমাদেরে দেশে যাইতে কহ ॥ পহেলা আপনি আগে দেশ পানে যাহ * তোমাকে পৌছিয়া দেশে মোরা দেশে যাই ॥ হানিফা কহেন আমি যাইতে পারি নাই * থোড়া দিন থাকিয়া বাদসাই কারবার ॥ জয়নালে শেখাব আমি যত ব্যবহার * তবেত লাচার সবে বহুত কান্দিয়া ॥ কোমর বান্দিল দেশে যাইবার লাগিয়া* মছেব কাক্কা আর কাক্কা মছেব সাতে ॥ এবরাহিম ওস্তর সঙ্গে লিয়া নিজ সুতে * উম্মর আলি তালেব আলী আকেল আলী আদি ॥ তোগান মোগান আর ওছমান গুণনিধি * সকলে বিদায় হৈল ছোলেমার স্থানে ॥ হেট ছেরে ছালাম করিয়া জনে২ * কলছুম জয়নব বানু সবার চরণে ॥ ছালাম তছলিম করে যত পাহালওানে * হানিফার পাও ধরে কান্দে জার২ ॥ দোয়া কর সাহা দেশে যাই আপনার * বিদায় করেন সাহা বহুত কান্দিয়া ॥ দোয়া করে সবাকার গলায় ধরিয়া * লস্করে লইয়া সবে চলে নেকলিয়া ॥ সমুদ্র লহরী যেন চলিল বহিয়া * নাকারা করতাল বাজে ভেউর তরঙ্গ ॥ নফরি তরঙ্গ বাজে অতি রঙ্গ * হানিফারে ভাই সবে দেশে২ গেল ॥ জয়নালের সাথে হেথা হানিফা রহিল * যেদিন পড়িল মারা এজিদ কুফর ॥ পালাইয়া গেল তার বহুত লস্কর* পাহাড় উপরে সবে ছিল পালাইয়া ॥ শুনিল হানিফা আছে একেলা হইয়া * সাজিয়া আইল তারা হানিফে মারিতে ॥ এক লোক খবর কহিল সেভাবিতে * শুনিয়া হানিফা আর আলী আকবর ॥ লস্কর লইয়া গেল ময়দান উপর * জয়নাল যাইতে চাহে মানা করে তারে ॥ তুমি যে বসিয়া থাক তক্তের উপরে * ময়দানে যাইয়া দেখে বহুত লস্কর ॥ গালাগালী বলাবলী হইল বহুতর* হানিফার চারিদিকে ঘিরিল আসিয়া ॥জনেজন তীর মারে হানিফে তাকিয়া মহাম্মদ হানিফা মর্দ্দ হাতে তলওার ॥ কাটিয়া চলিল মর্দ্দ কুফর ছওার * হাতি ঘোড়া কাটিয়া চলিল সারি২ ॥ কতেক লস্কর কাটে গুনিতে নাপারি* পাহাড় সমান ছের হৈল পাদী২ ॥ লহুতে ময়দানে যেন হইলেক নদী * হানিফার ঘোড়া আর না পারে চলিতে ॥ লহুর সাগর বিচে লাগিল্

হিলিতে * দেখিয়া বেজার হৈল আপে কর তার ॥ গায়েব আওাজ দিয়া কহে হানিফার * ভালা বুরা যত কিছু পয়দা কৈনু আমি ॥ একজন পয়দা কর দেখি তুমি * আমার পয়দাস লোকে বহুত মারিলে ॥ এমামের দায় সবে রেয়াত পাইলে * এখন তলওার বাজি কর কি লাগিয়া ॥ থর থর কাপে মর্দ্দ একথা শুনিয়া * জঙ্গনামার কথা হয় সহদ সাগর ॥ স্থবুদ্ধি রসিক জন পিয়ে নিরন্তর *

মোহাম্মদ হানিফা গায়েব হয় ও আলী আকবর

আপন দেশে যায় তাহার বয়ান *

পয়ার * ঘোড়া হৈতে ওতরিয়া বসিল জমিনে ॥ চলে গেল ঘোড়া তার পাহাড় ময়দানে * হানিফা পিঠেতে আছে ঘোড়া মনে গণে ॥ সেইখানে দানা ঘাস খায় কত দিনে * যে দিন দর্জ্জাল পাপী দুনিয়ায় আসিবে ॥ সেই দিন সেই ঘড়ি হানিফা লড়িবে * মহাম্মদ হানিফা হোথা দুহাত বান্দিয়া ॥ মোনাজাত করে কহে কান্দিয়া২ * তুমি আল্লা কর তার সবাকার সার ॥ বহুত করিনু গোনা হুজুরে তোমার* যতেক লস্কর আমি কাটীনু তলওারে ॥ নাজানি কি দশা হয় আমার উপরে ॥ করিম রহিম নাম ধরিলে আপনে ॥ করম রহম এবে কর গুণহীনে*কুফর লস্কর যদি আইসে লড়িবারে ॥ কিরূপে এড়াব আমি না লড়ি তাহারে * বারেক রহম মোরে কর কর তারে ॥ নজরে না দেখি যেন কুফর লস্করে * হেনকালে একখাদ পাহাড়ে হইল ॥ হানিফারে সেথা যাইতে হুকুম করিল * হীরালাল জওা- হের খাদের জড়িত ॥ হুজরার মত বিখ্যাত সে স্থবিদিত*মহাম্মদ হানিফা সেই মোকামে রহিল ॥ বেহেস্তের হুর পরি খেদমতে পৌছিল * আতর গোলাপ লিয়া যত হুরগণে ॥ হানিফার অঙ্গে দেয় সবে রঙ্গমনে * চারি দিকে চামর ঢুলায় বহুতর ॥ বেহেস্তের হাওা এসে লাগিল মধুর* আলী আকবর হেথা কান্দিয়া হয়রান ॥ হায় ভাই ছেড়ে গেল পরাণের পরাণ * মহাম্মদ হানিফা হোথা অন্দরে থাকিয়া ॥ আলী আকবরে তবে কহেন ডাকিয়া * আর না পাইবে ভাই আমার দিদার ॥ ফের দেখা হবে যবে রোজ মহাশর ॥ আজ হইতে তোমাদের ছাড়িলাম মায়া ॥ বিশেষ আমার তরে না কান্দিও ভায়া * আপনা লস্কর লিয়া হেথা হইতে যাহ ॥ ছালেমা কুলছুম পায় মেরা বাত কহ * বহুত ছালাম মেরা কহিয়া দোহায় ॥ করিয়া খাতেরদারি জয়নাল সাহায় * আমার খাতেরে যেন

না করে কান্দন ॥ রোজ কেয়ামতে আমি দিব দরশন * বিবীগণে খবর কহিয়া আকবর ॥ মুল্লুকে চলিয়া আইল আপনার ঘর * জয়নাল আবদিন হেথা করেন বাদসাই ॥ তামাম হইল পুথি আর কিছু নাই *

* তামাম সোধ *

* শুচি পত্র আরম্ভ *

* শুচি পত্র সমাপ্ত *